The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 909 | 13 February 2026 | শুক্রবার ৩০ মাঘ অগ্রহায়ণ ১৪৩২



Ocasio-Cortez hosts Astoria town hall, offers advice on how to respond to ICE raids → Page 19

New York GOP's midterm problem: No money, no bench — and Trump → Page 18





Sabila Nur dismisses fake political photocard circulating online → Page 18

Mamdani signs executive order to protect New Yorkers from "abusive immigration enforcement" → Page 18



# তারেক রহমান হচ্ছেন প্রধানমন্ত্রী

## বিএনপির ভূমিধস জয়

আজকাল রিপোর্ট

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভূমিধস জয় পেয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। দলটির চেয়ারম্যান তারেক রহমানই হচ্ছেন দেশের প্রধানমন্ত্রী। বিএনপির ইতিহাসে এমন ভূমিধ্বস বিজয় বিএনপি অতীতে পায়নি। ১৯৯১ সালে জামায়াতে ইসলামীর সমর্থন নিয়ে বেগম খালেদা জিয়াকে সরকার গঠন করতে হয়েছিল। ২০০১ সালের নির্বাচনে জামায়াতে ইসলামীর সাথে ঐক্য করেই নির্বাচনে ক্ষমতায় রএসেছিল বিএনপি। তারেকের নেতৃত্বে গড়ে উঠলো নতুন রেকর্ড। এককভাবেই দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করছেন তারেক রহমান।

১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত শান্তিপূর্ণ নির্বাচনে সর্বশেষ পাওয়া বেসরকারি তথ্য অনুযায়ী ২১৩টি আসনে বিএনপি ও বিএনপি সমর্থিত জোটের প্রার্থীরা বিজয়ী হয়েছেন। জামায়াতে ইসলামী সমর্থিত জোটের প্রার্থীরা ৭৭ টি আসনে বিজয়ী হয়েছেন। এর মধ্যে জামায়াত-৬৮, এনসিপি-৬, খেলাফত মজলিস-৩ টি আসনে জয়ী হয়েছে। স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হয়েছেন ৮টি এরপর ৫১ পৃষ্ঠায়





## তারেক রহমানকে যুক্তরাষ্ট্রের শুভেচ্ছা

আজকাল রিপোর্ট

বাংলাদেশের এবারের নির্বাচনকে যুক্তরাষ্ট্র সরকার 'ঐতিহাসিক' বলে অভিহিত করেছে। যুক্তরাষ্ট্র সরকার তারেক রহমানের বিজয়কে 'হিস্টোরিক ভিক্টরি' এরপর ৩১ পৃষ্ঠায়

## জামায়াত-এনসিপির হেভিওয়েটদের ভরাডুবি



আজকাল রিপোর্ট

টান টানা উত্তেজানার ভোটে শেষ পর্যন্ত পরাজিত হয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ১১ দলীয় জোটের এনসিপি ও এবি পার্টি সহ এক ডজন হেভিওয়েট প্রার্থী। এ তালিকায় রয়েছেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, ছাত্র-জনতার অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া এনসিপি নেতা সারজিস আলম, বাংলাদেশ খেলাফত মজলিসের শীর্ষ ব্যক্তি মাওলানা মামুনুল হক।

খুলনা-৫ আসনের নির্বাচনে জামায়াতে ইসলামীর দ্বিতীয় শীর্ষ ব্যক্তি দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম এরপর ৩১ পৃষ্ঠায়

## যুক্তরাজ্যে প্রথম মুসলিম প্রধানমন্ত্রী শাবানা মাহমুদ!



শাবানা

আজকাল রিপোর্ট

যুক্তরাজ্যের রাজনৈতিক অস্থিরতার মাঝে আলোচনার কেন্দ্রবিন্দুতে উঠে এসেছে স্বরাষ্ট্রমন্ত্রী এরপর ৫১ পৃষ্ঠায়

### ১৯৯১ সাল থেকে বিভিন্ন জাতীয় সংসদ নির্বাচনে দলীয় ভিত্তিতে প্রাপ্ত আসন

| ১৯৯১ | | ১৯৯৬ | | ২০০১ | | ২০০৮ | |
|---|---|---|---|---|---|---|---|
| আওয়ামী লীগ | ৮৮ | আওয়ামী লীগ | ১৪৬ | আওয়ামী লীগ | ৬২ | আওয়ামী লীগ | ২৩০ |
| বিএনপি | ১৪০ | বিএনপি | ১১৬ | বিএনপি | ১৯৩ | বিএনপি | ৩০ |
| জাতীয় পার্টি | ৩৫ | জাতীয় পার্টি | ৩২ | জাতীয় পার্টি | ৩২ | জাতীয় পার্টি | ২৭ |
| জামায়াতে ইসলামী | ০ | জামায়াতে ইসলামী | ৩ | জামায়াতে ইসলামী | ১৭ | জামায়াতে ইসলামী | ২ |
| অন্যান্য | ২৭ | অন্যান্য | ২ | অন্যান্য | ৬ | অন্যান্য | ১৯ |

| ২০১৪ | | ২০১৮ | | ২০২৪ | | ২০২৬ | |
|---|---|---|---|---|---|---|---|
| আওয়ামী লীগ | ২৩৪ | আওয়ামী লীগ | ২৫৮ | আওয়ামী লীগ | ২২৩ | বিএনপি | ২১০ |
| বিএনপি | ০ | বিএনপি | ৬ | বিএনপি | ০ | জামায়াতে ইসলামী | ৭১ |
| জাতীয় পার্টি | ৩৪ | জাতীয় পার্টি | ২২ | জাতীয় পার্টি | ১১ | এনসিপি ৬, স্বতন্ত্র | ৭ |
| জামায়াতে ইসলামী | ০ | জামায়াতে ইসলামী | ০ | জামায়াতে ইসলামী | ০ | ইসলামী আন্দোলন | ১ |
| অন্যান্য | ২৭ | অন্যান্য | ৮ | অন্যান্য | ৬৫ | খেলাফত মজলিস | ৩ |

## নির্বাচন সুষ্ঠু হওয়ায় ইউনূসের কৃতজ্ঞতা

আজকাল রিপোর্ট

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের ওপর অনুষ্ঠিত গণভোট শান্তিপূর্ণ, সুশৃঙ্খল ও উৎসবমুখর পরিবেশে এরপর ৩১ পৃষ্ঠায়

## নির্বাচন ছিল 'সুপরিকল্পিত প্রহসন': হাসিনা

আজকাল রিপোর্ট

বাংলাদেশে বৃহস্পতিবার অনুষ্ঠিত নির্বাচনকে 'সুপরিকল্পিত প্রহসন' ও 'প্রতারণামূলক' আখ্যা দিয়েছেন ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। এক বিবৃতিতে এরপর ৩১ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377, Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

GOLDEN AGE HOME CARE
PCA/HHA Home care & Skilled Nursing
718-775-7852

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs ■ Inquiries ■ Collections ■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

সালেহ উদ্দিন আহমদ-এর কলাম ভোটের মাঠে আওয়ামী নেতাদের ভিড়, রুমিনের হাঁস ও জিএম কাদেরের দুশ্চিন্তা
১০ পৃষ্ঠায়



মাসুদ কামাল-এর কলাম বেহেশতের টিকিট কিংবা ফ্রি ইন্টারনেট
০৭ পৃষ্ঠায়



ড. আনোয়ারউল্লাহ চৌধুরী-এর কলাম সব প্রতিবন্ধকতা অতিক্রম করতে হবে
১২ পৃষ্ঠায়







# শাহানা ও চি ওসে ডিএসএ সিটি কাউন্সিল ব্লকে যোগদানের আবেদন

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার শাহানা হানিফ এবং চি ওসে ২০২৬ সালের জানুয়ারিতে ডেমোক্রেটিক সোশালিস্টস অব আমেরিকার (ডিএসএ) সিটি সোশালিস্টস ইন অফিস ব্লকে যোগ দেওয়ার জন্য আবেদন করেছেন। তারা ইতিমধ্যে এনওয়াইসি-ডিএসএর সদস্য হলেও তারা এখন সোশালিস্ট গ্রুপের শহরভিত্তিক রাজনৈতিক কৌশলে আনুষ্ঠানিকভাবে অংশ নিতে চাচ্ছেন। এনওয়াইসি-ডিএসএ ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে একটি বিশেষ প্রার্থী ফোরাম এরপর ৩৪ পৃষ্ঠায়

# আসো'র আয়োজনে কমিউনিটি কানেক্ট অনুষ্ঠান

আজকাল রিপোর্ট

অটিজম সোসাইটি হ্যাবিলিটেশন অর্গানাইজেশনস (আসো) কমিউনিটি কানেক্ট ইভেন্ট গত ৮ ফেব্রুয়ারি নিউ ইয়র্কের জ্যামাইকার তাজমহল পার্টি সেন্টারে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশেষজ্ঞরা সোশ্যাল কেয়ার নেটওয়ার্ক সম্পর্কিত আলোচনা এবং প্রশ্নোত্তরের মাধ্যমে অনেক তথ্য তুলে ধরেন। লাভ করেন। মেডিকেইড সুবিধাভোগীদের জন্য স্বাস্থ্যসেবার বাইরে থাকা সহায়তা যেমন: বাসস্থান, পরিবহন, খাদ্য কর্মসূচি এবং অন্যান্য সুবিধা কিভাবে নেওয়া যায়, সে বিষয়ে প্রয়োজনীয় তথ্য দেওয়া হয়।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ফেডারেল বা সিটির যে কোন সরকারি সেবা বা সহায়তা নেয়ার ক্ষেত্রে বাংলাদেশিদের সব ধরনের নিয়ম কানুন মেনে সুবিধা নেয়া উচিত। যে সেবার জন্য যারা যোগ্য, কেবল তারাই যথাযথ নিয়ম মেনে আবেদন করবেন। সরকারি বেনিফিট পেতে এরপর ১৫ পৃষ্ঠায়

রয়টার্সকে ঢাকায় মার্কিন রাষ্ট্রদূত

# জনগণের নির্বাচিত সরকারের সঙ্গেই থাকবে যুক্তরাষ্ট্র

আজকাল রিপোর্ট



ঢাকায় নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন বলেছেন, বাংলাদেশের জনগণ যাকে নির্বাচিত করবে, যুক্তরাষ্ট্র তার সঙ্গেই কাজ করবে। বার্তা সংস্থা রয়টার্সকে দেয়া এক সাক্ষাৎকারে মঙ্গলবার এ কথা জানান তিনি। এর পাশাপাশি বাংলাদেশে চীনের প্রভাব নিয়েও উদ্বেগ প্রকাশ করেন ট্রাম্প প্রশাসনের ওই কর্মকর্তা। রিপোর্টে বলা হয়েছে, এবারের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে সাবেক দুই রাজনৈতিক মিত্র। যার মধ্যে একটি বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি, অন্যটি বাংলাদেশ জামায়াতে ইসলামী। মার্কিন রাষ্ট্রদূত বলেন, দক্ষিণ এশিয়ায় চীনের প্রভাব বৃদ্ধি নিয়ে যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন। তার তথ্য, বাংলাদেশের পরবর্তী সরকারকে চীনা সামরিক সরঞ্জামের বিকল্প হিসেবে যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের প্রতিরক্ষা ব্যবস্থা প্রস্তাব করার পরিকল্পনা রয়েছে ওয়াশিংটনের।

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশে অনুষ্ঠিত হয় ত্রয়োদশ জাতীয় নির্বাচন। চব্বিশের আগস্টে তরুণ প্রজন্মের নেতৃত্বে এক গণঅভ্যুত্থানে ভারত-সমর্থিত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হন। এরপর তিনি ভারতে আশ্রয় নেন। তার বিদায়ের পর বাংলাদেশে ভারতের প্রভাব কমে এবং চীনের উপস্থিতি আরও জোরদার হয়।

সম্প্রতি চীন বাংলাদেশের সঙ্গে একটি প্রতিরক্ষা চুক্তি সই করেছে, যার আওতায় ভারত এরপর ১৫ পৃষ্ঠায়

# আল মামুর স্কুলের ট্রাষ্টিবোর্ডের শপথ গ্রহণ

আজকাল রিপোর্ট

জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) প্রতিষ্ঠিত ইসলামিক শিক্ষা প্রতিষ্ঠান 'আল মামুর' স্কুল-এর ২০২৬-২০২৭ সালের নবনির্বাচিত ট্রাষ্টিবোর্ডের সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান গত ৮ ফেব্রুয়ারী আল মামুর স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। তাদের শপথ পাঠ করান প্রতিষ্ঠানটির লীডারশীপ কাউন্সিলের চেয়ারম্যান সৈয়দ মোজাফফর।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জেএমসি'র অন্যতম পরিচালক ইমাম শামসী আলী। এরপর 'আল মামুর' স্কুল-এর নবনির্বাচিত ট্রাষ্টিবোর্ডের ১১ জন সদস্য শপথ গ্রহণ করেন। এরা হলেন: ডা. সাঈদা কুদশিয়া বানু, এটর্নী খাজা মিজান হাসান, ডা. নাজমুল এইচ খান, ড. মহসীন পাটোয়ারী, সামিউর রব, ডা. এরপর ১৫ পৃষ্ঠায়



# রাইজআপ নিউইর্য়ক সিটির লিডারশিপ সামিট অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

রাইজআপ নিউইর্য়ক সিটির ব্যানারে তৃতীয় বার্ষিক লিডারশিপ সামিট গত ৭ ফেব্রুয়ারী উডসাইডে গুলশান টেরেসে আয়োজন করা হয়। প্রার্থীদের এজেন্ডা নিয়ে উন্মুক্ত আলোচনার মধ্যদিয়ে প্রবাসী বাংলাদেশিদের পছন্দের প্রার্থী বাছাইয়ের পথ সুগমের একটি ব্যতিক্রমধর্মী চমৎকার অনুষ্ঠান তৃতীয়বারের মত আয়োজন করে সংগঠনটি। তীব্র কনকনে শীতকে উপেক্ষা করে বিকাল সাড়ে ৫ টা থেকে কমিউনিটির নেতৃবৃন্দ, নিউইর্য়ক স্টেটের কম্পট্রোলার, সিনেট, অ্যাসেম্বলি, ইউএস কংগ্রেসের বিভিন্ন পদের ১৮ জন এরপর ৩৮ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটিতে বিএএসজের পিঠা উৎসব

আজকাল রিপোর্ট

নিউজার্সির আটলান্টিক সিটিতে ১০ ফেব্রুয়ারি পিঠা উৎসবে মেতে উঠেছিল প্রবাসী বাংলাদেশিরা। বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি(বিএএসজে) স্থানীয় বাংলাদেশ কমিউনিটি সেন্টারে এই পিঠা উৎসবের আয়োজন করে। নান্দনিক এই পিঠা উৎসবে বাহারি নামের ও ডিজাইনের পিঠার সমাহার ছিল।

আয়োজকরা বলেন, প্রবাসে সামাজিক বন্ধন দৃঢ় করা এবং লোকজ ও নান্দনিক সংস্কৃতির বহিঃপ্রকাশের লক্ষ্যেই এই আয়োজন। বিশেষ করে প্রবাস প্রজন্মের মনোভূমে লোকজ সংস্কৃতি জাগরুক রাখার লক্ষ্যেই এই প্রয়াস। পিঠা উৎসবে মাসুম বাউল, জামান কল্লু সংগীত পরিবেশন করেন ও সুব্রত চৌধুরী কবিতা আবৃত্তি করেন। বিপুল এরপর ৩১ পৃষ্ঠায়




# বাংলাদেশিদের ফান্ডরেইজিং ডিনার কারিশমা মনজুরের সমর্থনে

আজকাল রিপোর্ট

সিনেট নির্বাচনে প্রতিদ্বন্দ্বি কারিশমা মনজুরের সমর্থনে ব্রংকসে ফান্ডরেইজিং ডিনার অনুষ্ঠিত হলো। কারিশমা নিউ হ্যাম্পশেয়ার থেকে সিনেটে লড়তে চান। এর আগে তাকে লড়তে হবে ডেমোক্র্যাটিক প্রাইমারিতে। বাংলাদেশি আমেরিকান মনজুরকে প্রাইমারিতে মুখোমুখি হতে হবে নিজ দলের ক্রিস্টোফার পাপ্পাসকে। ক্রিস্টফার বর্তমানে হাউজ অব রিপ্রেজেনটেটিভস। মনজুর মেডিক্যাল সায়েন্টিস্ট ও নন প্রোফিট লিডার। আগামী ৮ সেপ্টেম্বর ২০২৬ ডেমোক্র্যাটিক প্রাইমারি নির্বাচন অনুষ্ঠিত হবে। এই ২ জনের মধ্যে যিনি এরপর ১৫ পৃষ্ঠায়

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়



# অভিনন্দন তারেক জিয়া

জনগনের বহু প্রতীক্ষিত একটি সংসদ নির্বাচন হলো ১২ ফেব্রুয়ারি। মুক্তিযুদ্ধের চেতনাকে বুকে নিয়ে ও ২৪ এর অভ্যুত্থানকে ধারন করে তারেক রহমান নির্বাচনী যুদ্ধে লিপ্ত হন। সকল উস্কানীকে পেছনে ফেলে ধৈর্য ও সহনশীলতায় ৩১ দফা নির্বাচনী প্রতিশ্রুতি নিয়ে মানুষের কাছে ছুটে যান। দেশের মানুষের আস্থা অর্জন করে নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে বিজয় পান। বাবা শীহদ জিয়াউর রহমান ও মা বেগম খালেদা জিয়ার লেগেছিকে ধারণ করেই তিনি এগিয়ে যাবেন এমন প্রত্যাশা সাধারন মানুষের। সন্ত্রাস, চাঁদাবাজি ও হঠকারি রাজনীতির অবসান ঘটিয়ে তিনি নতুন সরকারের নেতৃত্ব দিবেন

তারেক রহমানকে অভিনন্দন। অভিনন্দন বাংলাদেশের ১৮ কোটি জনগনকে। বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ভূমিধস জয় পেয়েছে বিএনপি দলীয় জোট। সংসদে তাদের আসন সংখ্যা দাঁড়িয়েছে ২১০ এর ওপরে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বচনে বিএনপি জোটের প্রতিদ্বন্দ্বিতায় ছিল জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোট। এককভাবে জামায়াতের আসন সংখ্যা ৬৮। জামায়াতের সাথে জোট করে এনসিপি পেয়েছি ৬টি আসন। খেলাফত মজলিস ৩ ও ইসলামী আন্দোলন ১টি আসনে জয়লাভ করেছে। বিএনপির বিদ্রোহী প্রার্থী স্বতন্ত্র হিসেবে জয়লাভ করেছেন ৮ জন।

পতিত শেখ হাসিনার শাসনামলে দেশটি হারিয়েছিল গনতান্ত্রিক সংস্কৃতি। ১৭টি বছর ভোটের নামে প্রহসন হয়েছে। গনতন্ত্র ও নির্বাচনবিহীন বাংলাদেশে এক নায়কতন্ত্রের নির্লজ্জ নৃত্য দেখেছে বাংলার মানুষ। দীর্ঘদিনের জনরোষ ও অপশাসনের অবসান হয় ২০২৪ সালের ৫ আগষ্ট। ছাত্রজনতার অভ্যুত্থানে হাসিনা ভারতে গিয়ে আশ্রয় নেন। নির্বাসনে যান তার দলের নেতারা। অর্ন্তবর্তীকালীন সরকার শেখ হাসিনার দল আওয়ামীলীগের কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করে। নির্বাচনে অংশগ্রহণের নিষোজ্ঞাও এ নির্দেশনার মধ্যে পড়ে। আওয়ামীলীগবিহীন একটি নির্বাচন অনুষ্ঠিত হয়। দেশে কোটি কোটি মানুষ উৎসবমুখর পরিবেশে ভোটাধিকার প্রয়োগ করেন। অথচ গত ১৮টি বছর শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসনামলে মানুষ এ অধিকার প্রয়োগ করতে পারেনি। দিনের ভোট রাতে হয়েছে। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হতো ৩০০ আসনের মধ্যে ১৫১জন সংসদ সদস্য ।

জনগনের বহু প্রতীক্ষিত একটি সংসদ নির্বাচন হলো ১২ ফেব্রুয়ারি। মুক্তিযুদ্ধের চেতনাকে বুকে নিয়ে ও ২৪ এর অভ্যুত্থানকে ধারন করে তারেক রহমান নির্বাচনী যুদ্ধে লিপ্ত হন। সকল উস্কানীকে পেছনে ফেলে ধৈর্য ও সহনশীলতায় ৩১ দফা নির্বাচনী প্রতিশ্রুতি নিয়ে মানুষের কাছে ছুটে যান। দেশের মানুষের আস্থা অর্জন করে নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে বিজয় পান। বাবা শীহদ জিয়াউর রহমান ও মা বেগম খালেদা জিয়ার লেগেছিকে ধারণ করেই তিনি এগিয়ে যাবেন এমন প্রত্যাশা সাধারন মানুষের। সন্ত্রাস, চাঁদাবাজি ও হঠকারি রাজনীতির অবসান ঘটিয়ে তিনি নতুন সরকারের নেতৃত্ব দিবেন।

# ভোটে না থেকেও যেভাবে ‘ভোটে’ থাকলো আ.লীগ

সোহরাব হাসান



অন্তর্বর্তী সরকার নির্বাহী আদেশে কার্যক্রম নিষিদ্ধ করায় দেশের অন্যতম প্রধান দল আওয়ামী লীগ ১২ ফেব্রুয়ারির নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেনি।। অতীতে অনেক সরকার অনেক দলকে নিষিদ্ধ করে শেষ পর্যন্ত দমিয়ে রাখতে পারেনি।

শেখ হাসিনা সরকারের অন্তিম সময়ে জামায়াতে ইসলামীকে নির্বাহী আদেশে নিষিদ্ধ করা হয়েছিল। অথচ দলটি এবারের নির্বাচনের অন্যতম প্রধান রাজনৈতিক শক্তি। জিয়াউর রহমানের আমলে ডেমোক্রেটিক লীগ ও কমিউনিস্ট পার্টিকে নিষিদ্ধ করা হয়েছিল।

প্রশ্ন উঠেছে, আওয়ামী লীগবিহীন নির্বাচনে আওয়ামী লীগের সাধারণ কর্মী-সমর্থকেরা কী করেছেন? বিদেশে নিরাপদে থাকা আওয়ামী লীগ নেতারা একের পর এক হুকুম দিয়ে চলেছেন। কিন্তু তাঁদের সে হুকুম দেশে থাকা নেতা-কর্মীদের কতটা বিপদে ফেলছে, তাঁরা একবারও ভাবেননি।

গত বছর বেশ কিছু অঘটন ঘটেছে নেতাদের উসকানিমূলক বিবৃতির কারণে। তাঁরা ছাত্র আন্দোলনের নেতাদের অনুসরণে শাটডাউন ও কমপ্লিট শাটডাউনের আওয়াজ তুলেও জনগণের সাড়া পাননি। বরং মিছিল করতে গিয়ে সাধারণ কর্মীরা জেল-জুলুমের শিকার হয়েছেন।

আওয়ামী লীগের নেতারা এখন বলেছেন, ‘যেই নির্বাচনে নৌকা নেই, সেই নির্বাচন কখনো গ্রহণযোগ্য হবে না।’ আওয়ামী লীগের বর্তমান নেতৃত্ব এখন সব দলকে নিয়ে নির্বাচন করার জোর দাবি জানিয়েছে। কিন্তু ক্ষমতায় থাকতে তাঁরা বিরোধী দলকে বাদ দিয়ে একের পর এক জবরদস্তির নির্বাচন করেছেন। এবারের নির্বাচনে কিন্তু সিংহভাগ আওয়ামীলীগ সর্মথক ভোট দিতে গিয়েছেন।

গত ১৭ মাসে দেশে থাকা আওয়ামী লীগের নেতা-কর্মীরা দুঃসহ বাস্তবতার মধ্য দিয়ে যাচ্ছেন। একসময়ের রাজনৈতিক ‘শত্রুদের’ কৃপা নিয়েও অনেকে বেঁচে আছেন। কেউবা পালিয়ে বেড়াচ্ছেন। এ অবস্থায় আওয়ামী লীগের নেতা-কর্মীদের পক্ষে আনুষ্ঠানিক ভোট বর্জন মারাত্মক ঝুঁকি তৈরি করতো। অর্থাৎ সবাই না হলেও আওয়ামী লীগ সমর্থকদের একটি বড় অংশ ভোটকেন্দ্রে গিয়েছেন এবং ভোটও দিয়েছেন।

আওয়ামী লীগের কর্মী-সমর্থকদের অর্ধেক ভোটারও যদি কেন্দ্রে উপস্থিত থেকে থাকে, তাঁরা যে দল ও প্রার্থীর জয়-পরাজয়ে মুখ্য ভূমিকা রেখেছেন, সে বিষয়ে কোনো সন্দেহ নেই।

প্রশ্ন হলো, নৌকাবিহীন ব্যালটে তাঁরা কাকে বেছে নিলেন? এ ক্ষেত্রে বিকল্প হতে পারত বাম দলগুলো। কিন্তু তারা নির্বাচনকে নিয়েছে প্রতীকী আয়োজন হিসেবে। অনেক বড় নেতা জামানতের ভয়ে প্রতিদ্বন্দ্বিতাই করছেন না। দ্বিতীয় বিকল্প হলো বিএনপি বা তাদের সমমনা দলগুলো। বিএনপির নেতাদের একাত্তরকেন্দ্রিক সাম্প্রতিক বক্তৃতা-বিবৃতিতে আওয়ামী লীগের প্রতিধ্বনি মেলে। তৃতীয় বিকল্প ছিল স্থানীয়ভাবে জয়ের সম্ভাবনা আছে, এমন প্রার্থীকে ভোট দেওয়া।

> একটানা ১৫ বছরের শাসন ও তিনটি প্রহসনমূলক নির্বাচনের কারণে আওয়ামী লীগের জনপ্রিয়তা কমেছে সত্য। কিন্তু ভূমিধস হয়নি। আওয়ামী লীগের জনসমর্থন যদি সর্বনিম্ন স্তরেও এসে থাকে, তারপরও তারা নির্বাচনের ফলাফলকে ব্যাপকভাবে প্রভাবিত করার ক্ষমতা রাখে। আওয়ামী লীগের কর্মী-সমর্থকদের অর্ধেক ভোটারও যদি কেন্দ্রে উপস্থিত থাকেন, তাঁরা যে দল ও প্রার্থীর জয়-পরাজয়ে মুখ্য ভূমিকা রেখেছেন, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। নির্বাচনের ভোট বিশ্লেষনের অপেক্ষায় সবাই

বেসরকারি পরামর্শক প্রতিষ্ঠানটির পিপলস ইলেকশন পালস সার্ভে (পেপস) কিছুটা আওয়ামী লীগের নেতা-কর্মীদের মনোভাব তুলে ধরেছে। আগের আওয়ামী লীগ ভোটারদের ৩২ দশমিক ৯ শতাংশ বিএনপিকে ভোট দেওয়ার সম্ভাবনা প্রকাশ করেছেন। ১৩ দশমিক ২ শতাংশ জামায়াতকে ভোট দিবে বলে জানিয়েছেন। আর ৪১ দশমিক ৩ শতাংশ সিদ্ধান্তহীন।

প্রতিবেদনে বলা হয়, আগে যাঁরা সিদ্ধান্তহীন ছিলেন বা পছন্দ প্রকাশ করেননি, তাঁদের মধ্য থেকে জামায়াতের তুলনায় বেশি ভোট পেয়েছে বিএনপি। বিএনপির সম্ভাব্য ৫২ দশমিক ৮ শতাংশ ভোটের মধ্যে ২৬ দশমিক ৬ শতাংশ এসেছে আগে সিদ্ধান্তহীন ও অনির্ধারিত ভোটারদের কাছ থেকে। জামায়াতের সম্ভাব্য ৩১ শতাংশ ভোটের মধ্যে ১৪ দশমিক ১ শতাংশ এসেছে একই গোষ্ঠী থেকে। সে ক্ষেত্রে সিদ্ধান্তহীন ভোটারদের একাংশ বিএনপির দিকেই ঝুঁকেছেন বলে ধারণা করি।

গত ২৮ জানুয়ারি ঠাকুরগাঁওয়ে প্রচারে গিয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, ‘এবার তো নৌকা নেই। নৌকা পালিয়েছে। মাঝখানে এরপর ৩৬ পৃষ্ঠায়

# গণভোট ও নির্বাচন : কি হবে?

শিতাংশু গুহ

বাংলাদেশে ত্রয়োদশ জাতীয় নির্বাচন ও ৪র্থ গণভোট একসাথে হচ্ছে ১২ ফেব্রুয়ারী ২০২৬। এবারের গণভোট ঠিক কি নিয়ে মানুষ এর খবরই রাখেনা। আপাতদৃষ্টিতে দেখা যায়, সরকার, এনসিপি, জামাত ব্যতিত কেউ আর এর পক্ষে নয়। তারেক রহমান প্রথমে বলেছিলেন, গণভোটের চেয়ে আলুর ন্যায্যমূল্য পাওয়া অনেক বেশি গুরুত্বপূর্ণ। পরে হয়তো চাপে পরে এখন ‘হ্যাঁ’ ভোটের পক্ষে কথা বলেছেন। যদিও বিএনপি কি বুথে ঢুকে ‘হ্যাঁ’ বা ‘না’ দেবে তা বলা শক্ত। জামাত বলেছে, বিএনপি কর্মীদের ‘না’ ভোট দেয়ার কথা বলছে। জাতীয় পার্টির জিএম কাদের বলেছেন, ‘হ্যাঁ’ ভোট জিতলে দেশ ধ্বংস হয়ে যাবে। নির্বাচন কমিশন বলেছে, সরকারি কর্মকর্তারা ‘হ্যাঁ/না’ পক্ষে প্রচারণা চালাতে পারবে না। কমিশন বড্ড দেরি করে ফেলেছে। ইতিমধ্যে ড. ইউনুস, ক’জনা উপদেষ্টা ও সরকারি কর্মকর্তারা ‘হ্যাঁ’ ভোটার পক্ষে জোরালো বক্তব্য দিয়ে দিয়েছেন। এখনো পক্ষে প্রচারণা থেমে নেই? ভোটের পরে এটি গন্ডগোলের একটি সূত্র হতে পারে। বাংলাদেশের ইতিহাসে পূর্বেকার ৩টি গণভোটের মধ্যে ২টি সামরিক শাসকদের বৈধতার নিমিত্ত অনুষ্ঠিত হয়, এবং ব্যাপক ভোট জালিয়াতি হয়। তবে ৩য় গণভোট জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিলো, এবং সেটি অবাধ ও সুষ্ঠু হয়। ৪র্থ গণভোট অবাধ ও সুষ্ঠু হবার সম্ভবনা কম এবং যেনতেন প্রকারে ‘হ্যাঁ’-জিতবে।

বাংলাদেশের ইতিহাসে এর আগে ৩বার জাতীয় রেফারেন্ডাম, যা ‘হ্যাঁ/না’ ভোট নামে সমধিক পরিচিত অনুষ্ঠিত হয়েছে। জিয়াউর রহমান এবং এরশাদ একবার করে তাঁদের প্রতি জনগণের সমর্থন আছে কিনা তা যাচাই করতে ১৯৭৭ ও ১৯৮৫ সালে ‘হ্যাঁ/না’ ভোট আয়োজন করেন। বলা বাহুল্য, এসব ভোট সবসময় সামরিক শাসকদের অনুকূলে যায়। ১৯৯১ সালের ব্যতিক্রমধর্মী রেফারেন্ডামটি ছিলো সংবিধান সংশোধন করে প্রেসিডেন্ট পদ্ধতি থেকে সংসদীয় পদ্ধতিতে ফিরে আসার জন্যে। প্রেসিডেন্ট জিয়াউর রহমান বাংলাদেশের ইতিহাসে প্রথম ‘হ্যাঁ/না’ ভোট করেন ৩০ মে ১৯৭৭। এতে তারপক্ষে ভোট পরে ৯৮.৯%। মোট ভোট পড়েছিল ৮৮.১%। ২য় ‘হ্যাঁ/না’ আয়োজন করেন হুসাইন মোহাম্মদ এরশাদ ২১ মার্চ ১৯৮৫। তারপক্ষে ভোট পরে ৯৪.৫%। মোট ভোট পড়েছিল ৭২.২%। উভয় ক্ষেত্রে ভোট জালিয়াতির অভিযোগ ওঠে। ৩য় রেফারেন্ডাম হয় ১৫ সেপ্টেম্বর ১৯৯১। সংসদীয় পদ্ধতিতে ফিরে আসার পক্ষে ভোট পরে ৮৩.৬%, বিপক্ষে ১৫.৫%, মোট ভোট পড়েছিলো ৩৫.৫%। একই সংশোধনীতে প্রেসিডেন্ট সংসদে পরোক্ষ ভোট নির্বাচিত হবার বিধান এবং ভাইস-প্রেসিডেন্ট পদটি বিলুপ্ত করার পক্ষে জনগণ মত দেন। এই ভোটটি অবাধ ও সুষ্ঠু হয়েছিলো।



এবারকার গণভোট কতপ্রকার ও কিকি জনগণ তা জানেনা, যদিও এটি পাশ হয়ে যাবে। এতে ভোটারদের ৪টি অনুচ্ছেদে ‘হ্যাঁ’ বা ‘না’ ভোট দিতে হবে। সমস্যা হচ্ছে ৪টি অনুচ্ছেদে একত্রে ভোট দিতে হবে, ২টি ‘হ্যাঁ’, ২টি ‘না’ চলবে না। এসব অনুচ্ছেদে তত্ত্বাবধায়ক সরকার, নিরপেক্ষ নির্বাচন কমিশন, বিবিধ সাংবিধানিক প্রতিষ্ঠানে নিয়োগ; পিআর পদ্ধতিতে ১০০ সদস্যের সংসদের উচ্চকক্ষ, সংবিধান সংশোধন, নারী প্রতিনিধি বৃদ্ধি, মৌলিক অধিকার, প্রধানমন্ত্রীর ১০বছর মেয়াদ, প্রধানমন্ত্রীর ক্ষমতা হ্রাস করে রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধি বা এ দুই পদে ক্ষমতার ভারসাম্য বজায় রাখা, ইত্যাদি। এতে রাষ্ট্রের মূলনীতিতে আমূল পরিবর্তনের কথা আছে, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা বাদ পড়ছে, বাঙালী শব্দটি বাদ পড়ছে, সবাই বাংলাদেশী হয়ে যাচ্ছে। বলা হচ্ছে, নির্বাচনের পর আগে ‘হ্যাঁ/না’ ভোটার ফলাফল বের হবে, পরে সংসদ নির্বাচনের রেজাল্ট দেয়া হবে? এই ‘পরে’-শব্দের ব্যাখ্যা কেউ জানে না? এজন্যে বলা হচ্ছে, নির্বাচন হয়ে গেলেও ড. ইউনুস ও তার সাঙ্গপাঙ্গরা আরো বছরখানেক ক্ষমতায় থাকবেন। কিন্তু কিভাবে? এ প্রসঙ্গে ১৮০ কর্মদিবসের একটি হিসাব দেয়া হচ্ছে, এসময় সংসদ সদস্যরা একই সাথে গণপরিষদের সদস্য হিসাবে কাজ করবেন।

১৮০ কর্ম দিবস মানে ১৮০/৫=৩৬ সপ্তাহ। ৩৬X৭=২৫২ দিন। এক বছরে বাকি থাকলো ৩৬৫-২৫২=১১৩ দিন। এরমধ্যে ছুটি ইত্যাদি বাদ দিলে তেমন একটা সময় বাঁচে না? এই ১৮০ কর্মদিবসে ‘হ্যাঁ’ ভোটে পাশ করা সংশোধনীগুলো বাস্তবায়ন করতে হবে। ক্ষমতায় বিএনপি গেলে তাঁরা যেসব অনুচ্ছেদে ‘ভোট অফ ডিসেন্ট’ দিয়েছিলো তা মানতে চাইবে না। জামাত ক্ষমতায় গেলে সবকিছু মেনে নেবে। গণভোট নিয়ে মামলা হবার সম্ভবনা রয়েছে। ক্ষমতায় যেই আসুক, সংসদ হবে ঝুলন্ত, কেউ কাউকে ছাড় দেবেনা, ফলে সমস্যা বাড়বে। নির্বাচন হয়ে গেলে, রাজনৈতিক সরকার ক্ষমতায় এলে, মিলিটারি উঠে গেলে আওয়ামী লীগ বসে থাকবে না, সমস্যা আরো জটিল আকার ধারণ করার সম্ভবনা থাকবে। বিএনপি ও জামাত দুইটিই ইসলামপন্থী দল, একটি ‘নরম’, অন্যটি ‘গরম’। ২০০১-২০০৬ এ দু’টি দল জোটবেঁধে একত্রে ক্ষমতায় আসে, এবং হিন্দু ও আওয়ামী লীগের ওপর অত্যাচার চালায়। ঐসময়ে বাংলাভাই, একসাথে ৬৪জেলায় বোমাবাজি ঘটেছিলো। শ্লোগান উঠেছিলো, ‘আমরা সবাই তালেবান, বাংলা হবে আফগান’। এরপর ২৮ পৃষ্ঠায়

> মজার ব্যাপার হচ্ছে, নির্বাচনের বাকি আছে আর মাত্র এক সপ্তাহ, এখনো কেউ কেউ ভাবছেন, নির্বাচনটি কি হবে? হ্যাঁ হবে, এবং ড. ইউনূসের ইশারায় ‘মেটিক্যুলাস’ পদ্ধতিতে হবে। ড. ইউনুস বলেছেন, দেশ জালিয়াতে ভরে গেছে, অথচ লোকে বলছে, তিনিই এক নম্বর জালিয়াত এবং এবারের নির্বাচনটি হবে তার আর একটি মেটিক্যুলাস জালিয়াতি। আওয়ামী লীগ ভোট বয়কটের ডাক দিলেও তা বাস্তবায়নের কোন সুযোগ নেই?

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# নির্বাচন ও ব্যালটে হাদীর প্রভাব: রাজনীতি কোন পথে?

ড. মাহরুফ চৌধুরী

বাংলাদেশের গণমুখী ও নৈতিক দায়ের নতুন এক রাজনৈতিক ধারার উত্থান ও বিকাশে শহীদ ওসমান হাদীর প্রভাব আজ আর অস্বীকার করার কোন সুযোগ নেই। তিনি যে রাজনৈতিক ভাষার প্রচলন ও গণসংযোগ অনুশীলনের সূচনা করেছিলেন, তা ক্ষমতাকেন্দ্রিক রাজনীতির বিপরীতে পরিবর্তনের আশায় উদ্বুদ্ধ এক গণঢেউ তৈরি করেছিল। কিন্তু সেই পরিবর্তনের প্রতিশ্রুতি পূর্ণতা পাওয়ার আগেই তাঁর শাহাদাত বরণ কেবল একজন নেতাকে হারানোর বেদনায় সীমাবদ্ধ থাকেনি; বরং তা দেশজুড়ে পরিবর্তনের স্বপ্নে বিভোর গণমানুষের মনে এক গভীর ও বেদনাবহ শূন্যতা সৃষ্টি করেছে। কোন কোন রাজনৈতিক ও সামাজিক ভাষ্যকারের মতে, এই শূন্যতা ব্যক্তিগত শোকের গণ্ডি ছাড়িয়ে জাতীয় রাজনৈতিক পরিমণ্ডলকেও প্রবলভাবে আলোড়িত ও পুনর্বিন্যাসের মুখে ঠেলে দিয়েছে। সাধারণভাবে রাজনৈতিক হত্যাকাণ্ডের পর সৃষ্ট আবেগ সময়ের সঙ্গে সঙ্গে স্তিমিত হয়ে আসে। কিন্তু ওসমান হাদীর ক্ষেত্রে সেই স্বাভাবিক মনস্তাত্ত্বিক পথরেখা যেন ব্যতিক্রমী রূপ ধারণ করেছে। ১৮ ডিসেম্বর ২০২৫-এ তাঁর শাহাদাতের পর ঢাকার কেন্দ্রে লক্ষ লক্ষ মানুষের স্বতঃস্ফূর্ত জানাজা-সমাবেশ কেবল সংখ্যার বিচারে নয়, বরং প্রতীকী অর্থেও সেটা ছিল গভীর তাৎপর্যপূর্ণ। রাষ্ট্রবিজ্ঞান ও রাজনৈতিক মনোবিজ্ঞানের মতে, এমন সমাবেশ নাগরিক সমাজের ভেতরে জমে থাকা ন্যায়বোধ ও বঞ্চনার সমষ্টিগত বিস্ফোরণের ইঙ্গিত দেয়। আরও লক্ষণীয় বিষয় হলো যে, মাস পেরিয়েও এই আবেগ ক্ষয় হয়নি এখনো। বরং সাধারণ মানুষের মধ্যে তাঁর খুনের দ্রুত ও দৃষ্টান্তমূলক বিচারের দাবিটি ক্রমেই আরও উচ্চকিত হয়ে উঠেছে। আবাল-বৃদ্ধ-বনিতা নির্বিশেষে এই দাবি ছড়িয়ে পড়তে দেখা যাচ্ছে, যা ছাপা ক্ষোভের রূপ লাভ করছে। হাদীর খুনের বিচারের দাবি কোনো দলীয় শোক নয়, বরং এটা গণমানুষের এক বিস্তৃত নৈতিক ও আইনি অধিকারের প্রত্যাশার বহিঃপ্রকাশ।

ইতিহাস আমাদের শেখায়, অধিকাংশ শহীদের মৃত্যু সাধারণ মানুষের মনে প্রথমে তীব্র শোক তৈরি করলেও সময়ের প্রবাহে সেই শোক সীমিত গোষ্ঠীর আবেগে পরিণত হয়। কিন্তু হাদীর শাহাদাত সেই পরিচিত ছক ভেঙে দিয়েছে। তাঁর মৃত্যুর অভিঘাত আত্মীয়স্বজন বা রাজনৈতিক অনুরাগীর বৃত্তে আবদ্ধ থাকেনি; বরং তা জাতির সামষ্টিক স্মৃতিতে এক অম্লান চিহ্ন হিসেবে গেঁথে গেছে। এই শোকের সঙ্গে যুক্ত হয়েছে গৌরব- ন্যায়ের পক্ষে নির্ভীক অবস্থানের গৌরব যা গণমাধ্যমের জগৎ থেকে হাওয়া হয়ে গেলেও এখনো জাতীয় জীবনের ভেতরে সম্পূর্ণভাবে 'হজম' হয়ে যায়নি। সমাজবিজ্ঞানের দৃষ্টিতে বিশ্লেষণ করলে দেখা যায় যে, এমন অনাহজম করা স্মৃতিই দীর্ঘমেয়াদে সাধারণ মানুষের রাজনৈতিক আচরণ ও দলহীন ভোটারদের ভোটের মনোভাবকে প্রভাবিত করে। এই প্রেক্ষাপটে বলা যায়, হাদীর উত্থান এবং তাঁর নিহত হওয়ার পর তৈরি সামাজিক-রাজনৈতিক আবহ বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতিতে এক স্বতন্ত্র মুহূর্তের জন্ম দিয়েছে। তাঁর রাজনৈতিক ও সাংস্কৃতিক আন্দোলনের যে গভীর গণস্পর্শী চরিত্র ছিল, তারই প্রতিফলন আমরা এই স্থায়ী আলোড়নে দেখতে পাই। তাই বাংলাদেশের রাজনীতির বর্তমান গতিধারায় আসন্ন নির্বাচনের প্রাক্কালে এই ঘটনাপ্রবাহকে নিছক একটি হত্যাকাণ্ড হিসেবে না দেখে 'হাদীর প্রভাব' (হাদী ইফেক্ট) হিসেবে দেখাই যুক্তিসঙ্গত। এই প্রভাব আসন্ন নির্বাচন ও রাজনীতির গতি-প্রকৃতি নির্ধারণে কতটা ভূমিকা রাখবে, তা এমুহূর্তে বলা মুশকিল হলেও তা উপেক্ষা করা যে কোনো রাজনৈতিক শক্তির জন্যই ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে।



২০২৪ সালের জুলাই আন্দোলনের আগ পর্যন্ত শরীফ ওসমান হাদী ছিলেন জাতীয় রাজনীতির পরিমণ্ডলে তুলনামূলকভাবে অপরিচিত এক নাম। কিন্তু জুলাইয়ের গণ-অভ্যুত্থানের পরপরই তিনি গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে ক্রমশ দৃশ্যমান হয়ে ওঠেন এক ভিন্নধারার বলিষ্ঠ কণ্ঠস্বর হিসেবে। তাঁর কণ্ঠস্বর প্রচলিত প্রথাগত রাজনৈতিক ভাষার সঙ্গে সহজেই মিশে যায়নি, বরং তার সীমা ও ভণ্ডামিকে প্রকাশ্যে চ্যালেঞ্জ জানিয়েছে। এই দৃশ্যমানতা কোনো কৃত্রিম প্রচারণার ফসল ছিল না; বরং তা ছিল সমকালীন সংকটে জমে থাকা ক্ষোভ ও গণঅনুভূতির সঙ্গে তাঁর বক্তব্যের স্বাভাবিক সংযোগের পরিণতি। সাংস্কৃতিক আন্দোলনে সক্রিয় অংশগ্রহণ এবং 'ইনকিলাব মঞ্চ'-এর প্রতিষ্ঠার মধ্য দিয়ে হাদী খুব অল্প সময়ের মধ্যেই নিজেকে প্রতিষ্ঠিত করেন একজন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক ব্যক্তিত্ব হিসেবে। রাষ্ট্রযন্ত্রের নিষ্পেষণ ও সামাজিক 'অচলায়তন' ভেঙে দিতে তাঁর প্রচেষ্টা শুধু বক্তৃতা বা স্লোগানে সীমাবদ্ধ ছিলো না; তিনি সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক বিতর্কে সরাসরি অংশগ্রহণ করেছিলেন। যুক্তিনির্ভর তর্ক এবং শ্রদ্ধাশীল ভঙ্গিতে নানা রাজনৈতিক নেতা ও দলের রাষ্ট্র অথবা গণবিরোধী কর্মকাণ্ডের সমালোচনা তাঁকে অন্যদের থেকে পৃথক করেছে। বিশেষত অনাবৃত ও দ্ব্যর্থহীন ভাষায় তিনি যেভাবে গণমানুষের দাবিগুলো উচ্চারণ এরপর ৩৬ পৃষ্ঠায়




> সেখানে দাঁড়িয়ে ছিল একজন বাবা, একজন স্বামী, একজন মানুষ। সেই পরীক্ষায় আমরা ব্যর্থ হয়েছি। রাত ১১টায় কানিজ সুবর্ণা ও তাঁর শিশুপুত্রকে দাফন করা হয় বাবার বাড়ির পারিবারিক কবরস্থানে। সেই কবরে মাটি দেওয়ার সময় সেখানে ছিলেন না জুয়েল হাসান। তিনি তখনও কারাগারের ভেতর-হয়তো একটি দেয়ালের দিকে তাকিয়ে ভাবছিলেন, জীবনটা ঠিক কোথায় ভেঙে পড়ল। যে শিশুটি জীবিত বাবার সঙ্গে দেখা করতে পারেনি, সে মৃত অবস্থায় বাবার কাছে গিয়েছিল। সেই দৃশ্য কি আমাদের তাড়া করবে না? এই শিশুর অভিশাপ থেকে কীভাবে রেহাই পাবে বাংলাদেশ? পরের বার যখন এমন কোনো অ্যাম্বুলেন্স কারাফটকের সামনে থামবে, তখন কি রাষ্ট্র একটু বেশি মানুষ হবে? নাকি তখনও লোহার গেটের ওপারে দাঁড়িয়ে থাকবে মানবিকতার লাশ?

# বাংলাদেশ জাতীয় নির্বাচন ২০২৬: গণতন্ত্র পুনর্গঠনের এক ঐতিহাসিক সুযোগ

লোকমান আহমেদ

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে ২০২৬ সালের জাতীয় নির্বাচন কেবল একটি নিয়মিত নির্বাচন নয়; এটি দেশের গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্ধারণের এক গুরুত্বপূর্ণ পরীক্ষাক্ষেত্র। দীর্ঘদিন ধরে ভোটাধিকার, নির্বাচনী স্বচ্ছতা ও অংশগ্রহণমূলক রাজনীতি নিয়ে যে প্রশ্ন ও প্রত্যাশা জমে আছে, এই নির্বাচন তার বাস্তব জবাব দেওয়ার একটি বড় সুযোগ। সাম্প্রতিক অতীতে অনুষ্ঠিত কয়েকটি নির্বাচনে ভোটার অংশগ্রহণ ও গ্রহণযোগ্যতা নিয়ে জনমনে সংশয় তৈরি হয়েছে-এ বাস্তবতা অস্বীকার করার সুযোগ নেই। সেই প্রেক্ষাপটে নির্বাচন কমিশনের পক্ষ থেকে ২০২৬ সালের নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করার অঙ্গীকার নিঃসন্দেহে আশাব্যঞ্জক। তবে ইতিহাস বলে, শুধু ঘোষণা নয়-কার্যকর বাস্তবায়নই শেষ পর্যন্ত জনগণের আস্থা ফিরিয়ে আনে।



একটি সুষ্ঠু নির্বাচন মানে কেবল ভোটকেন্দ্রে শৃঙ্খলা বজায় রাখা নয়। এর অর্থ হলো-ভোটারদের নির্ভয়ে ভোট দেওয়ার সুযোগ নিশ্চিত করা, সব রাজনৈতিক দলের জন্য সমান মাঠ তৈরি করা, প্রশাসনের নিরপেক্ষ ভূমিকা পালন এবং ফলাফল নিয়ে প্রশ্নহীন গ্রহণযোগ্যতা অর্জন।

২০২৬ সালের নির্বাচনে যদি দেশের প্রধান রাজনৈতিক দলগুলোর পাশাপাশি ছোট দল ও স্বতন্ত্র প্রার্থীদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করা যায়, তবে তা গণতন্ত্রকে আরও শক্তিশালী করবে। কারণ প্রকৃত গণতন্ত্র ভিন্নমতের সহাবস্থান ও প্রতিযোগিতার মধ্য দিয়েই বিকশিত হয়। নির্বাচনকে ঘিরে সহিংসতা, ভয়ভীতি ও অনিয়ম বাংলাদেশের রাজনীতিতে নতুন কোনো বিষয় নয়। তাই এই নির্বাচনকে সফল করতে হলে আইনের কঠোর প্রয়োগ এবং অপরাধীদের বিরুদ্ধে দৃশ্যমান ও দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ অপরিহার্য। কেবল 'জিরো টলারেন্স' ঘোষণা নয়, তার বাস্তব প্রয়োগই জনগণের বিশ্বাস পুনর্গঠন করতে পারে।

এক্ষেত্রে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্বাধীন ও দায়িত্বশীল সাংবাদিকতা একদিকে যেমন নির্বাচনকে স্বচ্ছ করে, অন্যদিকে গুজব ও অপপ্রচার রোধেও কার্যকর ভূমিকা রাখে। পাশাপাশি নাগরিক সমাজ, পেশাজীবী সংগঠন ও তরুণ সমাজের সক্রিয় অংশগ্রহণ একটি ইতিবাচক নির্বাচনী পরিবেশ গড়ে তুলতে পারে।

দেশি-বিদেশি পর্যবেক্ষকদের উপস্থিতি নির্বাচনের গ্রহণযোগ্যতা আরও বাড়াবে। তবে মনে রাখতে হবে-গণতন্ত্রের প্রকৃত বিচারক দেশের জনগণই, কোনো বিদেশি শক্তি নয়। সবশেষে বলা যায়, ২০২৬ সালের জাতীয় নির্বাচন বাংলাদেশের জন্য কেবল আরেকটি রাজনৈতিক ঘটনা নয়; এটি একটি বিশ্বাস পুনর্গঠনের পরীক্ষা। যদি এই নির্বাচনে জনগণের ভোট সত্যিকার অর্থে প্রতিফলিত হয়, তবে তা শুধু একটি সরকার নয়-একটি শক্তিশালী ও টেকসই গণতান্ত্রিক ভবিষ্যৎ উপহার দেবে।

লেখক: অ্যাডভোকেট লোকমান আহমেদ। যুক্তরাষ্ট্র প্রবাসী।

> এক্ষেত্রে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্বাধীন ও দায়িত্বশীল সাংবাদিকতা একদিকে যেমন নির্বাচনকে স্বচ্ছ করে, অন্যদিকে গুজব ও অপপ্রচার রোধেও কার্যকর ভূমিকা রাখে। পাশাপাশি নাগরিক সমাজ, পেশাজীবী সংগঠন ও তরুণ সমাজের সক্রিয় অংশগ্রহণ একটি ইতিবাচক নির্বাচনী পরিবেশ গড়ে তুলতে পারে। দেশি-বিদেশি পর্যবেক্ষকদের উপস্থিতি নির্বাচনের গ্রহণযোগ্যতা আরও বাড়াবে। তবে মনে রাখতে হবে-গণতন্ত্রের প্রকৃত বিচারক দেশের জনগণই, কোনো বিদেশি শক্তি নয়। সবশেষে বলা যায়, ২০২৬ সালের জাতীয় নির্বাচন বাংলাদেশের জন্য কেবল আরেকটি রাজনৈতিক ঘটনা নয়; এটি একটি বিশ্বাস পুনর্গঠনের পরীক্ষা। যদি এই নির্বাচনে জনগণের ভোট সত্যিকার অর্থে প্রতিফলিত হয়, তবে তা শুধু একটি সরকার নয়-একটি শক্তিশালী ও টেকসই গণতান্ত্রিক ভবিষ্যৎ উপহার দেবে

> বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে ২০২৬ সালের জাতীয় নির্বাচন কেবল একটি নিয়মিত নির্বাচন নয়; এটি দেশের গণতান্ত্রিক ভবিষ্যৎ নির্ধারণের এক গুরুত্বপূর্ণ পরীক্ষাক্ষেত্র। দীর্ঘদিন ধরে ভোটাধিকার, নির্বাচনী স্বচ্ছতা ও অংশগ্রহণমূলক রাজনীতি নিয়ে যে প্রশ্ন ও প্রত্যাশা জমে আছে, এই নির্বাচন তার বাস্তব জবাব দেওয়ার একটি বড় সুযোগ। সাম্প্রতিক অতীতে অনুষ্ঠিত কয়েকটি নির্বাচনে ভোটার অংশগ্রহণ ও গ্রহণযোগ্যতা নিয়ে জনমনে সংশয় তৈরি হয়েছে-এ বাস্তবতা অস্বীকার করার সুযোগ নেই। সেই প্রেক্ষাপটে নির্বাচন কমিশনের পক্ষ থেকে ২০২৬ সালের নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করার অঙ্গীকার নিঃসন্দেহে আশাব্যঞ্জক। তবে ইতিহাস বলে, শুধু ঘোষণা নয়-কার্যকর বাস্তবায়নই শেষ পর্যন্ত জনগণের আস্থা ফিরিয়ে আনে



# নারীরা কেন জামায়াতের আমির হবেন না

জাহেদ উর রহমান

> সংবিধানের ২৮ অনুচ্ছেদ কোনোভাবেই কোনো রাজনৈতিক দলকে ধর্ম, বর্ণ, লিঙ্গ, আর্থসামাজিক অবস্থা- কোনো কিছুর ভিত্তিতে বৈষম্য করা অনুমোদন করে না। কিন্তু আমরা স্পষ্টভাবেই দেখতে পাচ্ছি, জামায়াতে ইসলামী তার গঠনতন্ত্র এবং আচরণে মুসলিম নারী এবং সব অমুসলিমের প্রতি বৈষম্যমূলক আচরণ করছে। জামায়াতের দৃষ্টিতে তাঁরা কার্যত দ্বিতীয় শ্রেণির নাগরিক। গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে বিকশিত হতে দেখতে চাওয়া নাগরিকদের এই প্রশ্ন জারি রাখতেই হবে, জামায়াতের মতো একটি রাজনৈতিক দলের বাংলাদেশের বিদ্যমান সাংবিধানিক এবং আইনি কাঠামোর মধ্যে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত এবং ক্রিয়াশীল থাকার অধিকার আছে? আর এসব মৌলিক প্রশ্নের সুরাহা হওয়ার আগে তাদের রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দেওয়ার কথা বিবেচনা করা উচিত



সামাজিক যোগাযোগমাধ্যম এক্সের একটি স্ট্যাটাস এখন রাজনৈতিক বিতর্কের কেন্দ্রবিন্দু। নেটিজেনরা তো বটেই, এতে জড়িয়ে পড়েছেন মূল দুই প্রতিদ্বন্দ্বী দলের দুই প্রধানও।

আমিরের অ্যাকাউন্ট সত্যিই হ্যাকড হয়েছিল কি না, সেই বিতর্ক সরিয়ে রেখে এটা নির্দ্বিধায় বলা যায়, সেই স্ট্যাটাসের অতি আপত্তিকর শব্দটি ছাড়া অন্যান্য বক্তব্য জামায়াত আমিরের আল-জাজিরার কাছে দেওয়া বক্তব্যের চেয়ে মোটেও খুব ভিন্ন কিছু নয়।

আল-জাজিরার সঙ্গে জামায়াতে কোনো নারী আমির হতে পারেন কি না, এমন প্রশ্নের জবাবে জামায়াতের আমির যা বলেন, 'এটা সম্ভব নয়। এটা সম্ভব নয় কারণ, আল্লাহ উভয়কে তাঁদের নিজস্ব সত্তায় সৃষ্টি করেছেন। কারণ, আপনি কখনো একজন সন্তান ধারণ করতে পারবেন না। আমরা কখনো শিশুকে স্তন্য পান করাতে পারব না। এটা সৃষ্টিকর্তার দান। নারী ও পুরুষের মধ্যে কিছু পার্থক্য আছে। আল্লাহ যেভাবে তৈরি করেছেন, আমরা সেটা পাল্টাতে পারি না।'

উপস্থাপক তাঁকে সম্পূরক প্রশ্ন করেন, 'সব নারী তো মা হতে না-ও চাইতে পারেন, আবার মা হলে কেনই-বা একজন নারী জামায়াতের আমির হতে পারবেন না?'

আমির বলেন, 'কিছু সীমাবদ্ধতা আছে। কিছু ক্ষেত্রে তাঁরা তাঁদের দায়িত্ব পালন করতে পারবেন না। তাঁদের সীমাবদ্ধতা থাকবে। আমরা এটা অস্বীকার করতে পারব না। একজন মা যখন শিশুর জন্ম দেবেন, তখন তিনি কীভাবে দায়িত্ব পালন করবেন? এটা সম্ভব? আল্লাহ সবকিছু সবচেয়ে ভালোভাবে জানেন।'

জামায়াত আমিরের বক্তব্য শুনে অনেক প্রশ্ন মাথাচাড়া দেয়। যখন জামায়াতের নেতারা একজন নারী প্রধানমন্ত্রীর নেতৃত্বের অধীনে মন্ত্রিত্ব করেছিলেন, সেটা কীভাবে বৈধ ছিল? দলটির গঠনতন্ত্রে আমির হওয়ার যোগ্যতার অনুচ্ছেদের প্রথম ধারায় কেন লিখে দেওয়া হয়নি, আমিরকে অবশ্যই পুরুষ হতে হবে? কেন এই শর্ত 'গুপ্ত' হিসেবে থেকে গেল? ক্ষমতায় গেলে মুখে বলছেন না কিংবা গঠনতন্ত্রে লেখা নেই, এমন আর কী কী করবেন তাঁরা?



কিছুদিন আগে তরুণদের এক সভায় জামায়াতের আমির বাইরে কাজ করা নারীদের প্রতি তীব্র বিদ্রূপাত্মক মন্তব্য করেছেন। সেই সভায় তিনি তরুণদের কাছে প্রথমে জানতে চান, সেখানে কতজন অবিবাহিত আছেন। এরপর তাঁদের বিয়ের ব্যাপারে পরামর্শ দেন। তিনি বলেন, 'এখন থেকে নিয়ত করো, ঘরে রানি তুলে আনবা, কামলা তুলে আনবা না। যাকে আনবা, তাকে রানির মর্যাদা দিবা, গোলাপের মর্যাদা দিবা।'

নারী প্রশ্নে জামায়াত এর আগে থেকেই সমালোচিত হচ্ছিল এই নির্বাচনে একজন নারী প্রার্থীকেও মনোনয়ন না দেওয়া নিয়ে। কেন অন্তত একজন নারীকেও মনোনয়ন দেওয়া হলো না, এমন প্রশ্নের জবাবে আল-জাজিরাকে জামায়াত আমির জানান, তাঁরা প্রস্তুতি নিচ্ছেন।

অথচ আমরা তাঁদের মুখেই প্রতিনিয়ত শুনি, তাঁদের দলের ৪০ শতাংশই নারী। জামায়াতের নারী শাখার সদস্যরা কয়েক দশক ধরেই বাড়ি বাড়ি দাওয়াতের কাজ করেন, এই অভিজ্ঞতা আছে এ দেশের প্রায় সবার। শুধু সেটা নয়, এই নির্বাচনেও জামায়াতের নারী কর্মীদের মানুষের বাড়ি বাড়ি গিয়ে নির্বাচনী প্রচারের কথা সবাই জানেন। এমনকি অনেকেই এটা মনে করেন, এই নির্বাচনে তাঁদের এমন কাজের ভালো ফল পাবে জামায়াত।

তাহলে প্রশ্ন আসতেই পারে, জামায়াত কেন মনে করছে, তাঁরা নির্বাচন করতে পারবেন না? এর পেছনের কারণ বোঝা যাবে জামায়াতের আমিরের সাম্প্রতিক নানা বক্তব্য থেকে।

জামায়াতে ইসলামী এবার আরেকটি 'চমক' দেখিয়েছে এই নির্বাচনে একজন সনাতন ধর্মের প্রার্থীকে মনোনয়ন দিয়ে, যিনি নিজেকে 'আল্লাহর দূত' হিসেবে প্রেরিত হয়েছেন বলে বলছেন। অথচ জামায়াতের গঠনতন্ত্র অনুযায়ী, ইসলাম ছাড়া অন্য কোনো ধর্মের অনুসারীদের জামায়াতের সদস্য (রুকন) হওয়ার কোনো সম্ভাবনা নেই। একজন অমুসলিম মানুষ হতে পারেন সহযোগী সদস্য।

কিন্তু আমরা জেনে রাখব, জামায়াতের সাংগঠনিক কর্মকাণ্ডে ভূমিকা একচ্ছত্রভাবে রুকনদের; সহযোগী সদস্যরা মূলত আমাদের ছোটবেলার খেলায় 'দুধভাত'-এর মতো। বলা বাহুল্য, একজন অমুসলিম যখন জামায়াতের সাংগঠনিক কাঠামোয় 'দুধভাত', তাঁর পক্ষে জামায়াতের আমির হওয়ার কথা তোলা স্রেফ অবাস্তব। এমন কোনো অবস্থান কি বাংলাদেশের সাংবিধানিক চৌহদ্দি মেনে ক্রিয়াশীল কোনো রাজনৈতিক দল নিতে পারে?

নারীদের প্রতি নেতিবাচক মানসিকতার প্রমাণ জামায়াতের আমির তাঁর সাম্প্রতিক অনেক বক্তব্যেই রেখেছেন। নারীর কাজের ক্ষেত্রে কর্মঘণ্টা ৫ ঘণ্টা করার ঘোষণা দেওয়া এবং এ প্রসঙ্গে তাঁর বক্তব্য কার্যত নারীকে ঘরে বেঁধে রাখার মানসিকতা প্রমাণ করে। এ প্রসঙ্গে তিনি এক সভায় বলেন, '৫ ঘণ্টার পারিশ্রমিক মালিকপক্ষ পরিশোধ করবেন এবং ৩ ঘণ্টার পারিশ্রমিক সরকার পরিশোধ করবে। যাঁরা ঘরের কাজ করবেন, তাঁদের রত্নগর্ভা মা হিসেবে সম্মানিত করা হবে। নারীরা আট ঘণ্টা কাজ করতে চাইলে তাঁদের সম্মানিত করা হবে।'

কিছুদিন আগে তরুণদের এক এরপর ৪১ পৃষ্ঠায়


SECI Secure, Fast, Reliable.
Sonali Exchange Co. Inc.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে
Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1090789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | |
|---|---|---|---|
| CORPORATE 212-808-0790 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 |
| BRONX 718-822-1081 | JAMAICA 347-644-5150 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 |
| PATERSON 973-595-7590 | | | |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন


Mybestfly
الكويتية
KUWAIT
AIRWAYS
SUMMER SALE - 2026
New York - Dhaka - New York
Starting From
$590+
One-Way
$1190+
Round Trip
KUWAIT
Scan Me
mybestfly.com
718 406 9745
Sister Concern Company of
Global Tours & Travel
World Tours & Travel
37-12 75th St, 2nd floor Suite # 206. Jackson Heights, NY-11372, USA



এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES
Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)
Michael Taub, Esq.
Moin Choudhury, Esq.
এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
• গাড়ী এক্সিডেন্ট
• কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
• বিল্ডিং এ দুর্ঘটনা
• স্লিপ এন্ড ফল
• ট্রিপ এন্ড ফল
• হাসপাতালে ভুল চিকিৎসা
• বিকলাঙ্গ শিশুর জন্ম
• লেড পয়জনিং
• কাজের জায়গায় দুর্ঘটনা
IMMIGRATION
(Consultation fee applies)
ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি
Attorney Michigan Only.
Attorney Michigan Only.
Attorney New Jersey Only
Attorney, Buffalo New York Only
Attorney Connecticut Only
Attorney Pennsylvania Only
WWW.MOINLAW.COM
Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# অঙ্গীকারের মেঘ ঝরুক প্রাপ্তির বৃষ্টি হয়ে

> কথায় বলে, প্রতিশ্রুতি, বিশ্বাস ও হৃদয়-এই তিনটি কখনো ভাঙতে নেই। দেশের অর্থনৈতিক অবস্থা অর্থ উপদেষ্টার ভাষায় 'স্থিতিশীল' হলেও তা নিয়ে উদ্বেগ কাটেনি। বিগত সরকারের দুর্নীতির ম্যানহোলগুলো 'উন্নয়নের চাদর' দিয়ে ঢাকা ছিল। বর্তমানে দেশে ৪০০ পোশাক কারখানাসহ বহু কলকারখানা, ব্যবসা-বাণিজ্য বন্ধ। সুতরাং কর্মসংস্থান পরিস্থিতি নিতান্ত খারাপ। খেলাপি ঋণ সর্বকালের সর্বোচ্চ, দেশি-বিদেশি বিনিয়োগ স্থবির, জিডিপির প্রবৃদ্ধি মাত্র ৩ শতাংশ, এডিপি বাস্তবায়ন সর্বনিম্ন, মূল্যস্ফীতি উচ্চ, রপ্তানি ঋণাত্মক। একমাত্র রেমিট্যান্স স্বাভাবিক। উদ্যোক্তারা প্রায় সবাই হাত গুটিয়ে বসে আছেন। তবে একটি গ্রহণযোগ্য নির্বাচনই পারে এই দমবন্ধ অবস্থা থেকে দেশের ১৮ কোটি মানুষকে মুক্তি দিতে। শেষ করি কবিগুরুর কথা দিয়ে: বরিষ ধরা-মাঝে শান্তির বারি/ শুষ্ক হৃদয় লয়ে আছে দাঁড়াইয়ে/ ঊর্ধ্বমুখে নরনারী

## আবদুল্লাহ জোয়ারদার



৫ আগস্টের পর আমরা অনেক আশায় বুক বেঁধেছিলাম। ফ্যাসিবাদ বিদায় হয়েছে, দেশ মুক্ত পরিবেশে অথবা কার্যকর গণতন্ত্রের সন্ধানে আবার সামনে যাত্রা শুরু করবে। তিন দিন সরকার ছাড়া দেশ চলার পর ড. মুহাম্মদ ইউনূসকে অন্তর্বর্তী সরকারপ্রধান করে গঠিত হলো উপদেষ্টা পরিষদ। প্রথমে অল্প কয়েকজন সদস্য নিয়ে শুরু হলো সরকারের যাত্রা। উপদেষ্টাদের অনেকের রাজনীতি বা সরকারি প্রশাসনের অভিজ্ঞতা ছিল না। আওয়ামী লীগের পতনের পরের চরম অস্থিতিশীল পরিবেশে ইউনূস সরকার শুরুর দিকে হিমশিম খেয়েছে। ভেঙে পড়া পুলিশ বাহিনীকেই কাজে ফেরাতে দীর্ঘ সময় লেগে যায়। নিজেদের সীমাবদ্ধতা কিংবা ব্যর্থতার কথা প্রকারান্তরে উপদেষ্টাদের কেউ কেউ স্বীকার করেছেন। বলেছেন নিজেদের অভিজ্ঞতার অভাব এবং সমস্যার বিশাল মাত্রার কথা। মেয়াদের শেষে বিভিন্ন মহল থেকে সাফল্য-ব্যর্থতার হিসাব কষতে গিয়ে দেখা গেছে, অন্তর্বর্তী সরকারের কাছে প্রত্যাশা আর প্রাপ্তির ফারাকটাও বেশ বড়। তবে অর্থনীতিকে খাদের কিনারা থেকে ফিরিয়ে আনার কৃতিত্বটা তাদের অবশ্যই দেওয়া হয়েছে।

শেখ হাসিনা ক্ষমতার শেষ কয়েক বছর তাঁর নেতা-কর্মীদের প্রায়ই বলতেন, ক্ষমতা হারালে একজনেরও পিঠের ছাল থাকবে না। একপর্যায়ে ওবায়দুল কাদের বললেন, ক্ষমতা হারালে ৩ লাখ মানুষ মারা যাবে। একদিন শেখ হাসিনা বলে দিলেন, ৫ লাখ মানুষ মারা যাবে ক্ষমতা হারালে। অর্থাৎ 'ক্ষমতা হারানোর মতো' কাজ করা যাবে না। কিন্তু নানা কারণে দৃশ্যত দেশের ইতিহাসের সবচেয়ে দুর্বল সরকার হয়েও আল্লাহর রহমত, দায়িত্বশীল নেতা-নেত্রীর প্রচেষ্টা আর দেশপ্রেমিক সেনাবাহিনীর কঠোর অবস্থানের কারণে চরম নৈরাজ্য বা বড় ধরনের রক্তপাত এড়ানো গেছে।

শেখ হাসিনার বিরুদ্ধে আন্দোলন চলছিল সাড়ে ১৫ বছর ধরে। তাঁকে ক্ষমতা থেকে সরানো অসম্ভব মনে হচ্ছিল। কিন্তু ছাত্রদের কোটা আন্দোলন অবিশ্বাস্যভাবে তাঁর পতন ডেকে আনল। চরম স্বৈরশাসন থেকে মুক্তি পায় দেশবাসী। কিন্তু এরপর এমন কিছু ঘটনা ঘটেছে, যা জুলাইয়ের অর্জনে কিছুটা হলেও কালিমা মেখে দেয়। মবতন্ত্র, পীর-ফকিরের মাজারে হামলা, নারী ও বাউলদের নির্যাতন, মুক্তিযুদ্ধের বিভিন্ন ভাস্কর্য ও স্থাপনায় ভাঙচুর বা বিকৃত করা এগুলোর মধ্যে উল্লেখযোগ্য।




গোয়ালন্দে নুরাল পাগলার লাশ কবর থেকে তুলে পুড়িয়ে ফেলা হলো। মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়েও বিতর্কিত কথা শোনা যেতে লাগল অনেকের মুখে। এসবের সমালোচনা করলে আবার ঢালাওভাবে 'ফ্যাসিস্টের সহযোগী' তকমাও দেওয়া হচ্ছিল। প্রবাসী কিছু মানুষ শুরু করলেন নতুন নতুন বয়ান প্রচার। দেশবাসী হতে থাকল বিভ্রান্ত। শুরু হলো নতুন ধরনের উৎপাত। সরকারের ওপর ক্ষুদ্র একটি উগ্র অংশের বেশ প্রভাব দেখা গেছে একপর্যায়ে। অতীতের মব ও অন্যান্য অরাজকতার প্রতিকার না দেখে কেউ কেউ উৎসাহ পেয়ে গেল। দেশের শীর্ষস্থানীয় পত্রিকা প্রথম আলো এবং ডেইলি স্টার ভবনে হামলা হলো। হামলা করা হয় ছায়ানট ও উদীচী কার্যালয়ে।

দায়িত্ব নেওয়ার কিছুদিন পর থেকে দ্বিধাগ্রস্ত সরকারের কাছে পেশ করা হয় একের পর এক দাবিনামা। শুরু হয়েছিল অটোপাস দিয়ে। ছাত্রদের পড়াশোনা উঠল লাটে। এই দাবি আদায়ের আন্দোলন এখনো চলমান। দুই দিন পর জাতীয় নির্বাচন, দায়িত্বে একটি বিদায়ের পথে থাকা সরকার। অথচ নবম পে স্কেলের প্রতিবেদন দিতে না দিতেই তা বাস্তবায়নের আন্দোলন শুরু হয়ে গেছে। বলা হয়েছে, সরকারি চাকুরেদের বেতন দ্বিগুণ থেকে আড়াই গুণ বাড়বে। সরকারের সক্ষমতা এবং মূল্যস্ফীতির ওপর সম্ভাব্য প্রভাব বিবেচনায় এখন তা কতটা বাস্তবসম্মত? ১০-১২ লাখের বেতন দ্বিগুণ হলে বেসরকারি খাতের অসংখ্য কর্মীর কী হবে? সবাইকে তো একই দামে চাল, তেল, মাছ-মাংস কিনতে হবে!

৫ আগস্টের পর সারা দেশে অনেক মানুষকে ঢালাও ফ্যাসিবাদের দোসর আখ্যা দিয়ে অপমান করা হয়েছে। সমন্বয়ক পরিচয় দেওয়া অনেকের দ্বারা মিথ্যা মামলা দেওয়া, চাঁদা দাবি করা, পুলিশে ধরিয়ে দেওয়ার মতো ঘটনা ঘটেছে। গুলশানে সাবেক এক এমপির বাসায় টাকা চাইতে গিয়ে পুলিশে আটক হওয়ার ঘটনা তো দেশজুড়ে আলোড়ন তোলে।

জুলাইয়ের নতুন বন্দোবস্তের অঙ্গীকার অনেক আশা জাগিয়েছিল। কিন্তু পত্রিকা অফিসে হামলা সাংবাদিকদের শঙ্কিত করেছে। আগের তুলনায় পরিস্থিতি ভালো হলেও সেলফ সেন্সরশিপ চর্চা করছেন অনেকে। যদিও তা কিছুটা অভ্যাসবশত আর কিছুটা অনিশ্চয়তা থেকে। ছাত্রলীগের নেতা সাদ্দাম স্ত্রী-সন্তানের মৃত্যুর পরও প্যারোলে মুক্তি পাননি। স্ত্রী ও শিশুসন্তানের লাশ এসেছে জেলগেটে জীবিত বাবার সঙ্গে দেখা করতে! তার জের না কাটতেই এমন আরেক ঘটনায় তৈরবের ফুল মিয়ার লাশ জেলগেটে এসেছে ছেলে মিলন মিয়াকে দেখতে! সাংবাদিক আনিস আলমগীর হঠাৎ আটক হয়ে এখনো জেলে। এই প্রশ্নেরও জবাব খুঁজছেন অনেকে। এমন পরিস্থিতির জন্য তো ১ হাজার ৪০০ মানুষ প্রাণ দেয়নি।

নির্বাচন কমিশন গঠন করার পর এরপর ৪১ পৃষ্ঠায়

# ইরানের লড়াই কি আরব বিশ্বেরও অস্তিত্বের লড়াই

## ডেভিড হার্স্ট

সুইজারল্যান্ডের দাভোসে তথাকথিত 'বোর্ড অব পিস' বা শান্তি পর্ষদের নথি সই করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এই ঘটনার এক সপ্তাহও পার হয়নি। এরই মধ্যে মধ্যপ্রাচ্য আরেকটি ভয়াবহ যুদ্ধের দ্বারপ্রান্তে এসে দাঁড়িয়েছে। তৃতীয় উপসাগরীয় যুদ্ধের আশঙ্কা এখন আর কোনো অলীক কল্পনা নয়, বরং তা এখন নির্মম বাস্তব। এই টানটান উত্তেজনায় পুরো অঞ্চল যেন এখন একটা ধারালো ছুরির ওপর দাঁড়িয়ে আছে।

এই অনুভূতি আমাদের খুব পরিচিত। ইউএসএস আব্রাহাম লিংকন নামের বিশাল বিমানবাহী রণতরী ও তার সহযোগী বহর (স্ট্রাইক গ্রুপ) ইরানের নাগালের মধ্যে এসে পৌঁছেছে। একই সঙ্গে এফ-১৫ই স্ট্রাইক ঈগল যুদ্ধবিমান ও বি-৫২ বোমারু বিমান পাঠানো হয়েছে জর্ডান এবং কাতারে। ইসরায়েলের চ্যানেল-১৩ খবর দিয়েছে, মার্কিন সেনাবাহিনী তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাকে আরও শক্তিশালী করার প্রস্তুতি নিচ্ছে। এর অংশ হিসেবে আগামী কয়েক দিনের মধ্যেই একটি উচ্চ আকাশসীমায় ক্ষেপণাস্ত্র বিধ্বংসী ব্যবস্থা (থাড) মধ্যপ্রাচ্যে এসে পৌঁছানোর কথা।

ইসরায়েলি গণমাধ্যমগুলো বসে নেই। তারা নিজেদের কাজ জোরেশোরে চালিয়ে যাচ্ছে। সংবাদমাধ্যম ইসরায়েল হায়োম এক প্রতিবেদনে জানিয়েছে, জর্ডান, সংযুক্ত আরব আমিরাত এবং যুক্তরাজ্য ইরানে সম্ভাব্য হামলার ক্ষেত্রে মার্কিন বাহিনীকে সব ধরনের সহায়তা দেবে। তারা রসদ সরবরাহ করবে এবং গোয়েন্দা তথ্য দিয়ে সাহায্য করবে।

এই খবরের জেরে সংযুক্ত আরব আমিরাত বিবৃতি দিয়েছে, ইরানের বিরুদ্ধে কোনো সামরিক হামলা চালানোর জন্য তাদের আকাশপথ, ভূখণ্ড বা পানিসীমা ব্যবহার করতে দেওয়া হবে না। তারা আরও বলেছে, ইরানের বিরুদ্ধে কোনো সামরিক পদক্ষেপে তারা কোনো ধরনের সহায়তা বা লজিস্টিক সমর্থনও দেবে না।

তবে ইরান এই আশ্বাসে কান দিচ্ছে না। তেহরানের উচ্চপদস্থ কর্মকর্তারা এরই মধ্যে আমিরাতকে হুঁশিয়ার করে বলেছেন, আমিরাত ইতোমধ্যেই অনেক দূর এগিয়ে গেছে। তাঁদের মতে, আরেকটি হামলার ঘটনা ঘটলে ইরান তাদের জবাব শুধু ইসরায়েল বা মার্কিন ঘাঁটির মধ্যে সীমাবদ্ধ রাখবে না। প্রতিশোধের আগুন ছড়িয়ে পড়বে আরও দূরে।

গত বছর এক জ্যেষ্ঠ ইরানি কর্মকর্তা আমাকে বলেছিলেন, ইসরায়েল ইরানের বিরুদ্ধে নোংরা যুদ্ধ চালাচ্ছে এবং তাতে আজারবাইজান ও ইউএইকে ব্যবহার করছে। ওই আমাকে কর্মকর্তা বলেছিলেন, 'আমরা নিশ্চিত যে এই যুদ্ধের আরেকটি পর্যায় আসছে। তবে এবার ইরান অপ্রস্তুত থাকবে না বা কেবল আত্মরক্ষার চেষ্টা করবে না। এবার ইরান পাল্টা আক্রমণ চালাবে।' তিনি আরও বলেছিলেন, 'আমিরাতকে এর জন্য বড় মূল্য দিতে হবে। পরের বার যখন আমরা আক্রান্ত হব, তখন সেই যুদ্ধের আঁচ পুরো উপসাগরীয় এলাকা এবং আশপাশের অঞ্চলে ছড়িয়ে পড়বে।'

খামেনিকে লক্ষ্যবস্তু করার হুক

গত বছরের জুন মাসে ইসরায়েল ও যুক্তরাষ্ট্র মিলে ইরানে হামলা চালিয়েছিল। সেই ১২ দিনের সেই যুদ্ধে তেহরানকে এক রকম বিভ্রান্ত করা হয়েছিল। তাদের বলা হয়েছিল, ওমানে হতে যাওয়া আলোচনার আগে ইসরায়েল কোনো হামলা করবে না।



সেই সময়ে হোয়াইট হাউস দাবি করেছিল, তাদের হামলার উদ্দেশ্য ইরানে সরকার পরিবর্তন করা নয়। তবে ওই হামলায় ইরানের শীর্ষ সামরিক কমান্ডার ও পরমাণু বিজ্ঞানীরা লক্ষ্যবস্তু হয়েছিলেন। এ ছাড়া ইরানের ইউরেনিয়াম সমৃদ্ধ করার সেন্ট্রিফিউজগুলো মাটির গভীরে যেসব বাঙ্কারে রাখা ছিল, সেগুলোতেও হামলা চালানো হয়েছিল।

কিন্তু ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু চেয়েছিলেন ইরানে সরকার পরিবর্তন হোক। তিনি বলেছিলেন, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনিকে হত্যা করলে সংঘাত বাড়বে না, বরং সংঘাতের ইতি ঘটবে। তবে হোয়াইট হাউস তখন সেই মতের সঙ্গে একমত ছিল না। এক্সিওস নামে সংবাদমাধ্যম জানিয়েছিল, খামেনিকে হত্যা করার ব্যাপারে নেতানিয়াহুর যতটা আগ্রহ ছিল, ট্রাম্পের ততটা ছিল না। এক মার্কিন কর্মকর্তা তখন বলেছিলেন, 'আপনার পরিচিত আয়াতুল্লাহ ভালো, নাকি অপরিচিত আয়াতুল্লাহ ভালো-এটা ভেবে দেখা দরকার।'

কিন্তু এবার সেই দ্বিধা বা সংকোচ আর নেই। এবার খামেনিই হবেন আক্রমণের প্রধান লক্ষ্যবস্তু।

ইরানে সম্প্রতি চলা বিক্ষোভ দমনের ঘটনায় হাজারো মানুষ নিহত হয়েছে। ঠিক কত মানুষ মারা গেছে, তা নিয়ে বিতর্ক আছে। ইরান সরকার গত সপ্তাহে দাবি করেছে, নিহতের সংখ্যা ৩ হাজারের কিছু বেশি। অন্যদিকে ওয়াল স্ট্রিট জার্নাল মানবাধিকার সংস্থাগুলোর উদ্ধৃতি দিয়ে বলেছে, নিহতের সংখ্যা প্রায় ১০ হাজারের কাছাকাছি।

ইরানি রিয়ালের মানপতন ও অর্থনৈতিক সংকটের অসন্তোষ থেকে ২০২৫ সালের ২৮ ডিসেম্বর তেহরানের গ্র্যান্ড বাজারের ব্যবসায়ীরা দোকানপাট বন্ধ করে রাস্তায় নামেন। প্রথমে ব্যবসায়ীদের ধর্মঘট থ াকলেও ধীরে ধীরে এই বিক্ষোভে নানান শ্রেণি-পেশার ইরানিরা যোগ দেন।

কয়েক বছর আগে মাহসা আমিনির মৃত্যুর পরেও এমন পরিস্থিতি তৈরি হয়েছিল। ২২ বছর বয়সী কুর্দি তরুণী মাহসা আমিনিকে ইরানের নৈতিকতা পুলিশ পোশাকবিধি না মানার অভিযোগে আটক করেছিল। পরে পুলিশি হেফাজতে তাঁর মৃত্যু হয়।

ইরানের মধ্যবিত্ত এবং শ্রমজীবী এরপর ২৮ পৃষ্ঠায়



> যদি তরুণদের কথা শোনা হয় কিন্তু নীতিতে তার প্রতিফলন না ঘটে, তাহলে হতাশা আরও গভীর হবে। কিন্তু যদি এই ধরনের আলোচনা থেকে শিক্ষা সংস্কার, কর্মসংস্থান নীতি, নগর ব্যবস্থাপনা ও ডিজিটাল নিরাপত্তার মতো বিষয়ে বাস্তব পদক্ষেপ নেওয়া হয় তাহলে এই আড্ডা ইতিহাসে একটি মোড় ঘোরানো মুহূর্ত হিসেবেই স্মরণীয় হবে। শেষ কথা : "চায়ের আড্ডা" আমাদের মনে করিয়ে দেয় রাজনীতি কেবল ক্ষমতা দখলের প্রক্রিয়া নয়; এটি মানুষের জীবনের সঙ্গে যুক্ত একটি সামাজিক চুক্তি। তরুণরা সেই চুক্তি নতুন করে লিখতে চায়। আর শর্ত একটাই: সম্মান, অংশগ্রহণ এবং ভবিষ্যৎ গড়ার সুযোগ। এই আড্ডা যদি সত্যিই সেই পথের সূচনা হয়, তবে বাংলাদেশ শুধু তরুণদের কথা শুনবে না, তরুণদের হাত ধরেই এগিয়ে যাবে

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট


জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট


কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট


মাহির
ট্রাভেল কনসালটেন্ট


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট


নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন কী বার্তা দিতে পারে

ড. মাহবুব উল্লাহ্

এ লেখাটি যেদিন প্রকাশিত হবে, সে দিনটি হলো ১৩ ফেব্রুয়ারি শুক্রবার। এ দিনটিতেই বাংলাদেশে বহুপ্রতীক্ষিত জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। স্বাভাবিকভাবেই মানুষের মনে কৌতূহল সৃষ্টি হয়েছে-নির্বাচনটি কেমন হবে? শান্তিপূর্ণ ও সুষ্ঠু হবে কিনা। নির্বাচনি প্রচারণা শুরু হওয়ার পর এ নির্বাচনে প্রধান দুই প্রতিদ্বন্দ্বী, বিএনপি ও জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের মধ্যে কিছু কিছু জায়গায় সংঘর্ষ হয়েছে। এসব সংঘর্ষ খুব ভয়ংকর ও ভীতিপ্রদ ছিল-এমনটি বলা যাবে না। তবে দুঃখজনকভাবে স্মরণ করতে হয়, নির্বাচনি প্রচারণার সংঘর্ষে শেরপুরে জামায়াতে ইসলামীর উপজেলা পর্যায়ের নেতা মাওলানা রেজাউল করিম গুরুতরভাবে আহত হয়ে শেষ পর্যন্ত মৃত্যুবরণ করেন। শেরপুরের সংঘর্ষে বিএনপির নেতাকর্মীরাও আহত হন। দেশের অন্যত্র যেসব সংঘর্ষ হয়েছে, সেসব সংঘর্ষে বিএনপি ও জামায়াতের নেতাকর্মীরা আহত হয়েছেন। তবে সংখ্যার দিক থেকে খুব বেশি নয়। আমাদের দেশে নির্বাচনি প্রচারণায় উত্তেজনা সৃষ্টি হওয়া খুবই স্বাভাবিক ব্যাপার। কারণ প্রতিদ্বন্দ্বী মতাদর্শের রাজনৈতিক দলগুলো যখন নির্বাচনি প্রচারণায় মেতে ওঠে, তখন সহনশীলতার অভাবে সংঘাত-সংঘর্ষ সৃষ্টি হওয়া অস্বাভাবিক কিছু নয়। সে তুলনায় এবারের নির্বাচনি প্রচারণায় সংঘাত-সংঘর্ষের ঘটনা খুব ব্যাপক নয়। নির্বাচনের আগের দু-তিন দিনে সংঘাত-সংঘর্ষ ঘটেনি বললেই চলে। এ পরিপ্রেক্ষিতে আমরা আশা করি, ১২ ফেব্রুয়ারি দিনটি নির্ঝঞ্ঝাটভাবে পার হয়ে যাবে। আমরা একটি শান্তিপূর্ণ নির্বাচন পাব বলে আশা করতে পারি।

গত ক'মাস ধরে অনেকেই প্রশ্ন করেছেন-নির্বাচনটি আদৌ অনুষ্ঠিত হবে কিনা। যারা এরূপ সন্দেহ পোষণ করেছেন, তাদের মধ্যে কেউ কেউ ইলেকট্রনিক মিডিয়ার টকশোতে বলার চেষ্টা করেছেন, কেন নির্ধারিত সময়ে নির্বাচন না হওয়ার শঙ্কা রয়েছে। একটি গোষ্ঠী সোশ্যাল মিডিয়ায় সুনির্দিষ্টভাবে বলার চেষ্টা করেছেন, কেন প্রফেসর মুহাম্মদ ইউনূসের ৫-৬ বছর ক্ষমতায় থাকা উচিত। এদের যুক্তি ছিল-ইউনূস সরকার কাঙ্ক্ষিত সংস্কারগুলো বাস্তবায়ন করে দেশকে একটা নির্দিষ্ট পর্যায়ে নেওয়ার পরই নির্বাচন অনুষ্ঠিত হতে পারে। প্রথমদিকে ইউনূস সরকার নির্বাচনের সুনির্দিষ্ট রোডম্যাপ দিতে ইতস্তত করায় নির্বাচন আদৌ হবে কিনা, তা নিয়ে সন্দেহ ঘনীভূত হয়ে ওঠে।

তবে লন্ডনে প্রফেসর মুহাম্মদ ইউনূস ও তারেক রহমানের মধ্যে বৈঠক হওয়ার পর উভয়পক্ষ সম্মত হয় যে, নির্বাচনটি ২০২৬-এর ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হবে। এ দুপক্ষের মধ্যে সহমত হওয়ার পর দেশ সুনির্দিষ্টভাবে নির্বাচনের দিকে এগিয়ে গেছে। এখন আমরা আশা করতে পারি, ১২ ফেব্রুয়ারি শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়ে যাবে। বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে প্রধান রাজনৈতিক দলগুলোর প্রধানদের নির্বাচনি ভাষণের পর নির্বাচন নিয়ে আর কোনো সংশয় ও সন্দেহের অবকাশ থাকছে না। শেষ পর্যন্ত এ নির্বাচনের ব্যাপারে ভারতের অবস্থান কী হবে, তা নিয়ে যথেষ্ট উদ্বেগ-উৎকণ্ঠা ছিল। বাংলাদেশের জনগণ সন্দেহ করছিল, ভারত বা তার গোয়েন্দা সংস্থা 'র' নির্বাচন ভণ্ডুল করার জন্য নাশকতা চালাতে পারে। এ উদ্বেগ আরও তীব্র আকার ধারণ করেছিল, যখন বিদেশে অবস্থানরত আওয়ামী নেতারা ইউনূস সরকারের বিরুদ্ধে গেরিলা যুদ্ধ শুরু করার হুমকি দিচ্ছিল। অন্যদিকে ভারত সরকার বাংলাদেশে একটি ইনক্লুসিভ নির্বাচনের কথা বলা অব্যাহত রেখেছে। আবার এ কথাও বলেছে যে, বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক স্বাভাবিক হতে পারে বাংলাদেশে একটি নির্বাচিত সরকার দায়িত্ব গ্রহণের পর। অন্যদিকে পাশ্চাত্যের কূটনৈতিক মহল থেকেও ইনক্লুসিভ নির্বাচনের কথা বলা হচ্ছিল। কিন্তু যতই দিন গেছে, ততই ইনক্লুসিভ নির্বাচনের দাবি নীরব হতে শুরু করেছে। পাশ্চাত্য ও চীনের রাষ্ট্রদূতরা যেভাবে নির্বাচনে অংশগ্রহণকারী প্রধান প্রধান রাজনৈতিক দলের নেতার সঙ্গে কথাবার্তা চালু রেখেছেন এবং দলগুলোর নির্বাচনি ম্যানুফেস্টো ঘোষণার অনুষ্ঠানে ব্যাপক উৎসাহের সঙ্গে যোগ দিয়েছেন, তা থেকে অনুমান করা যায়, এ মুহূর্তে যেভাবে নির্বাচনটি অনুষ্ঠিত হচ্ছে, সেভাবেই তারা এটিকে গ্রহণযোগ্য মনে করছে। এমনকি ভারত সরকারও বাংলাদেশের নির্বাচন নিয়ে সামগ্রিকভাবে বিশ্বের গুরুত্বপূর্ণ দেশগুলোর অবস্থান বিবেচনায় নিয়ে মনে করছে যে, এখন



যেভাবে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে তাতে তাদের কোনো সরব আপত্তি নেই। সব মিলিয়ে প্রতীয়মান হয়, ১২ ফেব্রুয়ারি নির্বাচনটি নির্বিবাদে শান্তিপূর্ণভাবে হয়ে যাবে।

নির্বাচন নিয়ে একটি বড় জিজ্ঞাসা হলো, ভোটারদের কত শতাংশ নির্বাচনে অংশগ্রহণ করবে। যত বেশি ভোটার নির্বাচনে অংশগ্রহণ করে, তার নিরিখেই বলা যায়, নির্বাচনটি সার্থক হয়েছে। আমাদের অভিজ্ঞতা এ ব্যাপারে শতভাগ সন্দেহমুক্ত নয়। বলা যায়, অতীতে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে যে কটি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, সেগুলোতে ভোটার টার্নআউটের পরিসংখ্যান অনেকটাই বিশ্বাসযোগ্য। ২০০৮-এর যে নির্বাচন ফখরুদ্দীন-মঈনুদ্দিন সরকারের অধীনে অনুষ্ঠিত হয়েছিল, সে নির্বাচনে ভোটার টার্নআউট ছিল স্মরণকালের মধ্যে বেশি। সংখ্যার হিসাবে এটা ছিল ৮৭ শতাংশ। এত ভোটার সে নির্বাচনে ভোট দিয়েছে-তা মোটেও বিশ্বাসযোগ্য নয়। আওয়ামী লীগের বিশাল বিজয় দেখাতে ভোটের বাক্সে নির্বাচন পরিচালনাকারীরা অনৈতিকভাবে ব্যালট পেপার পুরে দিয়েছিল। বেশকিছু কেন্দ্রে দেখা গেছে, ভোটারের সংখ্যার চেয়ে ব্যালট পেপারের

এরপর ৪০ পৃষ্ঠায়




> এ থেকে বোঝা যায়, অতীতের নির্বাচনগুলোয় জামায়াত যে হারে ভোট পেয়েছে, এবার তার হার অনেকটাই বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। তবে ভোট পাওয়ার হার জামায়াতকে নিরঙ্কুশ বিজয়ের পথে নিয়ে যাবে কিনা, তা বলা যায় না। জামায়াতের পক্ষ থেকে নির্বাচনের পর একটি জাতীয় সরকার গঠনের প্রস্তাব এসেছে। এ থেকে অনুমান করা যায়, জামায়াতের নিজস্ব ক্যালকুলেশনে তাদের নিরঙ্কুশ বিজয় নিশ্চিত নয়। রাষ্ট্রীয় ক্ষমতার অংশীদার হতে পারলে জামায়াত সে সুযোগে নিজস্ব সাংগঠনিক ভিত্তি সংহত ও প্রশস্ত করার সুযোগ পাবে। অতীতে তারা তাই করেছে। এবারের নির্বাচনের ফলাফল নির্ধারণে তরুণ ভোটার, নারী ভোটার ও সংখ্যালঘু ভোটার নির্ধারক ভূমিকা পালন করবে। যে দল ভোটারদের এ অংশগুলোকে সফলভাবে প্রভাবিত করতে পারবে, সে দলই হাসবে শেষ হাসিটি

# এ বিজয় রোধিবি কী দিয়া বালির বাঁধ?

ডা. মওদুদ হোসেন আলমগীর পাভেল

> যারা সিদ্ধান্ত গ্রহণের অনিশ্চয়তায় ছিলেন, তারাও বেশির ভাগ সিদ্ধান্ত নিয়েছেন, জরিপেও দলগুলোর তুলনামূলক অবস্থান মোটামুটি পরিষ্কার। আর ব্যবধানটা এত বেশি যে, এখানে তথাকথিত তুমুল প্রতিদ্বন্দ্বিতা বা হাড্ডাহাড্ডি লড়াই নিছক মিডিয়া প্রচার। বাস্তবতা হচ্ছে, বিএনপি এ নির্বাচনে যে জয়লাভ করবে, দেওয়াল লিখনে তা এখন স্পষ্ট। আর এ সংখ্যা নিরঙ্কুশ বিজয়ের ২০০ অতিক্রম করলেও অবাক হওয়ার কিছু নেই। জামায়াতের চেষ্টা থাকবে ব্যবধানটা সম্মানজনক রাখার। দিনশেষে সাধারণ জনতার প্রত্যাশা একটাই, নির্বাচনের ফলাফল উদারতার সঙ্গে মেনে নেওয়া আর যে কোনো মূল্যে নির্বাচনপরবর্তী সহিংসতা এড়িয়ে দলগুলোর প্রতিশ্রুতি অনুযায়ী নতুন বাংলাদেশ উপহার দেওয়ার প্রত্যয়ে স্থির থাকা

বহু প্রত্যাশিত জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ চলছে। এ নির্বাচন এমনি এমনি আসেনি, এটা অর্জন করতে অনেক প্রাণ, অনেক রক্ত আর ত্যাগের প্রয়োজন হয়েছে। অনেক পরিবার নিঃস্ব-সর্বস্বান্ত হয়েছে। অনেক তরুণের স্বপ্ন ধূলিসাৎ হয়েছে।



এ নির্বাচন নিছক একটা সংসদ আর সরকার গঠনের নির্বাচন নয়, এ নির্বাচন নতুন করে দেশ গড়া আর দেশের গতিপথ নির্ধারণের নির্বাচন। তার সঙ্গে মানুষের মনে আশা আর বিশ্বাস জন্মানোর নির্বাচন। আরও বড় করে বললে, দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষা আর লক্ষ্য নির্ধারণের নির্বাচন।

জুলাই অভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশে তরুণ-প্রবীণ-নারী-পুরুষ নির্বিশেষে জনগণের প্রত্যাশা ছিল এমন একটা নির্বাচন, যেখানে প্রতিদ্বন্দ্বিতা থাকবে, ষড়যন্ত্র থাকবে না। বিতর্ক থাকবে, কিন্তু আক্রমণ থাকবে না। যুক্তি থাকবে, কিন্তু অশ্লীলতা থাকবে না। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা থাকবে-নিছক অবাস্তব স্বপ্ন থাকবে না। কিন্তু বাস্তবে কী হলো? নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা থাকবে, সেটাই স্বাভাবিক। বিশেষ করে কর্মকাণ্ড নিষিদ্ধ আওয়ামী লীগের অংশগ্রহণের সুযোগ না থাকায় আর তাদের হরিহর আত্মা জাতীয় পার্টির ম্রিয়মাণ অবস্থায় এই প্রথমবার জামায়াতে ইসলামীকে মাঠে সরব দেখা যাচ্ছে। অবশ্য এ মুহূর্তে দেশের বৃহত্তম রাজনৈতিক দল হিসাবে বিএনপি সদর্পে মাঠে থাকবে, সেটাই স্বাভাবিক। দেখা যাক আমাদের আশা পূরণ হলো কতটা? বাংলাদেশের রাজনীতিতে জামায়াত কখনোই প্রথম সারির খেলোয়াড় ছিল না। বেশির ভাগ সময় বিএনপি আর কখনো আওয়ামী সান্নিধ্য ছাড়া রাজনীতির মাঠে একক দল হিসাবে তাদের অর্জন তেমন উল্লেখযোগ্য ছিল না। তবে পরিস্থিতি পালটেছে, রাজনীতি আর ভোটের মাঠে তাদের উপস্থিতি উল্লেখযোগ্য। ইনসাফ প্রতিষ্ঠা ও দুর্নীতির বিরুদ্ধে অবস্থান আর ইসলাম প্রতিষ্ঠার অঙ্গীকার ছিল তাদের প্রচারের অগ্রাধিকার আর তাদের দলনেতা আমিরে জামায়াত এ বার্তা নিয়ে যাত্রা শুরু করেছেন। কিন্তু প্রচারণার অনেক আগে থেকেই অনলাইনে তাদের বিচরণকে সাধারণ মানুষ খুব সহজে নিয়েছে, এমন নয়। তাদের পক্ষে এবং যে কোনো ভিন্নমতের বিরুদ্ধে তাদের অনলাইন আক্রমণ বেশির ভাগ সময়ই শালীনতার গণ্ডিতে থাকেনি, বিশেষ করে কথিত বট-বাহিনী নারীদের বিরুদ্ধে যে সর্বাত্মক জিহাদ পরিচালনা করেছে, সেটাকে সাধারণ ভোটাররা মোটেই সুস্থতার লক্ষণ বলে মেনে নেননি-অথচ অনলাইনে এই 'বট' বাহিনীর কদর্য উপস্থিতিকে জামায়াত তাদের মূল অনলাইন শক্তি বলে এক ভ্রান্ত জগতে ছিল।



ধর্মপ্রাণ মুসলমানদের মনোজগৎ আকর্ষণ করতে তারা ইসলাম ধর্মকে নিজেদের সুবিধামতো 'কাস্টমাইজ' করে নির্বাচনি প্রচার চালিয়েছেন। জামায়াতে ভোট দিয়ে জান্নাতের টিকিটপ্রাপ্তি, ভোটারদের আইডি কার্ড ও বিকাশ-নগদ-রকেট নম্বর সংগ্রহ, রোজা আর পূজা এক, পূজামণ্ডপের সামনে মাওলানাদের দাঁড়িয়ে গীতার শ্লোক পাঠ-দাঁড়িপাল্লায় ভোট না দিলে ঈমান থাকবে না-আর এই কাজে তাদের নারীকর্মীরা যেভাবে তাদের অভিভাবকদের নির্দেশনা শিরোধার্য করেছেন, সেটা একটা দেখার মতো দৃশ্য ছিল। আবার তার বিপরীতে আলজাজিরায় সাক্ষাৎকারে আমিরে জামায়াত শফিকুর রহমান দৃঢ়কণ্ঠে ঘোষণা দিলেন, তারা একজন নারীকেও মনোনয়ন দেননি এবং তাদের দলীয়প্রধান হিসাবে নারীর দায়িত্ব পালনের কোনো সুযোগই নেই। তারা আবার তাদের নির্বাচনি ইশতেহারে নারীদের জন্য মন্ত্রিসভায় অংশগ্রহণের অঙ্গীকার করছেন। নারীদের জন্য ৫ ঘণ্টার কর্মসময় নির্ধারণ করেই ক্ষান্ত হননি, সেটা প্রতিষ্ঠা করার পক্ষে প্রচারণাও চালিয়ে যাচ্ছেন। বাস্তবতা বা ব্যাখ্যার বিষয় উহ্য রেখে দুই বিলিয়ন অর্থনীতির কথা বলেছেন। মাঝে মাঝেই মেজাজ হারিয়ে বিএনপির শীর্ষ নেতৃত্বকে হুমকি দিয়ে এমনও বলেছেন, 'রাখ তোর ফ্যামিলি কার্ড'। আর সবশেষে তার নির্বাচনি এলাকায় এক ব্যারিস্টারের ভোটারকে নগদ টাকা দেওয়ার ভাইরাল দৃশ্যে মনে হয় এতদিন ধরে গড়ে তোলা তাদের 'বট' সাম্রাজ্যের আধিপত্যকে বুমেরাংয়ের আক্রমণের মুখোমুখি করেছে।

এটা অনস্বীকার্য, জামায়াত এবারের নির্বাচনে সর্বকালের শ্রেষ্ঠ ফলাফল করবে, তবে সেটা তাদের নিজের যোগ্যতার জন্য যতটা না, তার চেয়েও বেশি আওয়ামী লীগ আর জাতীয় পার্টির পরিণতির জন্য। অন্যদিকে বিএনপির প্রচারণা শুরু হয়েছে বেশ দেরিতে। প্রথমত, তাদের মনোনয়ন ঘোষিত হয়েছে জামায়াতের অনেক পরে, সেটাও প্রায় দুই দফায় এবং তাদের দলের চেয়ারম্যানের বিদেশে অবস্থানকালে। কিন্তু পুরো পরিস্থিতি পালটে গেছে ২৫ ডিসেম্বর তারেক রহমানের দেশে ফেরার দিন থেকে। প্রায় কোটি লোকের জনারণ্যে যে অভিষেক তারেক রহমানের হয়েছে, সেদিনই বিএনপি তাদের প্রচারণার ৭৫ শতাংশ সুবিধা পেয়ে গেছে-তারপর শহীদ জিয়ার মাজার, শহীদ হাদির মাজার জিয়ারত, জাতীয় স্মৃতিসৌধে তার শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানের জনসমাগমের মাত্রা আরও বিস্তৃত করেছে। এর সঙ্গে বেগম খালেদা জিয়ার ইন্তেকাল-পরবর্তী জানাজায় স্মরণকালের, এমনকি ইতিহাসের বৃহত্তম জানাজার নজির সাধারণ ভোটারদের বিএনপির প্রতি জনগণের ভালোবাসাকে গভীরতর করেছে। জানাজায় তারেক রহমানের পরিমিত বক্তব্য সবার অন্তর ছুঁয়েছে।

তাকে একবার দেখার জন্য গ্রামাঞ্চল থেকে শুরু করে চট্টগ্রাম, ফেনী, কুমিল্লা, নারায়ণগঞ্জ, কিশোরগঞ্জ, নরসিংদী, ময়মনসিংহ, গাজীপুর, রাজশাহী, নওগাঁ, বগুড়া, রংপুর, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, বরিশাল, ফরিদপুর, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী থেকে লোক এসেছেন। ঢাকার জনসভায় তার দেশ গড়ার

এরপর ৪০ পৃষ্ঠায়

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other
programs

MLS

ISLAND ADVANTAGE REALTY
360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788, 631.351.6000

# House & Co-Ops For Sale

| | | |
|---|---|---|
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (2 Family) | 4 Beds over 3 Bedrooms+Semi Basement | $995,000 |
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 (4 Family) | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 8 Patricia Court Bethpage NY11714 | 5 Bedrooms, 5 bathrooms | $1,099,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 114-88 177th Place, Jamaica, NY (2 Family) | 5 Beds, 4 Bathrooms+Basement | $749,000 |
| 787 Stewart Avenue, Bathpage, NY (Long Island) | Single Family | $649,000 |
| 111-32 116th St, Jamaica, NY 11420 | 3 Bedrooms, 2 bathrooms | $799,000 |
| 1067 Mirabelle Ave, Westbury, NY 11590 | 4 Bedrooms, 2 bathrooms | $770,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Whitestone, NY 11357 | 2 Bedrooms, 2 bathrooms (CO-OP) | $675,000 |
| 3201 Grand Concourse #4M, Bronx, NY 10468 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $175,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | 2 Bedrooms, 1 bathroom (CO-OP) | $319,000 |
| 715 Fox Street #5J, Bronx, NY 10455 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $154,900 |
| 208 Myrtle Avenue, Staten Island, NY | Two Family | $690,000 |
| 140 Arlington Avenue, Valley Stream, NY | Single Family | $704,900 |
| 1326 College Avenue, Bronx, NY | Two Family | $499,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০

# ভারতীয় আধিপত্যের বিরুদ্ধে নিউইয়র্কে মানবাধিকার সমাবেশ

৬২ পৃষ্ঠার পর

রুহুল খান, বুলবুল আহমেদ, কামরুল খান, লিনাজ চৌধুরী, পাটওয়ারী আহমেদ, তানভীর,হাসিব উদ্দিন, জুয়েল জাকির, আতিক হোসেন, মাহাসান চৌধুরী এছাড়া আরও উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন আমেরিকান মানবাধীকার কর্মি ও আইনজিবীগ । নিরু নীরা তার বক্তব্যে বাংলাদেশের প্রতি ভারতের আগ্রসনের কঠোর সমালোচনা করেন । সমাবেশে জ্যাকব মিলটন দক্ষিণ এশিয়ায় সংখ্যালঘুদের বিরুদ্ধে সহিংসতার অভিযোগ, মানবাধিকার লঙ্ঘন, অগ্নিসংযোগ, ধর্ষণএবং রাজনৈতিক নিপীড়নের বিভিন্ন প্রতিবেদন নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন এবং এই সমস্ত ঘটনা ও অপক্রমের মদদ দাতা ও প্রত্যক্ষভাবে ভারত জড়িত বলে জ্যাকব মিল্টন দাবি করেন ও ভারত সরকারকে অবিলম্বে তাথেকে বিরত থাকার দাবি জানান। তিনি বলেন, সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর সহিংসতা,মানবাধিকার লঙ্ঘন কিংবা রাজনৈতিক অন্যায়ের যেকোনো অভিযোগ অত্যন্ত গুরুত্বের সঙ্গে



বিবেচনা করা উচিত। এমন ঘটনা যেখানেই ঘটুক না কেন, তা আন্তর্জাতিক সম্প্রদায়ের জন্য গভীর উদ্বেগের বিষয়।শহীদ ওসমান হাদির হত্যাকাণ্ডের একটি স্বচ্ছ, নিরপেক্ষ এবংআন্তর্জাতিক মানসম্পন্ন তদন্ত অত্যন্ত জরুরি। ন্যায়বিচার নিশ্চিত করাশুধু একটি দেশের জন্য নয়, বরং বৈশ্বিক মানবাধিকারের প্রতি আমাদেরসম্মিলিত অঙ্গীকারের প্রতিফলন।আব্দুল কাদের বলেন, শহীদ ওসমান হাদির হত্যাকাণ্ডের একটি স্বচ্ছ, নিরপেক্ষ ও আন্তর্জাতিক মানসম্পন্ন তদন্ত নিশ্চিত করতে হবে।ন্যায়বিচার প্রতিষ্ঠা শুধু একটি দেশের দায়িত্ব নয়; বরং এটি বৈশ্বিমানবাধিকার রক্ষায় আমাদের সম্মিলিত অঙ্গীকারের প্রতিফলন।সমাবেশে কমিউনিটি ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা এবমোনবাধিকার কর্মীরা শহীদ ওসমান বিন হাদি হত্যাকাণ্ড নিয়ে গভীরউদ্বেগ প্রকাশ করেন। তারা অভিযোগ করেন, হত্যাকাণ্ডের পেছনেসম্ভাব্য আন্তর্জাতিক পরিকল্পনা ও সীমান্ত-পারাপারের সম্পৃক্ততবিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করা প্রয়োজন। সংখ্যালঘু জনগোষ্ঠীরবিরুদ্ধে সহিংসতা ও নিপীড়নের যেসব অভিযোগ বিভিন্ন সময়েসামনে এসেছে, সেগুলোর পূর্ণাঙ্গ তদন্ত এবং জবাবদিহি নিশ্চিত করা অত্যন্ত জরুরি।















































# আল মামুর স্কুলের ট্রাস্টিবোর্ডের শপথ গ্রহণ

৩ পৃষ্ঠার পর

মোহাম্মদ মাহবুবুর রহমান তুহিন, ফার্মাসিস্ট মোহাম্মদ রাশেদ রানা, নাঈম রহমান, মোহাম্মদ সাদিক সিপিএ, মোহাম্মদ সাকির তাহের ও ইঞ্জিনিয়ার মোহাম্মদ নাসির উদ্দিন। উল্লেখ্য বিশিষ্ট শিক্ষাবিদ ড. মহসীন পাটোয়ারী এই ট্রাস্টি বোর্ডেও চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন।

শপথ নেয়ার পর নবনির্বাচিত ট্রাস্টিবোর্ডের সদস্যরা নিজেদের পরিচয় তুলে ধরে সংক্ষেপে শুভেচ্ছা বক্তব্য রাখেন। এরপর



জেএমসির সাবেক সভাপতি ডা. এম এম বিল্লাহ, ট্রাস্টিবোর্ডের সাবেক চেয়ারম্যান ফার্মাসিস্ট হালিম চৌধুরী, সাবেক সহ সভাপতি ডা. কামাল আহমেদ, ইমাম শামসী আলী, 'আল মামুর' স্কুল-এর প্রিন্সিপাল আতিয়া পাশা ও ভাইস প্রিন্সিপাল ড. নাজ্জাত আমীর প্রমুখ শুভেচ্ছা বক্তব্য রাখেন। এসময় বক্তারা আল মামুর স্কুল পরিচালনায় সকল মহলের সার্বিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে জেএমসি'র সেক্রেটারী কখরুল ইসলাম দেলোয়ার সহ জেএমসি ও আল মামুর স্কুল-এর কয়েকজন বর্তমান ও সাবেক কর্মকর্তা উপস্থিত ছিলেন।



# আসো'র আয়োজনে কমিউনিটি কানেক্ট অনুষ্ঠান

৩ পৃষ্ঠার পর

যারা প্রতারণার আশ্রয় নেন, তারা যে কোন সময় বড় ধরনের বিপদে পড়বেন।

আয়োজনে ছিল মুক্ত আলোচনা, প্রামাণ্যচিত্র প্রদর্শনী, সঙ্গীত ও নৈশভোজ। শীতের সন্ধ্যায় সবমিলিয়ে সেখানে তৈরি হয় চমৎকার একটি পরিবেশ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আসোর নির্বাহী পরিচালক রুবাইয়া রহমান। এ ছাড়া বক্তব্য রাখেন ডঃ মুনিবুর রহমান খান, হেড, সাইকিয়াট্রি ডিপার্টমেন্ট, ব্রিকলোর হাসপাতাল; মঞ্জুর কাদের, নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ সোশ্যাল সার্ভিসেস-এর কর্মকর্তা; কামাল হোসেন মিঠু, নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটির সেবারগুহে অ্যাডমিনিস্ট্রেটর; মিনহাজ আহমেদ, শিক্ষা দপ্তরের কর্মকর্তা; এবং শাহাব উদ্দিন সাগর, সম্পাদক, সাপ্তাহিক নবযুগ। অনুষ্ঠান পরিচালনা করেন শামীম আল আমিন।

সঙ্গীত পরিবেশন করেন আলতাফ চৌধুরী, ক্রিস্টিনা লিপি রোজারিও, সাহিদ জাহান লিটু, রেহানা ইয়াসমিন, ইশতিয়াক আহমেদ এবং ডঃ মুনিবুর রহমান খান। কারিগরী সহায়তা দেয় এশিয়ান খবর, ঘরা শড়ঙশ এবং সার্বিক ব্যবস্থাপনা করেন তানভীর শাহীন। প্রায় শ'খানেক বিশিষ্ট অতিথি এতে অংশ নেন।




# বাংলাদেশিদের ফান্ডরেইজিং ডিনার কারিশমা মনজুরের সমর্থনে

৩ পৃষ্ঠার পর

জিতবেন তিনিই হবেন সিনেট নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় প্রার্থী যেকে লড়তে হবে রিপাবলিকান প্রার্থীর বিরুদ্ধে। ডেমোক্র্যাট দলীয় সিনেটর জিন শাহীন অবসরে যাওয়ায় শূন্য এই আসনে চূড়ান্ত নির্বাচন অনুষ্ঠিত হবে ৩ নভেম্বর ২০২৬। ৭ ফেব্রুয়ারি শনিবার ব্রুকস বাংলাদেশি কমিউনিটির উদ্যোগে কারিশমা মনজুরের জন্য ফান্ডরেইজিং ডিনার অনুষ্ঠিত হয় হানান চাইনিজ রেস্টুরেন্টে। আয়োজক ছিলেন কমিউনিটি লিডার এম এন মজুমদার, আব্দুল চৌধুরী জাকি, আজাদ আলী সিপিএ ও অবসরপ্রাপ্ত ডিটেকটিভ মান্নান রহমান। মডারেটরের ভূমিকা পালন করেন এমএন মজুমদার ও এ ইসলাম মামুন।

এতে মনজুরের সাফল্য কামনা করে বক্তব্য রাখেন মেয়র খায়রুল্লাহ, আজাদ আলী সিপিএ, জাকির চৌধুরী সিপিএ, আব্দুল চৌধুরী জাকি, নজরুল ইসলাম, ডিটেকটিভ মান্নান রহমান, মোহাম্মদ আলী, শাহ আলম, মোঃ আলাউদ্দিন, নজরুল ভূঁইয়া, আযাদ হোসেন, কামরুন চৌধুরী, রোকসানা মজুমদার, রেজাউল করিম, শেখ জামাল হোসেন, সুমন মিয়া, কামাল উদ্দীন, নবী হোসেন প্রধান ও তারেক ভূঁইয়া। বক্তারা বলেন, কারিশমা মনজুর নির্বাচিত হলে তিনিই হবে সিনেটে বাংলাদেশ প্রথম কোন সিনেটর। ঐ অঞ্চলের ইমিগ্র্যান্টদের প্রতিনিধি হবে কংগ্রেসে। এজন্য সবাইকে সহায়তার জন্য এগিয়ে আসতে হবে।

# জনগণের নির্বাচিত সরকারের সঙ্গেই থাকবে যুক্তরাষ্ট্র

৩ পৃষ্ঠার পর

সীমান্তের কাছে একটি ড্রোন কারখানা স্থাপন করা হবে। বিষয়টি নিয়ে কূটনৈতিক মহলে উদ্বেগ রয়েছে। এ ছাড়া পাকিস্তানের সঙ্গে যৌথভাবে চীনের তৈরি জেএফ-১৭ থান্ডার যুদ্ধবিমান কেনার বিষয়েও বাংলাদেশের আলোচনা চলছে। ক্রিস্টেনসেন বলেন, দক্ষিণ এশিয়ায় চীনের বাড়তে থাকা প্রভাব নিয়ে যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন এবং চীনের সঙ্গে সম্পৃক্ততার ঝুঁকি সম্পর্কে বাংলাদেশ সরকারের সঙ্গে কাজ করতে চায় ওয়াশিংটন। তিনি জানান, সামরিক সক্ষমতা বাড়াতে বাংলাদেশকে যুক্তরাষ্ট্র ও মিত্র দেশগুলোর বিভিন্ন প্রতিরক্ষা সরঞ্জামের প্রস্তাব দেয়া হবে। তবে এ বিষয়ে বিস্তারিত কিছু জানাননি। ক্রিস্টেনসেন বলেন, প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের প্রশাসন বাংলাদেশ ও ভারতের মধ্যে ভালো সম্পর্ক দেখতে চায়, যা আঞ্চলিক স্থিতিশীলতায় সহায়ক হবে। শেখ হাসিনা দেশ ছাড়ার পর নয়াদিল্লি-ঢাকা সম্পর্কের অবনতি হয়েছে। এতে ভিসা কার্যক্রম ও দুই দেশের ক্রিকেট সম্পর্কেও প্রভাব পড়েছে। বাণিজ্য কূটনীতিকে অগ্রাধিকার: মার্কিন রাষ্ট্রদূত বলেন, অনেক মার্কিন প্রতিষ্ঠান বাংলাদেশে বিনিয়োগের সম্ভাবনা দেখছে। তবে তারা চাইবে নতুন সরকার শুরুতেই স্পষ্ট বার্তা দিক যে দেশটি বিনিয়োগের জন্য প্রস্তুত।

তিনি বলেন, বাণিজ্য কূটনীতি আমাদের অন্যতম অগ্রাধিকার। অন্তর্বর্তী সরকারের সঙ্গে যে অগ্রগতি হয়েছে, তা এগিয়ে নিতে এবং বাণিজ্য, অর্থনৈতিক ও নিরাপত্তা সম্পর্ক জোরদারে নতুন সরকারের সঙ্গে কাজ করতে আগ্রহী যুক্তরাষ্ট্র। জ্বালানি কোম্পানি শেভরন দীর্ঘদিন ধরে বাংলাদেশে কাজ করলেও অন্যান্য বড় মার্কিন প্রতিষ্ঠানের উপস্থিতি তেমন নেই। ১৭ কোটি ৫০ লাখ মানুষের দেশে উচ্চ করহার এবং মুনাফা দেশে ফিরিয়ে নেয়ার জটিলতা বিনিয়োগে বাধা তৈরি করেছে। বাংলাদেশে এখনো স্টারবাকস বা ম্যাকডোনাল্ডসের কোনো শাখা নেই।

রোহিঙ্গা শরণার্থীদের জন্য সহায়তা: বাংলাদেশে আশ্রয় নেয়া প্রায় ১২ লাখ রোহিঙ্গা শরণার্থীর বিষয়ে রাষ্ট্রদূত বলেন, মানবিক সহায়তায় যুক্তরাষ্ট্রই সবচেয়ে বড় দাতা দেশ। তিনি বলেন, রোহিঙ্গা শরণার্থী সংকটে যুক্তরাষ্ট্র সবচেয়ে বড় অবদান রেখে চলেছে এবং বাংলাদেশে স্বাস্থ্যখাতে সহায়তা কার্যক্রম অব্যাহত রয়েছে। জাতিসংঘের সঙ্গে সম্প্রতি ২০০ কোটি ডলারের একটি বৈশ্বিক তহবিল চুক্তি সই হয়েছে, যা বাংলাদেশসহ বিভিন্ন দেশে সহায়তার কার্যকারিতা বাড়াবে। তিনি অন্য আন্তর্জাতিক দাতাদেরও আরও বেশি সহায়তা বাড়ানোর আহ্বান জানান। রাষ্ট্রদূত বলেন, এই বিশাল দায়িত্ব যুক্তরাষ্ট্রের পক্ষে একা বহন করা সম্ভব নয়। রোহিঙ্গা সংকটে আন্তর্জাতিক অংশীদারদের আরও এগিয়ে আসতে হবে। সাম্প্রতিক বছরগুলোতে জাতিসংঘের শরণার্থী সংস্থা রোহিঙ্গাদের সহায়তার জন্য পর্যাপ্ত অর্থ সংগ্রহে হিমশিম খাচ্ছে। ফলে তাদের খাদ্য রেশন কমানো হয়েছে এবং কিছু শিক্ষা কার্যক্রম বন্ধ হয়ে গেছে।

# এই সপ্তাহের কবিতা



## একুশ মানে
### সুজন দাশ

একুশ মানে ভাষার লড়াই
সত্য ন্যায়ের যুদ্ধ,
মাতৃভাষার রক্ষাকবচ
মনকে করে শুদ্ধ!

একুশ মানে আলোর মিছিল
দেয় চেতনার শিক্ষা,
বিপ্লবে দেয় চলার সাহস
প্রতিবাদের দীক্ষা।

একুশ মানেই বীর বাঙালির
সামনে চলার শক্তি,
অন্যায় দেয় ন্যায়ের দিশা
দেশপ্রেমে দেয় ভক্তি।

একুশ মানে আপন আলোয়
সামনে চলার দৃষ্টি,
ঐতিহ্য আর সংস্কৃতি দেশ
রক্ষা করে কৃষ্টি।

একুশ মানে মাতৃভাষাও
সব বাঙালির ঐক্য,
জাগায় মনে সম্প্রীতি প্রেম
করতে শেখায় সখ্য।



## মাতৃভাষা বাংলা
### মো. সৈয়দুল ইসলাম

মাতৃভাষা বাংলা আমার
বাবার মুখের বুল,
বাংলা ভাষায় মধু ভরা
হয়নি তাঁরই ভুল।

শিশুর মুখে বাংলা আমার
ফোটা পদ্মফুল,
মায়ের মুখে বাংলা ভাষার
নেইতো কোন ভুল।

সুখ দুঃখেরই মনের কথা
বাংলায় বলে চলি,
সকল ভাষার সেরা ভাষা
বাংলা আমার বলি।



## ওগো প্রিয়তমা
### মহসিন আলম মুহিন

ওগো মোর প্রিয়তমা
কতো দূরে অনুপমা।।
তুমিই শুধু প্রিয়া আমার
খুলে গেছে দক্ষিণাদুয়ার।।
আশায় আছি আশায় বাঁচি
তোমার ছায়ায় পাশাপাশি।।
কখনও যেওনা একা করে
থেকো জনম জনম তরে।।



## নীরব দুঃখের ভাণ্ডার
### ইকবাল খান

কখনো তোমাকে কাঁদতে দেখিনি,
তবু আমি জানি-
দুঃখ তোমার নীরব সঙ্গী।
তোমার সর্বংসহা হৃদয়ে
কত না বলা বিষাদময় গল্প জমেছে,
কত চাপা কান্না
তোমার বুকের ভেতরে ঘুমিয়ে মরে!
সন্তর্পণে ঢেকে রাখো দুঃখের যাবতীয় ক্ষত।
শব্দহীন শ্বাসে রাত জাগে তোমার বুকের ভেতর,
ভেসে ওঠে অম্লান কত স্মৃতি।
চোখে জল নেই বলে
লোকে ভাবে তুমি অনেক সুখী,
অথচ নিত্য জ্বলছে
অনন্ত ব্যথার নিঃশব্দ আগুন।
নিজেকে লুকিয়ে রাখো নীরবতার আড়ালে।
অথচ প্রতিটি না বলা কথায়
আরও ভারী হয়ে ওঠে তোমার নিঃশ্বাস।
তবু তুমি দাঁড়িয়ে থাকো,
যেন দুঃখই তোমার ভরকেন্দ্র।



## বরফ নদীর ঢেউ
### বাবু হক

প্রেম নদীতে সাঁতার দেব
কিন্তু সাঁতার জানি না
দেখছি নদী বরফ ঢাকা
একটুও তো পানি না।

বরফ মানে কঠিন বিষয়
প্রেমের নামে গলবে কি
যাবে না তো সাঁতার দেয়া
হাঁটায় দুপা চলবে কি!

দ্বিধাদ্বন্দ্বের দোলাচলে
বসে নদীর ঢেউ গুনি
নায়ের মাঝির কণ্ঠে মধুর
প্রেম বিরহের গান শুনি!

বরফ নদীর ঢেউ হয় কি
তাতে আবার নাও চলে!
দেখে আমার হালহকিকত
সবাই যে পাগল বলে!



## গলুই
### লুৎফুর রহমান চৌধুরী

একখানা ছই নৌকা তৈরি করেছিলাম বড় কষ্ট করে
কাঠফোড়া রৌদ্রে দাঁড়িয়ে,
রবিকিরণে সারা অঙ্গ ভিজে গিয়েছিল ঘামের জলে
তবু থেমে থাকিনি!
ছই নৌকার কাজটি অনেক দিনে সম্পূর্ণ করেছি
নিজে হাতে তেজশূন্য শরীর নিয়ে,
একটু সুখের আশায় দুখের দিন ভুলতে গিয়ে।

তরণী চলছিল বেশ ভালো ভাবে সামনের দিকে
রুজি রোজগারের পথ পেয়ে ছিলাম তার মাধ্যমে
দুখের মাঝে সুখের সূর্য উদয় হয়েছিল ভাঙা ঘরে
কিছুটা সময় কেটেছিল আনন্দে সংসার জীবন
দু'মুঠো ভাতের জন্য কারো দুয়ারে যেতে হয়নি,
চড়ুই পাখির মত ডানা মেলে উড়ে ছিলাম
স্বপ্নের রাজ্যে।

কিছু দিন যেতে না যেতেই নজর পড়ল গলুই দিকে
মাথার ভেতর বিদ্যুৎ চমকে উঠলো!
ছই নৌকায় গলুই থেকে বেদনার অশ্রুজল ঝরছে
মাঝি ছাড়া ভাসছে শখের তরণী,
লাওয়ারিশ লাশের এদিক সেদিক ছুটে চলছে
একটি তীরের আশায়,
কোন তীরেই ছই নৌকার ঠাই হলো না।



## বসন্তের প্রকৃতি
### মো. নজরুল ইসলাম

বসন্ত আসে প্রকৃতি হাসে
নতুন আলো ভোরে
বিষের বাঁশি বাজায় চাষি
চাষের জমি জোরে।

শীতের কালে অরূপ ঢালে
পাতার ফাঁকে ঝুলে,
আলোর গানে সুরের টানে
প্রাণের তালে ফুলে।

বসন্ত বাঁকে কোকিল হাঁকে
পলাশ লালে লুটে,
পাতার কুঁড়ি ফুলের ঝুরি
হাওয়া তালে ছুটে।

শিমুল ফোটে সবুজ ঠোঁটে
লালের আভা মেটে,
ঝুলন ঝুলে বিজন কূলে
প্রাণের তৃষ্ণা মেটে,

নীল আকাশে প্রাণ বাতাসে
কৃষ্ণচূড়ার সাজে,
আগুন রাঙা জীবন ভাঙা
আম্র মুকুল মাঝে।

সোনালী রোদ সৌন্দর্য বোধ
রূপের শোভা ভাসে,
মৌমাছি দলে বাসন্তী ছলে
ফুলের আশে পাশে।

বাঁকা চাঁদের আলো যাদের
ঘাসের বুকে পড়ে,
বসন্ত এলো আনন্দে চলো
মনুষ্য ভাব গড়ে।

আশার বাসা বসন্তে খাসা
প্রেমের বার্তা প্রাণে,
নীরবে বাঁচো বসন্তে নাচো
বাসন্তী ফুল ঘ্রাণে।

## শুকিয়ে যাচ্ছে নদী
### দেওয়ান নাসের রাজা

সুরমার উজান বেয়ে কতবার
গিয়েছি উৎসের দিকে
প্রবল টানেই ফিরে এসেছি সন্ধ্যায়
সূর্যাস্তের সময় সূর্যের রঙ
টকটকে লাল
যেন তোমার লাজুক মুখ।
জলপাই বৃক্ষ নুয়ে পড়ে-
সঙ্গমরত দেহের মতো
যেন লজ্জাবতী লতা, বর্ষায় কদম আর
দেখা যায় না
কতবার বলেছি হাওর পেরিয়ে
সাঁতরে পার হতে চাই সোমেশ্বরী নদী।

অথচ বৃক্ষগুলো কেটে কেটে পাখিদের
দেশান্তরি করছি অবিরাম
হলো না সাঁতার কাটা, শুকিয়ে যাচ্ছে নদী।

গাছপালা কেটে কুটে বাংলাদেশ আজ
মরুভূমি। আর খরস্রোতা শুকিয়ে এখন মৃত।



## সন্ধ্যাকাশে মধুমতি
### সুধাংশু কুমার মন্ডল

দক্ষিন বাংলায় মধুমতি হেলে দুলে চলে,
দুই তীরে সাজানো রয়েছে ফুলে আর ফলে।

পাখিরা ফিরে চলে কুলায় ডুবে গেছে রবি,
আঁধো আঁধারের রূপ দেখে চলে কবি।

আঁধার ঘুঁচে জেগে উঠেছে ঝলমলে চাঁদ,
জোছনা প্লাবনে ভরে গেল নাহি কোন বাঁধ।

কল্ কল্ রবে মধুমতি নদী ধীরে বহে,
দক্ষিনা শীতল হাওয়ায় চলে কথা কহে।

গ্রাম বাংলার সে বধূ জানে কত যাদু,
সে চটুল পায় চলে যায় হাসে শুধু মৃদু।

মধুমতির দান জানিতে করে সবে চেষ্টা,
থাকতে বিশাল নদী দেশে নাহি রবে তেষ্টা।

মধুমতি নদী বাংলাদেশে নাচে হেসে হেসে,
সবুজ শ্যামল এ মায়ের চলে কোল ঘেঁষে।

ঐ রূপের মাধুরী ছড়ায়ে উদাসী হাওয়া,
দুপাড়ে রত্ন বিলানো এমন যায়না পাওয়া।

সাঁঝের মধুমতি হয়েছে যেন মধু মাখা,
রূপসী বাংলার মায়া মাখা কত ছবি আঁকা।

নব বধূ যেন আঁকিছে এক নকসী কাঁথা,
হাসি কান্না মাখানো মনে স্বপ্ন গাঁথা।



## ভালোবাসি প্রিয়তমা
### রহমান আতাউর

আজি এই ইপ্সিত দিবসে,
আজি এই প্রীতিময় রোমহর্ষে,
চমকিয়া ওঠে গৌরি,নীবিবন্ধ পরশে।

আজি স্মরণের আবরণে,তোমারে রেখেছি ঢাকি,
প্রেম হোমানলে হৃদয়নতে,মরমেতে ছবি আঁকি।
মনে পড়ে তোমার অশ্রু আবরিত আঁখি দু'টি,
মম হৃদাকাশে যত তারা,আজ উঠিছে ফুটি।

হৃদয় নিভৃতে কখন কোন গহনে,
হৃদতুলির আঁচড়ে কাব্যনির্যাস,চয়নে চয়নে।
প্রেম যেন না হয় কভু নিঃস্ব,
প্রেমরতন তরি জাগ্রত হোক,এই বিশ্ব।
প্রেমহীন এই পৃথ্বী চরাচরে,
দেখি তোমায় আজও নয়ণতরে।
মধুর পরশ তব,এই প্রেমহীন ভবে
দাও যত সুধা,সুমধুর সৌরভে।

অদ্ভুত অরুণপ্রভায় হিরন্ময়ীকে করি ধ্যান,
খুলিয়া মম হৃদয় নয়ান।
আজি মোহাবিষ্ট স্বপ্নলোকে,শান্তিময় ভৈরবি তান,
গাহি অতৃপ্ত প্রেমের জয় গান।
নাই বা থাক,মরুভূতে প্রেম,
পলকা প্রেমের প্রয়াণ।

নাই বা থাক আজি,দুই নয়ণে অঞ্জন,
নাই বা থাক,অসীম অনন্ত হুতাশন,
আজিকে মম প্রাণের সাধন।
তোমারে স্মরিয়া কত না স্মৃতি,
আজ গাহিব বসন্ত গীতি।
আত্মবিস্মরণে দুঃখ শোক,
প্রেম পুণ্যে জাগ্রত হোক,এই বিশ্বলোক।

হৃদয়ের স্বর্ণালী আভায় হতে চাই অণিমা,
তুমি দীপ্ত অরুণ,অরুণিমা।
প্রেমপুষ্পে তীব্র বাসনার অঞ্জলি,
তব করপুটে দিলেম পুষ্পাঞ্জলি।

বদ্ধ দৃষ্টিতে অন্তর্দর্শনে দেখি তোমায়
অন্তর্দেশে তুমি,অনিমেষ মুরতি।
তুম দূর অরুন্ধতীর,অজস্র জ্যোতিষ্ক জ্যোতি।
প্রেমপুঞ্জ পথে যত সর্বহারা,
মোচন করো হে,অন্ধতামসী নিশি।
প্রেমময় নভে আজ যত তারা,
সব গিয়েছে মিশি।

অনিমিখে দেখি তোমায়,অশ্রু আবরিত মুখ,
মম অন্তর মাঝে হৃদি-প্রাণেশ্বর,নিভৃতনিলয়সুখ।

অনুরাগে বিভাসিত দু'টি চেতন মন,
পুলকে বিকশিয়া উঠে নব যৌবন।
ঐক্যতানে করি আকিঞ্চন,
ফালগুণে বিকশিত বসন্ত সমীরণ।
প্রেমহীন বিশ্ব দিয়াছে আবরণ,
ভুলো না কভু, ঐশী মায়া বন্ধন।


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Two Queens Men Charged with $120M Adult Day Care and Pharmacy Fraud on Medicare and Medicaid

**Ajaka Report**




On Friday 6th Februar 2026, a complaint was unsealed in Brooklyn charging two Queens men with defrauding Medicare and Medicaid by paying illegal kickbacks and bribes and submitting claims for services that were never provided.

"The defendants allegedly turned a pharmacy and social adult day care centers meant to help senior citizens into a $120 million dollar Medicare and Medicaid fraud scheme," said Assistant Attorney General A. Tysen Duva of the Justice Department's Criminal Division. "Today's complaint targets those who prey upon the vulnerable so they can steal from American taxpayers and defraud government programs meant to help the public."

"The defendants charged today allegedly stole $120 million from federal health care programs by luring the elderly to their businesses with illegal cash payments," stated U.S. Attorney Joseph Nocella Jr. for the Eastern District of New York. "These charges are part of this Office's commitment to protecting federal programs and prosecuting those who steal from them."

"Pharmacies and social adult day care centers exist to serve and support seniors — not to siphon off taxpayer resources and operate as engines for fraud," said Acting Deputy Inspector General for Investigations Scott J. Lampert of the U.S. Department of Health and Human Services, Office of Inspector General (HHS-OIG). "Schemes like this, which allegedly drained more than $120 million from Medicare and Medicaid, erode trust in our health care system. HHS-OIG will continue to aggressively pursue those who exploit federal health care programs to ensure they are held fully accountable."

"Today's complaint demonstrates the FBI's commitment to pursue those who defraud taxpayer funded health care programs," said Acting Assistant Director Gregory Heeb of the FBI's Criminal Division. "Scheming against programs like Medicare impacts those who need it most. Together with our partners, the FBI will continue to hold accountable criminals who threaten access to critical care."

"Using the backdrop of an adult day care center, it's alleged the two charged today had devised an elaborate scheme filled with bribery, kickbacks and good old-fashioned deception," said Special Agent in Charge Harry T. Chavis Jr. of IRS Criminal Investigation (IRS-CI) New York. "In this decade-long scam, Inwoo Kim and Daniel Lee are alleged to have stolen $120 million from the Medicare and Medicaid system through fraudulent prescription drug and adult day care service claims. IRS-CI special agents worked closely with our federal partners in this investigation, following the money trail and charting out the multi-million dollar fraud that led to today's arrests. Both Kim and Lee must now answer for their alleged crime."

"Under the leadership of Governor Kathy Hochul and through the independent work of the Office of the State Comptroller (OSC) and the Office of Medicaid Inspector General, New York State has among the strongest oversight and program integrity systems in the nation," said Acting Medicaid Inspector Frank T. Walsh Jr. "Today's announcement further reflects the strength of those efforts. Medicaid fraud threatens the health and safety of beneficiaries, wastes taxpayer dollars, and drains essential resources from the health care delivery system. This Continued on page 26




## MTA tests AI fare gates as $1.1B contract fight heats up

**Ajkal Desk**

NEW YORK CITY TRANSIT OFFICIALS are testing new, full-height subway fare gates — some pitched with AI surveillance — as three vendors compete for a $1.1 billion contract to replace turnstiles across the system.

Through a pilot program, gates were installed in 10 stations in the past two months, including Atlantic Terminal. The program is expected to expand to 20 stations "in the coming weeks," Metropolitan Transportation Authority Chair Janno Lieber said at a state budget hearing on Tuesday.

Cubic Transportation Systems, Conduent and STraffic are three of the companies vying for the contract. Cubic, the company behind OMNY, now has gates at Atlantic Terminal and other busy hubs designed to trigger an alert when someone enters without paying, recording a five-second clip and generating a physical description that is sent to the MTA, the company told Gothamist.

The surveillance begins when Cubic uses transformer image recognition to analyze this data and detect specific behavioral patterns, such as gate-jumping or "piggybacking" in specific stations, focusing on individual chronic fare evaders. This is then cross-referenced with electronic payment information to identify repeat offenders, allowing agencies to strategically deploy staff to stations with high levels of "opportunistic" evasion. Lieber, noting OMNY rollout problems, said, "Cubic has not been a perfect partner." The MTA says it aims to install new gates at 150 of the subway's 472 stations.

*(Source-Gothamist)*



## New York GOP's midterm problem: No money, no bench — and Trump

**Ajkal Desk**

It's not easy being a Republican in New York. It'll be even harder this midterm election year. Across the deep blue state, the GOP is being outraised and outpolled in key races.

The reality is familiar enough for the perpetual underdogs — they haven't won a statewide contest in more than 20 years. But their woes are compounded now by President Donald Trump's abysmal favorability, prodigious fundraiser Rep. Elise Stefanik exiting office and a dearth of competitive candidates.

The state GOP faithful are kicking off their nominating convention today on battleground Long Island. Nassau County is home to gubernatorial candidate Bruce Blakeman, who's lagging Democratic Gov. Kathy Hochul nearly 2 to 1 in polling. The confab is also in the district of one of the country's most vulnerable House Democrats — Rep. Laura Gillen — against whom, puzzlingly, Republicans have yet to put up a viable challenger.

That race and several other New York swing districts will be crucial in determining control of the House and the fate of Trump's final two years in the White House.

New York Republicans' Continued on page 26

## Sabila Nur dismisses fake political photocard circulating online

**Anik Raj**



Actress Sabila Nur has dismissed as false a photocard circulated on social media that attributed to her a comment referencing a political party ahead of the election. In a post shared on her official fan page yesterday, the actress clarified that the photocard circulating in her name has no basis in reality. "A fake photocard involving me has been circulated. I want to make it clear that if I ever make a statement on any issue, it will only be published through the country's mainstream media," she wrote.

Sabila Nur also raised concerns about the misuse of artificial intelligence, noting that misleading AI-generated images and videos have recently placed many artistes, including herself, in uncomfortable situations. "Perhaps some people create these out of affection or emotion, but they cause confusion and spread false messages, which is not desirable at all," she added.

Urging audiences to remain cautious, the actress said her viewers have always been responsible and expressed hope that they would continue to be vigilant against false or misleading content. She also requested everyone to refrain from engaging with such material.

On the professional front, Sabila Nur has recently completed shooting for the film "Bonolota Express", directed by Tanim Noor, in which she stars opposite Sariful Razz. She is also set to appear alongside Shakib Khan in the upcoming film "Prince: Once Upon a Time in Dhaka", directed by Abu Hayat Mahmud, which is currently under production.

*(Source-Daily Star)*

# Mamdani signs executive order to protect New Yorkers from "abusive immigration enforcement"

**Shah Nawaz**



Mayor Zohran Mamdani issued an executive order he says will protect New Yorkers from "abusive immigration enforcement" by the Trump administration and uphold sanctuary city laws.

Mamdani signed the order on 6th February 2026 , which he called "a sweeping reaffirmation of commitment to our immigrant neighbors," during Friday's Interfaith Breakfast at the New York Public Library in Bryant Park.

U.S. Immigration and Customs Enforcement operations have sparked controversy in the Tri-State Area where, across the river from New York City, Jersey City's mayor said recently he wanted agents to "get out and never come back."

"ICE is more than a rogue agency — it is a manifestation of the abuse of power," Mamdani told the group of faith leaders from across the five boroughs.

Mamdani also launched a "Know Your Rights" push, a campaign to distribute over 30,000 flyers in multiple languages detailing the rights people have during interactions with ICE, like remaining silent, requesting an attorney and requesting an interpreter.

"I urge you to share these with your congregants — even those who are citizens, even those whom you think ICE may not target," he said.

Mamdani Executive Order No. 13

Mamdani's latest executive order, his 13th since taking office, says city agencies cannot share information collected for city purposes with federal immigration authorities, except when they are required to by law. It gives each agency 14 days to appoint a privacy officer and take other actions to ensure compliance.

"No New Yorker should be afraid to apply for city services like child care because they are an immigrant," Mamdani said.

His order states the NYPD, Department of Correction, Department of Probation, Administration for Children's Services and Department of Social Services must audit their internal policies on interacting with federal immigration authorities and make public any changes needed to comply.

It also says federal agents may not enter city property — like parking garages and lots, schools, shelters, hospitals, and public spaces — without a warrant. City agencies are also instructed to train employees on how to interact with federal immigration agents.

DHS blasts executive order

The Department of Homeland Security said in a statement to CBS News New York that Mamdani's policy would make New York City less safe.

"When politicians bar local law enforcement from working with DHS, our law enforcement officers have to have a more visible presence so that we can find and apprehend the criminals let out of jails and back into communities," a DHS spokesperson said.

The department said it was urging the mayor to turn over to ICE "7,113 criminal illegal aliens" who are in New York's custody and have active detainers. *(Source-CBS News).*

# Ocasio-Cortez hosts Astoria town hall, offers advice on how to respond to ICE raids

**Ajkal Desk**

U.S. Rep. Alexandria Ocasio-Cortez held a town hall in Astoria on Feb. 5, during which she advised residents in the 14th Congressional District (NY-14) about how to respond to ICE raids and offering legislative updates from Washington.



The town hall, which took place at I.S. 10 Horace Greeley on 31st Avenue, also featured appearances from Deputy Mayor for Health Helen Arteaga, Council Member Shanel Thomas-Henry, Assemblymember Larinda Hooks and newly-elected Assemblymember Diana Moreno, who won the special election to succeed Mayor Zohran Mamdani in the 36th Assembly District.

Ocasio-Cortez spoke to constituents about a number of legislative updates during the event, noting that Congress has stalled funding for the Department of Homeland Security (DHS).

On Jan. 29, Republicans and Democrats in the Senate reached an agreement to remove funding for DHS from a package of six spending bills. The deal approves funding for the treasury, the federal court system, the Health Department, the War Department (previously the Department of Defense) and other agencies until Sept. 30. DHS funding will continue at its current level for two weeks while both sides work out a new deal to fund the agency.

Ocasio-Cortez said she voted against a continuing resolution to fund DHS for two weeks, stating that the agency needs to be "shut down right away."

In a Q&A section later on, Ocasio-Cortez said ICE must be abolished in the wake of the fatal shootings of Renee Good and Alex Pretti in Minneapolis. She also said agents found guilty of breaking the law should be prosecuted.

She believes that the "ground has shifted" on the politics of ICE across the country in the wake of the Minneapolis shootings, stating that "moderate" politicians are now standing up to ICE. "This moment is very real, and so I want to thank you all for the organizing that you're doing here," she said.

Ocasio-Cortez said the Trump Administration's immigration policies have had a "devastating impact" on families in NY-14, particularly in neighborhoods such as Corona and East Elmhurst. Ocasio-Cortez said some schools in the district have seen enrollment drop by 10-2o% because mixed-status families are afraid to send children to school and risk being separated.

"Families are so terrified of being separated that they are keeping their kids home," Ocasio-Cortez told constituents. "In some schools, we are seeing one in five kids disappearing from classrooms… That, of course, has an effect, not just on that child, but on all the children in that classroom who just had a friend disappear overnight."

Ocasio-Cortez also highlighted the importance of "tightly-knit connections" in the district to help protect immigrant communities from federal immigration authorities.

She described know your rights education as community preparation "101," stating that it is essential that immigrant residents are aware that they do not have to grant access to their home if authorities only possess an administrative warrant.

"An administrative warrant is like monopoly money," Ocasio-Cortez told constituents.

She also encouraged constituents to take part in legal observer training, which aims to train community members to observe and film ICE raids in the district. Her office will be hosting legal observer teachings with Hands Off NYC in the near future, she added.

Ocasio-Cortez further implored immigrant neighbors to have a "safety plan" in place in the event of an ICE raid. She said it is imperative that residents in mixed-status families take proactive steps to find legal aid before any ICE raids, noting that immigrants detained by ICE do not have the ability to find legal aid.

"But if you have counsel before you're detained, your lawyer has to be able *Continued on page 26*



# Tickets Pile Up For NYers Who don't shovel their sidewalk

**Ajkal Desk**

With snow piles still lingering across the five boroughs weeks after a major snowstorm, more and more New Yorkers will have to pay.

In the past few days, the Department of Sanitation has issued nearly 800 more tickets to home and business owners who didn't shovel their sidewalks. It means that since the Jan. 25 snowstorm, DSNY has issued 3,534 violations. The violations come with fines up to $350 for repeat offenses. A spokesperson for the department said the city's primary concern is safety.

Owners are responsible for clearing sidewalks in front of their properties after it snows. The city gave owners a deadline of 12:30 p.m. the next day to avoid fines. (Source-PIX 11)



# স্ট্রোক ঘাতক ব্যাধি : বাঁচতে করনীয়

ডা. হুমায়ুন কবীর হিমু



স্ট্রোক একটি ঘাতক ব্যাধি। প্রতিবছর প্রায় দেড় কোটি মানুষ এ রোগে আক্রান্ত হয়। এর মধ্যে মারা যায় অর্ধকোটি মানুষ আর অর্ধকোটি পঙ্গুত্ব বরণ করে। বিশ্বব্যাপী মৃত্যুর দ্বিতীয় কারণ এটি। মারা যাওয়াদের দুই-তৃতীয়াংশ আমাদের মতো দেশে ঘটে। দিন দিন স্ট্রোক আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে। গবেষণায় দেখা গেছে, ২০৫০ সালের মধ্যে এ হার প্রায় ৮০ গুণ বেড়ে যাবে। বাংলাদেশেও এই হার কিন্তু কম নয়। গবেষণায় দেখা গেছে, দেশে প্রতি এক হাজার জনে প্রায় ১২ জন স্ট্রোকে আক্রান্ত হয়। ঘাতক এই ব্যাধি থেকে বেঁচে থাকতে সচেতনতার বিকল্প নেই।

**স্ট্রোক কী?**

স্ট্রোক মস্তিষ্কের একটি অসুখ। মস্তিষ্কের রক্তনালির রোগ এটি। স্ট্রোক দুই ধরনের-ইসকেমিক স্ট্রোক ও হেমোরেজিক স্ট্রোক।



ইসকেমিক স্ট্রোক : মস্তিষ্কের রক্তনালিতে রক্ত জমাট বাঁধলে মস্তিষ্কে রক্ত চলাচল কমে যায়। ফলে মস্তিষ্কের কোষ নষ্ট হয়ে যায়। রক্ত চলাচল কমে গেলেও শুরুতে কোষগুলো বেঁচে থাকতে পারে। একটা নির্দিষ্ট সময় পর কোষগুলো মারা যায়। একে বলে কোর। কোরের চারপাশে মস্তিষ্কের বেশ কিছু অংশেও রক্ত কমে যায়। একে বলে প্যানাম্ব্রা। যদি প্যানাম্ব্রা অংশে রক্ত চলাচল স্বাভাবিক করা যায় তাহলে স্ট্রোকের ভয়াবহতা অনেকটা কমানো যায়।

হেমোরেজিক স্ট্রোক : মস্তিষ্কের রক্তনালি ছিঁড়ে গেলে মস্তিষ্কে রক্তক্ষরণ হয়।

কারণ : সম্প্রতি ল্যানসেট জার্নালে প্রকাশিত একটি নিবন্ধ প্রকাশিত হয়েছে। বিশ্বের ৩২টি দেশের মানুষকে নিয়ে এই গবেষণা পরিচালিত হয়। এতে বলা হয়েছে, মাত্র ১০টি কারণ নিয়ন্ত্রণ করতে পারলে ৯০ ভাগ স্ট্রোক প্রতিরোধ করা যায়। কারণ ১০টি হলো-

এরপর ২৪ পৃষ্ঠায়

## জেনে নিন স্ট্রোকের অস্বাভাবিক লক্ষণগুলো

আরাফাত রহমান পলক

আমাদের সারা শরীরে যেমন রক্তনালী আছে তেমনি রয়েছে মস্তিষ্কেও। রক্তনালীর মাধ্যমেই মস্তিষ্কে পৌঁছে। মস্তিষ্কের কোষ অত্যন্ত সংবেদনশীল। কোনো কারণে মস্তিষ্কের রক্ত চলাচলে বাধার সৃষ্টি হলে দেখা দেয় সমস্যা। হঠাৎই কার্যকারিতা হারায় মস্তিষ্কের একাংশ। অক্সিজেন ও শর্করা সরবরাহে একটু হেরফের হলেই কোষগুলো মারা যেতে শুরু করে। নালীতে প্লাক (ফ্যাট বা কোলেস্টেরল) জমায় এ সমস্যা দেখা যায়। প্লাক রক্তনালীকে করে দেয় সরু। ফলে স্বাভাবিক রক্ত চলাচল হয় না এবং স্ট্রোকের ঘটনা ঘটে। স্ট্রোকের সাধারণ কিছু লক্ষণ আছে যা মানুষ সহজেই বুঝতে পারে। তবে কিছু অস্বাভাবিক লক্ষণ আছে যা বোঝা যায় না। খবর টাইমস অব ইন্ডিয়ার।

প্রতিবেদনে বলা হয়েছে, স্ট্রোক আপনার মস্তিষ্কের একটি অংশে রক্ত সরবরাহ বন্ধ করে দেয় বা মস্তিষ্কের রক্তনালী ফেটে যায়। এতে মস্তিষ্কের ক্ষতি, দীর্ঘমেয়াদি অক্ষমতা বা এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে। স্ট্রোকে আক্রান্ত বেশিরভাগ লোকের বয়স ৬০-এর বেশি।

স্ট্রোকের কিছু স্বাভাবিক এবং অস্বাভাবিক লক্ষণ রয়েছে। যদি আপনি বা আপনার আশপাশের কেউ স্ট্রোক করেন তবে অস্বাভাবিক লক্ষণগুলো সম্পর্কে সচেতন হওয়া জরুরি। স্ট্রোকের সাধারণ লক্ষণগুলোর মধ্যে রয়েছে- মুখের দুর্বলতা। স্ট্রোকে আক্রান্ত ব্যক্তি স্বাভাবিকভাবে হাসতে অক্ষম।

হাতের দুর্বলতা সাধারণ উপসর্গের মধ্যে পড়ে। রোগীরা তাদের উভয় বাহু তুলতে পারেন না।

তৃতীয় সাধারণ লক্ষণ হলো আক্রান্ত ব্যক্তি স্পষ্টভাবে কথা বলতে পারেন না। কথা বলতে বা বক্তৃতায় ভুল শব্দ ব্যবহার করতে পারেন। আপনি যদি এই লক্ষণগুলোর মধ্যে কোনোটি দেখতে পান তবে অবিলম্বে ডাক্তারের সঙ্গে যোগাযোগ করা উচিত। এ সাধারণ লক্ষণগুলো ছাড়াও কিছু অস্বাভাবিক লক্ষণও রয়েছে। স্ট্রোকের অস্বাভাবিক লক্ষণগুলোর মধ্যে শরীরের একপাশে অসাড়তা, ঝাঁঝুনি বা সংবেদনশীলতা দেখা দিতে পারে। কারও মধ্যে অস্থির চলাফেরা দেখা দিতে পারে অথবা মাথা ঘোরা অনুভব করতে পারেন।

কিছু লোক হঠাৎ বমি বমি ভাব অনুভব করতে পারেন। এ লক্ষণগুলো সরাসরি স্ট্রোকের কারণ হিসেবে নির্দেশ করে না। তবে এড়িয়ে না গিয়ে ওই বিষয় সম্পর্কে ভালোভাবে জানার জন্য আপনাকে ডাক্তারের সঙ্গে দেখা করা ভালো।

## ফুসফুসের দীর্ঘমেয়াদি রোগ সিওপিডি

ডা. এম এ হাসান



ক্রনিক অবস্ট্রাকটিভ পালমোনারি ডিজিজ (সিওপিডি) ফুসফুসের একটি রোগ। এই রোগে ফুসফুসের প্রান্তিক নালিসহ এর দেয়াল তথা রেসপিরেটরি ব্রংকিওল ও অ্যালভিওলাইয়ের দেয়ালের ফুটোগুলো বাতাসে ভাসমান ক্ষুদ্র কণা (২.৫ মাইক্রোন) দ্বারা রুদ্ধ হয়ে ফুলে ওঠে। এতে কলকারখানার ধোঁয়াসহ সিগারেটের ধোঁয়া, জৈব-অজৈব ক্ষুদ্র কণা, জৈব জ্বালানি বা হাইড্রোকার্বনের নানা অণুতে আক্রান্ত হয়ে শেষ পর্যন্ত ফুসফুস নিজের কার্যক্ষমতা অনেকাংশে হারিয়ে ফেলে।

কারণ : উন্নত বিশ্বে সিগারেটের ধোঁয়া এবং অনুন্নত বিশ্বে জৈব জ্বালানিসহ গৃহাভ্যন্তরীণ তথা কর্মস্থলের বায়ুদূষণ এ ধরনের রোগের প্রধান কারণ।

ক্রনিক ব্রংকাইটিস ও সিওপিডিতে ফুসফুসের ব্রংকাস অথবা ব্রংকিওলগুলো নানা জীবাণু, ভাইরাসসহ বাতাসে ভাসমান ক্ষুদ্র কণা, মাইট, রোজন, ছত্রাক, কীটপতঙ্গের দেহাবশেষ, আমিষজাতীয় খাবারের ভগ্নাংশ, উদ্ভিদের গ্লাইকোপ্রোটিন তথা অসংখ্য পরজীবীর দেহাবশেষের কারণে ফুলে ওঠে। এতে ফুসফুসের নালিগুলো সংকুচিত হওয়ার কারণে এবং অ্যালভিওলাইগুলো ফুলে শ্লেষ্মা দিয়ে আবৃত হওয়ায় কাশি ও শ্বাসকষ্ট সৃষ্টি হয়। এ সময় শ্লেষ্মা উৎপাদক কোষগুলো বড়

এরপর ৩৮ পৃষ্ঠায়

## ঘরোয়া উপায়ে চিকিৎসা নিন কাশির

ডা. আলমগীর মতি



কাশির প্রচলিত ওষুধ না খেয়ে ঘরোয়া উপায়ে সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব। প্রাকৃতিক এসব উপাদানের মাধ্যমে কাশি উপশমের পাশাপাশি রোগ প্রতিরোধ ক্ষমতাও বৃদ্ধি পায়।

**এলাচি**

সর্দি, কাশি এবং ঋতু পরিবর্তনের জ্বর থেকে মুক্তি দিতে পারে ছোট এলাচি। অ্যান্টি-অক্সিডেন্টে ভরা এলাচি জীবাণুনাশকও। এক কাপ পানি চুলায় বসিয়ে তাতে মধু এবং বেশ কয়েকটি ছোট এলাচি ছেড়ে দিন। ভালোভাবে ফুটিয়ে এলাচি ছেঁকে ওই পানিটুকু পান করুন। এভাবে কয়েক দিন খেলে কমে যাবে গলাব্যথা। রেহাই মিলবে শুকনো কাশি থেকেও। এ ছাড়া মুখে এলাচি রাখলেও শুকনো কাশির সমস্যা থেকে মুক্তি পাওয়া সম্ভব।

**হলুদ**

হলুদে রয়েছে প্রোটিন, ভিটামিন, খনিজ লবণ, ফসফরাস, ক্যালসিয়াম, লোহা ইত্যাদি পদার্থ। তাই হলুদ খেলে শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। শুকনো কাশির জন্য এটি খুব কার্যকর। ১ টেবিল চামচ হলুদের সঙ্গে ১/৮ টেবিল চামচ গোলমরিচ গুঁড়া নিয়ে সেটি চা, দুধ কিংবা অন্য কোনো পানীয় যেমন কোনো জুসের সঙ্গে মিশিয়ে খান।

সর্দি-কাশির ক্ষেত্রে খুব ভালো কাজ দেয় হলুদ। কাশি কমাতে হলুদের রসও খেতে পারেন। এক গ্লাস গরম দুধের মধ্যে হলুদের গুঁড়া, সামান্য মাখন ও গোলমরিচ গুঁড়া মিশিয়ে খেতে পারেন।

**তুলসী**

শীতকালে তুলসীপাতা দিয়ে চা বানিয়ে খেলে সহজেই কাশি প্রতিরোধ করা যায়। এ ছাড়া এক গামলা ফুটন্ত গরম পানিতে

এরপর ৩৮ পৃষ্ঠায়

## জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধযোগ্য



ডা. সুমাইয়া আক্তার

বিশ্বব্যাপী প্রতিবছর প্রায় পাঁচ লাখ ৭০ হাজার নারী সার্ভাইক্যাল ক্যান্সার বা জরায়ুর ক্যান্সারে আক্রান্ত হয়।

বাংলাদেশে প্রতিবছর নতুন করে আট হাজার ২৬৮ জন নারী এই ক্যান্সারে আক্রান্ত হচ্ছে।

**কারণ**

জরায়ুর ক্যান্সারের জন্য দায়ী করা হয় হিউম্যান পেপিলোমা ভাইরাসকে। প্রায় ১০০টির ওপর এইচপিভি আছে।

এর মধ্যে এইচপিভি ১৮ ও ১৬ জরায়ুর ক্যান্সারের জন্য দায়ী এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণ।

বিজ্ঞানীরা বলেছেন, এই ভাইরাস শরীরে প্রবেশের পরপরই ক্যান্সার হয় না। জরায়ুর মুখে ক্যান্সারের জন্য ১৫ থেকে ২০ বছর সময় লেগে যায়। ফলে এই ক্যান্সার নির্ণয়ের জন্য অনেক সময় পাওয়া যায়।

**ঝুঁকিতে আছে যারা**

* অল্প বয়সে বিয়ে ও যৌন মিলন
* অল্প বয়সে গর্ভধারণ এবং অধিক সন্তান ধারণ



* দীর্ঘদিন গর্ভনিরোধক ওষুধ সেবন
* বহুগামিতা
* নিরাপদ যৌন ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কে সচেতনতার অভাব
* স্বল্প রোগ প্রতিরোধ ক্ষমতা
* অপরিচ্ছন্ন পরিবেশ, অপুষ্টি

যদি এই ক্যান্সারে আক্রান্ত নারী প্রাথমিক অবস্থায় চিকিৎসা না পায় তবে তার মৃত্যুর আশঙ্কা ৫০ শতাংশ বৃদ্ধি পায়।

**লক্ষণসমূহ**

* অনিয়মিত মাসিক
* যৌন সঙ্গমের সময় অথবা পরে অস্বাভাবিক রক্তস্রাব
* অতিরিক্ত সাদা স্রাব
* ময়লা বা বাদামি পানির মতো দুর্গন্ধযুক্ত স্রাব
* ক্ষুধামান্দ্য, ক্লান্তিভাব
* তলপেট, কোমর ও পায়ে তীব্র ব্যথা
* ওজন কমে যাওয়া
* বদহজম, কোষ্ঠকাঠিন্য

এরপর ৩৮ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশ যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খায়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলুল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন বর্ণনাকারী লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু বীন্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণেই এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও ভিন্নমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উপস্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার একাই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা ভুয়াফিকাহ্ বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহউল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রীতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**
172-11, 93 Ave, Jamaica, NY 114333
**Phone: 347-822-9052, 716-828-6677**
wovenatexusa@gmail.com

## স্ট্রোক ঘাতক ব্যাধি : বাঁচতে করণীয়

২০ পৃষ্ঠার পর
* উচ্চ রক্তচাপ
* ডায়াবেটিস
* রক্তে কোলেস্টেরলের আধিক্য
* স্থূলতা
* ধূমপান
* মদ্যপান
* হার্টের রোগ
* শারীরিক পরিশ্রম না করা
* মানসিক অবসাদ
* সঠিক খাদ্যাভ্যাস না মানা

এ কারণগুলো কিন্তু আমাদের নিয়ন্ত্রণের মধ্যে। আরো কিছু কারণ আছে, যেগুলোর জন্যও স্ট্রোক হতে পারে। যেমন- বয়স বাড়ার সঙ্গে সঙ্গে ঝুঁকি বাড়ে, পুরুষদের ঝুঁকি বেশি, বংশে কাছের আত্মীয়দের স্ট্রোকের ইতিহাস থাকলে ঝুঁকি বাড়ে। রক্তনালির সমস্যা যেমন: রক্তনালিতে ফোস্কা বা এনিউরিজম বা এভিএম বা রক্তনালি অস্বাভাবিক কমিউনিকেশনের জন্যও স্ট্রোক হতে পারে।

চিকিৎসা : হার্ট অ্যাটাক হলে আমরা রোগীকে দ্রুত হাসপাতালে নেই। হৃৎপিণ্ডের রক্তনালিতে রক্ত জমে গেলে হৃৎপিণ্ডে রক্ত চলাচল ব্যাহত হয়। ফলে হৃৎপিণ্ডের মাংসপেশি নষ্ট হয়ে যায়। একেই বলে হার্ট অ্যাটাক। হার্ট অ্যাটাকে আক্রান্ত নিশ্চিত হওয়ার পর চিকিৎসক হার্টের রক্তনালিতে জমাট বাঁধা রক্ত গলিয়ে ফেলতে এক ধরনের ওষুধ শিরাপথে দিয়ে থাকেন। একে বলে স্ট্রেপ্টোকাইনেজ। একই রকমভাবে মস্তিষ্কের রক্তনালিতে রক্ত জমাট বাঁধলে জমাট বাঁধা রক্ত গলিয়ে ফেলতে এক ধরনের ওষুধ ব্যবহার করা হয়। মস্তিষ্কের স্ট্রোকে যে ওষুধ ব্যবহার করা হয় সেটিকে বলে এল্টিপ্লেজ।

যাদের রক্তনালি রক্ত জমে বন্ধ হয়ে যায় তাকে ইস্কেমিক স্ট্রোক বলে। তাদের এল্টিপ্লেজ দেওয়া যায়। আবার সব ইস্কেমিক স্ট্রোক রোগীকে এই চিকিৎসা দেওয়া যায় না। কো কাদের দেওয়া যায়?

* যাদের ইস্কেমিক স্ট্রোক হয় এবং উপসর্গ দেখা দেওয়ার সাড়ে চার ঘণ্টার মধ্যে যদি হাসপাতালে আনা হলে তাদের এল্টিপ্লেজ দেওয়া যায়।

* অনেকের ক্ষেত্রে ঘুমের মধ্যে স্ট্রোক হয়। তাদের কো সময় মাপা সম্ভব হয় না। তাদের ক্ষেত্রে এমআরআই পরীক্ষা করে দেখতে হয় এ চিকিৎসা দেওয়া যাবে কি না। যদি এমআরআই পরীক্ষা সন্তোষজনক হয় তাহলে এই চিকিৎসা দেওয়া যাবে।

* বয়স ১৮ বছরের বেশি হতে হবে।

১৯৯৬ সালে এফডিএ স্ট্রোকের আধুনিক চিকিৎসা হিসেবে এল্টিপ্লেজের অনুমোদন দেয়। তখন থেকেই বিশ্বব্যাপী স্ট্রোকের চিকিৎসা হিসেবে আইভি থ্রোম্বলিসিস ব্যবহার করা হচ্ছে। আধুনিক এই চিকিৎসার ফলাফল কিন্তু বেশ আশাব্যঞ্জক। গবেষণায় দেখা গেছে, এই চিকিৎসা পাওয়া রোগীদের ৭০ শতাংশের উন্নতি হয়। আরেকটি গবেষণায় দেখা গেছে, যাদের আইভি থ্রোম্বলিসিস করা হয়েছে তিন মাস পর তাদের ৫০ শতাংশ নিজের কাজ নিজেই করতে পারে, ১৫ শতাংশ অন্যের কিছু সাহায্য দরকার হয়, ১৫ শতাংশ অন্যের ওপর পুরোপুরি নির্ভরশীল হয় এবং ২০ শতাংশ মারা যায়। কাজেই প্রায় ৭০ শতাংশ ব্যক্তি স্বাভাবিক জীবন যাপন করতে পারে। এই সংখ্যা কিন্তু অনেক বেশি।

মেকানিক্যাল থ্রোম্বেক্টমি-স্ট্রোকের অত্যাধুনিক চিকিৎসা : ইস্কেমিক স্ট্রোকের রোগী সাড়ে ৪ ঘণ্টার মধ্যে এলে তাদের এল্টিপ্লেজ দিয়ে আইভি থ্রোম্বলিসিস করা যায়। কিন্তু এই সময়ের পরে এলে কি আর চিকিৎসা নেই? না, চিকিৎসা আছে। স্ট্রোকের ছয় ঘণ্টার মধ্যে এলে অত্যাধুনিক চিকিৎসা করা সম্ভব। এটির নাম হলো মেকানিক্যাল থ্রোম্বেক্টমি। রোগীকে ক্যাথল্যাবে নিয়ে হার্টের এনজিওগ্রামের মতো ব্রেনের এনজিওগ্রাম করা হয়। যদি তাতে দেখা যায় মস্তিষ্কের মোটা রক্তনালিতে রক্ত জমাট বেঁধেছে তাহলে একটি বিশেষ ব্যবস্থায় জমাট বাঁধা রক্ত টেনে বের করে আনা হয়। ফলে বন্ধ রক্তনালি খুলে যায়। রক্ত চলাচল স্বাভাবিক হয়। শতকরা ৭০ ভাগ রোগী এতে সুস্থ হয়। আমাদের দেশেও এই চিকিৎসা অনুশীলন হচ্ছে।

বারবার স্ট্রোক প্রতিরোধে রক্তনালিতে স্ট্যান্টিং : অনেককে দেখা যায়, একাধিকবার স্ট্রোকে আক্রান্ত হয়। তাদের ক্ষেত্রে মস্তিষ্কের রক্তনালি সরু হয়ে থাকতে পারে। হার্টে যেমন স্ট্যান্ট বসিয়ে সরু রক্তনালি মোটা করা হয়, মস্তিষ্কের সরু রক্তনালিতেও স্ট্যান্ট বসিয়ে মোটা করার দরকার হয়। এ জন্য স্ট্রোকের পর অবশ্যই রক্তনালি সরু আছে কি না, তা জানার জন্য পরীক্ষা যেমন-ডুপ্লেক্স স্টাডি অব নেক ভেসেল বা সিটিএ অব নেক ভেসেল করতে হবে। দেশে সরকারি-বেসরকারিভাবে এ চিকিৎসা বেশ প্রচলিত।

স্ট্রোক প্রতিরোধে করণীয় : শতকরা ৯০ ভাগ স্ট্রোক প্রতিরোধ করা যায়। স্ট্রোকের মূল কারণগুলো প্রতিরোধ করতে পারলে স্ট্রোক প্রতিরোধ করা যায়।

ধূমপান ও মদপান পরিহার করুন : গবেষণায় দেখা গেছে, ধূমপান করলে স্ট্রোকের ঝুঁকি দ্বিগুণ বৃদ্ধি পায়। ধূমপানের ফলে রক্তনালিতে চর্বি জমা হয়ে রক্তনালি বন্ধ করে দেয়। ফলে মস্তিষ্কে পরিমিত রক্ত পৌঁছতে পারে না। সিগারেটের নিকোটিন রক্তচাপ বাড়িয়ে দেয়, রক্তে কার্বন ডাই-অক্সাইডের পরিমাণ বাড়িয়ে অক্সিজেনের পরিমাণ কমিয়ে দেয় এবং রক্তের ঘনত্ব বাড়িয়ে রক্তপিণ্ড তৈরিতে ভূমিকা পালন করে। যেকোনো বয়সেই ধূমপান ত্যাগ করা হোক না কেন তা স্ট্রোকের ঝুঁকি কমায়।

নিয়ন্ত্রণ করুন উচ্চ রক্তচাপ : রক্তচাপ স্বাভাবিকের মধ্যে রাখুন। এ জন্য অতিরিক্ত লবণ পরিহার করুন, নিয়মিত শারীরিক পরিশ্রম করুন ও চিকিৎসকের পরামর্শ মেনে নিয়মিত ওষুধ সেবন করুন।

হার্টের রোগের চিকিৎসা নিন : হার্ট অ্যাটাক, অনিয়ন্ত্রিত হৃৎস্পন্দন, হার্ট বড় হয়ে গেলে, ভালবের সমস্যা ইত্যাদি কারণে রক্ত জমাট বেঁধে রক্ত চলাচলে বাধা সৃষ্টি করে। তাই এ রোগগুলোর চিকিৎসা করুন।

ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখুন : ডায়াবেটিসে রক্তে শর্করার পরিমাণ বেড়ে যায়। গবেষণায় দেখা গেছে, স্ট্রোকের সময় রক্তে শর্করার পরিমাণ বেশি থাকলে মস্তিষ্কে কোষ বেশি পরিমাণে ধ্বংস হয়। এ ছাড়া ডায়াবেটিসের কারণে রক্তনালিতে চর্বি জমে যায়। ফলে রক্তনালি সরু হয়ে রক্ত চলাচলে ব্যাঘাত সৃষ্টি করে।

পুষ্টিকর খাবার খান : প্রচুর শাক-সবজি ও ফলমূল খান। প্রতিদিনের খাবারে পাঁচ ভাগের এক ভাগ ফলমূল ও শাক-সবজি খান। রেড মিট যেমন-গরু, ছাগল, ভেড়ার মাংস খাবেন না। চর্বিযুক্ত খাবার পরিহার করুন। এতে বেশি স্যাচুরেটেড ফ্যাট থাকে, যেটা ধমনিতে চর্বির আস্তরণ পড়তে সহায়তা করে। লবণ রক্তচাপ বাড়ায়।

## বিসিবির অনুরোধে শেষ পর্যন্ত হচ্ছে ভারত-পাকিস্তান ম্যাচ

৫২ পৃষ্ঠার পর
ভারতের বিপক্ষে ম্যাচ না খেলার সিদ্ধান্ত থেকে সরে আসার কথা জানায় তারা, 'বিসিবির পক্ষ থেকে পিসিবিকে করা অনুরোধ এবং শ্রীলঙ্কা, সংযুক্ত আরব আমিরাত ও (আইসিসির) অন্যান্য সদস্য দেশের একইরকম বার্তা পর্যালোচনা করেছে পাকিস্তান সরকার। এসব বার্তায় পাকিস্তান সরকারের প্রতি সাম্প্রতিক চ্যালেঞ্জের সমাধান খোঁজার অনুরোধ জানানো হয়।'

পিসিবি আরও জানায়, 'বহুপাক্ষিক আলোচনায় যা কিছু উঠে এসেছে, তার ভিত্তিতে এবং বন্ধুপ্রতিম দেশগুলোর অনুরোধের ভিত্তিতে, পাকিস্তান সরকার পাকিস্তান জাতীয় দলকে আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৬ এ টি-টোয়েন্টি বিশ্বকাপের নির্ধারিত সূচিতে মাঠে নামার নির্দেশনা দিয়েছে।'

## মেসির চোটে স্থগিত ম্যাচ, দুশ্চিন্তায় মিয়ামি-আর্জেন্টিনা

৫২ পৃষ্ঠার পর
ধরে রাখার লক্ষ্যে শুরু থেকেই মেসিকে পেতে চায় ক্লাবটি। তবে তার চোট নিয়ে দুশ্চিন্তায় আছে আর্জেন্টিনা জাতীয় দলও। আগামী ২৭ মার্চ লা ফিনালিসিমায় ইউরোপ চ্যাম্পিয়ন স্পেনের মুখোমুখি হওয়ার কথা আর্জেন্টিনার। তার আগে মেসি পুরোপুরি সুস্থ হয়ে উঠতে পারবেন কিনা, তা এখনো নিশ্চিত নয়। আর্জেন্টাইন সংবাদমাধ্যমের মতে, এমন চোট সাধারণত গুরুতর নয়, তবে ৩৮ বছর বয়সী মেসির শরীর কেমন সাড়া দেয়, সেটিই বড় প্রশ্ন। এ চোট বিশ্বকাপে তার অংশগ্রহণ নিয়েও নতুন করে আলোচনা তৈরি করেছে। মেসি আগেই জানিয়েছিলেন, ভবিষ্যৎ বিশ্বকাপে খেলবেন কি না, তা নির্ভর করবে তার শারীরিক সক্ষমতার ওপর। প্রাক-মৌসুমের পারফরম্যান্স তার সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও ইঙ্গিত দিয়েছিলেন তিনি। এখন দেখার বিষয়, এই হ্যামস্ট্রিং চোট তার পরিকল্পনায় কতটা প্রভাব ফেলে।

## ক্রীড়াঙ্গনের তারকাদের ভোটউৎসব

৫২ পৃষ্ঠার পর
আর যেই আসবেন ক্রিকেটকে আগের থেকে ভালো অবস্থানে নিবেন সেটাই আশা করছি।' এছাড়া সাবেক ক্রিকেটার ও ধারাভাষ্যকার আতহার আলী খান এবং রাজশাহীতে ভোট দিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেছেন সাব্বির রহমান। তরুণ ক্রিকেটারদের মাঝে ভোট নিয়ে ছিল বাড়তি উদ্দীপনা। হাতের ইনজুরি নিয়েই জীবনের প্রথম ভোট দিয়েছেন ব্যাটার মাহমুদুল হাসান জয়। রংপুরে নিজ এলাকায় ভোট দিয়ে বন্ধুদের সঙ্গে ছবি শেয়ার করেছেন অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপজয়ী অধিনায়ক আকবর আলী।

উদীয়মান জাতীয় দলের উইকেটকিপার ব্যাটার জুবায়েদ হাসান সোহান ও পেসার মারুফা আক্তারও। নিজ এলাকা দৌলতপুরে ভোট দিয়ে সোহান বলেন, 'আলহামদুলিল্লাহ, প্রথমবার ভোট দিলাম।' মারুফাও জীবনের প্রথম রায় দিতে পেরে শুকরিয়া আদায় করেন। নারী দলের অভিজ্ঞ ক্রিকেটার রুমানা আহমেদও এবারই প্রথম ভোটার হয়েছেন।

অন্যান্য খেলার তারকারাও পিছিয়ে ছিলেন না। জাতীয় মহিলা দাবা চ্যাম্পিয়ন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নোশিন আঞ্জুম মিশুও মডেল স্কুলে ভোট দিয়ে বলেন, 'জাতীয় নির্বাচনে প্রথম ভোট দিয়েছি, তাই একটু রোমাঞ্চিত।'

জাতীয় দলের তারকা ফুটবলার শেখ মোরসালিন ভোট দিতে ছুটে গেছেন নিজ জেলা ফরিদপুরে। ফরিদপুর-৪ আসনের আদর্শ মাধ্যমিক উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ভোট দিয়ে তিনি বলেন, 'দেশ উৎসবমুখর পরিবেশে ভোট দিয়েছি।' হকি তারকা আমিরুল ইসলামও ফরিদপুর-৩ আসনে প্রথমবারের মতো ভোট দিয়েছেন। হকি ফেডারেশন ক্যাম্প ছুটি দেওয়ায় খেলোয়াড় ও কোচরা ভোট দিতে পেরেছেন।

তবে আক্ষেপ রয়ে গেছে নারী ফুটবলারদের একটি অংশের। নারী লিগের অঘোষিত ফাইনালে আগামীকাল লড়বে সেনাবাহিনী ও রাজশাহী। তাই ক্যাম্পে থাকায় ঋতুপর্ণা চাকমারা ভোট দিতে পারেননি। তবে লিগের ব্যস্ততা না থাকায় সাবিনা খাতুন ও মাসুরা পারভীনরা ঠিকই ভোট দেওয়ার সুযোগ পেয়েছেন।

## শাহানা ও চি ওসে ডিএসএ সিটি কাউন্সিল ব্লকে যোগদানের আবেদন

৩ পৃষ্ঠার পর
আয়োজন করবে, যেখানে ওসে এবং হানিফ তাদের যোগদানের যুক্তি উপস্থাপন করতে পারবেন। বর্তমানে সিটি এনওয়াইসিএমিটিতে কেবল কাউন্সিল সদস্য টিফানি কাবান এবং আলেক্সা আভিলেস রয়েছেন। চারজন প্রার্থীই ২০২১ সালের সিটি কাউন্সিল নির্বাচনে এনওয়াইসি-ডিএসএ-এর অনুমোদনের জন্য আবেদন করেছিলেন। তৎকালীন নির্বাচনে কাবান এবং আভিলেস ডিএসএর অনুমোদন পান, কিন্তু ওসে এবং হানিফ পাননি।

কেন্দ্রীয় ব্রুকলিন আসনে ওসে বিজয়ী হন, তবে অফিসে আসার পর তিনি ডিএসএ থেকে কিছুটা দূরত্ব বজায় রাখেন। তবে জোহরান মামদানির মেয়র নির্বাচনের সাফল্যের পরে উচ্ছ্বাসের মধ্যে ওসে পুনরায় ডিএসএতে যোগ দেন এবং ডিএসএ সমর্থিত প্রার্থীদের জন্য নির্ভরযোগ্য সমর্থক হয়ে ওঠেন। হানিফের পথও আলাদা ছিল। ২০২১ সালে কাউন্সিল জেলা ৩৯-এর ডেমোক্রেটিক প্রাইমারিতে ডিএসএ ব্র্যান্ডন ওয়েস্টকে সমর্থন করার সময় হানিফের বিরুদ্ধে প্রার্থী ছিলেন। তবুও হানিফ প্রতিযোগিতা চালিয়ে যান এবং বিজয়ী হন। পরবর্তী সময়ে তিনি ডিএসএর সদস্য পদ বজায় রাখেন এবং সাধারণত সোশালিস্ট গ্রুপের ঘনিষ্ঠ মিত্র হিসেবে কাজ করেন।

ওসের ও হানিফের ডিএসএ ব্লকে যোগদানকে সমর্থন করেছেন হানিফের একসময় প্রতিদ্বন্দ্বী ব্র্যান্ডন ওয়েস্ট। তিনি বলেন, ডিএসএএবং শাহানা ভিন্ন ভিন্নভাবে একত্র কাজ করছেন এবং তিনি টিফানি ও আলেক্সার সঙ্গে ভালো সম্পর্ক বজায় রেখেছেন। আমি সম্পূর্ণ সমর্থন করি। তিনি আরো উল্লেখ করেন, কাউন্সিলে মামদানির এজেন্ডা বাস্তবায়নে ডিএসএ ব্লকের আরো সদস্য থাকা গুরুত্বপূর্ণ।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# ইসলামে মায়ের সর্বোচ্চ মর্যাদা ও সম্মান

লোকমান হেকিম



শান্তি ও মানবতার ধর্ম ইসলাম মাকে দিয়েছে সর্বোচ্চ মর্যাদা ও সম্মান। ইসলামের দৃষ্টিতে বাবার চেয়ে মায়ের মর্যাদা তিনগুণ বেশি। এ প্রসঙ্গে হাদিসে ইরশাদ হয়েছে-হজরত আবু হুরায়রা (রা.) বলেন, এক ব্যক্তি নবি করিম (সা.)-এর খেদমতে উপস্থিত হয়ে জানতে চান, 'হে আল্লাহর রাসুল! মানুষের মধ্যে আমার কাছে সর্বোত্তম সেবা লাভের অধিকার কার?' নবি করিম (সা.) বলেন, 'তোমার মায়ের।' লোকটি আবার জানতে চান, 'তারপর কার?' তিনি বললেন, 'তোমার মায়ের।' লোকটি আবার জানতে চান, 'তারপর কার?' তিনি বললেন, 'তোমার মায়ের।' লোকটি আবারও জানতে চান, 'তারপর কার?' তিনি বললেন, 'তোমার পিতার।' *(বুখারি ও মুসলিম)*। নবজাতক হজরত ঈসা (আ.)-এর মুখে রাব্বুল আলামিন ভাষা দিয়েছিলেন, হজরত ঈসা (আ.) বলেন, 'আর আমাকে নির্দেশ দেওয়া হয়েছে, আমি যেন আমার মায়ের প্রতি সদ্ব্যবহার করি (অনুগত ও বাধ্য থাকি); আমাকে করা হয়নি উদ্ধত, অবাধ্য ও দুর্ভাগা হতভাগ্য *(সুরা মারিয়াম : ৩০-৩২)*। হাদিসে বলা হয়েছে, মায়ের পায়ের নিচে সন্তানের বেহেশত। বনি ইসরাইলের নবি হজরত মুসা (আ.)-এর প্রতিও এ বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা দেওয়া হয়েছিল। আল্লাহ বলেন-'আর আমি বনি ইসরাইল থেকে এ অঙ্গীকার নিয়েছি যে, তোমরা আল্লাহ ছাড়া কারও ইবাদত করবে না, পিতা-মাতার সঙ্গে সদ্ব্যবহার করবে' *(সুরা-২ বাকারাহ, আয়াত-৮৩)*। মায়ের মূল্য অনেক বেশি। পুরো পৃথিবী বিক্রি করে দিলেও মায়ের এক ফোঁটা দুধের দাম হবে না। মা তার পুরো জীবনটা অকাতরে বিলিয়ে দেন শুধু তার সন্তানের জন্য। ১০ মাস ১০ দিন গর্ভে ধারণ। তারপর অসহ্য প্রসব যন্ত্রণাকে স্বাগত জানিয়ে সন্তানকে দুনিয়াতে আলো দেখান! আড়াই বছর বুকের দুধ পান করান। তারপর সব দুঃখ কষ্টকে এরপর ২৬ পৃষ্ঠায়

## প্রিয়নবী সা. বাবা হিসেবে যেমন ছিলেন

মুহাম্মাদ যায়েদ খান

একজন মুমিনের জীবনের প্রতিটি ক্ষেত্রে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনাদর্শ অনুসরণীয়। পবিত্র কোরআনে আল্লাহ তায়ালা বলেছেন, 'নামাজ কায়েম করো, জাকাত দাও এবং রাসুলের আনুগত্য করো, আশা করা যায়, তোমাদের প্রতি করুণা করা হবে।' *(সুরা আন নূর, আয়াত, ৫৬)*। আরও বর্ণিত হয়েছে, 'হে নবী! লোকদের বলে দাও, যদি তোমরা যথার্থই আল্লাহকে ভালোবাসো, তাহলে আমার অনুসরণ করো, আল্লাহ তোমাদের ভালোবাসবেন এবং তোমাদের গুনাহ মাফ করে দেবেন। তিনি বড়ই ক্ষমাশীল ও করুণাময়।' তাদেরকে বলো, 'আল্লাহ ও রাসূলের আনুগত্য করো।' *(সূরা আলে ইমরান, আয়াত, ৩১)*।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কেরামকে নিজ হাতে ইসলামের বিধি-বিধান শিখিয়েছেন। বিধি-নিষেধ ছাড়াও ব্যক্তি জীবনের সম্পর্ক, সম্পর্কের খুঁটিনাটিও শিখিয়েছেন তিনি। বাবা হিসেবে সন্তানের সঙ্গে একজন মানুষের সম্পর্ক কেমন হওয়া উচিত তাও শিক্ষা দিয়েছেন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। হাদিসের গ্রন্থ থেকে জানা যায়, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাবা হিসেবে প্রতিদিন দুইবার করে মেয়ে ফাতেমা রাদিয়াল্লাহু তায়ালা আনহাকে দেখতে যেতেন। কোনো সফরে এরপর ২৭ পৃষ্ঠায়






## নামাজের গুরুত্ব ও সৌন্দর্য

আবরার নাঈম

ইমানের পর সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদত নামাজ। কুরআনের বিরাশি জায়গায় নামাজের কথা উল্লেখ করা হয়েছে। কোথাও উল্লেখ করা হয়েছে নামাজ ত্যাগকারী জন্য কঠিন হুঁশিয়ারি আবার কোথাও উল্লেখ করা হয়েছে নামাজের প্রতি যত্নশীলদের প্রসংশা ও পুরস্কার। নামাজ হচ্ছে ইমান ও কুফরির মাঝে পার্থক্য সৃষ্টিকারী। হাদিস শরিফে রাসূল (সা.) ইরশাদ করেন, বুরায়দা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন : রাসূল (সা.) বলেছেন, আমাদের এবং কাফিরদের মধ্যে পার্থক্যকারী আমল হলো সালাত। যে সালাত ছেড়ে দিল সে কুফরি করল *(সুনানে নাসায়ী, ৪৬৩)*। অন্য হাদিসে হজরত জাবির (রা.) থেকে বর্ণিত নবি (সা.) বলেছেন, কুফর ও ইমানের মধ্যে পার্থক্য হলো নামাজ ত্যাগ করা *(তিরমিজি, ২৬১৮)*।

নামাজ তরককারীরা সাকর নামক জাহান্নামে যাবে। কিয়ামত দিবসে বিচারকার্য সমাপ্ত হওয়ার পর নেককাররা জান্নাতে আর অপরাধীরা জাহান্নামে চলে যাবে। তখন জান্নাতিদের একে অপরকে এরপর ২৬ পৃষ্ঠায়

## অপচয় রোধে কোরআনের নির্দেশনা

মাইমুনা আক্তার

অপচয় অর্থনৈতিক মন্দার অন্যতম একটি কারণ। ব্যক্তি পর্যায়ের ক্ষুদ্র ক্ষুদ্র অপচয় হিসাব করলে দেখা যায়, তা জাতীয় পর্যায়ে বড় ধরনের প্রভাব ফেলছে। মানুষের জন্য অভাব আর অসচ্ছলতা ডেকে আনছে। ইসলামের দৃষ্টিতে অপচয় করা নিন্দনীয় কাজ। মহান আল্লাহ তাঁর প্রিয় বান্দাদের পবিত্র কোরআন ও হাদিসের অসংখ্য স্থানে অপচয় করতে নিষেধ করেছেন। এক আয়াতে আল্লাহ তাআলা ইরশাদ করেন, 'হে আদম সন্তান, প্রত্যেক নামাজের সময় তোমরা সুন্দর পোশাক গ্রহণ করো। আর পানাহার করো; কিন্তু অপচয় কোরো না। নিশ্চয় তিনি অপচয়কারীদের পছন্দ করেন না।' *(সুরা : আরাফ, আয়াত : ৩১)*। আমরা প্রতিদিন ঘরে কিংবা রেস্তোরাঁয় যে খাবার অপচয় করি, তা আমাদের কাছে খুবই হালকা বিষয় মনে হয়। কিন্তু এ নিয়ে প্রকাশিত পরিসংখ্যানগুলো দেখলে বোঝা যায় যে আমরা আসলে কত বড় ভুল করছি। আল্লাহর দেওয়া রিজিক আমরা কিভাবে নষ্ট করছি। জাতিসংঘের পরিবেশবিষয়ক সংস্থা ইউনেপ ২০২১ সালে ফুড ওয়েস্ট ইনডেক্স নামে রিপোর্টে বলা হয়েছে, বাংলাদেশে বছরে এক কোটি ছয় লাখ টন খাদ্য অপচয় হয়।



মাথাপিছু খাদ্য অপচয়ের হারও বাংলাদেশে বেশি। ইউনেপের ওই ইনডেক্স অনুযায়ী একজন বাংলাদেশি বছরে ৬৫ কেজি খাদ্যোপাদান কিংবা তৈরি খাদ্য নষ্ট করে। (বিবিসি)

উল্লিখিত খাবারের বাজারমূল্য হিসাব করলেও দেখা যাবে, আমরা প্রতিবছর কী পরিমাণ সম্পদ অপচয় করছি। এভাবে অপচয় করা কি আল্লাহর নিয়ামতের অবহেলা নয়? আর আল্লাহ বলেছেন, যারা আল্লাহর নিয়ামতের শুকরিয়া আদায় করবে না, তিনি তাদের নিয়ামত সংকীর্ণ করে দেবেন। *(সুরা : ইবরাহিম, আয়াত : ৭)*। তবে এর মানে এই নয় যে অপচয় রোধ করতে গিয়ে কৃপণতা অবলম্বন করবে। মহান আল্লাহ কৃপণদের পছন্দ করেন না। অপচয় ত্যাগ করার অর্থ হলো মধ্যপন্থা অবলম্বন করা। এ ব্যাপারে মহান আল্লাহ বলেন, 'তুমি একেবারে ব্যয়কুণ্ঠ হয়ো না, আর একেবারে মুক্তহস্তও হয়ো না, তাহলে তুমি তিরস্কৃত, নিঃস্ব হয়ে বসে থাকবে।' *(সুরা : বনি ইসরাঈল, আয়াত : ২৯)*।

বিষয়টি হাদিস শরিফে এভাবে এসেছে, পানাহার করো, সদকা করো আর পোশাক পরিধান করো, এরপর ২৭ পৃষ্ঠায়

### নামাজের সময় সূচি Prayer Times For New York City ফেব্রুয়ারি ২০২৬

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 13 | 5:36 | 6:52 | 12:10 | 3:03 | 5:29 | 6:45 |
| 14 | 5:35 | 6:51 | 12:10 | 3:04 | 5:30 | 6:46 |
| 15 | 5:34 | 6:50 | 12:10 | 3:05 | 5:31 | 6:47 |
| 16 | 5:33 | 6:49 | 12:10 | 3:06 | 5:32 | 6:48 |
| 17 | 5:31 | 6:47 | 12:10 | 3:07 | 5:33 | 6:49 |
| 18 | 5:30 | 6:46 | 12:10 | 3:08 | 5:35 | 6:50 |
| 19 | 5:29 | 6:44 | 12:10 | 3:09 | 5:36 | 6:51 |

source: salahtimes.com

# Ocasio-Cortez hosts Astoria town hall, offers advice on how to respond to ICE raids

Continued from page 19

to see you," she said.
A safety plan also involves having contingency plans in place to pick up kids from school and who to contact first if an individual is detained, Ocasio-Cortez said.
She further encouraged residents to file a privacy release with her office, which would enable Ocasio-Cortez to contact ICE on their behalf.
"Without the privacy release, I cannot intervene, because I essentially need your permission," she said.
Ocasio-Cortez also pointed to the Senate's recent passage of the Defiance Act, which would enable the victims of non-consensual, sexually explicit deepfakes to bring civil action against creators and distributors. Ocasio-Cortez, who introduced companion legislation in the House alongside Republican lawmaker U.S. Rep. Laurel Lee, is confident that the bill will become law and prevent individuals from creating non-consensual, AI-generated porn.
"It provides civil damages up to $250,000 for victims," she said. "This is what will not just allow platforms to take down this material, but those kinds of stakes help prevent people from generating it in the first place."
She also told constituents that she has recently secured $14.2 million in federal funding for projects in the district, including $2 million for ADA-accessible improvements at the N/W Broadway subway station in Astoria and $100,000 to support youth violence interruption programs at Elmcor.(Source-Astoria Post)

# New York GOP's midterm problem: No money, no bench — and Trump

Continued on page 18

misery is fueling Democratic elation.
"It's bleak," said Jay Jacobs, the state Democratic Party chair who doubles as leader of the Nassau County Democrats. "Right now, they're in a bad political environment with the polling numbers for President Trump, who Bruce Blakeman has tied himself to as tightly as you can."
Blakeman, the recently reelected Nassau County executive, is the rare Trump loyalist who has won where Democratic voters outnumber Republican ones. But he's also a MAGA Republican running while public opinion shifts against Trump's shock-and-awe immigration tactics in blue cities, tariffs exacerbate cost-of-living concerns and the future of Obamacare subsidies remain uncertain in Congress.
Some New York Republicans appear to be cutting their losses or quitting politics all together. GOP challengers to Attorney General Letitia James and upstate Democratic Rep. John Mannion abandoned their campaigns last month. Stefanik bowed out of the race for governor and decided against running for reelection, leaving the state party without its brightest star and a figurehead who brought in millions for Republican candidates.
The New York GOP hopes Blakeman can drive up the vote in suburban stretches around the state, but the map is looking less competitive for Republicans this cycle. The GOP took a drubbing across the state in November's local contests and lost a bellwether special election for state Senate in western New York last week.
The number of House battlegrounds has shrunk to four from seven in 2024. Of the four, GOP Rep. Mike Lawler's race was downgraded to a toss-up, Democratic Rep. Josh Riley has 12 times more cash on hand than his challenger, Democratic Rep. Tom Suozzi's main rival launched only just last week, and the former member of Congress who'd likely be Gillen's toughest competition hasn't yet decided if he's running.
New York's beleaguered Republicans have had glimmers of hope over the years. Four years ago, another Republican Long Islander, Lee Zeldin, came within 6 points of defeating Hochul. It's far too early to lose hope, they say.
"Election Day is nine months away, and that's a lifetime in politics," New York Republican State Committee spokesperson David Laska said. "A midterm election of a presidential year is always challenging for the party in power. Here in New York, we're in a very unique circumstance because Democrats have had total control of Albany for eight years now and in that time we've become the most taxed, most regulated, least free state in the country."
Blakeman is their ticket to winning statewide office for the first time in a generation as a suburban Republican who won his seat in 2021 and kept it red last year, Laska said.
Blakeman has built his reputation through local culture wars like banning trans athletes, rejection of "sanctuary" policies protecting immigrants in the country illegally and encouraging collaboration with federal immigration officers. The county executive, broad-shouldered and silver-haired, looks the part enough that Trump has lauded him as sent from "central casting."
As Blakeman campaigns around the Empire State, he stresses his close relationship to Trump while focusing on economic issues that propelled him to office. One of his recent pitches had echoes of Trump's "Make America Great Again" rallying cry.
"New Yorkers need a governor that will make them happy again," Blakeman said at last week's Conservative Party convention in Albany. "That means more money in their pockets and cheaper energy costs, so they can provide things for their family."
Blakeman has the benefit of the Nassau County GOP machine, a storied political apparatus with reach across the island and a disdain for neighboring New York City, especially its democratic socialist mayor, Zohran Mamdani.
Nassau GOP Chair Joe Cairo led a sweep of countywide offices last year, but Democrats flipped two House seats in his backyard in 2024. Suozzi now has a $4.5 million reelection war chest, ready for Trump-endorsed challenger and former state Assemblymember Mike LiPetri. The GOP candidate launched his campaign just last week, hasn't yet reported fundraising and lagged badly in funds last cycle.
LiPetri lost to Suozzi by less than 4 points in 2024, despite the cash disadvantage. But this year, he may first have to compete in a primary against Republican Greg Hach, who does not have local party support.
Gillen has $2.2 million cash on hand and is waiting to learn whether former Rep. Anthony D'Esposito, confirmed in December as Department of Labor inspector general, will make a comeback bid.
"While Republicans are busy holding a political convention in my district, I'm focused on lowering costs, making health care more affordable and delivering resources to my community," Gillen said in a statement.
Andrew Grossman, spokesperson for Battleground New York, a coalition of labor unions and progressive groups, predicted Riley, Suozzi and Gillen will win and Lawler will lose in November as New Yorkers worry about health care and grocery costs.
"It's no surprise the Republicans can't field good candidates in New York," Grossman said.
Lawler passed up a bid for governor last year and is focused on his very tough reelection contest as six Democrats vie to run against him. He's battle-tested, both by intense congressional campaigns and raucous town halls in his Hudson Valley district north of New York City.
The moderate Republican notes that he outraised all his Democratic rivals combined — although only if the math excludes self-funding candidates. The top-raising candidate in New York's 17th District is tech company founder and small-town Deputy Mayor Peter Chatzky, who is spending more than $5 million of his own fortune to go up against Lawler.
In Lawler's bid for political survival, he's doubling down on his moderate leanings while weaponizing everything at his disposal. He penned an op-ed in The New York Times declaring the country's immigration system broken and calling for bipartisan solutions, and he bucked his party to back enhanced Obamacare subsidies.
Though Trump has all but neutralized Republican attacks on Mamdani by cozying up to him at their Oval Office meeting in November, Lawler still uses the New York City mayor as a cudgel against his challengers, most of whom are keeping mum about the polarizing progressive icon.
"While Congressman Lawler is building a winning, bipartisan coalition, Democrats are running scared and refusing to answer basic questions," said Ciro Riccardi, Lawler's campaign manager. "They won't say whether they [would] accept Zohran Mamdani's endorsement." (Source-Politico)

# Two Queens Men Charged with $120M Adult Day Care and Pharmacy Fraud on Medicare and Medicaid

Continued on page 18

joint effort sends a clear message that the Empire State is committed to working closely with our law enforcement partners to protect the integrity of the Medicaid program, hold wrong doers fully accountable, and preserve precious health care resources."
According to the complaint, Inwoo Kim, also known as "Tony Kim" and "Long Jin," 42, of Flushing, owned a pharmacy and two social adult day care centers — Z & W Empire Enterprise Inc. doing business as Royal Adult Daycare (Royal) and Happy Life Inc. (Happy Life). Daniel Lee, also known as "Daniel Yang" and "Donghee Yang," 56, of Flushing, served as the program director at Happy Life. Between 2016 and 2026, Kim and Yang paid illegal bribes in the form of cash and supermarket gift certificates to Medicaid recipients and Medicare beneficiaries to induce them to fill prescriptions at Kim's pharmacy.
The defendants also allegedly paid illegal cash kickbacks to Medicaid recipients to induce them to enroll with Kim's social adult day cares. According to the complaint, Kim discussed the illegal payments by text message, writing to a co-conspirator, "Please give the $10,000 to the Korean members first." Yang similarly texted about the payments, writing to a co-conspirator, "I gave the payment," and "I left the envelope [for a patient] with Tony [Kim]." At times, Kim and Yang allegedly submitted claims for day care services that exceeded Royal and Happy Life's permitted capacity. To generate the cash needed to pay kickbacks and bribes, Kim and Yang withdrew significant cash from bank accounts they controlled. In total, Medicare and Medicaid paid approximately $120 million for prescription drugs and social adult day care services that were medically unnecessary, not provided, or induced by kickbacks and bribes. Law enforcement executed numerous search warrants and seized several bank accounts in connection with the arrests.
Kim and Yang are both charged with conspiracy to commit health care fraud. If convicted, they face a maximum penalty of 10 years in prison.
HHS-OIG, FBI, IRS-CI, and OSC are investigating the case.
Trial Attorney Patrick J. Campbell of the Justice Department's Fraud Section is prosecuting the case. The Fraud Section leads the Criminal Division's efforts to combat health care fraud through the Health Care Fraud Strike Force Program. Since March 2007, this program, currently comprised of eight strike forces operating in federal districts across the country, has charged more than 6,200 defendants who collectively billed federal health care programs and private insurers more than $45 billion. In addition, the Centers for Medicare & Medicaid Services, working in conjunction with the Office of the Inspector General for the Department of Health and Human Services, are taking steps to hold providers accountable for their involvement in health care fraud schemes.
*(DOJ Press Release)*

# ইসলামে মায়ের সর্বোচ্চ মর্যাদা ও সম্মান

২৫ পৃষ্ঠার পর

আদুল করে সন্তানকে লালন-পালন করে বড় করেন। ইসলামে মাকে অনেক বেশি মর্যাদায় ভূষিত করা হয়েছে। আল্লাহতায়ালা পবিত্র কুরআনে বলেন- 'তোমার রব নির্দেশ দিয়েছেন যে, তোমরা তিনি ছাড়া অন্য কারও ইবাদত করবে না এবং মাতা-পিতার প্রতি সদ্ব্যবহার করবে; তাদের একজন অথবা উভয়ে তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হলে তাদের বিরক্তিসূচক কিছু বলো না এবং তাদের ভর্ৎসনা করো না।
তাদের সঙ্গে কথা বলো সম্মানসূচক নম্রভাবে' (সূরা বনি ইসরাইল-২৩)। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'তিন ব্যক্তির দোয়া অবশ্যই কবুল হয়; এতে কোনো সন্দেহ নেই- এক. মা-বাবার দোয়া তার সন্তানের জন্য; দুই. মুসাফিরের দোয়া ও তিন. অত্যাচারিত ব্যক্তির দোয়া অত্যাচারীর বিরুদ্ধে' (সুনানে আবু দাউদ-১৫৩৮)।
ইমাম বুখারি (রহ.)-এর বাল্যকালেই তার পিতা মারা যান। তিনি তার মায়ের কোলেই লালন-পালন হতে লাগলেন। বাল্যকালে একবার অসুস্থ হয়ে তিনি দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেন। এমতাবস্থায় তার মা তার জন্য অস্থির হয়ে ওঠেন। কারণ তিনি সন্তানকে নিয়ে অনেক বড় স্বপ্ন দেখতেন।
সন্তানের অসুস্থতা মায়ের জন্য কতটা বেদনাদায়ক তা কেবল একজন মা-ই অনুভব করতে পারেন। ছেলের অসুস্থতার জন্য তিনি রবের কাছে দোয়া করতে থাকেন। সন্তানের জন্য মায়ের দোয়া আল্লাহ ফিরিয়ে দেন না। এক রাতে তিনি আল্লাহতায়ালার কাছে অনেক দোয়া করলেন, এর কিছু দিন পর তিনি স্বপ্নে হজরত ইবরাহিম (আ.)কে দেখলেন। তিনি বললেন, তোমার সন্তানের দৃষ্টিশক্তি ফিরিয়ে দেওয়া হয়েছে। ঘুম থেকে উঠে দেখতে পান ইমাম বুখারি দৃষ্টিশক্তি ফিরে পেয়েছেন! সুবহানাল্লাহ। মায়ের দোয়াটি কত বেশি কার্যকর! পৃথিবীর সব মানুষ ভুলে যায়, স্বার্থপরতা করে, ছেড়ে চলে যায়; কিন্তু মা এ জায়গায় ভিন্ন।
কোনো দিন সন্তানকে ছেড়ে যাওয়ার চিন্তাও করেন না; সন্তানকে আগলে রেখে কোলেপিঠে করে মানুষ করতে চেষ্টা করেন। মাবিহীন জীবন মরুভূমির মতো, স্রোতহীন সমুদ্রের মতো।
মায়ের কোলে রয়েছে পৃথিবীর সব সুখ। মায়ের কোলটা যে কত বিশাল একটি আশ্রয়স্থল তা একজন সোনা সন্তান ছাড়া আর কেউ বুঝবে না বা বোঝানো সম্ভব হবে না। মাকে ছাড়া যখন থাকতে হয় তখন এক মুহূর্তও হয়ে ওঠে শ্বাসরুদ্ধকর। মনে হয় দম যেন বন্ধ হয়ে আসে। মা যে অক্সিজেনস্বরূপ। মা না থাকা মানে শুধু মা না থাকাই নয়; বরং মা না থাকার সঙ্গে আরও হাজারও সমস্যা যুক্ত হয়ে যায় অটোমেটিক। আর তখন মানবজীবন হয়ে ওঠে সবচেয়ে দুর্বিষহ! যার মা আছে, সে কখনোই গরিব নয়। মা থাকলে না খেয়েও মনে প্রশান্তি খুঁজে পাওয়া যায়।
আল্লাহতায়ালা পৃথিবীর সব জীবিত মাকে সুস্থ রাখুন এবং যারা পরলোকে চলে গেছেন তাদের সবাইকে জান্নাতুল ফিরদাউসের উঁচু জায়গায় স্থান করে দিন।
আল্লাহতায়ালা সূরা বনি ইসরাইলের ২৪নং আয়াতে এরশাদ করেছেন- 'রাব্বির হামহুমা কামা রাব্বায়ানী সাগীরা' অর্থাৎ হে আমার প্রতিপালক! আমার পিতা-মাতার প্রতি দয়া করো, যেমন তারা দয়ামায়া, মমতাসহকারে আমাকে শৈশবে প্রতিপালন করেছিলেন। মা তোমাকে অনেক ভালোবাসি।
বিশ্বনবি মুহাম্মদ (সা.) বলেছেন, যখন কোনো অনুগত সন্তান নিজের মা-বাবার দিকে অনুগ্রহের নজরে দেখে। মহান আল্লাহ তার প্রতিটি দৃষ্টির বিনিময়ে একটি করে কবুল হজের সাওয়াব দান করেন (বায়হাকি মিশকাত, পৃষ্ঠা-৪২১)।

# নামাজের গুরুত্ব ও সৌন্দর্য

২৫ পৃষ্ঠার পর

অথবা ফেরেশতাদের অপরাধীদের সম্পর্কে জিজ্ঞেস করবে। তারা অপরাধীরা কোথায়? তাদের দেখছি না যে। পরবর্তীতে জান্নাতিরা জানবে যে, তারা তাদের পাপের কারণে জাহান্নামে নিপতিত হয়েছে। জান্নাতিদের প্রশ্ন, কোন জিনিস তোমাদের জাহান্নামে প্রবেশ করাল? জাহান্নামিদের জবাব 'আমরা নামাজ পড়তাম না' (সূরা মুদ্দাসসির-৪২-৪৩)।
আমরা অনেকেই নামাজ পড়ি। অমনোযোগ, অলসতা ও গাফিলতির সঙ্গে। দেহ মসজিদে অন্তর বাইরে থাকে। ফলে দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ পড়ার পরও নানা অপরাধে লিপ্ত হই। কথা বা কাজে মানুষকে কষ্ট দেই। পরের হক আত্মসাৎ করি। মোটকথা নামাজ আমাদের কোনো ধরনের পাপ থেকে বিরত রাখে না। অথচ আল্লাহতায়ালা বলেন, নিশ্চয়ই নামাজ অশ্লীলতা ও মন্দকাজে বাধা প্রদান করে (সূরা আল আনকাবুত-৪৫)।
নামাজ যেহেতু পাপ কাজ থেকে আমাদের বিরত রাখতে পারছে না তাই প্রশ্ন হতে পারে কুরআন কি অসত্য? উত্তর হলো না। আল্লাহর কথা কি কখনো মিথ্যা হতে পারে। তাহলে নিশ্চিত ধরে নিতে হবে যে, আল্লাহতায়ালা যেভাবে নামাজ পড়তে বলেছেন আমাদের নামাজটাই সেভাবে হচ্ছে না। কারণ যারা অলসতা ও গাফিলতির সঙ্গে নামাজ পড়ে তাদের সম্পর্কে কুরআনে এসেছে কঠিন ধমকি ও হুঁশিয়ারি। আল্লাহতায়ালা বলেন-অতএব, দুর্ভোগ সেই নামাজিদের জন্য, যারা নিজেদের নামাজ সম্বন্ধে উদাসীন (সূরা মাউন-৪-৫)।
আর যারা নিজেদের নামাজের প্রতি যত্নবান। যারা নামাজকে মনে করে সর্বাধিক গুরুত্বপূর্ণ ইবাদত এবং সে অনুযায়ী নামাজ পড়ে তারাই প্রকৃতপক্ষে সফলকাম। তাদের সফলতার সার্টিফিকেট আল্লাহতায়ালা দিয়েছেন। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে-নিশ্চয়ই সফলকাম হয়েছে মুমিনরা। যারা নিজেদের নামাজে বিনয়াবনত (সূরা মুমিনুন-১-২)। দ্বিতীয় আয়াতে খুশু-এর অর্থ হলো কারও সামনে ভয়-ভীতির কারণে স্থির ও বিনীত হওয়া। এ জন্যই ইবনে আব্বাস (রা.) খুশুর তাফসির করেছেন খায়িফুন ও সাকিনুন শব্দ দ্বারা। অর্থ হলো ভীত ও স্থির। অর্থাৎ আল্লাহতায়ালার সামনে সম্পূর্ণ বিনয় ও একাগ্রতার সহিত দাঁড়ানো।

## প্রিয়নবী সা. বাবা হিসেবে যেমন ছিলেন

২৫ পৃষ্ঠার পর

বের হলে রওয়ানার আগে ফাতেমা রাদিয়াল্লাহু তায়ালা আনহার সঙ্গে দেখা করে যেতেন এবং ফিরে এলেও তার সঙ্গে দেখা করতেন।

ফাতেমা রাদিয়াল্লাহু তায়ালা আনহা যখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এর ঘরে আসতেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন দরজা থেকে তাকে এগিয়ে নিয়ে আসতেন, বুকে জড়িয়ে নিতেন, হাতে, কপালে চুমু খেতেন।

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে একবার যুদ্ধের গনীমত হিসেবে অনেকগুলো গোলাম আসে। এতো গোলাম দেখে আলী রাদিয়াল্লাহু তায়ালা আনহু ফাতেমা রাদিয়াল্লাহু তায়ালা আনহাকে গিয়ে বললেন, তোমার তো কাজ করতে অনেক কষ্ট হয়, তুমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছ গিয়ে একটি গোলাম নিয়ে এসো, এতে করে তোমার কাজ করতে সহজ হবে।

ফাতেমা রাদিয়াল্লাহু তায়ালা আনহা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে গিয়ে দেখলেন তিনি অন্যদের সঙ্গে কথা বলছেন।

পরদিন তিনি আবার গেলে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেন, ফাতেমা তোমার কী প্রয়োজন? ফাতেমা রাদিয়াল্লাহু তায়ালা আনহা কিছু না বলে চুপ করে রইলেন। তা দেখে আলী রাদিয়াল্লাহু তায়ালা আনহু বললেন, চাক্কি ঘুরাতে ঘুরাতে ফাতেমার হাতে ফোসকা পড়ে গেছে। কূপ থেকে পানি উঠাতে উঠাতে বুক ব্যথা হয়ে গেছে। ঘরদোর ঝাড়ু দিতে দিতে কাপড়-চোপর ময়লা হয়ে যায়। তাই আপনার কাছে একজন গোলাম চাইতে বলেছিলাম।

তখন আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতেমা রাদিয়াল্লাহু তায়ালা আনহাকে তিনটি কথা বললেন-

১. আল্লাহকে ভয় করো।
২. আল্লাহর ইবাদত করো।
৩. নিজের ঘরের কাজ নিজেই করো।

আর যখন বিছানায় যাবে তখন ৩৩ বার সুবহানাল্লাহ, ৩৩ বার আলহামদুলিল্লাহ, ৩৪ বার আল্লাহু আকবার পড়বে। এই তাসবীহগুলো তোমার জন্য খাদেম অপেক্ষা উত্তম হবে। (সুনানে আবি দাউদ, হাদিস, ২৯৮৮)।

আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুধু সন্তানকে ভালোবাসতেন না, সন্তানের কল্যাণকামীও ছিলেন, তাদের আমলের প্রতি উদ্বুদ্ধও করতেন।

## অপচয় রোধে কোরআনের নির্দেশনা

২৫ পৃষ্ঠার পর

যতক্ষণ তা অপচয় ও অহংকার মিশ্রিত না হয়। (ইবনে মাজাহ, হাদিস : ৩৬০৫)।

উল্লেখ্য, আল্লাহর অবাধ্যতায় (পাপ কাজে) খরচ করা অপব্যয় এবং আল্লাহর পথে খরচ না করা কৃপণতা। আর আল্লাহর নির্দেশানুসারে ও তাঁর আনুগত্যের পথে খরচ করা হলো মধ্যপন্থা অবলম্বন করা। (ফাতহুল কাদির) অনুরূপ অনাবশ্যকীয় খরচে ও বৈধ খরচেও সীমা অতিক্রম করা অপব্যয় বলে গণ্য।

অতএব, সে ক্ষেত্রেও সাবধানতা ও মধ্যপন্থা অবলম্বন করা একান্ত জরুরি।







# ইরানের লড়াই কি আরব বিশ্বেরও অস্তিত্বের লড়াই

১০ পৃষ্ঠার পর

মানুষ অর্থনৈতিক দুরবস্থায় নিশ্চিতই ক্ষুব্ধ। কিন্তু এর মানে এই নয়, পশ্চিমা বা ইসরায়েলি গোয়েন্দা সংস্থাগুলো এই আগুনে ঘি ঢালছে না। জনগণের ক্ষোভ এবং বিদেশি উস্কানি-এই দুই বিষয় পরস্পরবিরোধী নয়, বরং সমান্তরালভাবে চলতে পারে।

**সর্বোচ্চ চাপের নীতি**

ইরানের আজকের এই গভীর অর্থনৈতিক সংকটের পেছনে দুটি কারণ আছে। একটি হলো তাদের নিজেদের অব্যবস্থাপনা। আর অন্যটি হলো ট্রাম্পের দেওয়া কঠোর নিষেধাজ্ঞা। ট্রাম্প তাঁর প্রথম মেয়াদে পরমাণু চুক্তি থেকে সরে গিয়ে ইরানের ওপর 'সর্বোচ্চ চাপ' প্রয়োগের নীতি গ্রহণ করেছিলেন। ডেমোক্র্যাট বাইডেন প্রশাসনও সেই নীতি বজায় রেখেছিল।

গাজায় যেমন গণহত্যা চালানো হচ্ছে, ঠিক তেমনি ইরানের অর্থনীতিকে পঙ্গু করে দেওয়ার চেষ্টাও একটি বিদগ্ধ মার্কিন নীতি। পশ্চিমারা দাবি করে, তারা ইরানি জনগণের মঙ্গলের কথা ভাবে। কিন্তু তাদের এই নীতির প্রথম এবং প্রধান শিকার সেই সাধারণ ইরানি জনগণই।

মানুষকে হতাশার চূড়ান্ত সীমায় ঠেলে দেওয়া ও তারপর সেই হতাশাকে পুরো দেশের বিরুদ্ধে যুদ্ধের অজুহাত বা 'ক্যাসাস বেলি' হিসেবে ব্যবহার করা-এটা সিআইএ, মোসাদ বা এমআইসিক্স-এর জন্য নতুন কোনো কৌশল নয়। যেকোনো অর্থনৈতিক বিক্ষোভকে সশস্ত্র অভ্যুত্থানে রূপ দেওয়ার চেষ্টাও তাদের পুরোনো খেলা। তবে এবার নিজেদের লুকানোর তেমন কোনো চেষ্টা করেনি তারা। তুয়াইজরি লিখেছেন, আমিরাত নিজেকে 'জায়নবাদের কোলে' ছুড়ে দিয়েছে। তারা আরব বিশ্বে ইসরায়েলের 'ট্রোজান হর্স' হিসেবে কাজ করছে। তাদের উদ্দেশ্য হলো সৌদি আরব ও অন্যান্য আরব দেশের ক্ষতি করা। তিনি একে আল্লাহ, রাসুল ও পুরো জাতির সঙ্গে বিশ্বাসঘাতকতা বলে অভিহিত করেছেন।

গত ২৯ ডিসেম্বর মোসাদ এক্স অ্যাকাউন্ট থেকে ইরানিদের বিক্ষোভে নামতে উৎসাহিত করা হয়। এমনকি বলা হয়, তারা সশরীরে বিক্ষোভকারীদের পাশে আছে। মোসাদ লিখেছিল, 'সবাই একসঙ্গে রাস্তায় নামুন। সময় এসেছে। আমরা আপনাদের সঙ্গে আছি। কেবল দূর থেকে বা মুখে নয়। আমরা মাঠেও আপনাদের সঙ্গে আছি।'

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি অভিযোগ করেছেন, ইসরায়েল-সংশ্লিষ্ট নেটওয়ার্কগুলো বিক্ষোভের ভেতরে ঢুকে পড়েছিল। তারা ধ্বংসাত্মক কাজ করেছে এবং উদ্দেশ্যমূলকভাবে হামলা চালিয়েছে যাতে সংঘর্ষ বাড়ে এবং হতাহতের সংখ্যা বৃদ্ধি পায়।

তবে ইসরায়েলের সেই কৌশল শেষ পর্যন্ত ব্যর্থ হয়েছে। হাজার হাজার মানুষ সরকারের পক্ষে পাল্টা সমাবেশ করেছে। ইন্টারনেট বন্ধ করে দেওয়া হয়েছে এবং হাজার হাজার মানুষকে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু তার আগেই পশ্চিমা গণমাধ্যম মানুষকে বিশ্বাস করিয়ে ফেলেছে, ইরানের বর্তমান সরকারকে হটানো এখন আন্তর্জাতিক মানবাধিকার ইস্যু। তারা জোরেশোরে বলতে শুরু করেছে, ইরানের বর্তমান সরকার বিরোধী পক্ষগুলোর নেতা হতে পারেন ইরানের শেষ শাহের ৬৫ বছর বয়সী পুত্র রেজা পাহলভি।

তবে ট্রাম্প পাহলভির সঙ্গে দেখা করতে অস্বীকৃতি জানিয়েছেন। এক পডকাস্টে তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল তিনি যুক্তরাষ্ট্রে বসবাসরত পাহলভির সঙ্গে দেখা করবেন কি না। ট্রাম্প বলেছিলেন, 'আমি তাকে দেখেছি। তাকে ভালো মানুষ বলেই মনে হয়। কিন্তু প্রেসিডেন্ট হিসেবে এই মুহূর্তে তার সঙ্গে দেখা করাটা আমার কাছে যথাযথ মনে হচ্ছে না।'

**মনের পরিবর্তন বা উল্টো হাওয়া**

ইরানের সরকার পতনের চেষ্টা আগেও অনেকবার হয়েছে। কিন্তু এবারের পরিস্থিতি আগের চেয়ে অনেকটা আলাদা। আরব বিশ্ব এত দিন নিজেদের ইরানের শত্রুরাষ্ট্র মনে করত। ইরানের বিভিন্ন সশস্ত্র গোষ্ঠী ইরাক, লেবানন, ইয়েমেন ও সিরিয়ায় প্রক্সি বা ছায়াযুদ্ধ লড়ছিল। সুন্নি আরব দেশগুলো মনে করত ইরান তাদের ঘিরে ফেলছে। কিন্তু এখন সেই আরব বিশ্বই ইরানের দিকে ঝুঁকছে।

ফিলিস্তিনিদের প্রতি সমর্থন বা হঠাৎ জেগে ওঠা ধর্মীয় উদারতা থেকে এমনটা ঘটছে না। আবার তেল সম্পদ রক্ষার জন্যও তারা এমন করছে না। এই মনোভাব পরিবর্তনের মূল কারণ হলো আরবদের নিজস্ব সার্বভৌমত্ব ও স্বাধীনতার স্বার্থ। তারা দেখছে ইরান এখন যে লড়াই করছে, আরব দেশগুলোও একই আধিপত্য ও দখলের বিরুদ্ধে লড়ছে। তারাও ভয় পাচ্ছে, ইসরায়েল এই অঞ্চলের একচ্ছত্র সামরিক শক্তি হয়ে উঠতে চাইছে। যা অর্জনের সবচেয়ে সহজ পথ হলো প্রতিবেশী রাষ্ট্রগুলোকে টুকরো টুকরো করে ফেলা।

এই অঞ্চলের সবচেয়ে বড় সেনাবাহিনী তুরস্কের। তারা সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে বিদ্যমান প্রতিরক্ষা চুক্তিতে যোগ দেওয়ার জন্য আলোচনা করছে। তুরস্ক, সৌদি আরব এবং মিসর এখন প্রকাশ্যে সুদানের সেনাপ্রধান আবদেল ফাত্তাহ আল-বুরহানকে সমর্থন দিচ্ছে।

গত এক দশক ধরে রিয়াদ ছিল ইরানবিরোধী সব ষড়যন্ত্রের ঘাঁটি। ২০২৩ সালের ৬ অক্টোবর, অর্থাৎ হামাসের হামলার ঠিক আগের দিন পর্যন্ত সৌদি আরব 'আব্রাহাম অ্যাকর্ডস' স্বাক্ষর করার খুব কাছে ছিল। যার মাধ্যমে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক হতো। কিন্তু আজকের চিত্র সম্পূর্ণ বিপরীত। সেই চুক্তি এখন টেবিলের বাইরে। উল্টো সৌদি গণমাধ্যমে ইসরায়েলের বিরুদ্ধে প্রচার শুরু হয়েছে।

**জায়নবাদের কোলে ঝাঁপ :** সৌদি সংবাদমাধ্যম 'আল জাজিরাহ' প্রকাশিত এক নিবন্ধে শিক্ষাবিদ আহমেদ বিন ওসমান আল-তুয়াইজরি পত্রিকায় একটি কলাম লিখেছিলেন। কী লিখেছেন তা বলার আগে কেন এই 'লেখা' গুরুত্বপূর্ণ তা বলা প্রয়োজন। আল জাজিরাহ মূলত সৌদি সরকারের মুখপত্র হিসেবে পরিচিত। আবার ওসমান আল-তুয়াইজরি নিষিদ্ধ মুসলিম ব্রাদারহুডের প্রতি সহানুভূতিশীল। যে সৌদি সরকার রাজনৈতিক ইসলামের সঙ্গে যুক্ত সাংবাদিক ও বুদ্ধিজীবীদের দমন করেছে, সেই সরকারের পত্রিকায় তাঁর কলাম ছাপা হওয়াটাই বিস্ময়। তুয়াইজরির দাবি একবারে ফেলনা নয়। ইতিহাস সাক্ষ্য দেয়, আরব আমিরাত লিবিয়াকে বিভক্ত করেছে। তারা র‍্যাপিড সাপোর্ট ফোর্সেসকে অর্থ ও অস্ত্র দিয়ে সুদানে বিশৃঙ্খলা ছড়িয়েছে। তিউনিসিয়াতেও তারা উইপোকার মতো ঢুকে পড়েছে।

তুয়াইজরি আরও দাবি করেছেন, ইথিওপিয়ার রেনেসাঁ বাঁধ প্রকল্পে আমিরাত সমর্থন দিচ্ছে। অথচ এই বাঁধ মিসরের পানি ও কৌশলগত স্বার্থের জন্য বড় হুমকি। এসব কথাই সত্য। কিন্তু কথাগুলো যখন সৌদি আরব থেকে আসে, তখন তা গুরুত্ব বহন করে। কারণ আরব বসন্তকে দমন করতে সৌদি আরব ও আমিরাত একসঙ্গে কাজ করেছিল।

আবুধাবি এর জবাবে ওয়াশিংটনে তাদের লবিস্টদের কাজে লাগিয়েছে। এক্সিওস-এর বারাক রাভিদ এক্সে লিখেছেন, ওই নিবন্ধটি কেবল ইসরায়েলবিরোধী নয়, ইহুদিবিদ্বেষীও। অ্যান্টি-ডিফেমেশন লিগও (এডিএল) এতে যোগ দিয়েছে। তারা অভিযোগ করেছে, সৌদি আরবে ইহুদিবিদ্বেষী ইঙ্গিত দেওয়া হচ্ছে এবং জায়নবাদী ষড়যন্ত্র তত্ত্ব প্রচার করা হচ্ছে।

মধ্যপ্রাচ্য বদলাচ্ছে ঠিকই, কিন্তু নেতানিয়াহু যেভাবে চেয়েছিলেন সেভাবে নয়। এক দশকের গৃহযুদ্ধে সিরিয়া বিধ্বস্ত ছিল। আসাদ সরকারের পতন হয়েছিল তাসের ঘরের মতো। নতুন নেতা প্রেসিডেন্ট আহমেদ আল-শারা ইসরায়েলের সঙ্গে যুদ্ধ না করার জন্য অনেক চেষ্টা করেছিলেন। কিন্তু এক বছরের মাথায় পরিস্থিতি বদলে গেছে। ইসরায়েলের দখলদারত্ব এবং আগ্রাসনের কারণে সিরিয়ার মানুষ এখন ক্ষুব্ধ।

এই হইচই শুরু হওয়ার পরই নিবন্ধটি ইন্টারনেট থেকে গায়েব হয়ে যায়। এডিএল দাবি করে, তাদের প্রতিবাদের কারণেই এটা সরানো হয়েছে। কিন্তু নাটক সেখানেই শেষ হয়নি। হঠাৎ করেই লেখাটি আবার আল জাজিরাহ-র ওয়েবসাইটে ফিরে আসে। সৌদ আল-কাহতানি সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের মিডিয়া জার হিসেবে পরিচিত। কসমোস নামে একটি এক্স অ্যাকাউন্ট তাঁর হয়ে কথা বলে বলে ধারণা করা হয়। সেই অ্যাকাউন্ট থেকে পোস্ট দেওয়া হয়: 'আমিরাতের কিছু লোক মিথ্যা ছড়াচ্ছে যে আল-তুয়াইজরি-র নিবন্ধ মুছে ফেলা হয়েছে। আন্তর্জাতিক সম্পর্কের ভয়ে নাকি এটা করা হয়েছে! এটা মিথ্যা। নিবন্ধটি সেখানেই আছে এবং এই হলো তার লিংক।'

এই ঘটনা থেকে একটি সিদ্ধান্তে নেওয়া যায়। তুয়াইজরি যা বলেছেন, সেটাই সৌদি আরবের বর্তমান সরকারি অবস্থান। ইসরায়েলের নজর এড়ায়নি বিষয়টি। নেতানিয়াহু তাঁর স্বভাবসুলভ ভঙ্গিতে হুমকি দিয়ে বলেছেন, 'আমরা কাতার ও তুরস্কের সঙ্গে সৌদির ঘনিষ্ঠতা লক্ষ করছি। যারা আমাদের সঙ্গে সম্পর্ক স্বাভাবিক করতে চায়, তাদের উচিত শান্তির উল্টো পথে চলা মতাদর্শের সঙ্গে না থাকা।'

**বিভক্তির রাজনীতি :** পুরো আরব অঞ্চলে গাজা যুদ্ধের প্রভাব অনুভূত হচ্ছে। সামরিক দিক থেকে গাজায় হামাস, হিজবুল্লাহ ও ইরান পরাজিত হয়েছে। নেতানিয়াহু বারবার এই সংঘাতকে 'পুনর্জন্মের যুদ্ধ' অভিহিত করে বলেছেন, তিনি মধ্যপ্রাচ্যের চেহারা বদলে দেবেন। ইসরায়েলের বিভাজন নীতির অংশ ছিল বাশার আল আসাদের পতনের পর সিরিয়া যেন আর কখনো সার্বভৌম রাষ্ট্র হিসেবে মাথা তুলে না দাঁড়াতে পারে। আসাদের পতনের কয়েক ঘণ্টার মধ্যেই সিরিয়ার ইতিহাসে সবচেয়ে বড় বোমাবর্ষণ করেছিলেন নেতানিয়াহু। ২৪ ঘণ্টার মধ্যে সিরিয়ার নৌ ও বিমানবাহিনী ধ্বংস করে দেওয়া হয়েছিল। এরপর দ্রুজ সম্প্রদায়ের জন্য নিরাপদ অঞ্চল গড়ার কথা বলে ইসরায়েলি ট্যাংক দক্ষিণ সিরিয়ায় ঢুকে পড়ে। যদিও দ্রুজরা সেই প্রস্তাব প্রত্যাখ্যান করেছিল। ইসরায়েল উত্তর সিরিয়ায় কুর্দিদের রক্ষার প্রস্তাবও দিয়েছিল। কিন্তু আলেপ্পোতে কুর্দি এলাকায় সংঘাত শুরুর পর সিরিয়ান ডেমোক্রেটিক ফোর্সেসের (এসডিএফ) পতন ঘটে। দামেস্ক তখন পুরো দেশের নিয়ন্ত্রণ নেয়। এসডিএফ-এর একসময়ের মিত্র যুক্তরাষ্ট্র বা ইসরায়েল কেউ তাদের বাঁচাতে এগিয়ে আসেনি। যুদ্ধবিরতি স্বাক্ষরের আগে যুক্তরাষ্ট্রের বিশেষ দূত টম বারাক অভিযোগ করেন, এসডিএফ কমান্ডার মাজলুম আবদি ইসরায়েলকে সিরিয়ার অভ্যন্তরীণ বিষয়ে টেনে আনার চেষ্টা করছেন।

**ঐক্যের পথে আরব বিশ্ব :** ইসরায়েলের বিরুদ্ধে লড়াই এখন সিরিয়ার জাতীয় গর্বের বিষয় হয়ে দাঁড়িয়েছে। আসাদকে সরানোর সময় শারা যে বিচক্ষণতা দেখিয়েছিলেন, এখনো তিনি সেভাবেই চলছেন। উত্তর সিরিয়ায় জয়ের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে তিনি ডিক্রি জারি করেন। কুর্দি ভাষাকে জাতীয় ভাষার স্বীকৃতি দেন এবং সব কুর্দি সিরীয় নাগরিককে তাদের নাগরিকত্ব ফিরিয়ে দেন।

নতুন সামরিক জোট গঠনের প্রস্তুতি চলছে। ইসরায়েল একে 'মুসলিম ন্যাটো' বললেও এটি আসলে তেমন কিছু নয়। এই অঞ্চলের মধ্যম সারির মুসলিম শক্তিগুলোর উপলব্ধি থেকে তৈরি হচ্ছে। তারা বুঝতে পারছে ইসরায়েলকে থামাতে হলে একে অপরের পাশে দাঁড়াতে হবে। ইসরায়েলকে একে একে শত্রুদের খতম করতে দেখে তারা এই শিক্ষা পেয়েছে।

এই অঞ্চলের সবচেয়ে বড় সেনাবাহিনী তুরস্কের। তারা সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে বিদ্যমান প্রতিরক্ষা চুক্তিতে যোগ দেওয়ার জন্য আলোচনা করছে। তুরস্ক, সৌদি আরব এবং মিসর এখন প্রকাশ্যে সুদানের সেনাপ্রধান আবদেল ফাত্তাহ আল-বুরহানকে সমর্থন দিচ্ছে। আমিরাতের সঙ্গে দূরত্ব আরও বাড়িয়ে সৌদি আরব এখন সুদানের সোনা কেনার পরিকল্পনা করছে। এতে আবুধাবির আধিপত্য সোনার ব্যবসায় টান পড়বে।

এই ঘটনাপ্রবাহ প্রমাণ করে আরব অঞ্চল বদলাচ্ছে। কিন্তু সেই বদল নেতানিয়াহুর ছক অনুযায়ী নয়। নেতানিয়াহু একাধিক ফ্রন্টে হারের মুখে। বোমাবর্ষণ বা অনাহারে রাখার মাধ্যমে তিনি গাজা বা পশ্চিম তীর থেকে মানুষকে বিতাড়িত করতে চেয়েছিলেন কিন্তু ব্যর্থ হয়েছেন। নেতানিয়াহু সিরিয়াকে ভাঙতে চেয়েছিলেন। কিন্তু উল্টো সিরিয়া এখন আগের চেয়েও ঐক্যবদ্ধ। সোমালিল্যান্ডে ঘাঁটি গাড়তে চেয়ে তিনি ব্যর্থ হয়েছেন এবং সোমালিয়ার সরকারের বিরোধিতার মুখে পড়েছেন। গাজা ইস্যুতে মিসর এবং পশ্চিম তীর ইস্যুতে জর্ডান-উভয় দেশই এখন তাঁর বিপক্ষে।

নেতানিয়াহুর হাতে এখন শেষ যে চাল বাকি আছে, তা হলো ইরানে হামলা করা। ইয়েমেন থেকে বিতাড়িত হওয়ার পর তাঁর প্রধান মিত্র ইউএই-ও অনেক প্রভাব হারিয়েছে। নেতানিয়াহু যদি ইরানে হামলা করেন, তবে তিনটি পথ খোলা আছে। প্রথমত, তিনি ইরানের শীর্ষ নেতাদের হত্যা করে বাকিদের ভয় দেখিয়ে বাগে আনার চেষ্টা করতে পারেন। যা ইরানের বাস্তবতায় সম্ভব নয়। খামেনির পর যিনি আসবেন, তিনি হয়তো পারমাণবিক বোমা বানাতে আরও দৃঢ়প্রতিজ্ঞ হবেন। কারণ পরবর্তী হামলা ঠেকানোর জন্য এটিই একমাত্র পথ।

দ্বিতীয়ত, রাষ্ট্র ভেঙে পড়লে পাহলভিকে দিয়ে একটি ইসরায়েল-শাসিত এলাকা বা প্রটেক্টরেট গড়ার চেষ্টা করা হতে পারে। এটিও সম্ভব নয়। ইরানে পাহলভির সমর্থন নেই বললেই চলে। তাঁকে ক্ষমতায় বসালে তিনি বাবার চেয়েও বড় পুতুল শাসক হবেন। তৃতীয় ও সবচেয়ে সম্ভাব্য পথ হলো গৃহযুদ্ধ এবং ইরানকে ভেঙে টুকরো টুকরো করা। এর ফলে লাখ লাখ ইরানি শরণার্থী উত্তরে ও পশ্চিমে অর্থাৎ তুরস্ক ও সৌদি আরবে পাড়ি জমাবে। এতে পুরো অঞ্চল অস্থিতিশীল হয়ে পড়বে।

সৌদি আরবের আধুনিকায়নের স্বপ্ন এক নিমিষেই শেষ হয়ে যাবে। প্রতিবেশীদের জন্যও কোনো শান্তি থাকবে না। তুরস্ক ইতিমধ্যেই সীমান্ত রক্ষার পরিকল্পনা করেছে যাতে লাখ লাখ ইরানি শরণার্থী ঢুকতে না পারে।

ইরান সরকার এই ঘটনাগুলোকে অস্তিত্বের সংকট হিসেবে দেখছে। এই অঞ্চলের প্রতিটি দেশের উচিত, অতীতে ইরানের সঙ্গে যা-ই ঘটে থাকুক না কেন, ইরানকে রক্ষা করা এবং তার সার্বভৌমত্ব নিশ্চিত করা।

অন্য সব চালে ব্যর্থ হয়ে নেতানিয়াহু এখন ইরানে হামলার ছক কষছেন। ইরানের টিকে থাকার লড়াই এখন এই পুরো অঞ্চলের টিকে থাকার লড়াই। কোনো আরব শাসকেরই এই কথাটি ভোলা উচিত হবে না।

**লেখক: মিডল ইস্ট আইয়ের প্রধান সম্পাদক ও রাজনীতি বিশ্লেষক।**

# গণভোট ও নির্বাচন : কি হবে?

৫ পৃষ্ঠার পর

বেগম জিয়া পরপর ৫বার দুর্নীতিতে চ্যাম্পিয়ান হয়েছিলেন। এবার এ দুটি দলের একটি ক্ষমতায় বসবে, অন্যটি বিরোধী দলে, আওয়ামী লীগ ঠেকাতে এই দুই দলের একত্রে কাজ করার সম্ভবনা উড়িয়ে দেয়া যায়না। আবার জামাত ঠেকাতে আওয়ামী লীগ-বিএনপি অলিখিত সমঝোতা অসম্ভব নয়। বিএনপি যেকোন মূল্যে ক্ষমতায় যেতে চায়, হয়তো ১৬৫-১৩৫ খিএরিতে যাবেও, কিন্তু দেশের জন্যে সু-সময় আসবে না? জামাতের সবদিক থেকেই লাভ, তারা এখন অলিখিতভাবে রাষ্ট্র চালাচ্ছে, সরকারে গেলে ভাল, না গেলেও বিরোধী দলে বসবে। আওয়ামী লীগ থাকলে তো তা হতোনা, তাই তারা যেকোন মূল্যে আওয়ামী লীগ ঠেকাবে।

আওয়ামী লীগের সমর্থন আছে, কর্মী আছে, নেতৃত্ব নাই। শেখ হাসিনা'র জনপ্রিয়তা বাড়ছে। দেশে সমস্যা বাড়লে শেখ হাসিনা'র জনপ্রিয়তা আরো বাড়বে। কিন্তু জনপ্রিয়তা দিয়ে ক্ষমতায় যাওয়া যাবেনা। আপাতত: ইসলামপন্থীদের হাতেই দেশ থাকছে। সামনের নির্বাচনে ক্ষমতার হাতবদল হয়তো হবে, সমস্যার সমাধান হবেনা। সমস্যা বাড়বে। বাংলাদেশে নির্বাচন হচ্ছে একটি প্রহসন, এবং এটি শুরু হয়েছে জিয়াউর রহমানের আমলে ১৯৭৯সালে জাতীয় নির্বাচনের মধ্যে দিয়ে। ওই প্রথম জাতি দেখলো 'ইলেকশন ইঞ্জিনিয়ারিং' এবং নির্বাচনের আগেপরে হিন্দুর ওপর নির্যাতন। এরপর এরশাদ, খালেদা জিয়া, শেখ হাসিনা ইলেকশন ইঞ্জিনিয়ারিং করেছেন, এবার করবেন ড. ইউনুস। বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে জঘন্য নির্বাচনটি হয় ১৫ই ফেব্রুয়ারি ১৯৯৬ খালেদা জিয়ার আমলে, ওই সংসদ ১২ দিন টিকেছিল। দুঃখজনক হলেও সত্য যে, এরশাদ বিরোধী আন্দোলনের পর জাতি দুই নেত্রীর হাতে গণতন্ত্রের চাবি তুলে দিয়েছিলো, কেউই এব্যাপারে আন্তরিক ছিলেন না, 'নূর হোসেন বুকে-পিঠে 'স্বৈরাচার নিপাত যাক' লিখে অযথাই প্রাণ দিয়েছিলেন। খালেদা জিয়ার ক্ষমতার লিপ্সা এবং ১৯৯৬ ও ২০০৬-এ ক্ষমতা না ছাড়ার আপ্রাণ চেষ্টায় হয়তো বিরক্ত হয়ে শেখ হাসিনা একই পথ বেছে নেন, যদিও জাতি তার কাছে এমনটা প্রত্যাশা করেনি। স্মরণ রাখা দরকার ২০০১-এ পরাজয়ের পর শেখ হাসিনা সহজেই ক্ষমতা ছেড়ে দিয়েছিলেন।

অনেকেই বলছেন, জামাত ক্ষমতায় আসছে, এটি ভাবা যায়? একটি জাতি কতটা 'বেঈমান' হলে এমনটা সম্ভব? এথেকে এ সত্য প্রমাণিত হয় যে, একাত্তরে জনগণের একটি বড় অংশ পাকিস্তানের পক্ষে ছিলো। জামায়াতের নির্বাচনী ইশতেহারটি আমি পড়েছি। সব সুন্দর সুন্দর কথা লেখা। বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর ইশতেহার সুন্দরই হয়, কিন্তু জিতে গেলে ওটি নিয়ে কেউ মাথা ঘামায় না? ইশতেহারে জামাত ২৬টি বিষয়কে অগ্রাধিকার দিয়ে ১০টি প্রতিশ্রুতি দিয়েছে। মহিলাদের উন্নয়নের কথা আছে, অথচ জামাত প্রধান কর্মজীবী মহিলাদের 'পতিতা' বলেছেন। পরে তিনি অস্বীকার করেছেন, যদিও ফ্যাক্টচেকিং হাতড়িয়ে দেখা যায়, তিনি ঐকথা বলেছেন। এমন মিথ্যাচার, জালিয়াতি জামাতকেই মানায়। অবাক কান্ড যে জামাতের মহিলারা এটি মেনে নিয়েছে। শুধু অশিক্ষিতরা নন, ঢাকা ভার্সিটির শিক্ষিকা মোনালি মাহাবু পর্যন্ত জামাতের রক্ষিতা হতে রাজি। জামাত মহিলাদের পক্ষে কথা বলছে, অথচ ১জন মহিলাকে মনোনয়ন দেয়নি। জামাত 'সংস্কার'-র ওপর জোর দিচ্ছে। যাঁরা ৫৪ বছরে নিজেদের সংস্কার করে 'রাজাকার' থেকে 'বাংলাদেশপন্থী' হতে পারেনি, তাঁদের দিয়ে ইতিবাচক কোন সংস্কার সম্ভব নয়, তাদের সংস্কার হলো দেশটাকে 'পূর্ব-পাকিস্তান' বানানো। বিএনপি ও তারেক জিয়া এখন ক্ষমতায় যাবার স্বপ্নে বিভোর। স্বপ্ন দু:স্বপ্ন হয়ে যাবার সম্ভবনা উড়িয়ে দেয়া যায়না।

এবারের নির্বাচনে মোট ভোটার প্রায় ১৩ কোটি (১২কোটি ৭৬লক্ষ ৯৫হাজার ১৮৩)। গণভোটের জন্যে ব্যালট ছাপা হয়েছে ২৬ কোটি, হয়তো দেখা যাবে 'হ্যাঁ/না' ভোট পড়েছে ভোটারের চেয়ে বেশি? এবারের নির্বাচনী প্রচারণা ধর্মযুদ্ধের মত, কে কত বড় ধার্মিক তা প্রমানে সবাই সচেষ্ট। ধর্ম ও ভারত-বিদ্বেষ ছাড়া এতে আর কিছু নেই। হুজুররা বেহেস্তের টিকিট বিলি করছে। কার্টুনিস্ট টিপু আলম একটি কার্টুন লিখেছেন, "হুজুর এত টিকিট দিচ্ছেন, বেহেশতের সংখ্যা তো বাড়াতে হবে"। নির্বাচনটি হয়ে গেলে এবারকার পার্লামেন্টটি হবে আফগানিস্তানের মত, দাঁড়ি, টুপি আর হিজাব-র একটি চমৎকার দৃশ্যের অবতারণা করবে। মিডিয়া জানাচ্ছে, মানিকগঞ্জে পাকিস্তানের রিভলবার পাওয়া গেছে। এবার নির্বাচনের মাঠে পাকিস্তান, তুরস্ক, কাতার, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ইইউ, চীন, ভারত আছে, যদিও ভারত কিছুটা কোনঠাসা। এত বিদেশী আগে কখনো দেখা যায়নি। মিডিয়া বলছে, মুম্বাই হামলার আসামিরা এখন ঢাকায়। শুধু সংবাদ নয়, সন্ত্রাসীদের ছবিও ছেপেছে। নির্বাচনের পরে কি হবে বলা মুশকিল, ঝামেলা লাগবে তা বলা যায়। সেনাবাহিনী ক্ষমতা নেয়ার সম্ভবনা নেই, কারণ পেছন থেকে তারাই সবকিছু সামলাচ্ছেন। রাজনীতিবিদদের হাতে কতটা ক্ষমতা আছে, অথবা গণতন্ত্র কতটা সেনামুক্তিক আছে তা চিন্তার বিষয়। মজার ব্যাপার হচ্ছে, নির্বাচনের বাকি আছে আর মাত্র এক সপ্তাহ, এখনো কেউ কেউ ভাবছেন, নির্বাচনটি কি হবে? হ্যাঁ হবে, এবং ড. ইউনুসের ইশারায় 'মেটিক্যুলাস' পদ্ধতিতে হবে। ড. ইউনুস বলেছেন, দেশ জালিয়াতে ভরে গেছে, অথচ লোকে বলছে, তিনিই এক নম্বর জালিয়াত এবং এবারের নির্বাচনটি হবে তার আর একটি মেটিক্যুলাস জালিয়াতি। আওয়ামী লীগ ভোট বয়কটের ডাক দিলেও তা বাস্তবায়নের কোন সুযোগ নেই? ৬ ফেব্রুয়ারি ২০২৬, নিউইয়র্ক।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



KARNAFULLY
TRAVEL INC.

বিশেষ সুবিধা:
মহিলাদের জন্য আলাদা
মহিলা গাইডের
সুব্যবস্থা রয়েছে।

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

ভ্রমণ তারিখ

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NYI
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY CAR & LIMO
SERVICES INC
B02902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR



## আটলান্টিক সিটিতে বিএএসজের পিঠা উৎসব

৩ পৃষ্ঠার পর

সংখ্যক প্রবাসী বাংলাদেশি পিঠার স্বাদ আস্বাদন করতে পিঠা উৎসবে অংশগ্রহণ করে। শাহরিয়ার আহমেদের সঞ্চালনায় পিঠা উৎসবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিএএসজের শীর্ষ নেতৃত্ব।

উৎসবের সার্বিক সহযোগিতায় ছিল জহিরুল ইসলাম সেন্টু, আবু জাহিদ, সিরাজুল ইসলাম, শাহ মাহমুদ, রওশন উদ্দিন, মোঃ মনিরুজ্জামান, আব্দুল জব্বার, সৈয়দ শহীদ, জাকির হোসেন, বেলাল হোসেন, বেলাল উদ্দিন, আবুল হোসেন, আমিন খান, সিরাজুল হক, রফিকুল ইসলাম, আব্দুর রব, জিয়াউর রহমান, রফিক উদ্দিন রুবেল, মাজহার আলী দুলাল প্রমুখ।

বিএএসজের সভাপতি জহিরুল ইসলাম বাবুল ও সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা পিঠা উৎসব সফল করায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

## জামায়াত-এনসিপির হেভিওয়েটদের ভরাডুবি

১ পৃষ্ঠার পর

পরওয়ার ২ হাজার ৭০২ ভোটে হারেন বিএনপির আলী আসগার লবির কাছে। দাঁড়িপাল্লা প্রতীকে তিনি পেয়েছেন ১ লাখ ৪৪ হাজার ৯৫৬ ভোট। আলি আসগার (লবি) ধানের শীষ প্রতীক নিয়ে পেয়েছেন ১ লাখ ৪৭ হাজার ৬৫৮ ভোট। নির্বাচনে তিনি হেভিওয়েট টিকেটদাতা হিসেবে সমালোচিত ছিলেন।

এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম হেরেছেন ১৮ হাজার ১৪০ ভোটে। শাপলাকলি প্রতীকে সারজিস পেয়েছেন ১ লাখ ৬৮ হাজার ৪৯ ভোট। প্রতিদ্বন্দ্বী নওশাদ জমির ধানের শীষ প্রতীকে ১ লাখ ৮৬ হাজার ১৮৯ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হন।

ঢাকা-১৩ আসনে মামুনুল হক ৩৭১২ ভোটে হেরেছেন ববি হাজ্জাজের কাছে। ১১-দল সমর্থিত প্রার্থী রিক্সা প্রতীকে মাওলানা মামুনুল হক পেয়েছেন ৮৬ হাজার ৮৮৯ ভোট। বিএনপির মনোনীত ধানের শীষ প্রতীকের প্রার্থী ববি হাজ্জাজ ৯০ হাজার ৬০১ ভোট পেয়ে বেসরকারিভাবে বিজয়ী হয়েছেন।

সুনামগঞ্জ-২ (দিরাই-শাল্লা) আসনে বিএনপির প্রার্থী মো. নাছির চৌধুরীর কাছে হেরেছেন জামায়াতের আরেক হেভিওয়েট প্রার্থী আইনজীবি ব্যারিস্টার মোহাম্মদ শিশির মনির। দাঁড়ি পাল্লা প্রতীকে তিনি পেয়েছেন ৬৩ হাজার ২২৩ ভোট। ধানের শীষ মো. নাছির চৌধুরী পেয়েছেন ৯৯ হাজার ৫২২ ভোট। নির্বাচনে তিনি 'পূজা ও রোজা একই ওপিঠ' খ্যাতি অর্জন করেন।

কক্সবাজার-২ (মহেশখালী-কুতুবদিয়া) আসনে জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী দলটির সহকারী সেক্রেটারি জেনারেল ড. হামিদুর রহমান আজাদও বড় ব্যবধানে হেরে গেছেন। হামিদুর রহমান আজাদ দাঁড়িপাল্লা প্রতীক নিয়ে পেয়েছেন ৮৯ হাজার ৬৩৪ ভোট। বিজয়ী প্রার্থী ধানের শীষের আলমগীর মোহাম্মদ মাহফুজউল্লাহ ফরিদ ৩৫ হাজার ৬২৮ ভোট পেয়েছেন।

বরিশাল-৩ (মুলাদী-বাবুগঞ্জ) আসনে প্রায় ২১ হাজার ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন আমার বাংলাদেশ (এবি) পার্টির আলোচিত প্রার্থী আসাদুজ্জামান ভূঁইয়া (ব্যারিস্টার ফুয়াদ)। বিএনপির মনোনীত প্রার্থী জয়নাল আবেদীন পেয়েছেন ৭৮ হাজার ১৩১ ভোট। ঈগল প্রতীক নিয়ে নির্বাচন করা ব্যারিস্টার ফুয়াদ পেয়েছেন ৫৭ হাজার ১৪৯ ভোট।

এনসিপির নাসির উদ্দীন পাটোয়ারি ৫ হাজার ভোটে হেরেছেন বিএনপির সিনিয়র নেতা মির্জা আব্বাসের কাছে। তিনি ভার্সি নাসির হিসেবে খ্যাতি পান এই নির্বাচনে।

হেরে গেলেন জামায়াতের সেই কৃষ্ণ নন্দী : খুলনা-১ (দাকোপ-বটিয়াঘাটা) আসনে বিপুল ভোটের ব্যবধানে বিজয়ী হয়েছেন ধানের শীষের প্রার্থী আমীর এজাজ খান। তিনি নিকটতম প্রার্থী জামায়াতের কৃষ্ণ নন্দীর চেয়ে ৫০ হাজার ৪৩৪ ভোট বেশি পেয়েছেন।

ধানের শীষ প্রতীক নিয়ে আমীর এজাজ খান পেয়েছেন ১ লাখ ২০ হাজার ৯২ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াত ইসলামী মনোনীত প্রার্থী কৃষ্ণ নন্দী পেয়েছেন ৬৯ হাজার ৬৫৮ হাজার ভোট।

বৃহস্পতিবার ১২ ফেব্রুয়ারি রাতে এই ফলাফল পাওয়া যায়। এর আগে এদিন সকাল সাড়ে ৭টা থেকে ৪২ হাজার ৭৭৯টি কেন্দ্রে একযোগে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়ে চলে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত। সংসদ নির্বাচনের পাশাপাশি এদিন দেশজুড়ে গণভোটও অনুষ্ঠিত হয়েছে।

এবারের নির্বাচনে সকালের দিকে ভোটার উপস্থিতি কম থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রগুলোতে দীর্ঘ লাইন দেখা যায়। বিশেষ করে তরুণ ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো। নতুন বাংলাদেশ পুনর্গঠনের লক্ষ্যে ভোটাররা উৎসাহ-উদ্দীপনা নিয়ে ব্যালট পেপারের মাধ্যমে তাদের রায় প্রদান করেন।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, ২০০৮ সালে নিবন্ধন প্রক্রিয়া শুরুর পর এবারই রেকর্ডসংখ্যক রাজনৈতিক দল নির্বাচনে অংশ নিয়েছে। বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টিসহ মোট ৫১টি দল এই নির্বাচনী লড়াইয়ে প্রতিদ্বন্দ্বিতা করছে। নির্বাচনে মোট প্রার্থী ২ হাজার ২৯ জন; যার মধ্যে দলীয় প্রার্থী ১ হাজার ৭৫৫ জন এবং স্বতন্ত্র প্রার্থী রয়েছেন ২৭৪ জন। নারী প্রার্থীর সংখ্যা ৮৩ জন। এবারের নির্বাচনে মোট ১১৯টি প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।

## নির্বাচন ছিল 'সুপরিকল্পিত প্রহসন': হাসিনা

১ পৃষ্ঠার পর

তিনি দাবি করেন, জনগণের ভোটাধিকার ও সংবিধানের চেতনাকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে আওয়ামী লীগবিহীন ও ভোটারবিহীন একটি নির্বাচন আয়োজন করা হয়েছে।

তিনি অভিযোগ করেন, ১১ ফেব্রুয়ারি সন্ধ্যার পর থেকেই ভোটকেন্দ্র দখল, গোলাগুলি, ভোট কেনাবেচায় টাকার ছড়াছড়ি, ব্যালট পেপারে সিল প্রদান এবং ফলাফল শিটে এজেন্টদের স্বাক্ষর গ্রহণের মধ্য দিয়ে 'প্রহসনের সূচনা' হয়। ১২ ফেব্রুয়ারি সকাল থেকে সারাদেশের অধিকাংশ ভোটকেন্দ্রে ভোটার উপস্থিতি ছিল একেবারেই নগণ্য বলে দাবি করেন তিনি।

নির্বাচন কমিশনের তথ্য উদ্ধৃত করে শেখ হাসিনা বলেন, সকাল ১১টা পর্যন্ত ভোটগ্রহণের হার ছিল মাত্র ১৪ দশমিক ৯৬ শতাংশ। তার দাবি, ভোটগ্রহণের উৎকর্ষ সময়ে জনগণের এই কম অংশগ্রহণই প্রমাণ করে যে আওয়ামী লীগবিহীন এই নির্বাচন জনগণ বর্জন ও প্রত্যাখ্যান করেছে।

বিবৃতিতে আরও অভিযোগ করা হয়, বিগত কয়েক দিন ধরে আওয়ামী লীগের ভোটার, সমর্থক-শুভানুধ্যায়ী ও সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর লাগাতার হামলা, গ্রেপ্তার ও ভয়ভীতি প্রদর্শন করা হয়েছে। তবুও সকল ভয়ভীতি উপেক্ষা করে তারা এই প্রতারণামূলক নির্বাচন বর্জন ও প্রত্যাখ্যান করেছে।

তিনি অবিলম্বে এই নির্বাচন বাতিল, অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের

পদত্যাগ, সকল রাজবন্দির মুক্তি, আওয়ামী লীগের ওপর আরোপিত স্থগিতাদেশ প্রত্যাহার এবং নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবি জানান।

## তারেক রহমানকে যুক্তরাষ্ট্রের শুভেচ্ছা

১ পৃষ্ঠার পর

বিবৃতিতে বলা হয়েছে। গতকাল ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের ভেরিফাইড ফেসবুক পেইজে এ অভিনন্দন জানিয়ে বলা হয়েছে: 'একটি সফল নির্বাচনের আয়োজনের জন্য বাংলাদেশের জনগণকে অভিনন্দন। বিএনপি এবং তারেক রহমানকে তাদের ঐতিহাসিক বিজয়ের শুভেচ্ছা। আমাদের দুই দেশের সমৃদ্ধি ও নিরাপত্তার অভিন্ন লক্ষ্য বাস্তবায়নের আপনাদের সাথে কাজ করার জন্য যুক্তরাষ্ট্র আগ্রহী'।

## নির্বাচন সুষ্ঠু হওয়ায় ইউনূসের কৃতজ্ঞতা

১ পৃষ্ঠার পর

সম্পন্ন হওয়ায় সমগ্র জাতিকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানিয়েছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস।

১২ ফেব্রুয়ারি নির্বাচনে ভোটগ্রহণ শেষে তিনি বলেন, ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, রাজনৈতিক দলসমূহের দায়িত্বশীল আচরণ, প্রার্থীদের সংযম ও নির্বাচন সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের পেশাদারিত্ব- এই সম্মিলিত প্রচেষ্টাই প্রমাণ করেছে যে, গণতন্ত্রের প্রতি আমাদের অঙ্গীকার অটুট। জনগণ তাদের সাংবিধানিক অধিকার প্রয়োগের মাধ্যমে দেশের ভবিষ্যৎ নির্ধারণে সক্রিয় ভূমিকা রেখেছেন।

তিনি বলেন, আমি নির্বাচন কমিশন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন, পর্যবেক্ষক দল, গণমাধ্যমকর্মী এবং ভোটগ্রহণে সম্পৃক্ত সব কর্মকর্তা-কর্মচারীর প্রতি বিশেষ ধন্যবাদ জানাই। তাদের নিষ্ঠা ও পরিশ্রমের ফলেই এই বিশাল গণতান্ত্রিক আয়োজন সফলভাবে সম্পন্ন হয়েছে।

প্রধান উপদেষ্টা বলেন, আমি রাজনৈতিক দল ও প্রার্থীদের প্রতি আহ্বান জানাই- চূড়ান্ত ফলাফল ঘোষণার পরও যেন গণতান্ত্রিক শালীনতা, সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ অটুট থাকে। মতের ভিন্নতা থাকবে, কিন্তু জাতীয় স্বার্থে আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে।

তিনি বলেন, বাংলাদেশ আবারো প্রমাণ করেছে জনগণই সব ক্ষমতার উৎস। আমরা সম্মিলিতভাবে একটি জবাবদিহিমূলক, অন্তর্ভুক্তিমূলক ও ন্যায়ভিত্তিক রাষ্ট্র গঠনে এগিয়ে যাবো। ড. মুহাম্মদ ইউনূস বলেন, এই নির্বাচন আমাদের জন্য মহা আনন্দের ও উৎসবের। এর মধ্যদিয়ে নতুন বাংলাদেশের এক গুরুত্বপূর্ণ যাত্রা শুরু হলো। এই নির্বাচন দেশের ইতিহাসে সবচেয়ে শান্তিপূর্ণ ও উৎসবমুখর ছিল। এই ধারা ধরে রাখা সম্ভব হলে আমাদের গণতন্ত্র উৎকর্ষের শিখরে যাবে। আসুন, গণতন্ত্রকে শক্তিশালী করার এই অভিযাত্রায় আমরা একসঙ্গে কাজ করি।


শুভেচ্ছা !

অভিনন্দন !!

ত্রয়োদশ বাংলাদেশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের বিপুল বিজয় ছিনিয়ে আনার জন্য যে সমস্ত নেতা কর্মী ও সাধারণ জনগণ অত্যন্ত পরিশ্রম ও তাদের মূল্যবান ভোট প্রদান করে বিজয় ছিনিয়ে এনেছেন তাদের সকলকে জানাচ্ছি আমার

প্রানঢালা অভিনন্দন ও শুভেচ্ছা



মোঃ নাসির উদ্দিন

নিউ ইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপি"র সাবেক যুগ্ম আহবায়ক

সাবেক সহসভাপতি ময়মনসিংহ শহর ছাত্রদল

সিনিয়র সহসভাপতি জাতীয়তাবাদী ফোরাম যুক্তরাষ্ট্র ইনক

সাবেক যুগ্ম সদস্য সচিব স্বাধীনতা সুবর্ণ জয়ন্তী কমিটি যুক্তরাষ্ট্র

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.c

AGE
ARE

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো

7852
96 Text: 646-591-8396
denagehomecare.com



Design by: ihopeprint.com, 929-538-7903

স্কুল আছে

FFICE
e Ave
432
820
115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com




# জাকির চৌধুরীর ফান্ডরেজিং ডিনার অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর
নির্বাচনে জাকির চৌধুরীকে নির্বাচিত করার আহ্বান জানান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কমিউনিটি এক্টিভিস্ট আব্দুল ওয়াহিদ চৌধুরী জাকি, মোহাম্মদ এল মজুমদার, আব্দুল শহীদ, মেরী জোবাইদা, আবু তাহের, আলমান আলী, নজরুল হক, সাখাওয়াত আলী, জামাল হুসেন, ইমরান শাহ রন, সাইদুর রহমান লিংকন, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, এডভোকেট রেজোয়ানা রাজ্জাক লেতু, হাসান আলী, মাওলানা আজির উদ্দিন, এটর্নী আশার বক্স, খলিলুর রহমান, আব্দুল হালিম হাসনু, রিয়াজ উদ্দিন কামরান, জুনায়েদ চৌধুরী, মাহবুব আলম, জামিল আনসারী, হাসান আলী, সৈয়দ শারফিন মোর্শেদ, ড. ইমাম জাকির, এ ইসলাম মামুন, মোহাম্মদ আলী, এমডি আলাউদ্দিন, মেহের চৌধুরী, ফিরোজ ইসলাম, মখন মিয়া, মোজাফফর হোসেন, আক্তারুজ্জামান হ্যাপি, সুমন, সোনার বলাই, সারোয়ার চৌধুরী, সালমা সুমী, ফাহমিদা চৌধুরী, তুষার, রোকন, অনিক হাসান, ইমাম হাসান, আদনান, মাসুম, মামুন, চৌধুরী তানিম সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি বর্গ।

জাকির চৌধুরী সিপিএ আসন্ন নির্বাচনে বাংলাদেশী কমিউনিটির সার্বিক সহযোগিতা কামনা করে বলেন, বাংলাদেশী কমিউনিটিকে সেবা প্রদানের লক্ষ্যেই নিউইয়র্ক স্টেটে আসন্ন ডেমোক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার সিদ্ধান্ত নিয়েছি। নির্বাচিত হলে কমিউনিটির অধিকার রক্ষা সহ বিভিন্ন সমস্যা সমাধানে আন্তরিক ভূমিকা রাখবো।

এ সময় নির্বাচিত হলে ডিস্ট্রিক্ট ৮৭ কে আরও সাশ্রয়ী করে তোলার প্রতিশ্রুতি দিয়ে তিনি বলেন, বাজারে প্রতিযোগিতা বাড়ানো ও কার্যকর নীতির মাধ্যমে সাধারণ মানুষের ওপর চাপ কমানো হবে। মানুষ এখন গাড়ি পার্ক করলেও নিরাপত্তা নিয়ে দুশ্চিন্তায় থাকে। রাতে কাজ শেষে বাড়ি ফিরলে সন্তান নিরাপদে আছে কি-না ভয় কাজ করে। নির্বাচিত হলে কমিউনিটির অধিকার রক্ষাসহ বিরাজমান সমস্যা সমাধানে আন্তরিক ভূমিকা রাখবো। বলেন, একজন প্রবাসী হিসেবে এমন সব কাজের দৃষ্টান্ত স্থাপন করে যেতে চাই যাতে প্রবাসীদের মুখ আরো উজ্জ্বল হয়।

সমাবেশে বক্তারা আসন্ন নির্বাচনে জাকির চৌধুরীকে নিউইয়র্ক স্টেটের প্রথম বাংলাদেশী-আমেরিকান এসেম্বলিম্যান হিসেবে নির্বাচিত করে বাংলাদেশী কমিউনিটির অধিকার আদায়ের পথ সুগম করার আহ্বান জানান। তারা বলেন, নির্বাচনে কমিউনিটির সকলে ঐক্যবদ্ধভাবে কাজ করলেই সেটা সম্ভব।

২০২৬ সালের ২৩ জুন মঙ্গলবার নিউইয়র্ক স্টেটে ডেমোক্র্যাটিক দলীয় প্রাইমারী নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।




























# নিউইয়ার্ক মহানগর উত্তর বিএনপির
## বর্তমান ভারপ্রাপ্ত সভাপতি ও সাধারন সম্পাদক

নিউইয়ার্ক মহানগর (উত্তর) বিএনপির সুপ্রিয় ভাই ও বোনেরা, অত্র কমিটির সম্মানিত সভাপতি ও সাধারন সম্পাদক বর্তমান আমেরিকায় অবস্থান না করায় ভারপ্রাপ্ত সভাপতি ও সাধারন সম্পাদকের দায়িত্ব পালন করছেন **মো: আব্দুর রহিম এবং আনোয়ার জাহিদ।**



**মো: আব্দুর রহিম**
ভারপ্রাপ্ত সভাপতি

**আনোয়ার জাহিদ**
সাধারন সম্পাদক



**নিউইয়ার্ক মহানগর উত্তর বিএনপি, যুক্তরাষ্ট্র।**



**HAVEN POINT**
HOME CARE INC.
*A Home Health Care Consultant*

## PCA HOME CARE SERVICE
আমরা সর্বোচ্চ রেট পেতে সহযোগিতা করছি

আপনি কি
PCA HOME CARE
সেবা নিতে চান?

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদানে সহায়তাসহ হোম কেয়ার সংক্রান্ত সকল প্রকার সহযোগিতা করে থাকি।

ডে কেয়ারের
সেবা নিলে পাচ্ছেন
সর্বোচ্চ সুযোগ সুবিধা

আমাদের সাথে যোগাযোগ করুন:
470 447 8625
917 519 1151

ডে কেয়ার ও হোম কেয়ার সেবা নিতে আজই যোগাযোগ করুন

1088 Liberty Ave. Brooklyn, NY 11208

# নির্বাচন ও ব্যালটে হাদীর প্রভাব: রাজনীতি কোন পথে?

৬ পৃষ্ঠার পর

করতেন, তা দেশের আপামর মানুষের মধ্যে গভীর সাড়া ফেলেছিল। রাষ্ট্রবিজ্ঞানের দৃষ্টিতে, এটি ছিল 'প্রতিনিধিত্বের শূন্যতা' পূরণে আলোবাসাতাড়িত প্রত্যয়নির্ভর এক অনানুষ্ঠানিক প্রয়াস যেখানে নাগরিকরা নিজেদের কথা শোনার মতো এক বিশ্বাসযোগ্য মুখ খুঁজে পেয়েছিল।

দেশের প্রান্তের অঞ্চল থেকে রাজধানীতে অভিবাসিত হাদীর সামাজিক পরিচয়ও তাঁর গ্রহণযোগ্যতা বাড়িয়েছে। অর্থনৈতিক শ্রেণিবিভাজনের বিচারে তিনি ছিলেন এক মধ্যবিত্ত পরিবারের সন্তান; শিক্ষাজীবনে মাদ্রাসা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সমন্বয় তাঁর দৃষ্টিভঙ্গিকে দিয়েছে একাধিক আর্থ-সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক জগতের অন্তর্দৃষ্টি। এই বহুমাত্রিক অভিজ্ঞতার কারণে তিনি অনায়াসভাবে নিজেকে প্রান্তিক জনগোষ্ঠীর ভাষায় প্রকাশ করতে পেরেছিলেন। আবার শিক্ষক হিসেবে নিজেকে সুপ্রতিষ্ঠিত করার মধ্য দিয়ে শিক্ষিত মধ্যবিত্তের যুক্তিবুদ্ধিক উদ্বেগও স্পষ্টভাবে তুলে ধরতে সক্ষম হয়েছিলেন। ফলে লাখো মানুষের কাছে তাঁর বক্তব্য 'বাইরের কারও' নয়, বরং একেবারে 'আপনজনের' কণ্ঠস্বর হিসেবে প্রতীয়মান হয়েছিল। রাজনৈতিক মনোবিজ্ঞানের ভাষায় সেটি এক ধরনের আবেগগত বিশ্বাসযোগ্যতা (অ্যাফেক্টিভ ক্রেডিবিলিটি) তৈরি করে। সে কারণে রাজনৈতিক জ্ঞান, প্রজ্ঞা ও কৌশলের দিক থেকেও হাদী ছিলেন ব্যতিক্রমী। তিনি সচেতনভাবেই কোনো প্রতিষ্ঠিত বড় রাজনৈতিক দলের ছায়ায় অবস্থান নেননি। বরং গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমকে ব্যবহার করে সমাজের সাংস্কৃতিক ও রাজনৈতিক ক্ষমতাবলয়ের বিরুদ্ধে সরাসরি অবস্থান নিয়েছেন। এতে একদিকে তিনি প্রথাগত প্রাতিষ্ঠানিক রাজনীতির নিয়ন্ত্রণ এড়িয়ে যেতে পেরেছেন, অন্যদিকে জনগণের সঙ্গে তাঁর যোগাযোগ প্রতিষ্ঠিত হয় তুলনামূলকভাবে স্বচ্ছ ও মধ্যস্থতাহীনভাবে। ২০২৪ সালের অভ্যুত্থানের পর তাঁর ভূমিকা সবচেয়ে স্পষ্ট হয়ে ওঠে তখনই, যখন তিনি আওয়ামী লীগের সাংস্কৃতিক ও সামাজিক প্রভাব পুনঃপ্রতিষ্ঠার প্রচেষ্টাকে মোকাবিলা করার জন্য নানা পন্থা, প্রক্রিয়া ও কর্মকাণ্ড উদ্ভাবন ও প্রয়োগে সক্রিয় হন। এটি ছিল কেবল রাজনৈতিক বিরোধিতা নয়; বরং দীর্ঘদিন ধরে গড়ে ওঠা একটি রাষ্ট্রীয় সাংস্কৃতিক বলয়কে প্রশ্নবিদ্ধ করার সচেতন প্রয়াস।

লক্ষণীয় যে, হাদীর বার্তা ছিল ভাষায় সহজ ও সরল, কিন্তু অধিকার ও ন্যায্যতার প্রশ্নে জমে থাকা ক্ষোভের প্রতিফলনে তা কখনো কখনো রুক্ষ ও আক্রমণাত্মক হয়ে উঠেছে। এই রুক্ষতা ব্যক্তিগত আক্রোশের ফল নয়; বরং তা ছিল দীর্ঘদিনের রাষ্ট্রীয় সাংস্কৃতিক মনোবৃত্তির বিপরীতে দাঁড়িয়ে সাধারণ মানুষের অন্তর্নিহিত ক্ষোভের ভাষাগত প্রকাশ। সাহিত্য ও রাজনৈতিক তত্ত্বের আলোকে বলা যায়, হাদীর বক্তব্য সেই মুহূর্তে এক ধরনের 'কথা প্রতিরোধ'-এ রূপ নেয় যেখানে শব্দই হয়ে ওঠে ক্ষমতার বিরুদ্ধে প্রতিবাদের হাতিয়ার। তাই তাঁকে দৃপ্ত কণ্ঠে বলতে শোনা গিয়েছে, 'জালেমের বিরুদ্ধে মজলুমের গালিই হচ্ছে মহাকাব্য'। এই কারণেই তিনি কেবল একজন বক্তা বা আন্দোলনকর্মী নন; বরং সময়ের রাজনৈতিক আবেগকে ধারণ করা এক প্রতীকী চরিত্রে পরিণত হন। হাদীর রাজনৈতিক ও সাংস্কৃতিক কার্যক্রমকে নিছক প্রতিবাদী রাজনীতির মধ্যে সীমাবদ্ধ করলে তাঁর ভূমিকার মৌলিক দিকটি আড়াল হয়ে যায়। প্রকৃতপক্ষে এটি ছিল দায় ও দরদের সমাজ গঠনে নতুন রাজনৈতিক বন্দোবস্তের জন্য নেতৃত্ব নির্মাণ এবং একই সঙ্গে গণমুখী এক বিকল্প সাংস্কৃতিক বলয় পুনঃপ্রতিষ্ঠার সচেতন প্রয়াস। তিনি 'ইনকিলাব মঞ্চ' প্রতিষ্ঠা করেন এমন একটি পরিসর হিসেবে, যেখানে মানুষের যাপিত জীবনের অভিজ্ঞতা, নৈতিকতা ও মূল্যবোধকে কেন্দ্র করে বিকল্প সাংস্কৃতিক চর্চার পক্ষে মত, পথ ও পরিবেশ তৈরি করা হয়। এই উদ্যোগের লক্ষ্য ছিল সংস্কৃতিকে ক্ষমতার আনুগত্যিক অনুষঙ্গ হিসেবে নয়, বরং নাগরিক জীবনের অন্তর্গত অধিকার হিসেবে পুনরায় সংজ্ঞায়িত করা।

ওসমান হাদীর দৃষ্টিতে, দীর্ঘদিন ধরে ক্ষমতাকেন্দ্রিক ও স্বৈরতান্ত্রিক নীতিগত প্রভাব সাধারণ মানুষের সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক অন্তর্নিহিত চাহিদাকে বিকৃত এবং দমন করে রেখেছে। 'ইনকিলাব মঞ্চ'-এর মাধ্যমে তিনি সেই চাহিদাকে মুক্ত করার চেষ্টা করেন যাতে মানুষ নিজের ভাষা, মূল্যবোধ ও সৃজনশীলতাকে রাষ্ট্রীয় অনুমোদনের অপেক্ষা ছাড়াই প্রকাশ করতে পারে। সাংস্কৃতিক তত্ত্বের ভাষায়, এটি ছিল 'হেজেমনি' ভাঙার এক প্রায়োগিক প্রয়াস, যেখানে সংস্কৃতি ক্ষমতার হাতিয়ার না, হয়ে ওঠে প্রতিরোধ ও আত্মমর্যাদার মাধ্যম। তবে স্বার্থের হলি খেলায় মত্ত প্রথাগত রাজনৈতিক ধারার বিপরীতে তাঁর এই পথচলা সহজ ছিল না। সহযোদ্ধাদের রাজনৈতিক অপরিপক্বতা, অদূরদর্শিতা এবং কারো কারো ক্ষেত্রে নৈতিক ও কৌশলগত পথভ্রষ্টতা হাদীকে গভীরভাবে ব্যথিত করে। অনেকটা বাধ্য হয়েই তিনি বিকল্প পথ খুঁজতে থাকেন। এই অভিজ্ঞতা থেকেই তিনি উপলব্ধি করেন যে কেবল আন্দোলন বা সাংস্কৃতিক পরিসরে সীমাবদ্ধ থাকলে কাঙ্ক্ষিত পরিবর্তন টেকসই হয় না। ফলে ২০২৪ সালের জুলাই অভ্যুত্থানের পর তিনি মূলধারার রাজনীতিতে বিকল্প পথের সক্রিয় উপস্থাপনের জন্য সংসদ সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণের সিদ্ধান্ত নেন। এটি ছিল ব্যক্তিগত উচ্চাকাঙ্ক্ষার ফল নয়; বরং গণমুখী আন্দোলনের অর্জনকে প্রাতিষ্ঠানিক কাঠামোর সঙ্গে যুক্ত করার এক বাস্তববাদী প্রয়াস।

নির্বাচনে অংশগ্রহণের মাধ্যমে হাদী রাজনৈতিক ক্ষমতার প্রশ্নকে সাংস্কৃতিক অধিকারের সঙ্গে সংযুক্ত করার চেষ্টা করেন। তাঁর কাছে নির্বাচন ছিল কেবল বিজয় বা পরাজয়ের হিসাব নয়; বরং এটি ছিল প্রতীকী উপস্থিতি তথা সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক পরিমণ্ডলে আলোড়ন সৃষ্টি করে একটি গণমুখী দায় ও দরদের নতুন বন্দোবস্তের দৃষ্টান্ত স্থাপনের মাধ্যম। রাষ্ট্রবিজ্ঞানের দৃষ্টিতে, এটি ছিল 'প্রতীকী রাজনীতি'র এক সচেতন প্রয়োগ যেখানে নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণই হয়ে ওঠে বিদ্যমান ক্ষমতাকাঠামোকে প্রশ্ন করা ও ভেঙে দেওয়ার ক্ষেত্র। এই দৃষ্টিভঙ্গির প্রতিফলন তাঁর নির্বাচনী প্রচারণাতেও স্পষ্ট ছিল। প্রচলিত বিলবোর্ড, লিফলেট, বড় মোটরকেড বা ব্যয়বহুল প্রদর্শনীর বদলে তিনি বেছে নেন সাধারণ মানুষের জীবনযাত্রানির্ভর মৌলিক ও স্বল্পব্যয়নির্ভর কৌশল, ব্যক্তিগত যোগাযোগ এবং সামাজিক যোগাযোগমাধ্যমের সমন্বয়। তিনি নির্দিষ্ট সময় বা স্থানের গণ্ডিতে নিজেকে আবদ্ধ না রেখে জনগণের সঙ্গে সরাসরি সংযোগ স্থাপন করেন। এই পদ্ধতি কেবল অর্থনৈতিক সীমাবদ্ধতার ফল নয়; বরং এটি ছিল তাঁর রাজনীতির দর্শনেরই প্রতিফলন যেখানে রাজনীতি মঞ্চকেন্দ্রিক নয়, বরং মানুষের দৈনন্দিন জীবনের ভেতরেই অবস্থান করে।

ওসমান হাদীর জনপ্রিয়তার কেন্দ্রবিন্দুতে ছিল তাঁর সততা, সত্যনিষ্ঠা ও নির্ভীকতার মত সদ্গুণাবলি যা বাংলাদেশের রাজনীতিতে যারা রাজন খোয়াব তাদের মাঝে দীর্ঘদিন ধরেই দুর্লভ। তিনি নিজেকে কেবল দুর্নীতিবিহীন ব্যক্তি হিসেবে দাবি করেননি; বরং এক স্বচ্ছ রাজনৈতিক চরিত্রের প্রতীক হিসেবে উপস্থাপন করেছিলেন, যার জীবনাচরণ ও রাজনৈতিক ভাষার মধ্যে কোনো দৃশ্যমান ফাঁক ছিল না। ক্ষমতা ও সুবিধার সঙ্গে আপস না করার এই ধারাবাহিকতা জনমনে তাঁর বিশ্বাসযোগ্যতাকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়। রাজনৈতিক সমাজবিজ্ঞানের ভাষায়, এটি ছিল 'নৈতিক পুঁজি' (মোরাল ক্যাপিটাল) যা অর্থ বা সংগঠনের শক্তি ছাড়াও একজন ব্যক্তিকে জনকেন্দ্রিক নেতৃত্বে রূপান্তরিত করতে সক্ষম। দীর্ঘকাল ক্ষমতায় থাকা সরকারি ও রাজনৈতিক ধারার বিপরীতে- যাকে জনমনে দুর্নীতির প্রতীক হিসেবেই দেখা হতো- হাদী সচেতনভাবেই নিজেকে দাঁড় করিয়েছিলেন প্রচলিত প্রথা-পদ্ধতি ও সুবিধাবাদের বিরুদ্ধে। এই অবস্থান তাঁকে কেবল একজন ভিন্নমতাবলম্বী নয়, বরং 'সাহসের প্রতীক' হিসেবে প্রতিষ্ঠিত করে। তাঁর নির্ভীক উচ্চারণ, প্রভাবশালী গোষ্ঠীর সমালোচনায় আপসহীনতা এবং ঝুঁকি জেনেও ন্যায়ের পক্ষে অবস্থান নেওয়া সাধারণ মানুষের দীর্ঘদিনের চাপা ক্ষোভকে ভাষা দেয়। ফলে জনমনে তিনি হয়ে উঠেছিলেন এক দৃঢ় ও আত্মত্যাগী রাজনৈতিক চরিত্র যার কণ্ঠে মানুষ নিজের ভেতরের কথাগুলো খুঁজে পেয়েছিল।

এই কারণেই শহীদ হওয়ার পরও হাদীর রাজনীতির ময়দানে স্বল্পকালীন সক্রিয় উপস্থিতির প্রভাব কর্পূরের মত উবে যায়নি। সাধারণত রাজনীতিতে ব্যক্তিনির্ভর আবির্ভাব দ্রুত মিলিয়ে যায়, কিন্তু হাদীর ক্ষেত্রে আমরা উল্টো চিত্রটি স্পষ্ট দেখতে পাই। ধূমকেতুর মত আবির্ভাব জনমনে তাঁর ধারণা, সাহসী কণ্ঠস্বর এবং অসমাপ্ত প্রচেষ্টা এক ধরনের স্থায়ী মানসিক ছাপ রেখে গেছে। মনোবিজ্ঞানের দৃষ্টিতে, এটি এক 'অপূর্ণ কাজের প্রভাব' (আনফিনিশড বিজনেস অ্যাফেক্ট) যেখানে অসমাপ্ত লড়াই মানুষকে বারবার স্মরণ করিয়ে দেয় যে ন্যায়বিচারের প্রশ্নটি এখনো মীমাংসিত হয়নি। সাংস্কৃতিক কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠার আহ্বান, দুর্নীতির বিরুদ্ধে আপসহীন অবস্থান, এবং প্রাতিষ্ঠানিক বা রাজনৈতিক অনুমতির অপেক্ষা না করে সত্য উচ্চারণের বার্তা এখনো মানুষের মনোজগতে গভীরভাবে সংরক্ষিত। এগুলো কেবল স্মৃতির অংশ নয়; বরং সামাজিক আচরণ ও রাজনৈতিক প্রত্যাশাকে প্রভাবিত করার মতো শক্তিশালী ধারণায় পরিণত হয়েছে। এখানেই বাংলাদেশের চলমান ইতিহাসে ওসমান হাদীর রাজনৈতিক ও সামাজিক স্থায়িত্বের মূল ব্যাখ্যা নিহিত। তিনি ব্যক্তি হিসেবে আজ আমাদের মাঝে অনুপস্থিত হলেও তাঁর নৈতিক অবস্থান ও রাজনৈতিক প্রতীকত্ব জনমনে এখনো সক্রিয় ও প্রাসঙ্গিক।

আসন্ন গণভোট ও সংসদ নির্বাচনে হাদীর প্রভাব কেবল তাঁর ব্যক্তিগত জনপ্রিয়তার পরিসরে আবদ্ধ থাকবে এমনটি ভাবার কারণ নেই। হাদীর শাহাদাত বরণের পর থেকে সমাজের নানা শ্রেণির মানুষ তাঁর জন্য ব্যথিত এবং তাঁর খুনের বিচারের দাবিতে উচ্চকিত। সাধারণ মানুষের মনে তিনি প্রবলভাবে দাগ কেটেছেন। ফলে তাঁর স্বল্পকালীন সরব উপস্থিতির এই প্রভাব বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতিতে এক নতুন ধরনের প্রতিশ্রুতি ও প্রত্যাশা নির্মাণ করছে, যেখানে নেতৃত্ব মানে কেবল ক্ষমতায় পৌঁছানোর কৌশল নয়; বরং দুর্নীতিহীনতা, সাহসিকতা এবং জনগণের সঙ্গে নিবিড় ও স্বচ্ছ সংযোগের নৈতিক দায়বদ্ধতা। এই মানদণ্ডটি ইতোমধ্যে জনমানসে প্রোথিত হতে শুরু করেছে, যা প্রচলিত রাজনৈতিক আচরণকে নতুন করে প্রশ্নের মুখে ফেলছে। এই অর্থে 'হাদীর প্রভাব' (হাদী ইফেক্ট) আসন্ন নির্বাচনে ব্যালটের ফলাফল ও ভবিষ্যৎ রাজনীতির গতিপথ- উভয়কেই বিশেষভাবে প্রভাবিত করতে পারে। কারণ এটি বাংলাদেশের রাজনীতিকে শুধু সংখ্যার হিসাব বা ভোটের খেলায় সীমাবদ্ধ রাখেনি; বরং সামাজিক ও সাংস্কৃতিক পুনর্গঠনের বৃহত্তর প্রক্রিয়ার সঙ্গে যুক্ত করেছে। রাষ্ট্রবিজ্ঞানের আলোকে বলা যায়, এখানে নির্বাচন একটি প্রাতিষ্ঠানিক প্রক্রিয়ার পাশাপাশি এক ধরনের নৈতিক দায়ের রূপ নিচ্ছে যেখানে জনগণ শুধু ভোটার বা ভোট প্রার্থী নয়, তারা রাজনীতির গতিপ্রকৃতিও বেছে নেওয়ার সুযোগ খুঁজছে।

ওসমান হাদীর শাহাদাত বরণ, তাঁর অসমাপ্ত রাজনৈতিক ও সাংস্কৃতিক উদ্যোগ, এবং জনমনে সঞ্চিত ক্ষোভের আবেগ ও বিচারপ্রক্রিয়ার দীর্ঘসূত্রিতা থেকে জন্ম নেওয়া ক্রোধ- সব মিলিয়ে তাঁকে এক অনির্বাচিত অথচ অত্যন্ত প্রভাবশালী রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণের শক্তিতে রূপান্তরিত করেছে। তিনি এখন আর কেবল একজন ব্যক্তি নন; বরং ন্যায়ের পক্ষে ও অন্যায়ের বিপক্ষে এক ধরনের প্রতীকী মানদণ্ড, যার সঙ্গে বর্তমান রাজনৈতিক ব্যক্তিত্ব এবং ভবিষ্যৎ রাজনীতির গতিপ্রকৃতিকে তুলনা করা হচ্ছে। সাহিত্য ও রাজনৈতিক দর্শনের ভাষায়, এই অবস্থান তাঁকে 'উত্তরাধিকারহীন নেতা' থেকে এক 'চিরবর্তমান ধারণা'য় উন্নীত করেছে যা বাস্তবে উপস্থিত না থেকেও চলমান সিদ্ধান্ত ও আচরণকে প্রভাবিত করে। এই প্রেক্ষাপটে আসন্ন নির্বাচন নিছক একটি রাজনৈতিক মাইলফলক নয়। এটি হাদীর গণমানুষের জন্য কাঙ্ক্ষিত 'ইনসাফের রাষ্ট্র', ন্যায়ভিত্তিক অধিকারের প্রশ্নে 'আযাদী'র ধারণা এবং তাঁর ঘোষিত 'ইনকিলাব'-এর আদর্শ কতটা জনসমর্থন অর্জন করেছে তার একটি বাস্তব পরীক্ষা ক্ষেত্রও বটে। অনেক পর্যবেক্ষকের মতে, জনগণ এখনো তাঁর অসমাপ্ত স্বপ্নকে নিজেদের আবেগ, নৈতিক অবস্থান ও ভোটের মাধ্যমে বাস্তব রূপ দিতে আগ্রহী। তবে এই আকাঙ্ক্ষা কতটা সংগঠিত ও ফলপ্রসূ হবে, তা সময়ই বলে দেবে। সবশেষে বলা যায়, আসন্ন নির্বাচনে জনতার রায় কোনদিকে যাবে তা এখনই নিশ্চিত করে বলা সম্ভব নয়। সরব প্রতিবাদের বিপরীতে নীরব ব্যালট বিপ্লবও ঘটে যেতে পারে। কিন্তু এটুকু স্পষ্ট যে, হাদীর উত্থান ও শাহাদাত বরণ বাংলাদেশের রাজনৈতিক কল্পনা ও প্রত্যাশার জগতে এমন এক ঢেউ তৈরি করেছে, যার অভিঘাত নির্বাচনের ফলাফলের বাইরেও দীর্ঘদিন অনুভূত হতে পারে। এই নির্বাচন তাই শুধু ক্ষমতা বদলের প্রশ্ন নয়; এটি বাংলাদেশের রাজনীতি কোন মূল্যবোধ ধারণ করবে এবং কোন ভবিষ্যতের পথে এগোবে তারও এক গুরুত্বপূর্ণ রায় হিসেবে বিবেচিত হবে।

লেখক: ড. মাহরুফ চৌধুরী, ভিজিটিং ফ্যাকাল্টি, ইউনিভার্সিটি অব রোহ্যাম্পটন, যুক্তরাজ্য।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)







MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## ভোটে না থেকেও যেভাবে 'ভোটে' থাকলো আ.লীগ

৫ পৃষ্ঠার পর

তাদের যেসব সমর্থক আছেন, তাঁদের বিপদে ফেলে গেছে। আমরা সেই বিপদে তাঁদের পাশে দাঁড়িয়েছি।' জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের কুমিল্লার চৌদ্দগ্রামে ঘোষণা দিয়েছেন, আওয়ামী লীগের নেতা-কর্মীদের হয়রানি করা হবে না। গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর তাঁর নির্বাচনী এলাকায় বলেছেন, 'আওয়ামী লীগের দায়িত্ব আমি নিলাম। আপনাদের একজনেরও বিন্দুমাত্র ক্ষতি হবে না।'

১৯৯১ সালের পর যে কটি নির্বাচন হয়েছে, ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি ছাড়া সব কটিতে অংশ নিয়েছে আওয়ামী লীগ। কোনোটিতে তারা জয়ী হয়ে সরকার গঠন করেছে। কোনোটিতে বিরোধী দলে বসেছে। তিনটি বিতর্কিত নির্বাচন করেছে তারা। এসব নির্বাচনে আওয়ামী লীগ সর্বনিম্ন ৩০ শতাংশ ও সর্বোচ্চ ৪৭ শতাংশ পর্যন্ত ভোট পেয়েছে।

একটানা ১৫ বছরের শাসন ও তিনটি প্রহসনমূলক নির্বাচনের কারণে আওয়ামী লীগের জনপ্রিয়তা কমেছে সত্য। কিন্তু ভূমিধস হয়নি। আওয়ামী লীগের জনসমর্থন যদি সর্বনিম্ন স্তরেও এসে থাকে, তারপরও তারা নির্বাচনের ফলাফলকে ব্যাপকভাবে প্রভাবিত করার ক্ষমতা রাখে। আওয়ামী লীগের কর্মী-সমর্থকদের অর্ধেক ভোটারও যদি কেন্দ্রে উপস্থিত থাকেন, তাঁরা যে দল ও প্রার্থীর জয়-পরাজয়ে মুখ্য ভূমিকা রেখেছেন, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। নির্বাচনের ভোট বিশ্লেষণের অপেক্ষায় সবাই।

লেখক: সোহরাব হাসান সাংবাদিক ও কবি।

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## ফুসফুসের দীর্ঘমেয়াদি রোগ সিওপিডি

২০ পৃষ্ঠার পর

ও সংবেদনশীল হয়ে ব্যাপকভাবে স্পন্দনশীল হয়ে ওঠে। এ ধরনের ঘটনা ফুসফুসের প্রান্তিক পর্যায়েও ঘটে। যখন এই ঘটনার কারণে ফুসফুসে শব্দ হয় তখন সেটিকে অ্যাজমা বা ব্রংকিয়োলাইটিস বলে। অ্যাজমার অসংখ্য কারণ রয়েছে, তার মধ্যে জেনেটিক কারণ ছাড়া উষ্ণতাপ, নিম্নতাপ, বাতাসের আর্দ্রতা, ভাসমান ক্ষুদ্র কণা, মানুষ ও পশুর চামড়া থেকে বেঁচে থাকা মাইটের মলসহ মোল্ড, ফাংগাস ও অসংখ্য উদ্দীপক অ্যাজমা ও সিওপিডির কারণ হয়ে কাজ করে।

১৩ হাজার ৪০০ রোগীর ওপর পরিচালিত লেখকের অ্যাজমাসংক্রান্ত গবেষণানির্ভর গ্রন্থ 'অ্যালার্জি অ্যাজমা সাম্প্রতিক গবেষণা ও চিকিৎসা'য় অসংখ্য উদ্দীপকের কথা উঠে এসেছে। এ ক্ষেত্রে সিওপিডির কারণ হিসেবে এমফাইসেমা ও ক্রনিক ব্রংকাইটিস আলোচিত হয়েছে। এ কারণে ফুসফুস বাতাসের অক্সিজেন সংগ্রহ করে পরিসঞ্চালন করতে ব্যর্থ হয়ে রক্তে অক্সিজেন কমিয়ে দেয় এবং রক্তে বিদ্যমান কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধি পায়। এতে হৃৎপিণ্ড, মস্তিষ্ক ও শরীরের কোষ তুলনামূলকভাবে অক্সিজেনশূন্য হয়ে নির্জীব হয়। এতে দীর্ঘ মেয়াদে হৃৎপিণ্ড ক্ষতিগ্রস্ত হয় এবং অতিরিক্ত কাজ করে অক্সিজেন সরবরাহ বাড়িয়ে শরীরকে সচল রাখার জন্য হৃৎপিণ্ড ক্রমান্বয়ে দ্রুতগতিতে চলতে থাকে। রক্তে অক্সিজেনের স্বল্পতার কারণে দেহে রক্তের অম্লত্বসহ বায়োকেমিক্যাল পরিবর্তন হয়। এতে রক্তে বিদ্যমান প্যানক্ষারীয় পদার্থ ও পিএইচসংক্রান্ত ভারসাম্য নষ্ট হয় এবং রোগীর শরীরে কোষগুলো ক্রমান্বয়ে অসুস্থ হয়ে পড়ে।

শনাক্তকরণ : ক্রনিক ব্রংকাইটিস রোগটি ক্লিনিক্যালি শনাক্ত করতে হয়। এই রোগের একটা সংজ্ঞা রয়েছে। বছরে কমপক্ষে তিন মাস ধরে পর পর দুই বছর কাশি থাকলে ক্রনিক ব্রংকাইটিস রোগটি হয়েছে বলে মনে করা হবে। এমফাইসেমা ও ক্রনিক ব্রংকাইটিস বুকের এক্স-রে দ্বারা সহজে শনাক্ত করা যায়। রোগের লক্ষণ দেখে এবং ইতিহাস জেনেও এসব রোগ শনাক্ত করা যায়।

সাধারণত এই রোগে বুকে শ্লেষ্মা ও কাশি হয়, কিন্তু শ্বাসকষ্ট হয় না বা কম হয়। তবে কারো কারো ফুসফুস সংবেদনশীল হয়ে থাকলে তাদের শ্বাসনালির সংকোচন হয় এবং রোগী শ্বাস নিলে বুকে শব্দ হয়। এ অবস্থায় রোগী ক্রনিক অ্যাজমেটিক ব্রংকাইটিস রোগে আক্রান্ত হয়েছে বলে মনে করতে হবে।

সমস্যা

ব্রংকাইটিস রোগে আক্রান্তদের মধ্যে যারা গুরুতরভাবে ধূমপায়ী, তাদের ফুসফুসে বাতাস ঢুকতে অসুবিধা হয়। এদের অনেকে এমফাইসেমা রোগে আক্রান্ত হয়। এ ধরনের রোগকে অবস্ট্রাকটিভ ক্রনিক ব্রংকাইটিস বলে। বাতাসে ভাসমান ক্ষুদ্র কণা, কার্বন মনো-অক্সাইড, কার্বন ডাই-অক্সাইড, নাইট্রোজেন ডাই-অক্সাইড, মিথেন, বিশেষ ক্ষেত্রে তামাকের তরল আস্তর, কার্বন, নিকোটিন ইত্যাদি ব্রংকাইটিসসহ সিওপিডি তৈরিতে ভূমিকা পালন করে। এতে ফুসফুসে অক্সিজেন ধারণক্ষমতা ও পরিসঞ্চালন করার ক্ষমতা ব্যাপকভাবে কমে যায়। এতে হৃৎপিণ্ডের ওপর চাপ বাড়ায় তা বড় হয়ে মস্তিষ্কে অক্সিজেন সরবরাহ কমায় এবং স্মৃতিশক্তি লোপসহ মস্তিষ্কের নানা রোগ, অন্ত্র রোগ, উচ্চ রক্তচাপ ইত্যাদি ঘটায়। এতে কফ অ্যাজমা রোগও হয়।

এমফাইসেমা এমন একটি রোগ, যেখানে প্রান্তিক ব্রংকিয়লের সীমানায় অবস্থিত বাতাসের নালি ও ব্যাগগুলো সব সময়ের জন্য ফুলে যায়। এই রোগে বাতাসের নালি ও ব্যাগগুলোর স্বাভাবিক দেয়াল নষ্ট হয়ে যায়। এমফাইসেমা চার ধরনের হয়। এর মধ্যে সেন্ট্রি-এসিনার ও প্যান-এসিনার সবচেয়ে বেশি সমস্যা করে, সব ধরনের এমফাইসেমার মধ্যে ৯৫ শতাংশই সেন্ট্রি-এসিনার গোত্রভুক্ত।

প্যান-এসিনার এমফাইসেমায় প্রান্তিক ব্রংকিয়ল ও এ্যালভিওলাই দুটিই ফুলে যায়। এ ধরনের এমফাইসেমায় আলফা-এন্টিট্রিপসিন নামের এক ধরনের এনজাইমের অভাবে হয়ে থাকে। এটি একটি জেনেটিক রোগ। এই রোগে ইলাস্টেনের মাত্রা বৃদ্ধি পায়। ফুসফুসের দেয়াল ধ্বংস করে দেয় এই ইলাস্টেন।

সব মিলিয়ে বৈশ্বিক তাপ ও আর্দ্রতা কমিয়ে তামাকের ব্যবহার ও বায়ুদূষণ নিয়ন্ত্রণে ব্যর্থ হলে এ রোগ নিয়ন্ত্রণ করা যাবে না। একমাত্র অ্যাজমা ও সিওপিডির কারণে কোটি কোটি মানুষ কার্যক্ষমতা হারিয়ে অকালে মৃত্যুবরণ করবে। সিওপিডির কারণে ২০১৯ সালে ৩.৩ মিলিয়ন মানুষের মৃত্যু হয়। উন্নত বিশ্বে ৭০ শতাংশ ক্ষেত্রে তামাকের ধোঁয়া এবং অনুন্নত বিশ্বে গৃহাভ্যন্তরে বায়ুদূষণসহ ধূমপান সিওপিডির অন্যতম কারণ। সারা বিশ্বে মৃত্যুদূত হিসেবে এর অবস্থান সপ্তমে। আর এই বায়ুদূষণ রোধে তরল হাইড্রোজেন জ্বালানি, বায়ুচালিত বিদ্যুৎ, পারমাণবিক বিদ্যুৎ এবং বিকল্প জ্বালানির ব্যবহার ছাড়া জীবন বাঁচানোর আর কোনো পথ নেই।

চিকিৎসা

সিওপিডিতে রোগের প্রধান লক্ষণ কাশি ও শ্বাসকষ্ট। কখনো বুকে শব্দ হয়। সিওপিডির সঙ্গে হৃৎপিণ্ডের সমস্যা, দুর্বল পেশি, ভঙ্গুর হাড়, শারীরিক ও মানসিক বৈকল্যের সম্পর্ক রয়েছে।

সিওপিডিতে চিকিৎসক রোগীর লক্ষণ ও পর্যায় বুঝে চিকিৎসা দেন। সংক্রমণ থাকলে অ্যান্টিবায়োটিক দেওয়া হয়। এ ক্ষেত্রে বিভিন্ন ওষুধের কম্বিনেশন থেরাপি দিয়ে থাকেন চিকিৎসকরা। বর্তমানে নতুন কিছু কার্যকর ওষুধ বেরিয়েছে।

সিওপিডি রোধে করণীয়

* পুষ্টিকর খাবার গ্রহণ
* ধূমপান বর্জন করতে হবে
* ধুলাবালি, মাটির চুলার ধোঁয়া এড়িয়ে চলতে হবে, প্রয়োজনে মাস্ক ব্যবহার করতে হবে।
* প্রতিবছর নিউমোনিয়া, ফ্লু এবং হুপের কাশির ভ্যাকসিন দিতে হবে। প্রয়োজনে নিয়মিত অক্সিজেন ব্যবহার করতে হবে।
* কাঠ, শক্ত জ্বালানি, কয়লা, সিমেন্ট ও অ্যাসবেস্টসমুক্ত পরিবেশ পরিহার করতে হবে।

লেখক : প্রেসিডেন্ট এবং প্রধান গবেষক, অ্যালার্জি অ্যাজমা ও এনভায়রনমেন্টাল রিসার্চ ইনস্টিটিউট, বাংলাদেশ।

## জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধযোগ্য

২০ পৃষ্ঠার পর

* কোনো প্রকার লক্ষণ না-ও থাকতে পারে।

শনাক্তকরণ

এই রোগ থেকে বাঁচার জন্য স্ক্রিনিংয়ের ওপর সর্বাধিক জোর দিতে (ক্যান্সার শনাক্তকরণ) বলা হয়েছে।

* ভায়া
* প্যাপস্মিয়ার
* কলপোসকোপি
* কলপোস্কোপির সাহায্যে সন্দেহজনক স্থান থেকে সারভাইক্যাল টিস্যু নিয়ে বায়োপসি পরীক্ষা করা
* স্ক্রিনিং পরীক্ষা সাধারণত বিয়ের তিন বছর পর থেকে তিন বছর অন্তর করাতে হয় ৬৪ বছর বয়স পর্যন্ত।
* এইচপিভি ডিএনএ টেস্ট

প্রতিরোধব্যবস্থা

* ভ্যাকসিন প্রদান
* অল্প বয়সে বিয়ে ও বাচ্চা গ্রহণ নিষেধ
* বহুগামিতা পরিহার
* জন্মনিয়ন্ত্রণ বড়ি স্বল্প মেয়াদে গ্রহণ

সারভাইক্যাল ক্যান্সারের প্রতিষেধক টিকা বা ভ্যাকসিনেশন প্রগ্রাম এখন যুগান্তকারী প্রতিরোধব্যবস্থা হিসেবে বহুল আলোচিত বিষয়। এই টিকা ইপিআইয়ের অন্তর্ভুক্ত হয়েছে। পঞ্চম শ্রেণি হতে দশম শ্রেণির বালিকাদের জন্য টিকার নতুন শিডিউল করা হয়েছে। দুই ডোজ টিকা দেওয়া হবে সরকারিভাবে। ১৫ থেকে ৪৫ বছরের নারীরাও এই টিকা নিতে পারবে প্রাইভেট সেক্টর থেকে।

চিকিৎসা

জরায়ুর ক্যান্সারের জন্য রয়েছে একাধিক চিকিৎসাব্যবস্থা। চিকিৎসকের সাহায্যে ক্যান্সারের ধাপ নির্ণয় করে চিকিৎসা প্রদান করা হয়ে থাকে।

* সার্জারি অথবা শল্য চিকিৎসা
* রেডিওথেরাপি
* কেমোথেরাপি
* ইমিউনো থেরাপি
* টার্গেটেড থেরাপি ইত্যাদি

লেখক : স্ত্রীরোগ ও প্রসূতিবিদ্যা বিশেষজ্ঞ এবং সার্জন, কনসালট্যান্ট, ওজিএসবি ও আইআরসিএইচ, ঢাকা।

## ঘরোয়া উপায়ে চিকিৎসা নিন কাশির

২০ পৃষ্ঠার পর

তুলসীপাতা দিয়ে, মাথা টাওয়েল দিয়ে ঢেকে নিয়ে জোরে জোরে নিশ্বাস নিয়ে সেই পানির ভাপ নিলে খুব দ্রুত কাশি সেরে যায়।

আদা : আদার অ্যান্টি-ইনফ্লামেটরি ক্ষমতার কারণে তা কাশি নিরাময়ে খুব উপকারী। এক ইঞ্চি পরিমাণ আদা কুচি করে তা পানির সঙ্গে ফুটিয়ে নিয়ে এক কাপ পরিমাণ ঘন রস তৈরি করুন। তারপর এতে দুই চা চামচ লেবুর রস মিশিয়ে পান করুন। এটা কফ পাতলা করে গলা পরিষ্কার করবে, কাশি কমাবে। এসিডিটির সমস্যা থাকলে অবশ্যই মধু মিশিয়ে নেবেন।

মধু : আদা ও দারুচিনি দিয়ে চা বানিয়ে তাতে দুই চা চামচ লেবুর রস এবং দুই চা চামচ মধু দিয়ে খেলে কাশি উপশম হয়।

## রাইজআপ নিউইয়র্ক সিটির লিডারশিপ সামিট অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

প্রার্থীসহ ১ জন নির্বাচিত কাউন্সিল সদস্য অনুষ্ঠানে অংশ নেন। পাশাপাশি কমিউনিটি নেতা, ব্যবসায়ী ও পেশাজীবীসহ দেড়শ'র বেশি আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে পুরো অনুষ্ঠানটি হয়ে উঠে মুখরিত। ঐক্য, নাগরিক সচেতনতা এবং নিউইয়র্কে বাংলাদেশি- আমেরিকান কমিউনিটির ভবিষ্যত নিয়ে অর্থবহ আলোচনা ও মতবিনিময় ছিল অনুষ্ঠান জুড়ে।

অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন রাইজআপ এনওয়াইসির প্রতিষ্ঠাতা সভাপতি এনওয়াইপিডির অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কমান্ডিং ডিটেকটিভ শামসুল হক এবং সঞ্চালনার দায়িত্বে ছিলেন কাজী তেজওয়ার (আরভিন)।

মূল বক্তব্যে সংগঠনটির প্রতিষ্ঠাতা সভাপতি শামসুল হক বাংলাদেশি কমিউনিটির অগ্রগতি এবং সামনে থাকা চ্যালেঞ্জ তুলে ধরেন। তিনি বলেন, নিউইয়র্কে বাংলাদেশিদের সংখ্যা ও নাগরিক অংশগ্রহণ দিনদিন বাড়ছে কিন্তু এখনো কিছু গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ রয়েছে। তন্মধ্যে নির্বাচিত বাংলাদেশি জনপ্রতিনিধির অভাব, সিটির সরকারী উচ্চপদে সীমিত উপস্থিতি এবং পরিবার ও তরুণদের জন্য পর্যাপ্ত কমিউনিটি সেন্টারের অভাব উল্লেখযোগ্য। তাই নিয়মিত নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধি এবং যোগ্য, নতুন নেতৃত্ব গড়ে তোলা এখন সময়ের দাবি।

প্রার্থীদের মধ্যে বক্তব্য দেন নিউইয়র্ক স্টেট কম্পট্রোলার পদপ্রার্থী রাজীব গোয়েল, আদেম বান্দেদ্দেকো, যুক্তরাষ্ট্র কংগ্রেস ডিস্ট্রিক্ট ৬ এর পদপ্রার্থী চাক পার্ক, ডিস্ট্রিক্ট -৭ অ্যান্টোনিও রেইনোসো এবং জুলি ওন, নিউইয়র্ক স্টেট সিনেটের ডিস্ট্রিক্ট -১৩ জেসিকা রামোস, জেসিকা গঞ্জালেস - রোহাস, ডিস্ট্রিক্ট -২৪ ওমর মোহাম্মদ, নিউইয়র্ক স্টেট এসেম্বলি ডিস্ট্রিক্ট -২৪ মাহতাব খান, ডিস্ট্রিক্ট- ২৫ কেনেথ প্যাক, ডিস্ট্রিক্ট -৩২ মোহাম্মদ মোল্লা, ডিস্ট্রিক্ট -৩৪ আবির কায়সার, ব্রায়ান রোমেরো, ডিস্ট্রিক্ট -৩৭ শিয়া রহমান, ডিস্ট্রিক্ট -৩৮ জেভিড অরভিন, ডিস্ট্রিক্ট - ৮৭ জাকির চৌধুরী। এছাড়াও আরো বক্তব্য দেন নিউইয়র্ক সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্ট-২১ এর সদস্য শ্যাকেল থমাস-হেনরি যিনি বর্তমানে কোনো পদে প্রার্থী নন। নিউইয়র্ক স্টেট এসেম্বলি ডিস্ট্রিক্ট -৩৪ এর প্রার্থী আবির কায়সার তিনি প্রকৃত অর্থে জনগণের প্রতিনিধি হতে চান বলে তার বক্তব্যে ব্যক্ত করেন। কংগ্রেসনাল প্রার্থী জুলি ওন বলেন, বাংলাদেশি কমিউনিটির সদস্যদের নিউইয়র্ক সিটি সরকারের উচ্চ পর্যায়ে যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করার এখনই সময় এবং এই লক্ষ্য বাস্তবায়নে কমিউনিটির সঙ্গে কাজ করতে সম্পূর্ণভাবে প্রস্তুত বলে জানান তিনি। আসন্ন ২৩ শে জুন প্রাইমারি নির্বাচনকে সামনে রেখে বক্তারা নিউইয়র্কজুড়ে বাংলাদেশি-আমেরিকানদের অতীতের চেয়ে আরও বেশি সংখ্যায় ভোট প্রদানের আহ্বান জানান। সর্বশেষ নির্বাচনে নিবন্ধিত বাংলাদেশি ভোটারের প্রায় ৫০ শতাংশ ভোট প্রদান করেছেন বলে বক্তারা জানান। সম্মিলিত প্রচেষ্টায় আগামীতে এই হার ৯০ শতাংশে উন্নীত করার লক্ষ্য নির্ধারণের আশা ব্যক্ত করেন বক্তারা। এতে মূলধারার রাজনীতিতে বাংলাদেশিদের প্রতিনিধিত্ব বাড়ানোর পাশাপাশি শক্তিশালী কমিউনিটি বিনির্মাণে প্রতিনিধিদের আরো দায়বদ্ধ ও সক্রিয় করে তুলবে।

হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* ঘাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়
ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।
ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



JALALABAD ASSOCIATION OF AMERICA INC.

# জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক

## পবিত্র কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার গ্রান্ড ফাইনাল

## ইফতার ও দোয়া মাহফিল

**২২ ফেব্রুয়ারি ২০২৬, রোববার**

GULSHAN TERRACE
59-15 37th Ave
Woodside, NY 11377

ফাইনাল রাউন্ডের প্রতিযোগিতা শুরু হবে ২২ ফেব্রুয়ারী, রোববার, দুপুর ১:৩০ মিনিট থেকে। নির্ধারিত সময়ে ফাইনালে উত্তীর্ণ সকল প্রতিযোগীদের উপস্থিত হওয়ার অনুরোধ জানানো যাচ্ছে।

আসসালামু আলাইকুম
সম্মানিত সুধী, পবিত্র মাহে রমজান উপলক্ষে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক-এর আয়োজনে প্রবাসের নতুন প্রজন্মের ছেলে ও মেয়েদের জন্য আয়োজিত কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার এবং দোয়া মাহফিলে সকল জালালাবাদবাসী সহ প্রবাসীদের উপস্থিত হওয়ার জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানাচ্ছি।

### উপ-কমিটি

**শামীম আহমেদ**
আহবায়ক
৩৪৭-৬৩৬-৫১৫৩

**মোঃ শফিউদ্দিন তালুকদার**
প্রধান সমন্বয়কারী
৬৪৬-৩৫৯-৪৮৭৩

**মোঃ ফজল খান**
সদস্য সচিব
৬৩১-৫০৭-৯৪২১

সদস্যঃ মোহাম্মদ আলীম, হোসেন আহমদ, মান্না মোনতাসির, আব্দুল আজিজ, হুমায়ূন কবির সোহেল

### আমন্ত্রণে

**বদরুল খান**
সভাপতি (৬৪৬)৮২৪-৪৮১৪

**রোকন হাকিম**
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক (৯১৭) ৩৬২-২৪৪২

মোঃ লোকমান হোসেন (লুকু), *সহ-সভাপতি (সিলেট জেলা)* • শামীম আহমেদ, *সহ-সভাপতি (সুনামগঞ্জ জেলা)* • মোঃ শফি উদ্দিন তালুকদার, *সহ-সভাপতি (হবিগঞ্জ)* • মোঃ জাবেদ উদ্দীন, *সহ-সভাপতি (মৌলভীবাজার)* • মোহাম্মদ আলিম, *কোষাধ্যক্ষ* • মোঃ জিল্লুর রহমান খান, *সাংগঠনিক সম্পাদক* • ফয়ছল আলম, *প্রচার ও দপ্তর সম্পাদক* • হোসেন আহমদ, *সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক* • মান্না মুনতাসির, *ক্রীড়া সম্পাদক* • বুরহান উদ্দিন, *আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক* • জাহিদ আহমেদ খান, *সমাজ কল্যাণ সম্পাদক* • সারা উদ্দিন, *মহিলা বিষয়ক সম্পাদক* • আব্দুল আজিজ, *কার্যকরী সদস্য (সিলেট জেলা)* • হুমায়ুন কবির সোহেল, *কার্যকরী সদস্য (সুনামগঞ্জ জেলা)* • দেলোয়ার হোসেন মানিক, *কার্যকরী সদস্য (হবিগঞ্জ জেলা)* • মোঃ ফজল খান, *কার্যকরী সদস্য (মৌলভীবাজার জেলা)*

বোর্ড অব ট্রাস্টি: কাওছারুজ্জামান কয়েছ • বদরুন নাহার খান মিতা • ছয়দুন নূর • নাজমুল হাসান কুবাদ

তিন বিভাগে
কোরআন তেলাওয়াত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ীদের জন্য মোট ৬ হাজার ডলারের পুরস্কার।

"কার্যকরী পরিষদের পক্ষ থেকে সকল অতিথিদের জন্য থাকবে বিশেষ উপহার"

প্রচারে:
ফয়ছল আলম
প্রচার ও দপ্তর সম্পাদক

**OUR SPONSOR:**

AHIB HUSSAIN (646) 920-4799
(718) 975-7431
starling diagnostics 718-319-1610
EMRAN BHUIYAN 347-261-7671
ZamZam Drugs Pharmacy (347)899-8930
healthfirst 917-881-7808
(929) 307-1516
917.362.2442
VNS Health

MEDIA PARTNER
TBN 24 ঠিকানা
ATN tv ব্রডকাস্ট পার্টনার

**GRAND SPONSOR:**
SHAMSHER ALI
President & CEO
APOLLO INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC. 718.472.9800

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন কী বার্তা দিতে পারে

১২ পৃষ্ঠার পর

সংখ্যা বেশি। এই নির্বাচনে ইঞ্জিনিয়ারিং হয়েছিল মঈন-উ-আহমেদ ও তৎকালীন গোয়েন্দা সংস্থার কর্মকর্তাদের ইঙ্গিতে। প্রশ্ন হলো-এবারের নির্বাচনে ভোটার টার্নআউট কেমন হবে? আওয়ামী লীগ এ নির্বাচনে নেই। তাদের সমর্থকরা কি ভোটে অংশগ্রহণ করবে? ২০২৪-এর বিশাল গণ-অভ্যুত্থানের পর আওয়ামী লীগের সমর্থনের ভিত্তি অনেকটাই সংকুচিত হয়েছে। আওয়ামী লীগের অনেক সমর্থক মামলা-মোকদ্দমার ঝুঁকি এড়াতে বিএনপি অথবা জামায়াতের পক্ষপুটে আশ্রয় নিয়েছে। ভোটের রাজনীতির বাস্তবতায় বলা যায়, দল দুটি হয়তো এ ব্যাপারটিকে স্বাভাবিক বলেই ধরে নিয়েছে। এ ছাড়া আওয়ামী লীগের ছোট একটি অংশ হয়তো আওয়ামী লীগ থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। আওয়ামী লীগাররা তাদের নিজ নিজ হিসাব অনুযায়ী ভোটে অংশগ্রহণ করবে কিনা, নাকি নীরবে বাড়িতে বসে থাকবে? অন্যদিকে বিএনপি ও জামায়াতের নেতৃত্বাধীন জোটের নির্বাচনি র‌্যালিগুলোয় বিপুল লোকসমাগম হয়েছে। এতে স্পষ্ট বোঝা যায়, নির্বাচন নিয়ে উৎসাহের কমতি নেই। নির্বাচনটি উৎসবমুখর হবে বলেই আশা করা যায়। এ ছাড়া পরপর তিনটি নির্বাচনে তরুণরা ভোট দিতে পারেনি। তরুণ ভোটাররা জানেই না ভোটের স্বাদ কেমন। এসব কারণে অনেকেই ভোটকেন্দ্রমুখী হবে। একটি নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন হচ্ছে বলে আশা করা যায়। সর্বোচ্চ প্রশাসনের তরফ থেকে ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের সম্ভাবনা নেই বললেই চলে। তবে দলমতভেদ রিটার্নিং অফিসাররা পক্ষপাতিত্বের দিকে ঝুঁকতে পারে। এসব বিষয় বিবেচনা করে বলা যায়, একতরফা নির্বাচন হওয়ার সম্ভাবনা শূন্যের কোঠায়। নির্বাচনে ভোটারদের অংশগ্রহণ ৬০ শতাংশ কিংবা তার চেয়ে কিছু বেশি হতে পারে। নির্বাচনে তীব্র প্রতিদ্বন্দ্বিতা হবে। ২০২৪-এর গণ-অভ্যুত্থানের অব্যবহিত পর থেকে জামায়াত নির্বাচনকে প্রধান করণীয় মনে করে নির্বাচনসংক্রান্ত প্রস্তুতি শুরু করে। গত দেড় বছরে তারা সংগঠন গুছিয়েছে এবং ভোটারদের বাড়ি বাড়ি পৌঁছানোর চেষ্টা করেছে। এ দলের মহিলাকর্মীরা অত্যন্ত তৎপর হয়ে বাসাবাড়ির ভেতরে মহিলা ভোটারদের প্রভাবিত করার চেষ্টা করেছে। এ থেকে বোঝা যায়, অতীতের নির্বাচনগুলোয় জামায়াত যে হারে ভোট পেয়েছে, এবার তার হার অনেকটাই বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। তবে ভোট পাওয়ার হার জামায়াতকে নিরঙ্কুশ বিজয়ের পথে নিয়ে যাবে কিনা, তা বলা যায় না। জামায়াতের পক্ষ থেকে নির্বাচনের পর একটি জাতীয় সরকার গঠনের প্রস্তাব এসেছে। এ থেকে অনুমান করা যায়, জামায়াতের নিজস্ব ক্যালকুলেশনে তাদের নিরঙ্কুশ বিজয় নিশ্চিত নয়। রাষ্ট্রীয় ক্ষমতার অংশীদার হতে পারলে জামায়াত সে সুযোগে নিজস্ব সাংগঠনিক ভিত্তি সংহত ও প্রশস্ত করার সুযোগ পাবে। অতীতে তারা তাই করেছে।

এবারের নির্বাচনের ফলাফল নির্ধারণে তরুণ ভোটার, নারী ভোটার ও সংখ্যালঘু ভোটার নির্ধারক ভূমিকা পালন করবে। যে দল ভোটারদের এ অংশগুলোকে সফলভাবে প্রভাবিত করতে পারবে, সে দলই হাসবে শেষ হাসিটি।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## অবশেষে আসছে নারীদের বিপিএল

৫২ পৃষ্ঠার পর

প্রস্তুতির জন্য বড় সুযোগ। ডব্লিউবিপিএল গভর্নিং কাউন্সিলের প্রধানের দায়িত্ব পেয়েছেন বিসিবি পরিচালক ও নারী বিভাগের প্রধান রুবাবা দৌলা। ভেন্যু, সম্প্রচার ও টুর্নামেন্টের পূর্ণাঙ্গ সূচি শিগগিরই জানাবে বিসিবি।

## এ বিজয় রোধিবি কী দিয়া বালির বাঁধ?

১২ পৃষ্ঠার পর

পরিকল্পনায়-তারুণ্যের কর্মসংস্থান, নারীর মর্যাদা আর অধিকার প্রতিষ্ঠা, স্বাস্থ্য, শিক্ষা, ক্রীড়া, পরিবেশ আর ধর্মীয় প্রতিষ্ঠান নিয়ে তার সুনির্দিষ্ট পরিকল্পনা, সেটার বাস্তবায়ন পদ্ধতি, অর্থায়ন-সবকিছুই চমৎকারভাবে উপস্থাপিত হয়েছে। আর পাশে স্ত্রীকে বসিয়ে তিনি ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড নিয়ে যখন তার প্রত্যয়ের কথা বলেছেন, তখন তার বক্তব্যকে নিছক নির্বাচনি প্রচার মনে হয়নি, মনে হয়েছে নিজের অন্তর থেকে উৎসারিত আকাঙ্ক্ষার কথা।

জাইমা রহমানের আত্মসম্মানস্ফূর্তি আর পিতার জন্য ভোট প্রার্থনার সহজ-সরল অনুরোধও সবাইকে বিমোহিত করে। আর শেষে দেশবাসীর উদ্দেশে সমাপনী রেডিও-টেলিভিশন ভাষণে আগের কথার সঙ্গে যুক্ত করেছেন শহীদ জিয়া আর বেগম খালেদা জিয়ার উত্তরসূরি হিসাবে তিনি দুর্নীতিমুক্ত, সুশাসন আর জবাবদিহির বাংলাদেশের প্রতিশ্রুতি দিয়েছেন। আর জিয়াউর পথের বাইরে অতীতের ভুল আর বিচ্যুতির জন্য ক্ষমাও চেয়েছেন আন্তরিকভাবে, প্রতিজ্ঞা করেছেন তারুণ্যের জন্য এক নিরাপদ বাংলাদেশ বিনির্মাণ করতে।

যারা সিদ্ধান্ত গ্রহণের অনিশ্চয়তায় ছিলেন, তারাও বেশির ভাগ সিদ্ধান্ত নিয়েছেন, জরিপেও দলগুলোর তুলনামূলক অবস্থান মোটামুটি পরিষ্কার। আর ব্যবধানটা এত বেশি যে, এখানে তথাকথিত তুমুল প্রতিদ্বন্দ্বিতা বা হাড্ডাহাড্ডি লড়াই নিছক মিডিয়া প্রচার। বাস্তবতা হচ্ছে, বিএনপি এ নির্বাচনে যে জয়লাভ করবে, দেয়াল লিখনে তা এখন স্পষ্ট। আর এ সংখ্যা নিরঙ্কুশ বিজয়ের ২০০ অতিক্রম করলেও অবাক হওয়ার কিছু নেই। জামায়াতের চেষ্টা থাকবে ব্যবধানটা সম্মানজনক রাখার।

দিনশেষে সাধারণ জনতার প্রত্যাশা একটাই, নির্বাচনের ফলাফল উদারতার সঙ্গে মেনে নেওয়া আর যে কোনো মূল্যে নির্বাচনপরবর্তী সহিংসতা এড়িয়ে দলগুলোর প্রতিশ্রুতি অনুযায়ী নতুন বাংলাদেশ উপহার দেওয়ার প্রত্যয়ে স্থির থাকা।

অধ্যাপক ডা. মওদুদ হোসেন আলমগীর পাভেল : আহ্বায়ক, বিএনপি মিডিয়া সেল।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA-ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

## অঙ্গীকারের মেঘ ঝরুক প্রাপ্তির বৃষ্টি হয়ে

১০ পৃষ্ঠার পর

তারা নীরবে কাজ করেছে। সিইসি বয়স্ক মানুষ, কথা মোটামুটি কমই বলেন। কিন্তু তাঁদের কিছু কাজ সমালোচনার জন্ম দিয়েছে। আচরণবিধি সংশোধন করে তাঁরা অনেক কিছু নতুন যুক্ত করেছেন। দীর্ঘদিন ধরে নির্বাচনে ধর্মের ব্যবহার নিষিদ্ধ ছিল। তাঁরা কারও সঙ্গে আলোচনা না করে তা তুলে দিলেন। এটির উদ্বেগজনক ব্যবহার আমরা দেখতে পেলাম। পরে অবশ্য তার মাত্রা কমে এসেছে। আচরণবিধির ব্যাপারে ইসি অনেক নমনীয়তা দেখিয়েছে। বড় দলের এক প্রার্থী ১০ হাজার লোককে আপ্যায়ন করেছেন। তা সবারই জানা। কিন্তু ইসি নীরব থাকল।

অথচ ছোট দলকে তারা শাস্তি দিল। জাঁকজমকের দিক দিয়ে বেরিয়ে অনেক ঋণখেলাপি নির্বাচনে অংশ নিচ্ছেন। ইসির সাইবার টিম আছে। কিন্তু তারা কী ব্যবস্থা নিয়েছে সোশ্যাল মিডিয়ার ফেক বা বিদ্বেষমূলক কনটেন্টের বিষয়ে? এবার কেউ কেউ 'ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের' আশঙ্কার কথা বলেছেন। আবার অনেকে বলেন, তাঁরা সে রকম কোনো আশঙ্কা দেখছেন না। কারণ, সময়টা অন্য রকম। সাংগঠনিক শক্তি-সামর্থ্যের ব্যবধান থাকলেও কোনো পক্ষ ছেড়ে কথা বলবে না। কেউ উল্টোপাল্টা কিছু করতে গেলে রক্ত ঝরবে-সেটা কারও প্রত্যাশা নয়। অন্তর্বর্তী সরকারের কাছে একটা সময়ে বারবার দ্রুত নির্বাচনের দাবি উঠতে থাকে। কিন্তু তারা কিছু সংস্কারের জনদাবিকে প্রাধান্য দিয়ে সময় নেয়। সময়টা দীর্ঘই বলতে হবে। এ সময়ের মধ্য অনেকগুলো কমিশন বহু বহু সুপারিশ দিয়েছে। তার কতখানি কাজে লাগানো হবে বা সম্ভব, তা দেখার বিষয়। তবে গণভোটে 'হ্যাঁ' পাস হলে এর একটা আইনি ভিত্তিরও বাধ্যবাধকতা আসবে। দলগুলোর চাপের মুখে সরকার একপর্যায়ে নির্বাচনের সময়সীমা ঘোষণা করে।

তারা শেষ দিকে বলেছে, যেকোনো মূল্যে নির্বাচন হবেই। কারও ক্ষমতা নেই তা ঠেকানোর। এখন মোটামুটি শান্তিপূর্ণ ও নিরপেক্ষ একটা নির্বাচন করতে পারলে ইউনূস সরকারের অনেক ঘাটতিকে 'ক্ষমাসুন্দর দৃষ্টিতে' দেখতে দেশবাসী নিশ্চয় আপত্তি করবে না। প্রতিশ্রুতি বা অঙ্গীকার দিতে হয় বাস্তবভিত্তিক, যা রক্ষা করা যায়। কবি রবার্ট ফ্রস্ট লিখেছিলেন: 'বাট আই হ্যাভ প্রমিজেস টু কিপ'।

'প্রমিজেস ইজ ক্লাউড' বলে একটা কথা চালু আছে। অঙ্গীকারকে বলা হয় মেঘের মতো, যতক্ষণ না তা বৃষ্টি হয়ে ঝরে। সরকার যা বলেছে, নির্বাচন কমিশন যা বলেছে, দলগুলো যা বলেছে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যা বলেছে-সবই হলো অঙ্গীকার। এটা আকাশে উড়ে বেড়ায়। এক এলাকায় মেঘ জন্ম নিয়ে ভেসে অন্যদিকে চলে যায়। অনেক সময় মেঘ মসিকালো হলেও বৃষ্টি হয়ে ঝরে না। এখন দেশের আকাশে মেঘের মতো প্রতিশ্রুতি ভেসে বেড়াচ্ছে। কথায় বলে, প্রতিশ্রুতি, বিশ্বাস ও হৃদয়-এই তিনটি কখনো ভাঙতে নেই। দেশের অর্থনৈতিক অবস্থা অর্থ উপদেষ্টার ভাষায় 'স্থিতিশীল' হলেও তা নিয়ে উদ্বেগ কাটেনি। বিগত সরকারের দুর্নীতির ম্যানহোলগুলো 'উন্নয়নের চাদর' দিয়ে ঢাকা ছিল। বর্তমানে দেশে ৪০০ পোশাক কারখানাসহ বহু কলকারখানা, ব্যবসা-বাণিজ্য বন্ধ।

সুতরাং কর্মসংস্থান পরিস্থিতি নিতান্ত খারাপ। খেলাপি ঋণ সর্বকালের সর্বোচ্চ, দেশি-বিদেশি বিনিয়োগ স্থবির, জিডিপির প্রবৃদ্ধি মাত্র ৩ শতাংশ, এডিপি বাস্তবায়ন সর্বনিম্ন, মূল্যস্ফীতি উঁচু, রপ্তানি ঋণাত্মক। একমাত্র রেমিট্যান্স স্বাভাবিক। উদ্যোক্তারা প্রায় সবাই হাত গুটিয়ে বসে আছেন। তবে একটি গ্রহণযোগ্য নির্বাচনই পারে এই দমবন্ধ অবস্থা থেকে দেশের ১৮ কোটি মানুষকে মুক্তি দিতে।

শেষ করি কবিগুরুর কথা দিয়ে: বরিষ ধরা-মাঝে শান্তির বারি/ শুষ্ক হৃদয় লয়ে আছে দাঁড়াইয়ে/ ঊর্ধ্বমুখে নরনারী।

লেখক: সংবাদকর্মী।

## নারীরা কেন জামায়াতের আমির হবেন না

৭ পৃষ্ঠার পর

সভায় জামায়াতের আমির বাইরে কাজ করা নারীদের প্রতি তীব্র বিদ্রূপাত্মক মন্তব্য করেছেন। সেই সভায় তিনি তরুণদের কাছে প্রথমে জানতে চান, সেখানে কতজন অবিবাহিত আছেন। এরপর তাঁদের বিয়ের ব্যাপারে পরামর্শ দেন। তিনি বলেন, 'এখন থেকে নিয়ত করো, ঘরে রানি তুলে আনবা, কাজের বুয়া তুলে আনবা না। যাকে আনবা, তাকে রানির মর্যাদা দিবা, গোলাপের মর্যাদা দিবা।'

নারীকে কীভাবে পরিবারে, সমাজে বা কর্মক্ষেত্রে স্থান দেওয়া হবে, সেটা নিয়ে কারও ব্যক্তিগত অভিমত থাকতেই পারে। কিন্তু একটি রাষ্ট্রের ক্রিয়াশীল কোনো রাজনৈতিক দল তার গঠনতন্ত্রে এমন কিছু কি রাখতে পারে, যেটা সংবিধান পরিপন্থী? মজার ব্যাপার, জামায়াতের নারীরা এমন অবস্থান মেনে নিয়েছেন বলে জানিয়েছেন। জামায়াতের নারী বিভাগের সেক্রেটারি জেনারেল নুরুন্নিসা সিদ্দিকা নারী নেতৃত্বের প্রসঙ্গে বলেন, 'মহান আল্লাহ পবিত্র কোরআনে বলেছেন, পুরুষ হচ্ছে নারীর পরিচালক। আমরা এটা মেনে নিয়েই ঈমান এনেছি। সুতরাং শীর্ষ পদে নারী নেতৃত্ব আনা গুরুত্বপূর্ণ নয়, গুরুত্বপূর্ণ হলো নারীর অধিকার আদায় হচ্ছে কি না।'

আমাদের স্বাধীনতার ঘোষণাপত্র এবং সংবিধানের প্রস্তাবনায় থাকা 'মানবিক মর্যাদা' এবং সংবিধানের ২৮ অনুচ্ছেদ কোনোভাবেই কোনো রাজনৈতিক দলকে ধর্ম, বর্ণ, লিঙ্গ, আর্থসামাজিক অবস্থা-কোনো কিছুর ভিত্তিতে বৈষম্য করা অনুমোদন করে না। কিন্তু আমরা স্পষ্টভাবেই দেখতে পাচ্ছি, জামায়াতে ইসলামী তার গঠনতন্ত্র এবং আচরণে মুসলিম নারী এবং সব অমুসলিমের প্রতি বৈষম্যমূলক আচরণ করছে। জামায়াতের দৃষ্টিতে তাঁরা কার্যত দ্বিতীয় শ্রেণির নাগরিক।

গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে বাংলাদেশকে বিকশিত হতে দেখতে চাওয়া নাগরিকদের এই প্রশ্ন জারি রাখতেই হবে, জামায়াতের মতো একটি রাজনৈতিক দলের বাংলাদেশের বিদ্যমান সাংবিধানিক এবং আইনি কাঠামোর মধ্যে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধিত এবং ক্রিয়াশীল থাকার অধিকার আছে? আর এসব মৌলিক প্রশ্নের সুরাহা হওয়ার আগে তাদের রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দেওয়ার কথা বিবেচনা করা উচিত।

জাহেদ উর রহমান: বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও রাজনৈতিক বিশ্লেষক।


COOL Multiservices LLC

Real Estate, Tax, Insurance & Consultancy
We Offer Mortgage
Wireless Communication Limo Service



### শাহ্ হামজার স্মরণে
### বিশ্বাসের উত্তরাধিকার, উৎকর্ষতার ভবিষ্যৎ

১৯৯৯ সাল থেকে কুল মাল্টিসার্ভিসেস এলএলসি আমাদের কমিউনিটির একটি নির্ভরযোগ্য ভরসার নাম। দীর্ঘ এই পথচলায় আমরা সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করেছি।

আজ আমরা গর্বের সাথে জানাচ্ছি—আপনার পরিবারের ভবিষ্যৎ আরও নিরাপদ ও সুন্দর করে গড়ে তুলতে আমরা আমাদের সেবার পরিধি ও দক্ষতা আরও বিস্তৃত করেছি।

আপনি যদি ট্যাক্স সংক্রান্ত সহায়তা চান, কিংবা নিজের স্বপ্নের একটি বাড়ির খোঁজে থাকেন—যে দলকে আপনি বছরের পর বছর বিশ্বাস করেছেন, সেই দল আজও আপনার পাশে আছে।

**আমাদের প্রধান সেবাসমূহ**

* ট্যাক্স প্রস্তুতি ও পরামর্শ
  দ্রুত, নির্ভুল ও সর্বোচ্চ রিটার্ন নিশ্চিত করার জন্য অভিজ্ঞ সহায়তা।
* মর্টগেজ ও ঋণ সমাধান (প্রি এপ্রোভাল)
  সহজ শর্ত, প্রতিযোগিতামূলক সুদের হার ও ব্যক্তিগত গাইডলাইন।
* রিয়েল এস্টেট সেবা
  বাড়ি কেনা বা বিক্রি—বাজার বিশ্লেষণ করে আপনাকে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে সহায়তা।

**আপনার স্বপ্নের বাড়ির শুরু এখান থেকেই**

প্রথমবার বাড়ি কিনছেন?
আপনাকে আন্তরিক স্বাগতম।
এই প্রক্রিয়াকে জটিল মনে করার কোনো কারণ নেই। আমরা প্রথমবার বাড়ি কিনতে আগ্রহীদের জন্য প্রি-অ্যাপ্রুভালসহ প্রতিটি ধাপে পাশে থেকে সহায়তা করি, যাতে আপনার "স্বপ্নের বাড়ি" বাস্তবে রূপ নেয়।

কুল-এর সাথে যুক্ত হয়ে উপভোগ করুন
২৫ বছরেরও বেশি সময়ের সততা, অভিজ্ঞতা ও পেশাদার সেবার নিশ্চয়তা।

: যোগাযোগ :
১৯৭০১ হিলসাইড অ্যাভিনিউ, হলিস, নিউ ইয়র্ক ১১৪২৩
৭১৮-৮০৩-৮২০০
ইমেইল: coolmultiservicesllc@gmail.com



পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার, দোয়া মাহফিল ও শিশুদের কোরআন তেলাওয়াত অনুষ্ঠান

**তারিখঃ**
২৩ই ফেব্রুয়ারী ২০২৬
রোজঃ সোমবার
বিকেলঃ ৪:০০ টায়

**স্থানঃ**
নবান্ন পার্টি হল
৩৭-২২ ৭৩ স্ট্রিট
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক ১১৩৭২।

بسم الله الرحمن الرحيم

# ইফতার ও দোয়া মাহফিল

সম্মানিত সুধী,
আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়াবারকাতুহু।
আগামী ২৩ই ফেব্রুয়ারী ২০২৬ রোজ সোমবার, বিকেল ৪ টায় পবিত্র মাহে রমজান উপলক্ষে রূপসী চাঁদপুর ফাউন্ডেশন নিউইয়র্ক ইন্‌ক এর উদ্যোগে এক ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে আপনি/আপনাদের উপস্থিতি একান্তভাবে কামনা করছি।

| | | |
|---|---|---|
| **নূরে আলম মনির**<br>আহ্বায়ক<br>৬৪৬-৫৭৫-৪০৯৭ | **আমিন খান জাকির**<br>সার্বিক তত্ত্বাবধানে<br>৬৪৬-৬৪১-৮৭৯০ | **আবু ছাদেক**<br>সদস্য সচিব<br>৬৪৬-৬৪২-৮২৪৭ |
| **মোঃ মাহাবুবুর রহমান**<br>সভাপতি<br>৩৪৭-৩৮৪-০৭৩৬ | **মোঃ নূর হোসাইন**<br>প্রচার সম্পাদক<br>৩৪৭-৬৫৬-৩৯৩৩ | **হাসান মাহমুদ সোহেল**<br>সাধারণ সম্পাদক<br>৯১৭-৪৯৭-১০২৪ |

রূপসী চাঁদপুর ফাউন্ডেশন নিউইয়র্ক ইন্‌ক
RUPOSHI CHANDPUR FOUNDATION NEW YORK INC


জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
• আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
• নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
• ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561


Starling Car Service LLC
Best Choice for your trip
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation
Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate


Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কন্সট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
Google Play
App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved



# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

- 01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
- 02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
- 03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
- 04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
- 05 7721 101th Ave, Ozone Park, NY 11416
- 06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

# ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

AUTHORIZED IRS e-file PROVIDER

tax refund

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

## ধণীদের ওপর ট্যাক্স বাড়াতে মামদানির আহবান

৬৪ পৃষ্ঠার পর

নীতিগত সমন্বয়ের দাবি তুলে ধরেন। একই সঙ্গে আইনপ্রণেতারাও সিটি প্রশাসনের নানা ইস্যুতে মেয়রকে প্রশ্ন করেন। ডেমোক্র্যাটিক সোশালিস্ট হিসেবে পরিচিত মামদানি গভর্নর ক্যাথি হোকুলের সঙ্গে জোটে থাকলেও কর বৃদ্ধির প্রশ্নে তিনি চাপ অব্যাহত রেখেছেন। আইনপ্রণেতাদের মতে, রাজ্য বাজেট প্রক্রিয়ায় এই ইস্যুতে মামদানি ও তার মিত্ররা কতটা দৃঢ় অবস্থান নেন, সেটি গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

মামদানি বলেন, নিউইয়র্ক সিটি বহু বিলিয়ন ডলারের ঘাটতির মুখে রয়েছে। যার জন্য তিনি সাবেক মেয়র এরিক অ্যাডামসকে দায়ী করেন। পাশাপাশি সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমোকেও তিনি সমালোচনা করেন। তার অভিযোগ সিটিকে দীর্ঘদিন ধরে "ব্যবহারযোগ্য সম্পদ" হিসেবে দেখা হয়েছে।

তার ভাষায়, "নিউইয়র্ক সিটি এখনো এক প্রান্তিক অবস্থায় দাঁড়িয়ে আছে। এখান থেকে বের হওয়ার সবচেয়ে দায়িত্বশীল উপায় হলো নির্দিষ্ট ও পুনরাবৃত্ত রাজস্বের ব্যবস্থা করা, যাতে নিউইয়র্কবাসী প্রাপ্য সেবা পেতে পারে। রাজ্যের সঙ্গে আমাদের আর্থিক ভারসাম্যহীন সম্পর্ক সিটির সম্পদ চুষে নিচ্ছে। আমরা এই 'ড্রেইন' বন্ধের আহ্বান জানাচ্ছি।"

অন্যদিকে গভর্নর হোকুল-যার পুনর্নির্বাচনে মামদানি সম্প্রতি সমর্থন দিয়েছেন-রাজ্যের আয়কর বাড়ানোর পক্ষে নন বলে জানিয়েছেন। তিনি নিউইয়র্ক সিটিতে শিশু যত্ন কর্মসূচি সম্প্রসারণে ১.৭ বিলিয়ন ডলার বরাদ্দের প্রতিশ্রুতি দিয়েছেন।

হোকুল বলেন, মেয়র তার ১৭ ফেব্রুয়ারির মধ্যে প্রাথমিক বাজেট উপস্থাপনের আগে রাজ্যের কর্মকর্তারা সিটির বাজেট ঘাটতি নিয়ে আলোচনা করছেন। "শহরের বাজেটকে সঠিক অবস্থানে এনে স্থিতিশীলতা নিশ্চিত করা জরুরি," মন্তব্য করেন গভর্নর। এদিকে রিপাবলিকানরা ব্যয় নিয়ন্ত্রণে ব্যর্থতার অভিযোগে হোকুল ও মামদানিকে সমালোচনা করছেন। তবে ডেমোক্র্যাট-নিয়ন্ত্রিত স্টেট অ্যাসেম্বলি ও সিনেট জানিয়েছে, ৩১ মার্চের মধ্যে পাস হওয়ার কথা থাকা রাজ্য বাজেটের অংশ হিসেবে কর বৃদ্ধির বিষয়টি তারা বিবেচনায় রাখতে প্রস্তুত।

## বর সেজে ভোট ও বিয়ে

৬৪ পৃষ্ঠার পর

হাজার ৫৩৯। ভোটকেন্দ্রে বিয়ের সাজে ভোট দেন ওই যুবক। সৈয়দপুর উপজেলার নিয়ামতপুর সরকারপাড়া এলাকার বাসিন্দা সামিউল ইসলাম মো. মনজুরুল ইসলামের ছেলে। স্থানীয়রা জানিয়েছেন, বিয়ের দিনেও ভোট দিতে আসার এই সিদ্ধান্ত নিয়ে তিনি তরুণ ও যুবসমাজের কাছে দায়িত্বশীল নাগরিকত্বের এক অনন্য উদাহরণ স্থাপন করেছেন।

ভোট দেয়ার পর সামিউল ইসলাম উপস্থিত সাংবাদিকদের বলেন, আমার প্রথম ভোট ছিল ২০১৮ সালের। সেদিন প্রথম ভোট প্রদান করতে এসে জানতে পারি আমার ভোট কে বা কারা প্রদান করে চলে গেছে। জীবনের প্রথম ভোট দিতে এসেও নিজে ভোট দিতে পারিনি। সেই ক্ষেত্রে ২০২৪ সালেও আর ভোট দিতে কেন্দ্রে যাইনি। তিনি বলেন, অন্তর্বর্তী সরকার যখন ত্রয়োদশ নির্বাচনের ঘোষণা দিয়ে বলেছিল বাংলাদেশের নির্বাচন এবার ইতিহাস সৃষ্টি করবে। তখনই সিদ্ধান্ত নিয়েছি জীবনের প্রথম ভোটটি ২০২৬ সালের ১২ই ফেব্রুয়ারি প্রদান করবো ও ভোটের দিন ধুমধাম করে বিয়ে করে ঘরে নতুন বউ আনবো। পরিবারের সকলের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে আজ আমার জীবনের স্বপ্ন পূরণ করলাম।

ভোট প্রদান শেষে সামিউল বরযাত্রীর বহর নিয়ে বিয়ের জন্য রংপুরের তারাগঞ্জে রওনা দেন কনের বাড়িতে।

## তিন আসনের ফল ঘোষণা হচ্ছে না

৬৪ পৃষ্ঠার পর

চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪ আসনের ফলাফল ঘোষণা করবে না ইসি। চট্টগ্রাম-৪ আসনের জন্য জারি করা চিঠিতে বলা হয়েছে, আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং ৪৪১/২০২৬ (মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১১৭৪/২০২৬ হতে উদ্ভূত) এর ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের আদেশের আলোকে নির্বাচনী এলাকা ২৮১ চট্টগ্রাম-৪ আসনের প্রার্থী মোহাম্মদ আসলাম চৌধুরী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসেবে যথারীতি অংশগ্রহণ করতে পারবেন। তবে আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং ৪৪১/২০২৬ চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মোহাম্মদ আসলাম চৌধুরীর নির্বাচনী ফলাফল প্রকাশ স্থগিত রাখার আইনগত বাধ্যবাধকতা থাকায় মোহাম্মদ আসলাম চৌধুরীর ফলাফল স্থগিত রাখার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছে।

চট্টগ্রাম-২ আসনের জন্য জারি করা চিঠিতে বলা হয়েছে, আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং ৪৪০/২০২৬ (মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১০৫৩/২০২৬ হতে উদ্ভূত) এর ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের আদেশের আলোকে নির্বাচনী এলাকা ২৭৯ চট্টগ্রাম-২ আসনের প্রার্থী সরোয়ার আলমগীর ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসেবে যথারীতি অংশগ্রহণ করতে পারবেন। তবে মাননীয় আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং ৪৪০/২০২৬ চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সরোয়ার আলমগীরের নির্বাচনী ফলাফল প্রকাশ স্থগিত রাখার আইনগত বাধ্যবাধকতা থাকায় সরোয়ার আলমগীরের ফলাফল স্থগিত রাখার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছে।

শেরপুর-২ আসনের জন্য জারি করা চিঠিতে বলা হয়েছে, আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং ৪৪২/২০২৬ (মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১১৮৬/২০২৬ হতে উদ্ভূত) এর ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের আদেশের আলোকে নির্বাচনী এলাকা ১৪৪ শেরপুর-২ আসনের প্রার্থী মোহাম্মদ ফাহিম চৌধুরী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসেবে যথারীতি অংশগ্রহণ করতে পারবেন। তবে মাননীয় আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং ৪৪২/২০২৬-এর চূড়ান্ত আদেশের ওপর মোহাম্মদ ফাহিম চৌধুরীর নির্বাচনের চূড়ান্ত ফলাফল নির্ভরশীল হবে মর্মে নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছে। চিঠিতে সংশ্লিষ্ট রিটার্নিং কর্মকর্তাদের উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হয়েছে।

## ১২০ মিলিয়ন ডলারের মেডিকেয়ার-মেডিকেইড জালিয়াতি

৬৪ পৃষ্ঠার পর

অভিযোগপত্রে সংযুক্ত টেক্সট মেসেজে কথিত অপরাধের সমন্বয়ের প্রমাণ দেখানো হয়েছে। এক বার্তায় কিম লিখেছেন বলে দাবি, "কেরিয়ান সলন্যানের আগে ১০ হাজার ডলার দিন।" আর ইয়াং লিখেছেন, "আমি পেমেন্ট নিয়েছি," এবং "টনি (কিম)-এর কাছে খামটি রেখে গেছি।"

তদন্তে জানা যায়, অভিযুক্তরা ডে কেয়ার সেন্টারের অনুমোদিত হারের চেয়েও বেশি বিল জমা দেন বলে। তদন্তে আরও উঠে এসেছে-কিছু ক্ষেত্রে যেসব দিনে সেবার বিল করা হয়েছে, সেই সময় সংশ্লিষ্ট ব্যক্তি হাসপাতালে ভর্তি ছিলেন। আদালতের নথিতে বলা হয়েছে, কিকব্যাক ও ঘুষের অর্থ জোগাড় করতে অভিযুক্তরা তাদের নিয়ন্ত্রিত ব্যাংক অ্যাকাউন্ট থেকে "উল্লেখযোগ্য পরিমাণ নগদ" উত্তোলন করতেন।

প্রসিকিউটরদের মতে, মেডিকেয়ার ও মেডিকেইড মিলিয়ে প্রায় ১২০ মিলিয়ন ডলার এমন প্রেসক্রিপশন ও ডে কেয়ার সেবার জন্য পরিশোধ করা হয়েছে, যা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় ছিল না, আদৌ দেওয়া হয়নি, অথবা ঘুষ-কিকব্যাকের মাধ্যমে প্ররোচিত ছিল।

অভ্যন্তরীণ এই দুর্নীতি ফাঁসকারীর অভিযোগ অনুযায়ী, ঘুষপ্রাপ্ত কিছু নিউইয়র্কারের দেওয়া তথ্য তদন্ত শুরুতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ফ্লাশিংয়ের ডে কেয়ার সেন্টারগুলোতে "সম্ভাব্য জালিয়াতিমূলক কার্যক্রম" নিয়ে ইমেইলও পাওয়া যায়।

এদিকে, ইনউ কিম ও ড্যানিয়েল লির বিরুদ্ধে হেলথকেয়ার জালিয়াতি ও ষড়যন্ত্র-এর অভিযোগ আনা হয়েছে। দোষী সাব্যস্ত হলে তাদের সর্বোচ্চ ১০ বছর কারাদণ্ড হতে পারে।

## জিতলেন বিএনপির ফজলুর রহমান

৬৪ পৃষ্ঠার পর

ফজলুর রহমান প্রায় ৭২ হাজার ভোটের ব্যবধানে জামায়াতের প্রার্থী রোকন রেজা শেখকে পরাজিত করেছেন।

বেসরকারি ফলাফল অনুযায়ী, আসনটির ১৫০টি ভোটকেন্দ্রে ফজলুর রহমান ধানের শীষ প্রতীকে পেয়েছেন ১ লাখ ২৯ হাজার ৯৫৪ ভোট। আর তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী রোকন রেজা পেয়েছেন ৫৭ হাজার ৩২৬ ভোট। ইটনা উপজেলায় ফজলুর রহমান পেয়েছেন ৫৪ হাজার ২৮৯ ভোট আর রোকন রেজা পেয়েছেন ২৩ হাজার ৯৩৯ ভোট। মিঠামইনে ফজলুর রহমান পেয়েছেন ২৬ হাজার ৭৫৬ ভোট আর রোকন রেজা পেয়েছেন ২২ হাজার ৪৫১ ভোট। অষ্টগ্রামে ফজলুর রহমান পেয়েছেন ৪৮ হাজার ৯০৯ ভোট আর রোকন রেজা পেয়েছেন ১৩ হাজার ৯৩৬ ভোট। তিন উপজেলায় ফজলুর রহমান প্রতিদ্বন্দ্বী রোকন রেজার চেয়ে ৭২ হাজার ৬২৮ ভোট বেশি পেয়ে বিজয়ী হয়েছেন।

এ বিষয়ে ফজলুর রহমান বলেন, 'আমি আমার আসনের মানুষের প্রতি কৃতজ্ঞ। আমার শেষ বয়সে এলাকার মানুষ আমাকে যে সম্মান দেখিয়েছে, তা আমি রক্ষা করতে চেষ্টা করব।'

## পারলেন না ডা. তাসনিম জারা

৬৪ পৃষ্ঠার পর

মোহাম্মদ জাবেদ মিয়া। তিনি পেয়েছেন ৫৩ হাজার ৪৬০ ভোট। আর এ আসনে সাবেক এনসিপি নেত্রী ও স্বতন্ত্র প্রার্থী তাসনিম জারা ফুটবল প্রতীকে পেয়েছেন ৪৪ হাজার ৬৮৪ ভোট।

অর্থাৎ জাবেদ মিয়ার তুলনায় ৫৭ হাজার ৭৫২ ভোট, তাসনিম জারার তুলনায় ৬৬ হাজার ৫২৮ ভোট বেশি পেয়ে বিজয়ী হয়েছে হাবিবুর রশিদ। জাবেদ মিয়া ও তাসনিম জারার যৌথ ভোটের চেয়ে হাবিবুর রশিদ বেশি ভোট পেয়েছেন।

শুক্রবার সকাল পৌনে সাতটার দিকে ঢাকার বিভাগীয় কমিশনার (রিটার্নিং কর্মকর্তা) শরফ উদ্দিন আহমেদ চৌধুরী এই ফলাফল ঘোষণা করেন।

ঢাকা-৯ আসনে মোট ভোটার ৪ লাখ ৬৯ হাজার ৩৫৬ জন। এর মধ্যে ভোট দিয়েছেন ২ লাখ ২১ হাজার ৬৮১ জন। ভোট বাতিল হয়েছে ৩ হাজার ৯৯৩টি। সেই হিসাবে বৈধ ভোট ২ লাখ ১৭ হাজার ৬৮৮টি।

এ আসনে অন্য প্রার্থীদের মধ্যে ইসলামী আন্দোলন বাংলাদেশের শাহ ইফতেখার আহসান হাতপাখা প্রতীকে ৫ হাজার ৮২৭ ভোট পেয়েছেন। লাঙ্গল প্রতীকে জাতীয় পার্টির প্রার্থী কাজী আবুল খায়ের পেয়েছেন ১ হাজার ২০২ ভোট।

## পীর পরাজিত ও মান্নার জামানত নেই

৬৪ পৃষ্ঠার পর

আবুল হোসেন খান পেয়েছেন ৮২ হাজার ২১৭ ভোট ও ফয়জুল করিম ৫৫ হাজার ৯৮৮ ভোট পেয়ে তৃতীয় হয়েছেন। বরিশাল জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার মো. খাইরুল আলম সুমন এ তথ্য নিশ্চিত করেছেন।

বগুড়া-২ (শিবগঞ্জ) আসনে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না হেভিওয়েট প্রার্থী হিসেবে আলোচনায় ছিলেন। তবে শেষপর্যন্ত তিনি প্রত্যাশিত ফল করতে পারেননি। কেটলি প্রতীকে ভোট পাওয়ার সংখ্যা মাত্র ৩,৪২৬, ফলে তিনি জামানত হারিয়েছেন। জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয় থেকে জানা গেছে, এই আসনে মোট ভোটার সংখ্যা ৩,৪২,১৫৫, এর মধ্যে মোট বৈধ ভোট পড়েছে ২,৪৩,৮০২, যা মোট ভোটারের ৭২.৬৩ শতাংশ। নির্বাচনি আইন অনুযায়ী, কোনো প্রার্থীকে জামানত রক্ষা করতে হলে মোট বৈধ ভোটের কমপক্ষে এক-অষ্টমাংশ (১২.৫%) ভোট পেতে হয়। বগুড়া-২ আসনে এই সংখ্যা দাঁড়ায় ৩০,৪৭৬ ভোট। কিন্তু মান্না পেয়েছেন মাত্র ৩,৪২৬ ভোট, যা মোট বৈধ ভোটের প্রায় ১.৪ শতাংশ। প্রথমে আসনটি বিএনপির পক্ষ থেকে মান্নাকে ছেড়ে দেওয়ার আলোচনা থাকলেও শেষ পর্যন্ত দলটি নিজস্ব প্রার্থীকে মনোনয়ন দেয়। মান্না পরে জোটে না গিয়ে নিজের দলীয় প্রতীকেই নির্বাচনে অংশগ্রহণ করেন।






# শোবিজ তারকাদের ভোটউৎসব

## ভোটের ছবি প্রকাশ করে কী বললেন ১২ তারকা

আজকাল বিনোদন





গত বৃহস্পতিবার সকাল থেকে সারাদেশে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়ে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ। সাধারণ মানুষের মতো সাংস্কৃতিক অঙ্গনের তারকারাও তাদের ভোট প্রয়োগ করেছেন। ভোট প্রয়োগের পর উচ্ছ্বাস প্রকাশ করে সামাজিক মাধ্যমে ছবির সঙ্গে প্রকাশ করেছেন নিজের অনুভূতি।

ছবিটি পোস্ট করে চিত্রনায়িকা শবনম বুবলী লিখেছেন, ২০২৬ সালের নির্বাচন

ভোট দিয়ে অভিনেতা জিয়াউল ফারুক অপূর্ব লিখেছেন, 'দেশের ভবিষ্যৎ গড়ার কারিগর আমরাই, আর তার শুরুটা হয় একটি ভোট দিয়ে। একটি সুন্দর আগামীর জন্য আজ আমার ভোটটি দিলাম।'

অভিনেত্রী কেয়া পায়েল লিখলেন, 'ভোটটা দিয়েই দিলাম।'

অভিনেত্রী নিশাত প্রিয়ম লিখেছেন, ভোট ডে।'

অভিনেতা শ্যামল মওলা লিখেছেন, 'ডান'।

চিত্রনায়িকা পলি লিখেছেন, 'সকাল থেকে দুপুর পর্যন্ত ভোটকেন্দ্রগুলোতে ছিল এক উৎসবমুখর, শান্ত ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ। কেন্দ্রগুলোতে ভোটারদের ছিল চোখে পড়ার মতো স্বতঃস্ফূর্ত উপস্থিতি। নারী-পুরুষ, তরুণ-প্রবীণ সবাই শৃঙ্খলার সঙ্গে লাইনে দাঁড়িয়ে নির্বিঘ্নে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

ভোট দিয়ে সংগীতশিল্পী মিলা লিখেছেন, দগণতন্ত্রের উৎসবে শামিল হলাম, আমাদের ব্যান্ড এর ভোট দেওয়া শেষ।' এরপর ৫৩ পৃষ্ঠায়



## ভোট দিলেন তিন কন্যা

আজকাল বিনোদন

উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে শেষ হয়েছে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। সকালে থেকে ভোট কেন্দ্রের সামনে দেখা যায় লম্বা লাইন। ভোটের আমেজ ছড়িয়ে পড়েছে শোবিজ অঙ্গনে। দেশের আগামী প্রতিনিধি নির্বাচন করতে নিজের ভোটাধিকার প্রয়োগ করেছেন ঢালিউডের তিন কন্যাড়সুচন্দা, ববিতা ও চম্পা। বৃহস্পতিবার দুপুরে গুলশান মডেল হাইস্কুল কেন্দ্রে এরপর ৫৩ পৃষ্ঠায়




## শাকিবের 'রকস্টার'-এ পাকিস্তানি নায়িকা!

আজকাল বিনোদন

ঢালিউড সুপারস্টার শাকিব খান মানেই নতুন কোনো ধামাকা, আর সেই পালে হাওয়া দিচ্ছে তার আসন্ন সিনেমা 'রকস্টার'। ঈদুল আজহাকে লক্ষ্য করে নির্মিত হতে যাওয়া এই সিনেমাটি নিয়ে ইতোমধ্যেই বিনোদন পাড়ায় শুরু হয়েছে তুমুল উত্তেজনা। তবে এবারের আলোচনার কেন্দ্রে সিনেমার গল্প নয়, বরং শাকিবের বিপরীতে নায়িকাদের রসায়ন। শোনা যাচ্ছে, এই সিনেমায় একসঙ্গে দেখা যেতে পারে দেশি গ্ল্যামার আর বিদেশি চমক।

সিনেমা সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে, 'রকস্টার'-এ একটি গুরুত্বপূর্ণ নারী চরিত্রে দেখা যেতে পারে 'মিস ইউনিভার্স বাংলাদেশ' খ্যাত তনজিয়া জামান মিথিলাকে। এ নিয়ে পরিচালকের সঙ্গে তার কয়েক দফা আলোচনাও হয়েছে। চিত্রনাট্য ও চরিত্র মিথিলার পছন্দ হওয়ায় বড় পর্দায় শাকিব-মিথিলা জুটিকে দেখার সম্ভাবনা এখন সময়ের ব্যাপার মাত্র। তবে ভক্তদের জন্য আসল চমক তোলা থাকছে প্রধান নায়িকার চরিত্রে। গুঞ্জন উঠেছে, শাকিবের এই বিগ বাজেট প্রজেক্টে প্রধান নায়িকা হিসেবে চুক্তিবদ্ধ হতে যাচ্ছেন পাকিস্তানের বর্তমান সময়ের কোনো শীর্ষ অভিনেত্রী। যদিও কৌশলগত কারণে নির্মাতারা সেই নামটি এখনো সযত্নে গোপন রেখেছেন।

সিনেমাটির পরিচালক আজমান রুশো এখনই সব রহস্য ফাঁস করতে নারাজ। নায়িকার বিষয়ে এরপর ৫৩ পৃষ্ঠায়







## ক্ষমতার কাছাকাছি থাকতে গিয়ে ভক্তদের থেকে বিচ্ছিন্ন হয়েছেন তারকারা

আজকাল বিনোদন

দেশের রাজনীতিতে শোবিজ তারকাদের সম্পৃক্ততা নতুন নয়। তবে গত দশ বছরে সেই প্রবণতা অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গিয়েছিল। অন্যান্য সময় তারকাদের রাজনীতির মাঠে দেখা না গেলেও নির্বাচনের আগে 'নৌকা'র টিকিট পেতে তারকাদের দৌড়ঝাঁপ শুরু হয়ে যেত। ক্ষমতার স্বাদ পেতে সংরক্ষিত মহিলা আসনে মনোনয়ন জমা দিতেন ছোট ও বড় পর্দার অভিনেত্রীরা।

সর্বশেষ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়ন ফরম তুলেছিলেন ফেরদৌস আহমেদ, মাহিয়া মাহি, শিমলা, নিপুন আক্তার, ঊর্মিলা শ্রাবন্তী কর, অপু বিশ্বাস, শমী কায়সার, রোকেয়া প্রাচী, সিদ্দিকুর রহমান, অঞ্জন দত্তসহ অনেকে। মনোনয়ন সংগ্রহ না করেও আলোচনায় ছিলেন অভিনেতা রিয়াজ। তাদের তারকা খ্যাতি থাকলেও, ছিল না রাজনৈতিক পদ পদবি। তবে আদর্শিকভাবে সবাই আওয়ামী ঘরানার। শেখ হাসিনার সরকার ক্ষমতায় থাকাকালীন তারকা খ্যাতিকে পুঁজি করে নির্বাচনে অংশ নিতেন মুখিয়ে থাকতেন এসব শিল্পীরা। অন্যদিকে তারকাখ্যাতিকে পুঁজি করে ক্ষমতায় টিকে থাকার চেষ্টা চালিয়ে গেছেন গত সরকার।

রাজনৈতিক সুবিধা : ক্ষমতার স্বাদ পেতে শিল্পীদের কাছে মূল্যহীন হয়ে পড়ে ভক্ত-অনুরাগীদের ভালোবাসা। অনেকের মতে, আদর্শিক জায়গা থেকে নয় বরং রাজনৈতিক প্রভাব খাটিয়ে ব্যবসায়িক বা ব্যক্তিগত সুবিধা নেওয়ার জন্য অনেক তারকা রাজনীতির ছায়াতলে দাঁড়িয়েছেন। বিশেষ করে জুলাই আন্দোলনের পরবর্তী প্রেক্ষাপটে তারকাদের অবস্থান নিয়ে ব্যাপক সমালোচনা হয়েছে। হত্যা মামলাসহ বিভিন্ন মামলায় গ্রেফতার হয়েছেন একাধিক শোবিজ তারকা। কারাগারে আছেন বরেণ্য অভিনেতা আসাদুজ্জামান নূর। তিনি নীলফামারী-২ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়ে আওয়ামী লীগ সরকারের সংস্কৃতিমন্ত্রী হয়েছিলেন। হত্যা মামলাসহ একাধিক অভিযোগে কারাগারে জনপ্রিয় কণ্ঠশিল্পী মমতাজ বেগম, অভিনেতা এরপর ৫৩ পৃষ্ঠায়

## 'যিনিই আসুক, আমাদের দুঃখ বুঝবেন'

আজকাল বিনোদন



দেশের সাধারণ মানুষের পাশাপাশি উৎসবমুখর পরিবেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করেছেন শোবিজ অঙ্গনের তারকারা। বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল থেকেই ছোট ও বড় পর্দার শিল্পীদের ভোটকেন্দ্রে উপস্থিত হতে দেখা যায়।

এরই ধারাবাহিকতায় ভোট দিতে গিয়েছিলেন বর্ষীয়ান অভিনেত্রী দিলারা জামান। সেখানে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে এবারের ভট দেওয়ার অনুভূতি ব্যক্তি করেন তিনি।

দিলারা জামান বলেন, খুব ভালো একটা শান্ত পরিবেশে ভোট দিতে পারলাম এবং নিশ্চিন্ত মনে এবার এই চিহ্ন নিয়ে যাচ্ছি। আর এর আগে কিন্তু এসে দেখেছি যে ভোট হয়ে গেছে। তো এবার আল্লাহর কাছে লাখ শুকরিয়া: যিনিই আসুন, আমাদের কথা বলবেন, আমাদের দুঃখ বুঝবেন, সাধারণ মানুষের তারা প্রতিনিধি হবেন এবং আমাদের জন্যই তারা কাজ করবেন- এই আশাই আর কি।

উল্লেখ্য, শোবিজ অঙ্গনের অনেক তারকাই বৃহস্পতিবার সকাল থেকে বিভিন্ন কেন্দ্রে গিয়ে তাদের ভোট দেন। সারাদেশে এদিন সকাল সাড়ে ৭টা থেকে উৎসবমুখর পরিবেশে ভোটগ্রহণ শুরু হয়েছে, যা চলেছে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত। এখন চলছে ভোট গণনা।

## রাজনীতিতে নামছেন অরিজিৎ সিং?



আজকাল বিনোদন

ভারতের জনপ্রিয় সংগীতশিল্পী অরিজিৎ সিং কি রাজনীতিতে যোগ দিচ্ছেন? গত কয়েকদিন ধরে সামাজিক মাধ্যমে ও বিভিন্ন সংবাদমাধ্যমে এমন গুঞ্জন চাউর হয়েছে। এমনকি ২০২৬ সালের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে একটি দলের হয়ে দাঁড়াবেন বলেও দাবি করা হচ্ছিল। অবশেষে এসব জল্পনা নিয়ে মুখ খুলেছেন এই গায়ক।

সম্প্রতি অরিজিৎ সিং আবহ সংগীত থেকে অবসরের ঘোষণা দেওয়ার পর থেকেই তার ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে নানা আলোচনা শুরু হয়। ভারতের একটি প্রভাবশালী সংবাদমাধ্যম দাবি করে, অরিজিৎ সিং সক্রিয় রাজনীতিতে নামছেন। আবার, নিজের রাজনৈতিক দল গঠনের প্রস্তুতি নিচ্ছেন বলেও খবর রটে।

পরবর্তীতে এই আলোচনার মোড় ঘোরে বিজেপিতে যোগদানের সম্ভাবনার দিকে। আগামী বিধানসভা নির্বাচনকে সামনে রেখে এই গুঞ্জন বিনোদন দুনিয়া ছাপিয়ে রাজনৈতিক মহলেও শোরগোল ফেলে দেয়।

এ প্রসঙ্গে দীর্ঘদিন নীরব থাকার পর সামাজিক এরপর ৫৩ পৃষ্ঠায়



## মিশিগানে চালু হবে স্থায়ী কন্সুলেট অফিস

৬২ পৃষ্ঠার পর

ছিলেন। বৈঠকে কমিউনিটির সদস্যদের দাবির পরিপ্রেক্ষিতে রাষ্ট্রদূত তারেক মো. আরিফুল ইসলাম বলেন, মিশিগানের ডেট্রয়েটে স্থায়ী বাংলাদেশি কনস্যুলেট অফিস স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার। এ লক্ষ্যে বাংলাদেশে সব প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে মার্কিন সরকারের অনুমোদন প্রয়োজন, যা ইতোমধ্যে চাওয়া হয়েছে এবং বিষয়টি বর্তমানে মার্কিন সরকারের বিবেচনাধীন রয়েছে।

তিনি আমেরিকার কংগ্রেসম্যান ও সিনেটরদের সঙ্গে প্রবাসীদের নিবিড় যোগাযোগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন এবং দ্বিতীয় প্রজন্মের বাংলাদেশি-আমেরিকানদের মূলধারার মার্কিন রাজনীতিতে সম্পৃক্ত করার জন্য কমিউনিটির সদস্যদের প্রতি আহ্বান জানান। এছাড়া রেমিট্যান্স পাঠানোর তালিকার আমেরিকার প্রবাসীরা শীর্ষে থাকায় তিনি প্রবাসীদের এই অনন্য অবদানের জন্য তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এদিকে মিশিগানে কনস্যুলেট অফিস স্থাপনের সিদ্ধান্ত নেওয়ায় হ্যামট্রাম্যাক সিটির পক্ষ থেকে বাংলাদেশের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে একটি প্রোক্লেমেশন প্রদান করা হয়। বাংলাদেশি বংশোদ্ভূত হ্যামট্রাম্যাক সিটির বর্তমান ও সাবেক কাউন্সিল সদস্যরা রাষ্ট্রদূত তারেক মো. আরিফুল ইসলামের হাতে এই প্রোক্লেমেশন তুলে দেন।

বৈঠকে ভিডিও বার্তায় বক্তব্য রাখেন বাংলাদেশের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। দূতাবাসের ডেপুটি চিফ অব মিশন মো. সালাহউদ্দিন মাহমুদের সঞ্চালনায় বৈঠকে উপস্থিত ছিলেন দূতাবাসের কর্মকর্তা মাহবুবুর রহমান ও মো. আরিফুর রহমান।

## এনবিসি'র পিঠা উৎসব



৬২ পৃষ্ঠার পর

ছিলেন অ্যাটর্নি মঈন চৌধুরী, নিউইয়র্ক স্টেট সিনেটর স্টিভেন রোমেন, ডেপুটি ইন্সপেক্টর কামাল চৌধুরী, এনবিসিএইচ-এর অ্যাডমিন তরিকুল ইসলাম মিঠু এবং কবীর আসাদুর মিয়া।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ক্যাপ্টেন মোদাচ্ছির মিয়া, শামিসুর রহমান, সাঈদ জাহিদুল ইসলাম এবং মোঃ সোহেল রানা। তাঁদের বক্তব্যে প্রবাসে বাংলা ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণের গুরুত্ব এবং কমিউনিটির ঐক্যের প্রয়োজনীয়তা বিশেষভাবে তুলে ধরা হয়।

অনুষ্ঠানে দীর্ঘদিন ধরে কমিউনিটির প্রতি নিবেদিত সেবার স্বীকৃতি হিসেবে মো. সোহেল রানা ও মোদাচ্ছির মিয়াকে নিউইয়র্ক স্টেট সিনেটর স্টিভ রোমেন-এর পক্ষ থেকে সম্মানসূচক সাইটেশন প্রদান করা হয়। একইসঙ্গে নাসাউ কাউন্টির পক্ষ থেকে দীর্ঘদিনের কমিউনিটি সার্ভিসের জন্য সাঈদ জাহিদ হোসেনকে বিশেষ সাইটেশন প্রদান করা হয়। এই সম্মাননা প্রাপ্তির মাধ্যমে তাঁদের অবদান ও ত্যাগের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয় এবং উপস্থিত অতিথিরা করতালির মাধ্যমে তাঁদের সম্মান জানান। এনবিসির লাইফটাইম মেম্বারদের এনবিসির পক্ষ থেকেবিশেষ সংবর্ধনা ও সার্টিফিকেট প্রদান করা হয়।

এনবিসির ভাইস প্রেসিডেন্ট সুমন ফারুকী এবং মোহাম্মেদ হাবিব-এর নেতৃত্বে ফিরোজ আহমেদ, আমিনুল হক, নাসরিন আক্তার লিপু, আওরঙ্গজেব হোসাইন, হুমায়ুন কবির, পলাশ হাসান, নূর মোহাম্মদ, ফারুক আহমেদ, মোমেন হোসাইন এবং মিজানুর রহমান স্বপন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

অতিথিরা জানান, এমন অনুষ্ঠান প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মের সঙ্গে বাংলাদেশের ঐতিহ্য ও সংস্কৃতির সেতুবন্ধন তৈরির একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। সংস্কৃতি আর ঐক্যের শক্তিতে আমেরিকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা মনে-প্রাণে বাংলাদেশকে ধারণ করে। কমিউনিটির সম্মিলিত প্রচেষ্টা ও সহযোগিতায় অনুষ্ঠানটি সুশৃঙ্খল ও সফলভাবে সম্পন্ন হয়।

## যুক্তরাষ্ট্রের বাজারে শূন্য শুল্কে বাংলাদেশি পোশাক

৬২ পৃষ্ঠার পর

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান বলেন, শুল্কহার কমানোর ফলে বাংলাদেশের রপ্তানিকারকেরা অতিরিক্ত সুবিধা পাবেন এবং নির্দিষ্ট পোশাকপণ্যের ওপর শূন্য শুল্ক সুবিধা দেশের তৈরি পোশাক খাতে নতুন গতি সঞ্চার করবে। উপদেষ্টা পরিষদের সভায় চুক্তিটি অনুমোদিত হয়েছে। উভয় দেশের পক্ষ থেকে আনুষ্ঠানিক প্রজ্ঞাপন জারির পর এটি কার্যকর হবে। স্বাক্ষর অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের সহকারী ট্রেড রিপ্রেজেন্টেটিভ ব্রেন্ডান লিঞ্চ উপস্থিত ছিলেন।

## ব্রঙ্কসে রিয়েল এস্টেট বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

আয়োজন করা হয়।

সেমিনারে কিভাবে বাড়ি কেনা যায়, বাড়ির মালিক হলে কীভাবে রিয়েল এস্টেট ইনভেস্টর হওয়া যায়, ট্যাক্স রিটার্ন, লোন, ইন্সপেকশান, লিগাল ম্যাটার ইত্যাদি বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্যসহ পরামর্শ প্রদান করা হয়।

রিয়েলেটর সাইদুর রহমান লিমনের পরিচালনায় এ হাউজিং সেমিনারে তথ্যভিত্তিক বক্তব্য রাখেন সিপিএ আহাদ আলী, অ্যাটর্নি হাসান মালিক, চেজ ব্যাংকের লোন অফিসার সিদ্রিয়া খান, রিয়েলেটর আশিক অনয়, লোন অফিসার কার্লোস ও হোম ইন্সপেক্টর ইমরান। সকলের জন্য উন্মুক্ত এ সেমিনারে প্রবাসী বাংলাদেশি অংশগ্রহণ করেন।

## বাংলাদেশী আমেরিকার পোস্টাল এম্পলয়ীস এসোসিয়েশন ইনকের উদ্বোধন ও বর্ণিল সাংস্কৃতিক আয়োজন

৬২ পৃষ্ঠার পর

রহমান সেলিম, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোঃ মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী ও শাহনুরা মর্নিংস্টার সিইও ভিনেট শাহনুরা। প্রধান অতিথির বক্তব্যে ইঞ্জিনিয়ার মাহবুবুল হক বলেন, প্রবাসের মাটিতেও কমিউনিটির সাথে সংযুক্ত থাকার একটা মাধ্যম এ পোস্টাল এম্পলয়ীস এসোসিয়েশন। যেখানে সাংস্কৃতিক চর্চারও একটা অবারিত সুযোগ রয়েছে। এছাড়া নিউইয়র্কের মত জায়গায় বাংলাদেশীদের পোস্টাল সেক্টরে যে সুদৃঢ় অবস্থান তা বাংলাদেশীদের জন্য গর্বের বলেও উল্লেখ করেন তিনি।

সভাপতির বক্তব্যে মোহাম্মদ এস শফি বলেন, এই সংগঠনটির মূল লক্ষ্য প্রবাসে বাংলাদেশিদের ঐক্যবদ্ধ করা। ইতোমধ্যে সংগঠনের সদস্য সংখ্যা পাঁচ শতাধিক ছাড়িয়েছে। পোস্ট অফিসে কর্মরত বাংলাদেশিদের চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয় ছাড়াও পারিবারিক ও সামাজিক সমস্যায় সংগঠনটি পাশে দাঁড়ানোর চেষ্টা করছে। অনুষ্ঠানের শেষ পর্বে ছিলো মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা। সাংস্কৃতিক পর্বে প্রবাসী শিল্পীরা সংগীত ও নৃত্যের তালে অনুষ্ঠানকে আরও আনন্দঘন করে তুলেন। অনুষ্ঠানে বিভিন্ন সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## হেরে গেলেন জামায়াতের সেই কৃষ্ণ নন্দী

৬৪ পৃষ্ঠার পর

হয়েছেন ধানের শীষের প্রার্থী আমীর এজাজ খান। তিনি নিকটতম প্রার্থী জামায়াতের কৃষ্ণ নন্দীর চেয়ে ৫০ হাজার ৪৩৪ ভোট বেশি পেয়েছেন।

ধানের শীষ প্রতীক নিয়ে আমীর এজাজ খান পেয়েছেন ১ লাখ ২০ হাজার ৯২ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াত ইসলামী মনোনীত প্রার্থী কৃষ্ণ নন্দী পেয়েছেন ৬৯ হাজার ৬৫৮ হাজার ভোট।

বৃহস্পতিবার ১২ ফেব্রুয়ারি রাতে এই ফলাফল পাওয়া যায়। এর আগে এদিন সকাল সাড়ে ৭টা থেকে ৪২ হাজার ৭৭৯টি কেন্দ্রে একযোগে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়ে চলে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত। সংসদ নির্বাচনের পাশাপাশি এদিন দেশজুড়ে গণভোটও অনুষ্ঠিত হয়েছে।

এবারের নির্বাচনে সকালের দিকে ভোটার উপস্থিতি কম থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রগুলোতে দীর্ঘ লাইন দেখা যায়। বিশেষ করে তরুণ ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো। নতুন বাংলাদেশ পুনর্গঠনের লক্ষ্যে ভোটাররা উৎসাহ-উদ্দীপনা নিয়ে ব্যালট পেপারের মাধ্যমে তাদের রায় প্রদান করেন।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, ২০০৮ সালে নিবন্ধন প্রক্রিয়া শুরুর পর এবারই রেকর্ডসংখ্যক রাজনৈতিক দল নির্বাচনে অংশ নিয়েছে। বিএনপি, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টিসহ মোট ৫১টি দল এই নির্বাচনী লড়াইয়ে প্রতিদ্বন্দ্বিতা করছে। নির্বাচনে মোট প্রার্থী ২ হাজার ২৯ জন; যার মধ্যে দলীয় প্রার্থী ১ হাজার ৭৫৫ জন এবং স্বতন্ত্র প্রার্থী রয়েছেন ২৭৪ জন। নারী প্রার্থীর সংখ্যা ৮৩ জন। এবারের নির্বাচনে মোট ১১৯টি প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।







First Time in NY

# COMMUNITY CONNECT

Scan to Register

Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM

150 State Street 4 FL
Albany 12207 NY

Speakers

**The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)**
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

**Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community**
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC

Refreshments will be served

Hosted by
MAJESTIC TOUCH

Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH

# পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান







যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

# আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়

Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com




Video & Photo
PRODUCTION
SERVICES
DFC TV
DREAM FRAME CREATIVE
• Brand Videos
• Event Coverage
• Product Demos
• Corporate Videos
• Video Editing
সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!
আমাদের সেবাসমূহ: ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন) কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট লাইভস্ট্রিমিং (Facebook, YouTube) ডকুমেন্টারি
ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও —সবকিছু এক ছাতার নিচে!
Phone
(646) 457-6732
(929) 498-0979
Website
www.dfcreative.org
Location
Jamaica, NY 11432


We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician
আমাদের সেবাসমূহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com


WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
Hard Money Loan Available.
রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর
Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760
Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com


মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to PCA & HHA Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
ঈদ উপলক্ষে 10% DISCOUNT
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

## যুক্তরাজ্যে প্রথম মুসলিম প্রধানমন্ত্রী শাবানা মাহমুদ!

১ পৃষ্ঠার পর

মাহমুদ। লেবার পার্টির জ্যেষ্ঠ নেতাদের মধ্যে তিনি এখন দলের সম্ভাব্য পরবর্তী নেতা হিসেবে দেখা হচ্ছে। যদি তিনি নেতৃত্ব পান, যুক্তরাজ্যের ইতিহাসে তিনি হবেন প্রথম মুসলিম প্রধানমন্ত্রী। এ পরিস্থিতি তৈরি হয়েছে যুক্তরাষ্ট্রের কুখ্যাত যৌন অপরাধী জেফরি এপস্টেইনের নথি প্রকাশ এবং ওয়াশিংটনে যুক্তরাজ্যের রাষ্ট্রদূত পিটার ম্যান্ডেলসনের নিয়োগকে কেন্দ্র করে। এই ঘটনায় প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের ওপর চাপ বাড়ছে এবং লেবার পার্টির উচ্চ পর্যায়ে নতুন নেতৃত্ব নিয়ে আলোচনা তীব্র হয়েছে। শাবানা মাহমুদ পাকিস্তানি বংশোদ্ভূত, ৪৫ বছর বয়সী এবং লেবার সরকারের প্রভাবশালী নেত্রী। ২০২৫ সাল থেকে স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পালন করছেন। তিনি আইনজীবী পেশা ত্যাগ করে রাজনীতিতে আসেন। ২০১০ সালে তিনি নির্বাচিত হন এবং তখন থেকেই যুক্তরাজ্যের প্রথম নারী মুসলিম এমপিদের মধ্যে একজন হিসেবে পরিচিতি পেয়েছেন। স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে শাবানা কঠোর অভিবাসন নীতি সমর্থন করেছেন। রাজনৈতিক অস্থিরতার মধ্যে তার নেতৃত্ব নিয়ে চলা আলোচনা এখন লন্ডনের ওয়েস্টমিনস্টারকে সরগরম করে তুলেছে। স্টারমারের ওপর চাপ বাড়ার সঙ্গে সঙ্গে শাবানার নাম আরও জোরালোভাবে উঠে আসছে।

## তারেক রহমান হচ্ছেন প্রধানমন্ত্রী

১ পৃষ্ঠার পর

আসনে। এর বাইরে ইসলামী আন্দোলন বাংলাদেশের একজন স্বতন্ত্র প্রার্থী বিজয়ী হয়েছেন। যদিও রাত পৌনে তিনটা পর্যন্ত ১০টি আসনের ফলাফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করে নির্বাচন কমিশন। রাজধানীর ঢাকার আসনগুলোর একটিরও ফলাফল তখনও আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি। নির্বাচনে একইসঙ্গে জুলাই জাতীয় সনদ চূড়ান্তে গণভোটে হ্যাঁ-এর পক্ষে বেশি ভোট পড়েছে। যদিও ভোটের হার এবং হ্যাঁ এর পক্ষে কতো শতাংশ ভোট পড়েছে ভোর রাতে এ রিপোর্ট লেখার সময়ও জানাতে পারেনি নির্বাচন কমিশন।

নির্বাচনে দুই তৃতীয়াংশ আসনে বিজয়ী হওয়ায় সরকার গঠনের নিরঙ্কুশ সমর্থন পেয়েছে বিএনপি। দলের এই বিশাল জয় উদযাপনে কোনো বিজয় মিছিল না করার ঘোষণা দিয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। দলের এই জয়ে আজ শুক্রবার সারাদেশে মসজিদে দোয়ার আহবান জানানো হয়েছে। একইসঙ্গে কোনো ধরণের সমাবেশ না করার নির্দেশনা দেয়া হবে। নির্বাচন শান্তিপূর্ণ হওয়ায় দেশবাসীকে ধন্যবাদ জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

নির্বাচনে ঢাকা ও বগুড়ার দুই আসন থেকে বিজয়ী হয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। ঢাকার দুই আসন থেকে বিজয়ী হয়েছেন জামায়াত আমীর ডা. শফিকুর রহমান ও এনসিপি আহবায়ক নাহিদ ইসলাম। জামায়াত জোটের শীর্ষ নেতা খেলাফত মজলিসের আমীর মাওলানা মামুনুল হক ও এবি পার্টির চেয়ারম্যান মুজিবুর রহমান মঞ্জু এবং জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার পরাজিত হয়েছেন।

ঢাকার বেশির ভাগ আসনে বিজয়ী হয়েছে বিএনপি'র প্রার্থীরা । ২০টি আসনের মধ্যে প্রাপ্ত ফলে ১৪টিতে বিএনপি প্রার্থীরা জয়ী হয়েছেন। জামায়াত ও এনসিপি প্রার্থীরা জয়ী হয়েছেন ৬ জন। সিলেট বিভাগে সবচেয়ে ভালো করেছে বিএনপি। এ বিভাগের ১৭টির মধ্যে একটি ছাড়া সব আসনে জয়ী হয়েছেন বিএনপি প্রার্থীরা । এছাড়া দেশের পূর্বাঞ্চল ও দক্ষিণাঞ্চলে ভালো ফলাফল করেছে দলটি। ওদিকে উত্তরাঞ্চল ও পশ্চিমাঞ্চলে জামায়াত জোটের প্রার্থীরা ভালো ফলাফল করেছেন।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা থেকে একটানা বিকাল সাড়ে ৪টা পর্যন্ত ব্যালট পেপারে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ২৯৯টি আসনে উৎসবমুখর পরিবেশে সহিংসতামুক্ত এই নির্বাচন অনুষ্ঠিত হয়। এবারের নির্বাচনের দিন সংঘাত সংঘর্ষের জেরে কোনো প্রাণহানির ঘটনা ঘটেনি। দীর্ঘ দেড় যুগ পর গণতান্ত্রিক পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় নির্ভয়ে ভোটকেন্দ্রে যান ভোটাররা। নির্বাচন ঘিরে সেনাবাহিনী, বিজিবি, র‍্যাব, পুলিশসহ আইনশৃঙ্খলা বাহিনীর ৯ লক্ষাধিক সদস্য মোতায়েন ছিল। ভোটকেন্দ্রের বাইরে সেনাবাহিনী ও বিজিবি স্ট্রাইকিং ফোর্স হিসেবে দায়িত্ব পালন করেছে।

**ঢাকায় বিজয়ী হয়েছেন যারাঃ** ঢাকা-১ এ বিএনপি'র আবু আশফাক, ঢাকা-২ এ বিএনপি'র আমান উল্লাহ আমান, ঢাকা-৩ এ বিএনপি'র গয়েশ্বর চন্দ্র রায়, ঢাকা-৪ এ বিএনপি তানভীর ইসলাম রবিন, ঢাকা-৫ এ জামায়াতের কামাল হোসেন , ঢাকা-৬ এ বিএনপি'র ইশরাক হোসেন, ঢাকা-৭ এ বিএনপি'র , ঢাকা-৮ এ বিএনপি'র মির্জা আব্বাস, ঢাকা-৯ এ বিএনপি'র হাবিবুর রহমান, ঢাকা-১০ এ বিএনপি'র শেখ রবিউল ইসলাম রবি, ঢাকা-১১ এ এনসিপি'র নাহিদ ইসলাম, ঢাকা-১২তে জামায়াতের সাইফুল আলম খান মিলন, ঢাকা-১৩ তে বিএনপি'র ববি হাজ্জাজ, ঢাকা-১৪ তে জামায়াতের ব্যারিস্টার মীর আহমেদ কাসেম আরমান, ঢাকা-১৫ তে জামায়াতের ডা. শফিকুর রহমান, ঢাকা-১৬ তে জামায়াতের কর্নেল (অব) আবদুল বাতেন, ঢাকা-১৭তে বিএনপি'র তারেক রহমান, ঢাকা-১৮ তে বিএনপি'র এস এম জাহাঙ্গীর হোসেন, ঢাকা-১৯ এ বিএনপি'র দেওয়ান সালাহউদ্দিন ও ঢাকা-২০ এ বিএনপি'র তমিজ উদ্দিন।

**বিজয়ী হয়েছেন যারাঃ** সুনামগঞ্জ-১বিএনপি'র কামরুজ্জামান কামরুল, সুনামগঞ্জ-২: বিএনপি'র নাছির উদ্দিন চৌধুরী, সুনামগঞ্জ-৩: বিএনপি'র কয়ছর আহমেদ, সুনামগঞ্জ-৪: বিএনপি'র নুরুল ইসলাম, সুনামগঞ্জ-৫: বিএনপি'র কলিম উদ্দিন আহমেদ, সিলেট-১: বিএনপি'র খন্দকার আব্দুল মুক্তাদির, সিলেট-২: বিএনপি'র তাহসিনা রুশদী লুনা, সিলেট-৩: বিএনপি'র এমএ মালিক, সিলেট-৪: বিএনপি'র আরিফুল হক চৌধুরী, সিলেট-৫: খেলাফতের মুফতি আবুল হাসান, সিলেট-৬: বিএনপি'র এমরান আহমেদ চৌধুরী, মৌলভীবাজার-১: বিএনপি'র নাসির উদ্দিন আহমেদ মিঠু (৯৭,৫৩৪) বিজয়ী। নিকটতম প্রতিদ্বন্দ্বী মাওলানা মোহাম্মদ আমিনুল ইসলাম ৭৯,৬১৯, মৌলভীবাজার-২: বিএনপি'র শওকতুল ইসলাম শকু, মৌলভীবাজার-৩: বিএনপি'র নাসের রহমান, মৌলভীবাজার-৪: বিএনপি'র মুজিবুর রহমান চৌধুরী (হাজী মুজিব) (১,৬৯,৬০৮) বিজয়ী। নিকটতম প্রার্থী শেখ নূরে আলম হামিদী (৪৯,১৮৯), হবিগঞ্জ-১: বিএনপি'র ড. রেজা কিবরিয়া, হবিগঞ্জ-২: বিএনপি'র আবু মনসুর সাখাওয়াত হাসান, হবিগঞ্জ-৩: বিএনপি'র জি কে গউছ, হবিগঞ্জ-৪: বিএনপি'র সৈয়দ মোহাম্মদ ফয়সল, ঢাকা-২: বিএনপি'র আমান উল্লাহ আমান, ঢাকা-২০: বিএনপি'র তমিজ উদ্দিন, টাঙ্গাইল-৮: বিএনপি'র আহমেদ আযম খান, কিশোরগঞ্জ-১: বিএনপি'র মাজহারুল ইসলাম, কিশোরগঞ্জ-২: বিএনপি'র এডভোকেট মো. জালাল উদ্দীন, কিশোরগঞ্জ-৩: বিএনপি'র ড. এম ওসমান ফারুক, কিশোরগঞ্জ-৪: বিএনপি'র এডভোকেট ফজলুর রহমান, কিশোরগঞ্জ-৫: স্বতন্ত্র শেখ মজিবুর রহমান ইকবাল, কিশোরগঞ্জ-৬: বিএনপি'র শরীফুল আলম (১,৮৫,৮৯৮) বিজয়ী, প্রতিদ্বন্দ্বী খেলাফতের আতাউল্লাহ আমিন (৪২,৫২৫), মানিকগঞ্জ-১: বিএনপি'র এস এ জিন্নাহ কবীর, মানিকগঞ্জ-২: বিএনপি'র মঈনুল ইসলাম খান শান্ত, মানিকগঞ্জ-৩: বিএনপি'র আফরোজা খান রিতা, মুন্সীগঞ্জ-১: বিএনপি'র মো.আব্দুল্লাহ, মুন্সীগঞ্জ-২: বিএনপি'র আব্দুস সালাম আজাদ, মুন্সীগঞ্জ-৩: বিএনপি'র মো.কামরুজ্জামান, গাজীপুর-৪: জামায়াতের সালাহউদ্দিন আইউবী, গাজীপুর-৫: বিএনপি'র একেএম ফজলুল হক মিলন, নরসিংদী-১: বিএনপি'র খায়রুল কবির খোকন, নরসিংদী-২: বিএনপি'র মঈন খান, নরসিংদী-৩: বিএনপি'র মনজুর এলাহী, নরসিংদী-৪: বিএনপি'র সরদার সাখাওয়াত, ফরিদপুর-২: বিএনপি'র শামা ওবায়েদ ইসলাম রিংকু, ভোলা-১: বিএনপি'র ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থ, বরিশাল-৫: বিজয়ী হয়েছেন বিএনপি'র মজিবর রহমান সরোয়ার, বরিশাল-৬: বিএনপি'র আবুল হোসেন খান, পিরোজপুর-৩: বিএনপি'র রুহুল আমিন দুলাল (৬৩,১৩২) বিজয়ী, নিকটতম প্রতিদ্বন্দ্বী ডা রুস্তম আলী ফরাজী ৩৫,৬২৩, জয়পুরহাট-১: জামায়াতের ফজলুর রহমান সাঈদ, জয়পুরহাট-২: বিএনপি'র আব্দুল বারী, নওগাঁ-১: বিএনপি'র মো. মোস্তাফিজুর রহমান, পাবনা-১: জামায়াতের নাজিবুর রহমান মোমেন, মেহেরপুর-১: জামায়াতের মাওলানা তাজ উদ্দীন খান (১,২২,৮২৯) বিজয়ী, নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির মাসুদ অরুন (১,৪,২২৪)। মেহেরপুর-২ জামায়াতের নাজমুল হুদা (৯৪,১৬৮) বিজয়ী, নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির আমজাদ হোসেন ৮৫,৬৮৯, কুষ্টিয়া-১: বিএনপি'র রেজা আহমেদ বাচ্চু, কুষ্টিয়া-২: জামায়াতের আব্দুল গফুর (১,৮৯,৮১৬) বিজয়ী, প্রতিদ্বন্দ্বী বিএনপি'র ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী (১,৪৩,২৮২), কুষ্টিয়া-৩: মুফতি আমির হামজা, কুষ্টিয়া-৪: জামায়াতের আফজাল হোসেন, চুয়াডাঙ্গা-২: জামায়াতের রুহুল আমীন (২,১০,১১১) বিজয়ী, প্রতিদ্বন্দ্বী বিএনপি'র মাহমুদ হাসান খান বাবু (১,৬৩,২৯৯), বাগেরহাট-৩: বিএনপি'র ফরিদুল ইসলাম, খুলনা-৪: বিএনপি'র আজিজুল বারী হেলাল, খুলনা-৫: বিএনপি'র আলি আসগার, সাতক্ষীরা-১: জামায়াতের ইজ্জত উল্লাহ, সাতক্ষীরা-২: জামায়াতের মুহাদ্দিস আবদুল খালেক, সাতক্ষীরা-৩: জামায়াতের রবিউল বাশার, সাতক্ষীরা-৪: জামায়াতের গাজী নজরুল ইসলাম, বগুড়া-১: বিএনপি'র কাজী রফিকুল ইসলাম, বগুড়া-২: বিএনপি'র প্রার্থী মীর শাহে আলম, বগুড়া-৩: বিএনপি'র আবদুল মহিত তালুকদার, বগুড়া-৫: বিএনপি'র গোলাম মোহাম্মদ সিরাজ, বগুড়া-৬: বিএনপি চেয়ারম্যান তারেক রহমান, পঞ্চগড়-১: বিএনপি'র ব্যারিস্টার মোহাম্মদ নওশাদ জমির বিজয়ী (১,৭৬,১৬৬), প্রতিদ্বন্দ্বি এনসিপি'র সারজিস আলম (১,৩৮,০৪৯), পঞ্চগড়-২: বিএনপি'র ফরহাদ হোসেন আজাদ (১,৭৪,৬৫০), প্রতিদ্বন্দ্বি জামায়াতের সফিউল আলম (১,২৮,৮৬২), ঠাকুরগাঁও-১: বিএনপি'র মির্জা ফখরুল ইসলাম আলমগীর, নীলফামারী-১: জামায়াতে ইসলামীর মাওলানা আব্দুস সাত্তার, নীলফামারী-২: জামায়াতের আল ফারুক আব্দুল লতিফ, নীলফামারী-৩: জামায়াতের ওবায়দুল্লাহ সালাফী, নীলফামারী-৪: জামায়াতের আব্দুল মুনতাকিম, কুড়িগ্রাম-২: এনসিপি'র ড. আতিকুর রহমান মুজাহিদ, কুড়িগ্রাম-৩: জামায়াতের মাহবুবুল আলম সালেহী, কুড়িগ্রাম-৪: জামায়াতে ইসলামীর মো. মোস্তাফিজুর রহমান।

**ওয়াদা পরিপূর্ণ করতে পেরেছি-সিইসিঃ** প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিন বলেছেন, জাতিকে যে ওয়াদা আমরা দিয়েছিলাম, সেই ওয়াদা পরিপূর্ণ করতে পেরেছি। আমরা সবাইকে দেখাতে চাই, আমাদের মধ্যে কোনো ধরনের কোনো লুকোচুরি নেই। আমরা সম্পূর্ণ ট্রান্সপারেন্ট একটা নির্বাচন দেয়ার চেষ্টা করেছি। বৃহস্পতিবার রাতে নির্বাচন কমিশনের ফলাফল ঘোষণা অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, সবাই মিলে অনেক দিনের একটি প্রত্যাশিত সুন্দর নির্বাচন হয়েছে। আমরা সবাই মিলে জাতিকে উপহার দিতে পেরেছি। পরম করুণাময়ের দরবারে শুকরিয়া আদায় করছি। আমাদের যে চেষ্টা, যে কষ্ট, সেটা সার্থক হয়েছে বলে আমরা মনে করি। তিনি আরও বলেন, সকাল থেকে আমরা বিভিন্ন মিডিয়ায় দেখছিলাম মোটামুটিভাবে এদেশের ইতিহাসের নির্বাচনের ইতিহাসে যেকোনো মানদণ্ডে যদি আপনি বিচার করেন, এটাকে একটা বেশ ভালো নির্বাচন হিসেবে গণ্য করা যায়। আমার খুবই ভালো লেগেছে। আমরা ওয়াদা করেছিলাম যে, একটি উৎসবমুখর পরিবেশে একটা নির্বাচন আমরা উপহার দেব জাতিকে। নিরপেক্ষ একদম সম্পূর্ণ নিরপেক্ষ এবং ক্রেডিবল একটি ইলেকশন উপহার দেব এবং আমরা বিশ্বাস করি, আমরা এটা পেরেছি উপহার দিতে পেরেছি। এটা সবাই স্বীকৃতি দিচ্ছে। সিইসি বলেন, আমার খুবই ভালো লেগেছে। কিন্তু ত্রুটি বিচ্যুতি সীমাবদ্ধতা থাকবেই। এটা ১৮ কোটি লোকের দেশ। ১২৭ মিলিয়ন ভোটারের দেশ। আর রেফারেন্ডামসহ যদি ধরি ২৫৪ মিলিয়ন ব্যালট আমাদেরকে ছাপাতে হয়েছে, বিলি করতে হয়েছে। আপনাদের সহযোগিতা না হলে কিন্তু আমরা এই সুন্দর নির্বাচনটা উপহার দিতে পারতাম না। আমরা আপনাদের কাছে অত্যন্ত কৃতজ্ঞ। দেশবাসীর কাছে কৃতজ্ঞ। রাজনৈতিক নেতাদের কাছে কৃতজ্ঞ। রাজনৈতিক দলের কাছে কৃতজ্ঞ।

**ফল 'ঝুলিয়ে' রাখার অভিযোগ জামায়াত আমিরেরঃ** বেশ কিছু আসনে রিটার্নিং অফিসাররা ফল ঘোষণা না করে 'ঝুলিয়ে' রেখেছেন বলে অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। বৃহস্পতিবার রাত পৌনে ১২টার দিকে জামায়াতের নেতৃত্বাধীন '১১ দলীয় নির্বাচনী ঐক্য' এর শরিক নেতাদের নিয়ে জরুরি সংবাদ সম্মেলনে তিনি এই অভিযোগ করেন। বলেন, বেশকিছু আসনে আমাদের জনমতে আমরা এগিয়ে আছি। গণনাও কমপ্লিট। কিন্তু রিটার্নিং অফিসাররা ফল ঘোষণা করছেন না। ঝুলিয়ে রেখেছেন, আমরা বুঝছি না কেন। মাঝখানে আবার ওয়েবসাইটে দিয়ে উধাও করে দেয়া হল। ওনারা একটু আগে একদম প্রথম পর্যায়ের ১০টা, ১২টা ফল দিচ্ছেন। আমাদের বুথ ফেরত যে শিট এসেছে সেখানে আমরা দেখেছি, এগিয়ে আছি। কিন্তু এটা নিয়ে লোকালি বিভিন্ন টালবাহানা করা হচ্ছে। শফিকুর রহমান বলেন, অনেক কিছু তো হয়েছে। কিন্তু এখনি ফাইনালি বলতে চাচ্ছি না। আমরা আগে পুরো ফলটা নিই। তারপরে সব বলব। কিন্তু আসনে ইঁদুর বিড়াল খেলা' চলছে অভিযোগ করে তিনি বলেন, ঢাকা-৮ আসন এখনো ঝুলে থাকবে কেন। এগুলো সুস্থ ধারার রাজনীতির উদাহরণ না। তিনি বলেন, আমরা আগেই বলেছি ছোটখাটো বিষয় নিয়ে আমরা টানাটানি করবো না। এবং পুরনো রাজনৈতিক সংস্কৃতিতে আমরা ফিরে যেতে চাই না। আমরা ইতিবাচক ধারার রাজনীতিতে যেতে চাই। রাজনীতি যদি দেশের মানুষের জন্য হয় তাহলে এ কথা মেনে নিতে হবে-পাস করার গ্যারান্টি দিয়ে কোনো নির্বাচনও হয় না, রাজনীতিও হয় না। এসময় জামায়াত আমিরের এক পাশে ছিলেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম, আরেক পাশে ছিলেন খেলাফত মজলিসের আমির মামুনুল হক।







# ক্রীড়াঙ্গনের তারকাদের ভোটউৎসব

## প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগ করলেন তামিম ইকবাল



### 'নতুন বাংলাদেশ' গড়ার এই উৎসবে শামিল আশরাফুল ও তাসকিনরা

আজকাল স্পোর্টস

খেলার মাঠের ব্যস্ততা ভুলে বৃহস্পতিবার ভোটের লাইনে দাঁড়ালেন ক্রীড়াঙ্গনের একঝাঁক তারকা। ক্রিকেটের আশরাফুল-তাসকিন থেকে শুরু করে ফুটবলের মোরসালিন সবাই শামিল হলেন 'নতুন বাংলাদেশ' গড়ার এই উৎসবে। কারও জন্য এটি ছিল নাগরিক দায়িত্ব পালনের স্বস্তি, আবার তরুণ অনেকের জন্যই ছিল জীবনের প্রথম ভোট দেওয়ার রোমাঞ্চ।

জাতীয় দলের সাবেক অধিনায়ক ও বর্তমান ব্যাটিং কোচ মোহাম্মদ আশরাফুল ভোট দিয়েছেন ঢাকা-৯ আসনের দক্ষিণ বনশ্রী মডেল হাইস্কুল কেন্দ্রে। সপরিবারে ভোট দিয়ে তিনি বলেন, 'নতুন বাংলাদেশের বাচ্চারা ভোট উপভোগ করছে। ৫ আগস্টের সময় আমরা ইংল্যান্ডে ছিলাম। এরপর আমরা সবাই আশা করেছিলাম একটা নতুন বাংলাদেশ হবে। আজ ঈদের মতো লাগছে। পুরো ঢাকা শহর খালি। খুব সুন্দরমতো ভোট দেওয়া হচ্ছে।'

চট্টগ্রাম-১০ আসনের ভোটার হিসেবে জীবনের প্রথমবারের মতো নিজের ভোটাধিকার প্রয়োগ করলেন দেশসেরা ওপেনার তামিম ইকবাল। এদিন বেলা ১১টার দিকে কাজীর দেউড়ি এলাকায় অবস্থিত চট্টগ্রাম আঞ্চলিক লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ভোট দিতে যান তামিম। তার সঙ্গী ছিলেন বড় ভাই ও জাতীয় দলের সাবেক ক্রিকেটার নাফিস ইকবাল।

অন্যদিকে ঢাকা-১৭ আসনের বেঙ্গলি মিডিয়াম হাইস্কুল কেন্দ্রে ভোট দেন পেসার তাসকিন আহমেদ। তিনি বলেন, 'একজন সচেতন নাগরিক হিসেবে আমার দায়িত্ব ভোট দেওয়া। ইনশাআল্লাহ যেই আসবে সে দেশের জন্য ভালো কিছু করবে। এরপর ২৪ পৃষ্ঠায়



## অবশেষে আসছে নারীদের বিপিএল

আজকাল স্পোর্টস

নারী ক্রিকেটারদের দীর্ঘ প্রতীক্ষার অবসান। অবশেষে আলোর মুখ দেখতে যাচ্ছে নারীদের ফ্র্যাঞ্চাইজি লিগ। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) আনুষ্ঠানিকভাবে 'উইমেন্স বাংলাদেশ প্রিমিয়ার লিগ' (ডব্লিউবিপিএল) আয়োজনের ঘোষণা দিয়েছে।

আগামী ৩ থেকে ১৫ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠেয় এই টুর্নামেন্টে অংশ নেবে তিনটি ফ্র্যাঞ্চাইজি। প্লেয়ার্স ড্রাফটের মাধ্যমে দেশি ক্রিকেটারদের দলে ভেড়াবে তারা। তবে বিদেশি খেলোয়াড় কোটা ও দল নির্বাচনের প্রক্রিয়া এখনো চূড়ান্ত হয়নি। জুনে ইংল্যান্ডে অনুষ্ঠেয় টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে এই টুর্নামেন্ট টাইগ্রেসদের এরপর ৪০ পৃষ্ঠায়



## নাটকীয়ভাবে অস্ট্রেলিয়ার বিশ্বকাপ স্কোয়াডে স্মিথ

টি-২০ বিশ্বকাপ ২০২৬

আজকাল স্পোর্টস

খানিকটা অপ্রত্যাশিতভাবেই বিশ্বকাপ স্কোয়াডে জায়গা হয়নি তার। ফর্মের তুঙ্গে থাকা স্টিভ স্মিথের কপাল খুলল টুর্নামেন্টের ৫ম দিনে এসে। ইনজুরির কারণে টি-২০ বিশ্বকাপের শুরুতেই ছিটকে গেলেন অজি অধিনায়ক মিচেল মার্শ। মার্শের পরিবর্তে দলের সঙ্গে যোগ দিচ্ছেন স্মিথ।

এই সপ্তাহের শুরুতে কুঁচকিতে চোট পান মার্শ। ফলে বুধবার আয়ারল্যান্ডের বিপক্ষে খেলতে পারেননি তিনি। তাকে ছাড়াই অবশ্য ম্যাচটি ৬৭ রানে জিতে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপ অভিযান শুরু করেছে সাবেক চ্যাম্পিয়নরা। গত মঙ্গলবার নির্ধারিত ম্যাচ-পূর্ব সংবাদ সম্মেলনেও আসেন মার্শ। তবে টসের মাত্র ১৫ মিনিট আগে খবর আসে, তিনি ম্যাচটি খেলতে পারবেন না।

অবশ্য শুধু এই ম্যাচ নয়। দ্রুত সময়ের মধ্যে তাকে পাওয়ার সম্ভাবনাও কম বলেই ধারণা করা যাচ্ছে। ক্রিকেট অস্ট্রেলিয়ার (সিএ) বিবৃতিতে তেমন আভাসই মিলেছে, 'সবসময় সে ব্যথা অনুভব করছে এবং নড়াচড়া করলেই অস্বস্তি বোধ করছে। স্ক্যানে ইন্টারনাল টেস্টিকুলারে রক্তক্ষরণ নিশ্চিত হওয়া গেছে এবং নির্দিষ্ট একটা সময় তার বিশ্রাম নিতে হবে এবং পুনর্বাসনের মধ্যে দিয়ে যেতে হবে।'

সেরে ওঠার পর এবং চিকিৎসকদের পরামর্শ মেনেই মার্শের খেলায় ফেরার এরপর ৫৩ পৃষ্ঠায়




## ভারত বিপক্ষে প্রতীক্ষিত ম্যাচের আগে আত্মবিশ্বাসী পাকিস্তান

টি-টোয়েন্টি বিশ্বকাপ

আজকাল স্পোর্টস

টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতের বিপক্ষে বহুল প্রতীক্ষিত ম্যাচের আগে প্রস্তুতিটা দারুণভাবেই সেরে নিয়েছে পাকিস্তান। মঙ্গলবার যুক্তরাষ্ট্রকে ৩২ রানে হারিয়ে গ্রুপ 'এ'-তে আরেকটি জয় তুলে নিয়েছে তারা। এরপরই দলটির খেলোয়াড়রা জানালেন, ভারতকে হারাতে তারা আত্মবিশ্বাসে ভরপুর।

রবিবার কলম্বোয় ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ভারতের বিপক্ষে হাইভোল্টেজ ম্যাচটি শুরুর আগেই পাকিস্তান শিবিরে আত্মবিশ্বাসের সুর। ওপেনার সাহিবজাদা ফারহান, যিনি যুক্তরাষ্ট্রের বিপক্ষে ৭৩ রানের ইনিংস খেলেছেন, বললেন, "ম্যাচ হচ্ছে, আর আমরা দারুণ আত্মবিশ্বাসে আছি।"

আইসিসি টুর্নামেন্টে ভারতের বিপক্ষে পাকিস্তানের সাম্প্রতিক রেকর্ড অবশ্য খুব একটা ভালো নয়। টি-টোয়েন্টি বিশ্বকাপে ৮ দেখায় মাত্র একবার জিতেছে পাকিস্তান। আর ওয়ানডে বিশ্বকাপে আটবারই ভারতের কাছে হেরেছে তারা। গত বছরের টি-টোয়েন্টি এশিয়া কাপে তো ভারত পাকিস্তানকে তিনবার হারিয়েছিল, যার একটি ছিল ফাইনাল।

তবে এসব পরিসংখ্যান নিয়ে ভাবছেন না পাকিস্তানি স্পিনার তারিক উসমান, যিনি যুক্তরাষ্ট্রের বিপক্ষে ৩ উইকেট নিয়েছেন। তার কথায়, "৯০-এর দশকে আমরা নিয়মিত ভারতকে হারিয়েছি। শুধু সাম্প্রতিক রেকর্ড দেখলে হবে না।" ফারহানও বললেন, "এবারটা আলাদা হবে। আমরা শক্ত পারফরম্যান্স দেখাবো। এশিয়া এরপর ৫৩ পৃষ্ঠায়

## মেসির চোটে স্থগিত ম্যাচ, দুশ্চিন্তায় মিয়ামি-আর্জেন্টিনা



আজকাল স্পোর্টস

প্রাক-মৌসুম প্রস্তুতির অংশ হিসেবে দক্ষিণ আমেরিকায় সফর করছে ইন্টার মিয়ামি। তবে সফরের মাঝেই দুঃসংবাদ, দলের অধিনায়ক লিওনেল মেসি চোটে পড়েছেন। ইকুয়েডরে বার্সেলোনা গুয়ায়াকিল এসসি'র বিপক্ষে ম্যাচ খেলতে গিয়ে তার বাঁ হ্যামস্ট্রিংয়ে টান লাগে। এরপর তিনি আর অনুশীলনে অংশ নেননি।

মেসির চোটের খবর পাওয়ার পর পুয়ের্তো রিকোতে ১৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হওয়ার কথা থাকা ইন্ডিপেনিয়েন্তে দেল ভায়েের বিপক্ষে প্রীতি ম্যাচটি স্থগিত করা হয়। পরে জানানো হয়েছে, ম্যাচটি ২৬ ফেব্রুয়ারি আয়োজন করা হবে। ক্লাব ও চিকিৎসক দলের পক্ষ থেকে জানানো হয়েছে, পরীক্ষায় মেসির বাঁ হ্যামস্ট্রিংয়ে মাংসপেশির টান ধরা পড়েছে। পুরোপুরি সুস্থ হতে কিছুটা সময় লাগবে এবং তার উন্নতির ওপর ভিত্তি করেই অনুশীলনে ফেরার সিদ্ধান্ত নেওয়া হবে।

মেসি নিজেও সমর্থকদের উদ্দেশে বার্তা দিয়েছেন। ইনস্টাগ্রামে দেওয়া ভিডিওতে তিনি পুয়ের্তো রিকোর ভক্তদের কাছে দুঃখ প্রকাশ করেন। জানান, শেষ ম্যাচে অস্বস্তি নিয়েই খেলেছিলেন এবং পরে আলোচনা করে ম্যাচ স্থগিতের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, শিগগিরই নতুন সূচিতে ম্যাচ আয়োজন করা যাবে এবং সমর্থকদের সঙ্গে দেখা হবে। পাশাপাশি টিকিট কেটে অপেক্ষা করা ভক্তদের প্রতি কৃতজ্ঞতাও জানান তিনি।

আগামী ২১ ফেব্রুয়ারি এলএএফসি'র বিপক্ষে ম্যাচ দিয়ে মৌসুম শুরু করবে ইন্টার মায়ামি। শিরোপা এরপর ২৪ পৃষ্ঠায়

## বিসিবির অনুরোধে শেষ পর্যন্ত হচ্ছে ভারত-পাকিস্তান ম্যাচ

আজকাল স্পোর্টস

বাংলাদেশের বিশ্বকাপ বয়কটের ঘোষণার পর পাকিস্তানও ঘোষণা দিয়েছিল, তারা ভারতের বিপক্ষে গ্রুপ পর্বের ম্যাচ বর্জন করবে। এই ঘোষণার প্রায় সপ্তাহখানেকের পর নিজেদের সিদ্ধান্ত থেকে সরে এলো পাকিস্তান। বিসিবির অনুরোধে শেষ পর্যন্ত ১৫ ফেব্রুয়ারি শ্রীলংকার কলম্বোতে বিশ্বকাপের ম্যাচে মুখোমুখি হচ্ছে ভারত-পাকিস্তান।

গত ১ ফেব্রুয়ারি পাকিস্তান সরকারের পক্ষ থেকেই বলা হয়েছিল, টি-২০ বিশ্বকাপে খেলতে যাবে তাদের দল। তবে আগামী ১৫ ফেব্রুয়ারি ভারতের বিপক্ষে মাঠে নামবে না তারা।

পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ পরে বলেন, বিশ্বকাপ থেকে বাদ পড়া বাংলাদেশের পাশে দাঁড়াতে এমন পদক্ষেপ নিয়েছেন তারা। অনিশ্চয়তায় কেটে যায় আট দিন, চারদিকে চলতে থাকে অনেক আলোচনা-সমালোচনা, অবশেষে বিসিবি-আইসিসি-পিসিবির বৈঠকে সমাধানের পথ মেলে।

বিসিবির সঙ্গে বৈঠকের পাকিস্তান সরকারের পক্ষ থেকে এলো আনুষ্ঠানিক ঘোষণা। সোমবার, ৯ ফেব্রুয়ারি রাতে বিবৃতিতে এরপর ২৪ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


## শাকিবের 'রকস্টার'-এ পাকিস্তানি নায়িকা!

৪৬ পৃষ্ঠার পর

প্রশ্ন করা হলে তিনি জানান, কাজ গুছিয়ে আনার আগে আনুষ্ঠানিকভাবে কিছু বলা ঠিক হবে না, তবে খুব শিগগিরই বড় কোনো ঘোষণা আসবে। বর্তমানে শাকিব খান তার অন্য একটি সিনেমা 'প্রিন্স'-এর শুটিং নিয়ে ব্যস্ত সময় পার করছেন। সেই কাজ শেষ করে অল্প বিরতি নিয়েই তিনি 'রকস্টার'-এর সেটে যোগ দেবেন। দেশি ও পাকিস্তানি সুন্দরীর মাঝে 'রকস্টার' শাকিবকে দেখার জন্য এখন থেকেই প্রহর গুনছেন ভক্তরা।

## ভোট দিলেন তিন কন্যা

৪৬ পৃষ্ঠার পর

উপস্থিত হয়ে তারা ভোট প্রদান করেন। একসঙ্গে কেন্দ্রে এসে গাড়ি থেকে নেমে হাসিমুখে ছবির জন্য পোজ দেন তাঁরা। ভোট দেওয়া শেষে গণমাধ্যমের মুখোমুখি হয়ে ববিতা বলেন, 'দেশটা সুন্দরভাবে এগিয়ে নিক। আমরা দেশের সব মানুষ শান্তিতে যেন থাকি, দুর্নীতি যেন দেশে না থাকে। শিল্পীরা যেন নিরাপদে ও নির্বিঘ্নে শিল্পচর্চা করে যেতে পারে- এটাই চাই।' এর আগে এক সাক্ষাৎকারে নতুন সরকারের কাছে প্রত্যাশার কথা জানিয়ে ববিতা বলেছিলেন, 'দেশটা সুন্দরভাবে এগিয়ে যাক। আমরা চাই দেশের মানুষ শান্তিতে থাকুক, দুর্নীতিমুক্ত পরিবেশ গড়ে উঠুক। শিল্পীরা যেন নিরাপদ ও নির্বিঘ্নে শিল্পচর্চা করতে পারেন-এটাই আমাদের কামনা।' এবার ভোট দিচ্ছেন দেশের ১২ কোটি ৭৭ লাখ ১১ হাজার ৭৯৩ জন ভোটার। এর মধ্যে পুরুষ ৬ কোটি ৪৮ লাখ ২৫ হাজার ৩৬১ জন। নারী ৬ কোটি ২৮ লাখ ৮৫ হাজার ২০০ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১ হাজার ২৩২ জন। নির্বাচন কমিশনের (ইসি) সর্বশেষ তথ্য অনুযায়ী, ১৮ থেকে ৩৫ বছর বয়সী ভোটারের সংখ্যা এখন প্রায় পাঁচ কোটি। বিশাল এই জনশক্তিই আগামীর ক্ষমতার লড়াইয়ের প্রধান 'কিংমেকার' হিসেবে আবির্ভূত হতে যাচ্ছে। ডিজিটাল প্রযুক্তিতে অভ্যস্ত ও সচেতন এই প্রজন্ম প্রার্থীদের ব্যক্তিগত যোগ্যতা এবং স্বচ্ছতাকে প্রাধান্য দিচ্ছে, যা চূড়ান্ত ফলাফলে বড় প্রভাব ফেলবে।


## BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

**Pass Real Estate Exam**

[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

**Real Estate Productivity Coaching**



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY



বাড়ী ক্রয়-বিক্রয় এবং লোন পেতে
বিশ্বস্ত রিয়েলটরের সেবা নিন

- Residential
- Foreclosures
- Short Sale
- Bank Owned/ REO Properties
- Commercial
- Auctions
- Hud
- Investment
- Co-Op & Condo
- Rentals

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245


## শোবিজ তারকাদের ভোটউৎসব

৪৬ পৃষ্ঠার পর

অভিনেতা আফ্রান নূর সজল লিখেছেন, 'শুধু সেলফি নয়, ভোট দিলাম।' অভিনেত্রী মাসুমা রহমান নাবিলা লিখেছেন, 'একজন নাগরিক হিসেবে আমার দায়িত্ব শেষ উন্নত বাংলাদেশের আশায়। আপনি আপনার ভোট দিয়েছেন? সংগীতশিল্পী মো. মিলন লিখেছেন, 'ছোটবেলার বন্ধুদের সাথে একত্রে ভোট দিলাম।'

স্বামী তানভীর খানের সঙ্গে ভোট দিয়েছেন অভিনেত্রী নওরিন হাসান খান জেনি। ফেসবুকে ছবিটি পোস্ট করে তানভীর লেখেছেন, 'ফ্যামিলি ভোট।' অভিনেত্রী আইশা খান ভোট দিয়ে ফেসবুকে লিখেছেন, 'একজন বাংলাদেশি নাগরিক হিসেবে আমার দায়িত্ব সম্পন্ন করেছি।'

## ক্ষমতার কাছাকাছি থাকতে গিয়ে ভক্তদের থেকে বিচ্ছিন্ন হয়েছেন তারকারা

৪৬ পৃষ্ঠার পর

সিদ্দিকুর রহমান। জামিনে মুক্তি পেয়েছেন গান বাংলার কর্ণধার কৌশিক হোসেন তাপস, নুসরাত ফারিয়া। কেউ কেউ বিদেশে আশ্রয় নিয়েছেন। যাদের সবাই আওয়ামী সংস্কৃতি অঙ্গনের আস্থাভাজন হিসেবে বেশ পরিচিত।

একজন তারকা দলমত নির্বিশেষে সবার জন্য। কিন্তু তারকারা যখন কোনো নির্দিষ্ট রাজনৈতিক দলের পতাকা হাতে নেন, তখন তিনি অজান্তেই তাঁর বিশাল অনুরাগী গোষ্ঠীকে বিভক্ত করে ফেলেন। আপাতদৃষ্টিতে রাজনীতিকে জনসেবা মনে হলেও, রাজনৈতিক সম্পৃক্ততার কারণে তারকার প্রতি নিঃস্বার্থ ভালোবাসা ফিকে হয়ে যায়। তারকাদের রাজনীতিতে নাম লেখানো বিষয়টি অনেকেই সহজভাবে নিতে পারেন না। ধারণা করা হয়, ব্যক্তিগত স্বার্থে রাজনীতির জগতে পা রাখছেন শোবিজ তারকারা। ফলে তাদের সৃজনশীল কাজগুলোকেও রাজনৈতিক ফ্রেম দিয়ে বিচার করা শুরু হয়। এমনকি রাজনৈতিক অভিজ্ঞতার অভাবে অনেক সময় রাজনৈতিক দলের জন্য কার্যকর ভূমিকা রাখতে ব্যর্থ হন। দেশের নাগরিক হিসেবে রাজনীতিতে আসা যে কারও অধিকার। কিন্তু একজন শিল্পীর প্রকৃত শক্তি সাধারণ মানুষের ভালোবাসা। সেই ভালোবাসাকে পুঁজি করে রাজনীতিতে নামার আগে তাঁর উচিত সংসদের একটি আসন নয় কোটি ভক্তের হৃদয়ে থাকা। আসনটির চেয়ে বেশি মূল্যবান অনুরাগীদের সমর্থন ও ভালোবাসা।

## রাজনীতিতে নামছেন অরিজিৎ সিং?

৪৬ পৃষ্ঠার পর

মাধ্যম 'এক্স'-এ (সাবেক টুইটার) ভক্তদের প্রশ্নের জবাবে নিজের অবস্থান পরিষ্কার করেন অরিজিৎ। এক ভক্ত সরাসরি তার রাজনীতিতে যোগদানের বিষয়ে জানতে চাইলে মন্তব্যের ঘরে তিনি লেখেন, মানুষের কাজই হলো খবর তৈরি করা। লোক যা ইচ্ছা তাই বলে যাচ্ছে। যদিও অরিজিতের এই মন্তব্যের মাধ্যমে স্পষ্ট, এখনই রাজনীতিতে নামার কোনো পরিকল্পনা তার নেই। যদিও তার এক্স অ্যাকাউন্টটি এখনো 'ভেরিফায়েড' বা নীল টিকযুক্ত নয়, তবে তার এই উত্তরটি এরই মধ্যে নেট দুনিয়ায় ভাইরাল হয়েছে।

## নাটকীয়ভাবে অস্ট্রেলিয়ার বিশ্বকাপ স্কোয়াডে স্মিথ

৫২ পৃষ্ঠার পর

ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে বলেও জানিয়েছে সিএ। মূলত মার্শের কাভার হিসেবেই ডেকে পাঠানো হয়েছে অভিজ্ঞ ব্যাটসম্যান স্মিথকে। তিনি শ্রীলঙ্কায় দলের সঙ্গে যোগ দিবেন। দ্বিতীয় ম্যাচে আগামী শুক্রবার কলম্বোয় জিম্বাবুয়ের মুখোমুখি হবে তারা।

## ভারত বিপক্ষে প্রতীক্ষিত ম্যাচের আগে আত্মবিশ্বাসী পাকিস্তান

৫২ পৃষ্ঠার পর

আগে আমরা তিন ম্যাচই জেতেছি, কিন্তু ম্যাচগুলো একপেশে ছিল না।" বিশ্বকাপে এর আগে নেদারল্যান্ডসকে হারিয়ে শুরু করেছিল পাকিস্তান। টানা দুই জয়ে তাদের অভিযান ভালোভাবেই শুরু হয়েছে। এর আগে ঘরের মাঠে অস্ট্রেলিয়াকে ৩০ ব্যবধানে হারিয়ে এই টুর্নামেন্টে এসেছে পাকিস্তান। ফলে দলীয় পরিবেশ নিয়েও দারুণ ইতিবাচক ফারহান। তিনি বলেন, "জয় সবসময় আত্মবিশ্বাস বাড়ায়। সেই আত্মবিশ্বাস নিয়েই আমরা রবিবারের ম্যাচে নামবো। আমরা নিশ্চিত, সেদিন আরও ভালো দল হিসেবে মাঠে নামব।" ভারত অবশ্য তার আগে বৃহস্পতিবার দিল্লিতে নামিবিয়ার বিপক্ষে আরেকটি ম্যাচ খেলবে। এরপর দ্রুত শ্রীলঙ্কায় উড়ে যাবে পাকিস্তানের বিপক্ষে বছরের সবচেয়ে আলোচিত ম্যাচ খেলতে।


## ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
## ক্রেডিট রিপেয়ার




**আমাদের সেবাসমূহ:**
